সাংখ্য-দর্শনম্

(মহর্ষি কপিল প্রণীতম্)

শ্রীবিজ্ঞানভিক্ষুকৃত 'সাংখ্যপ্রবচনভাষ্য'-
তত্ত্ব-সমাসাখ্য-সাংখ্যসূত্র-সমেতম্।

পূজ্যপাদ কালীবরবেদান্তবাগীশ-কৃত
বিস্তৃত-ব্যাখ্যানুবাদ-পরিশোভিতম্।

মহামহোপাধ্যায়—
দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থেন
প্রতিসংস্কৃতং সম্পাদিতঞ্চ।

ষষ্ঠ সংস্করণম্

১৩৫৪

(জন্মাষ্টমী)

সেন্ট্রাল বুক এজেন্সী
১৪, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট • কলিকাতা-১২

প্রকাশক
শ্রীযতীন্দ্রনাথ সেন
১৪ বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট
কলিকাতা—১২

[মূল্য পাঁচ টাকা মাত্র]

মুদ্রাকর
শ্রীগৌরচন্দ্র পাল
নিউ মহামায়া প্রেস
৬৫।৭ কলেজ ষ্ট্রীট, কলিকাতা—১২

বিজ্ঞাপন।

পুস্তক সম্বন্ধীয় কিছু পরিচয় প্রদান করা, এই বিজ্ঞাপনের উদ্দেশ্যে, এবং তাহা গ্রন্থকর্ত্তা বা প্রকাশকেরই করণীয় কার্য্য। কিন্তু উপাধ্যায়-কল্প গ্রন্থকার দেশপূজ্য বেদান্তবাগীশ মহাশয় ত পরলোকগত। প্রকাশক তদীয় পুত্র আমার পরমবন্ধু শ্রীযুক্ত হরিপদ ভট্টাচার্য্য মহাশয়ের নিকট অনুরুদ্ধ হইয়াই আজ আমাকে এতদ্‌গ্রন্থের পুরোভাগেই মন্তব্য-স্বরূপ দুই একটী কথা বলিতে হইতেছে। ইহা লিখিতে বসিয়া আজ আমি সত্যই কিছু গৌরবানন্দ অনুভব করিতেছি, এই মনে করিয়া যে, ছাত্রজীবনে যে মনস্বীর 'সাংখ্য' 'পাতঞ্জল' ও 'বেদান্ত' গ্রন্থ অবলম্বনে শিক্ষালাভ করিয়াছি, অধুনা অধ্যাপনাকালেও যাঁহার অমূল্য গ্রন্থরাজি আমার নিত্যসঙ্গীস্বরূপে কাছে রহিয়াছে; এই 'সাংখ্যদর্শন' পুস্তক-খানিও তাহারই অন্যতম। ভগবদিচ্ছায় এই পুস্তকের পুনঃ সংস্করণ কালে ঘটনাচক্রের আবর্ত্তনে মদীয় অধ্যাপক পূজ্যপাদ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ত-তীর্থ মহোদয়ের সহকারীরূপে আজ আমাকেই এই গ্রন্থের সৌষ্ঠব সম্পাদনের ভার গ্রহণ করিতে হইয়াছে।

লব্ধপ্রতিষ্ঠ দার্শনিক স্বর্গীয় বেদান্তবাগীশ মহাশয়ের প্রতিভামুখী লেখনী যে, দর্শনশাস্ত্রের প্রাঞ্জল ব্যাখ্যায় অদ্বিতীয়া ছিল, তাহা বোধ হয় সুধী সমাজের অবিদিত নহে। কাজেই সে বিষয় আমার অধিক লেখা বাহুল্য মাত্র। তবে তাঁহার এই 'সাংখ্যদর্শন' গ্রন্থখানি প্রধানতঃ জিজ্ঞাসু ব্যক্তিগণের পক্ষে দর্শনজ্ঞান সুলভ করিবার উদ্দেশ্যেই সম্পাদিত হওয়ায় ইহার বর্ত্তমান সংস্করণকে পরীক্ষার্থী ও জিজ্ঞাসু, এই উভয় সম্প্রদায়ের উপযোগী করিবার জন্য সাধ্যমত চেষ্টা করা হইয়াছে। এই উদ্দেশ্য রক্ষা করিতে এতদ্‌গ্রন্থের বিস্তৃত বাঙ্গালা ব্যাখ্যা ও সংগ্রহ অংশকে অবতরণিকায় সন্নিবেশিত করিয়া, ষড়ধ্যায়ী সাংখ্যদর্শনের

সহিত বিজ্ঞানভিক্ষু কৃত "প্রবচনভাষ্য"টী সাধ্যমত পরিশুদ্ধ করিয়া সংযোজিত করা হইল। এবং বেদান্তবাগীশ মহাশয়ের অনূদিত সংক্ষিপ্ত 'সূত্রার্থ' ও প্রতি সূত্রের নিম্নে প্রদান করিলাম। লেখা বাহুল্য, আমার 'সাংখ্য' অধ্যয়নকালে উপাধ্যায়-উপদিষ্ট সংগ্রহনিচয় এবং বর্ত্তমানেও ছাত্র অধ্যাপনা করিতে যে সকল 'পাঠ' অর্থসঙ্গতি পূর্ণরূপে প্রতীত হইয়াছে, এইরূপে সংশোধিত আমার চির-সহচর সাংখ্যের পুঁথিখানিকে আদর্শ রাখিয়া এবং বর্ত্তমান প্রচলিত আরও কয়েকখানি এতদ্ভাষ্যের পুস্তিকার সহিত মিলাইয়া সাংখ্য-দর্শনের এই অভিনব সংস্করণ প্রকাশ করা হইল। ছাত্রবর্গের সুবিধার্থ এবারও দীপিকা ব্যাখ্যা সহিত "তত্ত্বসমাসসূত্র"সমূহ শেষে সংযোজিত করা রহিল। এতদ্দ্বারা ছাত্রসমাজের অল্প পরিমাণও উপকার সাধিত হইলে শ্রম সার্থক জ্ঞান করিব।

উপসংহারে আমার বিশেষ বক্তব্য এই যে, পূজ্যপাদ বেদান্তবাগীশ মহাশয় এই গ্রন্থে প্রাঞ্জল বাঙ্গালা ভাষায় বিজ্ঞানভিক্ষুকৃত ভাষ্যের ভাবার্থ গ্রহণে সাংখ্যের সমুদয় জ্ঞাতব্য বিষয় এরূপ সুস্পষ্টরূপে সুবিন্যস্ত করিয়াছেন, যদ্দ্বারা দর্শনতত্ত্বজিজ্ঞাসু ব্যক্তিমাত্রই ইহা পাঠে সাংখ্য-দর্শনের সমুদায় জ্ঞাতব্য বিষয় অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবেন।

বিশেষতঃ—আমার মনে হয়, সাংখ্যশাস্ত্রাধ্যয়নেচ্ছু ছাত্রগণ, প্রথমতঃ এই বাঙ্গালা সাংখ্য-দর্শন খানি পড়িয়া লইলে, তাঁহাদের দর্শনশাস্ত্রে প্রবেশ-দ্বার উন্মুক্ত হইয়া যাইবে। অধিকন্তু ইহাতে অন্যান্য দর্শনের এরূপ সকল সার সিদ্ধান্ত সংগৃহীত হইয়াছে, যদ্দ্বারা ইহাকে সর্ব্বদর্শন-সার-সংগ্রহ বলিলেও অত্যুক্তি হয় না। ইতি—

রামতনু-চতুষ্পাঠী
ভবানীপুর।

শ্রীনিশিকান্ত সাংখ্য-তীর্থ।

পূর্ব্বতন সংস্করণের

উপোদ্‌ঘাত।

(সাংখ্য-প্রণেতা কপিলদেবের ইতিবৃত্ত)

"গৌতমস্ত কণাদস্য কপিলস্ত পতঞ্জলেঃ।
ব্যাসস্ত জৈমিনেশ্চাপি দর্শনানি ষড়েব হি॥"

গৌতমের ন্যায়, কণাদের বৈশেষিক, কপিলের সাঙ্খ্য, পতঞ্জলির যোগ, ব্যাসের উত্তরমীমাংসা বা বেদান্ত, জৈমিনির কর্ম্মমীমাংসা, এই ছয় ঋষির ছয় দর্শন সর্ব্বত্র প্রথিত। বলা বাহুল্য যে, এই ছয় দর্শন বিশেষ বিখ্যাত। এত বিখ্যাত যে, এতদ্দেশীয় নিরক্ষর ব্যক্তিরাও কোন দর্শন কাহার রচিত তাহা জানে। সুতরাং এতৎ-পুস্তকের শীর্ষদেশস্থ অঙ্কিত সাঙ্খ্য-দর্শন কাহার রচিত তাহা আর বলিবার প্রয়োজন নাই।

কপিলের সাঙ্খ্য-দর্শন, ইহা সকলেই জানেন বটে; কিন্তু কপিল কে তাহা হয় ত অনেকে অবগত নহেন। সেই জন্য অগ্রে সাঙ্খ্যপ্রণেতা কপিল কে, তাহার যৎকিঞ্চিৎ পরিচয় প্রদত্ত হইতেছে। কপিল কে? কোন কপিল সাঙ্খ্যপ্রণেতা? এই প্রশ্নের মীমাংসার্থ অনুসন্ধানতৎপর হইলে তিন কপিল দেখিতে পাওয়া যায়। এক কপিল ব্রহ্মার মানস পুত্র, এক কপিল অগ্নির অবতার ও অন্য এক কপিল কর্দ্দম মুনির পুত্র নারায়ণের অবতার। * দ্বিতীয় কপিল নিম্নলিখিত মহাভারতোক্ত শ্লোকে দৃষ্ট হন।

---

* আর এক কপিল ছিলেন, তিনি গোতমবংশীয়। ইনি তত পুরাতন ও সাংখ্যবক্তা নহেন। এই কপিলের নামে কপিলবস্তু নগর স্থাপিত হইয়াছিল, ইহা বৌদ্ধশাস্ত্রে লিখিত আছে।

শুক্লকৃষ্ণগতির্দেবো যো বিভর্ত্তি হুতাশনম্।
অকল্মষঃ কল্মষাণাং কর্ত্তা ক্রোধাশ্রিতস্তু সঃ॥
কপিলং পরমর্ষিঞ্চ যং প্রাহুর্যতয়ঃ সদা।
অগ্নিঃ স কপিলোনাম সাঙ্খ্যযোগপ্রবর্ত্তকঃ॥"

তৃতীয় কপিল নিম্নলিখিত ভাগবতীয় উক্তিতে লব্ধ হন।

"এতন্মে জন্ম লোকেঽস্মিন্ মুমুক্ষূণাং দুরাশয়াৎ।
প্রসংখ্যানায় তত্ত্বানাং সম্মতায়াত্মদর্শনম্॥"

এ কপিল ব্রহ্মার মানস পুত্র নহেন। ইনি দেবহূতির গর্ভে কর্দ্দম ঋষির ঔরসে সমুৎপন্ন এবং ভাগবত গ্রন্থে ইনি বিষ্ণুর অবতার বলিয়া প্রসিদ্ধ।

এক্ষণে বিবেচ্য এই যে, সাংখ্য দুই; কিন্তু কপিল তিন। তাই সংশয় হয়, কোন্ কপিল আদিবিদ্বান্ ও বিখ্যাত সাঙ্খ্যের প্রণেতা। যদিও এ বিষয়ে নিঃসংশয় হইবার উপায় নাই, তথাপি, পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যগণের অভিপ্রায় এ স্থলে ব্যক্ত করা আবশ্যক হইতেছে। প্রাচীনতম সাংখ্যাচার্য্য গৌড়পাদ স্বামী সাংখ্যভাষ্য প্রারম্ভে বলিয়াছেন।—

"ইহ ভগবান্ ব্রহ্মসুতঃ কপিলো নাম। তদ্যথা—সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ঃ পঞ্চশিখস্তথা। অস্ত ইত্যেতে ব্রহ্মণঃ পুত্রা সপ্ত প্রোক্তা মহর্ষয়ঃ॥" ইত্যাদি।

গৌড়পাদ স্বামীর উপরি উক্ত নির্দ্দেশে স্পষ্টই বুঝা যায়, ব্রহ্মপুত্র কপিল ঋষিই আদিসাংখ্যপ্রণেতা। গৌড়পাদের মতে দ্বাবিংশতি-সূত্রাত্মক তত্ত্বসমাস-নামক ক্ষুদ্র গ্রন্থই আদিসাঙ্খ্য। অপিচ, সর্ব্বোপ-কারিণী নাম্নী আদিসাঙ্খ্যটীকায় টীকাকার এই বিষয়টীর এবম্প্রকার মীমাংসা করিয়াছেন।—

---

* এই কপিল সগরসন্তান ভস্ম করিয়াছিলেন।

"অথাত্রানাদিক্লেশকর্ম্মবাসনাসমুদ্রপতিতান্ অনাথান্ উদ্দিধীর্ষুঃ • পরম-কৃপালুঃ স্বতঃসিদ্ধজ্ঞানো মহর্ষির্ভগবান্ কপিলো ব্রহ্মসুতো দ্বাবিংশতিসূত্রাণ্যু-পাদিক্ষৎ। সূচনাৎ সূত্রমিতি হি ব্যুৎপত্তিঃ। তত এতৈঃ সমস্ততত্ত্বানাং সকলষষ্টিতন্ত্রার্থানাং সূচনং ভবতি। তত্তশ্চেদং সকলসাঙ্খ্যতীর্থমূলভূতম্। তীর্থান্তরাণি চৈতৎপ্রপঞ্চভূতান্যেব। সূত্রষড়ধ্যায়ী তু বৈশ্বানরাবতারভগবৎ-কপিলপ্রণীতা। ইয়ঞ্চ দ্বাবিংশতিসূত্রী। তস্যা অপি বীজভূতা ব্রহ্মসুতমহর্ষি ভগবৎকপিলপ্রণীতেতি বৃদ্ধা বিদন্তি।" অত্র নারায়ণাবতারভগবৎকপিল-প্রণীতেতি কেচিৎ। তন্ন রমণীয়ম্।"

সংক্ষেপ অর্থ এই যে, স্বতঃসিদ্ধজ্ঞান ভগবান্ ব্রহ্মপুত্র কপিল সংসার-নিমগ্ন জীবদিগের উদ্ধারার্থ অতিসংক্ষেপে দ্বাবিংশতিসূত্রাত্মক সাংখ্য উপদেশ করিয়াছিলেন। তাহাতে তত্ত্বসমূহের সূচনামাত্র করা হইয়াছে। সেই কারণে তাহা সূত্র। এই আদি সাংখ্য সূত্রই অন্যান্য সাংখ্যশাস্ত্রের মূল বা বীজ। যতই সাংখ্য থাকুক, সমস্তই ঐ ২২ সূত্রের বিস্তার। সূত্রষড়ধ্যায়ী সাংখ্য—যাহা এক্ষণে সাংখ্যপ্রবচন নামে বিখ্যাত—তাহা ভগবান্ অগ্ন্যবতার কপিলের কৃতি ও ২২ সূত্রের প্রপঞ্চ অর্থাৎ বিস্তার। সূত্রষড়ধ্যায়ীর ভাষ্যকার বিজ্ঞানভিক্ষু বলেন, তত্ত্বসমাস-সূত্র ও সূত্রষড়ধ্যায়ী একই কপিলের। নারায়ণাবতার কপিল প্রথমে সংক্ষেপে ২২ সূত্রে পঞ্চবিংশতি তত্ত্বের উপদেশ করেন; অনন্তর লোকহিতার্থ তাহারই বিস্তারে ষড়ধ্যায়ী সাংখ্য প্রচারিত করেন। ষড়ধ্যায়ী সাংখ্য প্রথমোক্ত ২২ সূত্রের টীকা স্বরূপ। যে হেতু টীকাস্থানীয় সেই হেতু তাহা সাংখ্যপ্রবচন আখ্যায় অভিহিত হইয়াছে।*

এই স্থানে বিজ্ঞানভিক্ষুর অভিপ্রায়—দেবহূতির পুত্র কপিল মুনিই উভয় সাংখ্যের প্রণেতা। কিন্তু আমরা দেখিতেছি, দেবহূতি

* "নন্বেবং তত্ত্বসমাসাখ্যসূত্রৈঃ সহাস্যাঃ ষড়ধ্যায্যাঃ পৌনরুক্ত্যমিতিচেৎ, মৈবং, সংক্ষেপ বিস্তররূপেণোভয়োরপ্যপৌনরুক্ত্যাৎ। তত্ত্বসমাসাখ্যং হি যৎ সংক্ষিপ্তং সাঙ্খ্য-দর্শনং তস্যৈব প্রকর্ষেণাঽস্যাং নির্ব্বচনং কৃতমিতি। অতএবাঽস্যাঃ ষড়ধ্যায্যাঃ সাংখ্যপ্রবচনসংজ্ঞা সান্বয়া" [বিজ্ঞানভিক্ষু]

পুত্র কপিল ভাগবত গ্রন্থে স্বীয় জননীকে যে সাংখ্যযোগ বলিয়াছেন, তাহা তৎকৃত ষড়ধ্যায়ী সাংখ্যের সম্পূর্ণ বিপরীত। সেই জন্য পূর্ব্বাচার্য্যদিগের ও আমাদের বিশ্বাস—প্রচলিত দুই সাংখ্যের কোনও সাংখ্য দেবহূতিপুত্র কপিলের নহে। দেবহূতিপুত্র কপিল কোন পুস্তক বা সূত্র প্রস্তুত করেন নাই এবং তাহার মতও বেদান্তসম্মিত। অতএব, আচার্য্য গৌড়পাদের সিদ্ধান্তই সৎসিদ্ধান্ত বলিয়া গ্রহণ করা যায়। গৌড়পাদস্বামী* সাংখ্যপ্রণেতা কপিল ও কপিলের সাঙ্খ্যজ্ঞান প্রচার, এই দুই বিষয়ে যাহা বলিয়াছেন তাহা এই—

ব্রহ্মপুত্র কপিল ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এই চারি বিষয়ে জন্মসিদ্ধ ছিলেন। অর্থাৎ ঐ সকল তাঁহার জন্মকালেই তাঁহাতে আবির্ভূত হইয়াছিল।

এই ব্রহ্মপুত্র কপিলের প্রথম শিষ্য আসুরি। আসুরি আত্যন্তিক দুঃখপ্রহাণের উপায় বিবিদিষু হইয়া পরমর্ষি কপিলের শরণাগত হইলে তিনি তাঁহাকে যথাযথ পঞ্চবিংশতি তত্ত্বের উপদেশ করেন। কপিলের অভিপ্রায়,—পঞ্চবিংশতি তত্ত্বে জ্ঞান হইলে অর্থাৎ তত্ত্বের স্বরূপ সাক্ষাৎকার হইলে দুঃখের আত্যন্তিক প্রহাণ হয়। অন্য উপায়ে হয় না। বানপ্রস্থ হউক, সন্ন্যাসী হউক, অথবা গৃহী হউক, পঞ্চবিংশতিতত্ত্বে পূর্ণজ্ঞান লাভ করিতে পারিলেই আত্যন্তিক দুঃখ-

---

* শাঙ্করীয় সম্প্রদায়ে একটী প্রণামাঞ্জলি শ্লোক পঠিত হইয়া থাকে। সেই শ্লোকে বিদ্যাগুরুদিগের পুত্রপরম্পরা ও শিষ্যপরম্পরা গ্রথিত আছে। যথা—"নারায়ণং পদ্মভবং বশিষ্ঠং শক্তিঞ্চ তৎপুত্রপরাশরঞ্চ। ব্যাসং শুকং গৌড়পদং মহান্তং গোবিন্দযোগীন্দ্রমথাস্য শিষ্যম্। ইত্যাদি।" নারায়ণ, ব্রহ্মা, বশিষ্ঠ, শক্তি, পরাশর, ব্যাস, শুকদেব, এই পর্য্যন্ত পুত্রপরম্পরা বা পিতাপুত্রসম্বন্ধ বলিতেছে। ইহার পরে গুরুশিষ্যসম্বন্ধ। এ অনুসারে গৌড়পদ শুকদেবের শিষ্য। ইনি মহাযোগী ও দীর্ঘায়ু ছিলেন। ইঁহার কৃত বেদান্তের ও সাঙ্খ্যের অনেক গ্রন্থ আছে। সে সকলের মধ্যে আমরা বেদান্তের মাণ্ডুক্যোপনিষদ্ভাষ্য ও সাংখ্যসপ্ততি-ভাষ্য পাইতেছি।

বিমোচন হইয়া থাকে এবং কস্মিন্ কালেও আর তাহাকে দুঃখে অভিভূত হইতে হয় না।

"পঞ্চবিংশতিতত্ত্বজ্ঞো যত্র কুত্রাশ্রমে বসেৎ।
জটী মুণ্ডী শিখী বাপি মুচ্যতে নাত্র সংশয়ঃ।"

অর্থাৎ—পঞ্চবিংশতিতত্ত্বজ্ঞ পুরুষ জটী, (বানপ্রস্থাশ্রমী) মুণ্ডী, (সন্ন্যাসাশ্রমী) অথবা শিখী, (গৃহাশ্রমী) যে কোন আশ্রমধারী হউক না কেন, মুক্তিলাভ করিবেই করিবে। সে বিষয়ে সংশয় নাই।

তত্ত্বজ্ঞান হইলেও দেহসত্ত্বে পরমমুক্তি বা কৈবল্য হয় না। তখন পূর্ব্বানুভূত সংস্কারের শেষ থাকে। তত্ত্বজ্ঞান, অজ্ঞানসংস্কার দগ্ধ করিলেও তাহা দগ্ধবীজের ন্যায় আভাসভাবে অবস্থিত থাকে। শরীর-পাতের পর তাহা নিরবশেষ হয়; সুতরাং তখন প্রকৃত বিদেহকৈবল্য বা আত্যন্তিকদুঃখনিবৃত্তিরূপ মোক্ষ সুসম্পন্ন হয়। পরোপকার মাত্র প্রয়োজনে করুণাময় ব্রহ্মপুত্র কপিল দুঃখমগ্ন জীবের উদ্ধারার্থ আসুরি শিষ্যকে উপলক্ষ্য করিয়া যে সকল তত্ত্ব উপদেশ করিয়াছিলেন সেই সকল তত্ত্ব সমুদায় জ্ঞানশাস্ত্রে সঙ্কলিত বা গৃহীত হইতে দেখা যায়। সেই জন্যই সাংখ্যশাস্ত্রের অধিক গৌরব। জীব পঞ্চবিংশতিতত্ত্বে সাক্ষাৎকার নামক জ্ঞান লাভ করিতে পারিলে দুঃখবিমুক্ত হইতে পারে বলিয়া আদিসাংখ্যে প্রথমে তত্ত্বরূপের উপদেশ হইয়াছে, কিন্তু প্রবচন-সাঙ্খ্যে তাহার অন্যথাভাব দৃষ্ট হয়। প্রবচনসাঙ্খ্য তত্ত্বসাক্ষাৎ-কারসাধ্য মোক্ষপদার্থ পুরুষের প্রধান অভীষ্ট বলিয়া প্রথমতঃ শাস্ত্রপ্রবৃত্তির অঙ্গরূপে দুঃখনিবৃত্ত্যাত্মক মোক্ষের স্বরূপ উপদেশ করিয়াছেন।

আদিসাঙ্খ্যের ও প্রবচন-সাঙ্খ্যের পদার্থনির্ব্বাচন, জ্ঞানের স্বরূপ ও দুঃখনিবৃত্ত্যাত্মক মোক্ষ প্রভৃতি কিরূপ তাহা এতৎ পুস্তকে ভাষ্য ও বৃত্তি প্রভৃতির সহায়তায় যথামতি বর্ণনা করা হইয়াছে।

বিষয়ানুক্রম

সূত্রসূচী

(ব)

সাংখ্য-দর্শন

অবতরণিকা

দর্শনশাস্ত্রের লক্ষণ ও সংক্ষিপ্ত সংবাদ

সাংখ্যদর্শন বা সাংখ্যশাস্ত্র বলিবার পূর্ব্বে কতকগুলি অনুক্রম কথা বলিব। যাহা বলিব, তাহা প্রকৃতের অনুপযোগী নহে; প্রত্যুত উপযোগী। উপযুক্ততা দৃষ্টে সর্ব্বপ্রথমে দর্শন শাস্ত্রের লক্ষণ ও তৎসংক্রান্ত বিশেষ বিশেষ প্রামাণিক কথা ক্রমানুসারে বলিতে প্রবৃত্ত হইলাম।

মানবীয় জ্ঞান দুই প্রকার। এক আজানিক, অপর সম্পাদ্য। আহার নিদ্রা ভয় প্রভৃতি যাহার বিষয়, সেই জ্ঞান মনুষ্যের অভ্যাস ব্যতিরেকেও জন্মে, এজন্য তাহা আজানিক বা স্বাভাবিক বলিয়া পরিগণিত। আর যাহা অভ্যাস দ্বারা বা শিক্ষালাভ দ্বারা জন্মাইতে হয়, সম্পাদন করিতে হয়, তাহা সম্পাদ্য। পূর্ব্ব পূর্ব্ব পণ্ডিতেরা এই সম্পাদ্য জ্ঞানকে দুই ভাগে বিভক্ত করিয়া গিয়াছেন। জ্ঞান ও বিজ্ঞান। মোক্ষবিষয়ক জ্ঞানই জ্ঞান, অবশিষ্ট বিজ্ঞান। তন্মধ্যে আত্মতত্ত্বজ্ঞানই মুখ্য, অবশিষ্ট গৌণ। আত্মা কি? ঈশ্বর কি? জগৎ কি? এই মোক্ষোপযোগী প্রশ্নত্রয়ের তত্ত্ব যে জ্ঞানের বিষয়, তাহা জ্ঞান এবং তন্নির্ণায়ক শাস্ত্র জ্ঞানশাস্ত্র। শিল্প বা শিল্পোপযোগী বস্তু ও বস্তু-শক্তি যে জ্ঞানের বিষয়, পূর্ব্ব পূর্ব্ব পণ্ডিতেরা তাহাকে বিজ্ঞান ও তদ্বিষয়ক গ্রন্থকে বিজ্ঞানগ্রন্থ বা বিজ্ঞান-শাস্ত্র বলিতেন। যথা—

"মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ॥"

এই বাক্যেই উক্ত নির্ণয় লব্ধ হয়। অপিচ, জ্ঞানার্থক দৃশ্ ধাতু-নিষ্পন্ন "দর্শন" শব্দটীর সাক্ষাৎ অর্থ জ্ঞানের করণ বা দ্বার। ইহাই যদি দর্শন-শাস্ত্রের প্রকৃত অর্থ হইল, তবে দর্শনশাস্ত্র বলিলে আমরা এই অর্থ সংগ্রহ করিতে পারি যে, যে শাস্ত্রে পূর্ব্বোক্ত তত্ত্বের নির্ণয় আছে, তাহাই দর্শনশাস্ত্র। দর্শন ও জ্ঞান-শাস্ত্র একই বস্তু। ভারতবর্ষীয় জ্ঞান-শাস্ত্রের মধ্যে প্রসঙ্গ বশতঃ বিজ্ঞান-শাস্ত্রেরও প্রবেশ দৃষ্ট হয়। ভারতবর্ষে যত প্রকার দর্শন-শাস্ত্র আছে, তত্তাবতের মত একরূপ না হইলেও, তৎপ্রতিপাদ্য 'মুক্তি' অংশে কাহারও বিবাদ দেখা যায় না। কেবল মুক্তির স্বরূপ ও মুক্তির উপায়, এই দুই অংশেই বিবাদ। কেহ কেহ মুক্তির স্বরূপ ও উপায় নির্দ্ধারণ করিতে গিয়া ঈশ্বর মানেন, বেদ মানেন ও অদৃষ্টও মানেন। কেহ বা ঈশ্বর মানেন না, কেবল অদৃষ্ট মানেন ও বেদ মানেন। কেহ বা উক্ত ত্রিতয়ের কিছুই মানেন না। যাঁহারা বেদ মানিলেন না, তাঁহারা নাস্তিকখ্যাতি প্রাপ্ত হইলেন। যাঁহারা বেদ মানিলেন, তাঁহারা ঈশ্বর না মানিলেও আস্তিক থাকিলেন। সাংখ্যকার কপিল ঈশ্বর মানেন না। প্রচলিত ক্রিয়াকাণ্ড যাঁহার মত, সেই মীমাংসা-দর্শনকার জৈমিনিও ঈশ্বর মানেন না। তথাপি তাঁহারা আস্তিক। ইঁহাদের মতে বেদ ও পরলোক অমান্যকারীরাই নাস্তিক। একমাত্র বেদের মর্য্যাদা-বলেই ইঁহারা নাস্তিক অপবাদ হইতে মুক্ত আছেন; আর, বৌদ্ধ চার্ব্বাক প্রভৃতিরা বেদ অমান্য করিয়াই নাস্তিক অপবাদ প্রাপ্ত হইয়াছেন। ফল বিবেচনা করিতে গেলে, ঈশ্বরাপলাপ-কারীরাই প্রকৃত নাস্তিক। নাস্তিক ও আস্তিক, উভয় দর্শন মিলিত করিলে সমুদায়ের সংখ্যা পাঁচ হয়। আস্তিক দর্শন তিন ও নাস্তিক দর্শন দুই। প্রাচীন আচার্য্যগণ অষ্টাদশ বিদ্যার গণনা স্থলে সাংখ্যকে ধর্ম্মশাস্ত্রের মধ্যে গণ্য করিয়া "মীমাংসা ন্যায় এবচ" এই বলিয়া মীমাংসা ও ন্যায় এই দুইটীকে পৃথক করিয়া বলিয়াছেন। আবার শাস্ত্রান্তরে "নাস্তি সাংখ্যসমং

জ্ঞানং” এই বলিয়া সাংখ্যের প্রাধান্য স্বীকার করিয়াছেন। সে অনুসারে আস্তিক দর্শন প্রধানতঃ তিন হয়, অধিক নহে। তবে যে ষড়্দর্শন বলিয়া প্রসিদ্ধি আছে, কেবল প্রসিদ্ধি নহে, গ্রন্থভেদও দৃষ্ট হয়, তাহার সঙ্গতি এইরূপ,—

গৌতমের কৃত ন্যায়, কণাদের কৃত বৈশেষিক, কপিলের কৃত নিরীশ্বরসাংখ্য, পতঞ্জলির কৃত সেশ্বরসাংখ্য অর্থাৎ যোগশাস্ত্র, জৈমিনিকৃত পূর্ব্বমীমাংসা, ব্যাসের কৃত উত্তরমীমাংসা। এই উত্তরমীমাংসা বেদান্ত নামে প্রসিদ্ধ। *

নাস্তিক দর্শনেরও এইরূপ প্রস্থান ভেদ আছে। যথা :—

* “গৌতমস্য কণাদস্য কপিলস্য পতঞ্জলেঃ।
ব্যাসস্য জৈমিনেশ্চাপি দর্শনানি ষড়েব হি॥”

চার্ব্বাক মতের বাদদ্বয়ের নাস্তিক দর্শন ব্যতীত অন্য নাম নাই। কিন্তু বৌদ্ধ মতের উল্লিখিত বাদচতুষ্টয় প্রতিলোম ক্রমে সৌত্রান্তিক, বৈভাসিক, মাধ্যমিক ও সর্ব্বশূন্য, এই আখ্যাচতুষ্টয়ে অভিহিত হয়। এতদ্ভিন্ন জৈন-দর্শনাদিও যাহা আছে, তাহা উক্ত উভয় দর্শনের অথবা বৌদ্ধদর্শনের অবান্তর প্রভেদ।

শুক্রশোণিতের পরিণামজনিত এই দৃশ্যমান দেহই আত্মা, এতদতিরিক্ত স্বতন্ত্র আত্মা নাই,—এই সিদ্ধান্তের প্রতিপাদন যে শাস্ত্রে বা যে মতে আছে, সেই শাস্ত্রকে বা সেই মতকে দেহাত্মবাদ বলে।

এই দৃশ্যমান স্থূল দেহ আত্মা নহে, ইহাতে যে চৈতন্যসংযোগ আছে, তাহাই আত্মা। কিন্তু সে চৈতন্য দৈহিক পরিণামবিশেষ বা দেহের ধর্ম্ম। দেহযন্ত্রের জন্মকালে জন্মে, পূর্ণতাকালে স্থিতি লাভ করে এবং অসম্পূর্ণতাকালে তাহা ধ্বংসপ্রাপ্ত হয়। দৈহিক পরিণামবাদ ইহাই প্রতিপাদন করে। এই মতের অন্যান্য সম্প্রদায় মনঃ প্রভৃতিকে আত্মা বলে।

এ জগতে সৎ অর্থাৎ সত্য বস্তু কিছুই নাই। দেহ নষ্ট হইলেই মুক্তি। গোড়ায় কিছু ছিল না, শেষেও কিছু নাই ও থাকিবেক না। মাত্র মধ্যে যৎকিঞ্চিৎকাল এই সকল দৃশ্যের অবস্থিতি। এই সিদ্ধান্তের অনুশাসন যাহাতে আছে, তাহার নাম সর্ব্বশূন্য বাদ।

ধারাবাহিক বিজ্ঞান অর্থাৎ আমি-আমি-আমি, ইত্যাকার জ্ঞান-প্রবাহ আত্মা নামে পরিচিত। সুতরাং এই আত্মা ক্ষণিক, চিরস্থায়ী নহে।

উৎপন্ন হইতেছে ধ্বস্ত হইতেছে, আবার উৎপন্ন হইতেছে, এইরূপ যে বিজ্ঞান-ধারা—তাহাই সত্য ও দীর্ঘকালস্থায়ী। নচেৎ প্রত্যেক বিজ্ঞান ক্ষণিক। এই বিজ্ঞান-ধারা অন্তরে থাকিয়াও বাহিরে জগদাকারে

ক্রীড়া করিতেছে। যাহা বাহিরে দৃষ্ট হইতেছে বলিয়া মনে কর, বস্তুতঃ তাহার অস্তিত্ব বাহিরে নহে। সমস্তই অন্তরে। ঘট, পট, গৃহ, কুড্য, নদ, নদী, সাগর, শৈল প্রভৃতি যে কিছু বাহ্য দৃশ্য দেখিতেছ, ইহার একটীও বস্তু সৎ নহে এবং বাহিরেও নহে। সমস্তই প্রত্যয় বা আলয়বিজ্ঞানের প্রতিভাস সুতরাং অন্তঃস্থ। এইরূপ যে শাস্ত্রে বলে, তাহার নাম ক্ষণিক-বিজ্ঞান বাদ।

ক্ষণিকানুমেয়বাহ্যবস্তু বাদ প্রায় এইরূপ। প্রভেদ এই যে, ইহার বাহ্য বস্তুর অস্তিত্ব একেবারে বিলোপ করে না। বলে, বাহ্য বস্তুর উপলব্ধি অন্তরে হয় বটে, কিন্তু তাহার সত্তা বাহিরে। সে সত্তা প্রত্যক্ষ হয় না। প্রত্যয়ের বা জ্ঞানের অবলম্বন থাকা উচিত, সেই হেতুতে বাহিরে বাহ্যবস্তুর অস্তিত্ব অনুমিত হয়।

প্রত্যক্ষবাহ্যবস্তুবাদীরা বলেন, না—, বাহ্য বস্তু বাহিরেও বটে, প্রত্যক্ষ-সিদ্ধও বটে। কিন্তু তাহা ক্ষণিক। আলয়বিজ্ঞানের সঙ্গে সঙ্গে জন্মে, আবার তৎসঙ্গে লয় প্রাপ্ত হয়। হিমালয় চিরকাল আছে, এই প্রতীতি ক্রমসংলগ্ন জ্ঞানসাদৃশ্যমূলক। সুতরাং উহা পূর্ব্বাবধি অখণ্ড দণ্ডায়মান নহে।

এইরূপে আস্তিক নাস্তিক সম্প্রদায়ের মধ্যে দ্বাদশ প্রকার সম্প্রদায় থাকায় সমুদায়ে দ্বাদশ দর্শন জন্মলাভ করিয়াছে। এই সকল দর্শনের উৎপত্তিকাল বা অগ্রপশ্চাৎ ভাব নিঃসন্দিগ্ধরূপে নির্ণয় করা যায় না। কারণ, এতৎসম্বন্ধে কোন বিশ্বস্তলিপি নাই। অনুমান করিয়া নির্ণয় করাও সুকঠিন। কেননা, পরস্পরের প্রতি পরস্পরের কটাক্ষ-দৃষ্টি দেখা যায়। যদি এক সময়েই সমুদায় দর্শনের জন্ম কল্পনা করা যায়, তবেই ওরূপ ঘটনা সম্ভব হয়, নচেৎ হয় না। আবার সমসাময়িক কল্পনা করাও যায় না। কেন না, দর্শনপরম্পরার লিখনভঙ্গী ও পুরাণাদি আখ্যায়িকা-গ্রন্থ পর্য্যালোচনা করিলে স্পষ্টই প্রতীত হয়, দর্শনকারেরা বিভিন্ন

সময়ের লোক এবং তাঁহাদিগের মধ্যে সম্পূর্ণ অগ্রপশ্চাৎ ভাব বিদ্যমান আছে। যখন ব্যাসদেবের জন্ম হয় নাই, রামায়ণ তখন বর্ষীয়ান্, রামায়ণে মহর্ষি কপিলের উল্লেখ দেখা যায়। রামায়ণ যখন অনুপস্থিত কালের উদরস্থ, শ্রুতি তখন যুবতী। তদ্‌বিধ শ্রুতিতেও কপিলের উল্লেখ আছে। এইরূপ, স্থানে স্থানে গৌতমেরও উল্লেখ দৃষ্ট হয়। আবার দর্শন সকলের লিপিপরিপাটী পর্য্যালোচনা করিলেও দেখিতে পাওয়া যায় "ন বয়ং ষট্‌পদার্থবাদিনোবৈশেষিকাদিবৎ।" এই বলিয়া কপিল কণাদকে কটাক্ষ করিতেছেন। জৈমিনি মুনিও "বাদরায়ণস্থানপেক্ষত্বাৎ।" বলিয়া বাদরায়ণকে পূজা করিতেছেন। আবার ব্যাসও "অধিকারং জৈমিনিঃ।" বলিয়া জৈমিনিকে স্মরণ করিতেছেন। "এতেন যোগঃ প্রত্যুক্তঃ" এই বাক্যে পাতঞ্জলকেও খণ্ডন করিতেছেন। গৌতমও "মহদণু গ্রহণাৎ" এই সূত্রের দ্বারা কপিলকে লক্ষ্য করিতেছেন। আবার কণাদও গৌতমের সহিত নিরন্তর স্পর্দ্ধা করিতেছেন। এ সকল দেখিলে কে না বলিবে যে দার্শনিক ইতিহাস নির্ণয় করা সহজসাধ্য নহে। বিশেষতঃ কালনির্ণয় করিবার ত কোন উপায় নাই। যদিও চেষ্টা করিলে ক্রমিক বৎসর গণনায় ১।২ করিয়া ব্যাস পর্য্যন্ত যাওয়া যাইতে পারে; কিন্তু তৎপরে অর্থাৎ ব্যাসের ওদিকে আর বৎসর নাই। কেবল যুগ। দ্বাপর, ত্রেতা, সত্য। এই জন্য বলি, দার্শনিক ইতিবৃত্ত লোকসমাজে প্রচার করিবার প্রয়াস, প্রয়াস মাত্র। যাহা কিছু বলা যায়, তাহা কেবল মনের আবেগ নিবৃত্তির জন্য। যাহা হউক, অন্ততঃ মনোবেগ নিবৃত্তির জন্যও আমাকে কিঞ্চিৎ বলিতে হইতেছে।

যুক্তিশাস্ত্রের প্রথম নির্ম্মাতা কে? অনুসন্ধান করিতে গেলে পক্ষাপক্ষ উপস্থিত হয়। এক পক্ষে পাওয়া যায়, দেখা যায়, নাস্তিক সম্প্রদায়ের কোন আদি পুরুষ যুক্তিপথের আবির্ভাবক। কারণ এই যে, প্রায় সমস্ত আস্তিক-শাস্ত্র হৈতুক (শুষ্কতর্ক বা নাস্তিকোচিত

তর্ক) শাস্ত্রের নিন্দায় পরিব্যাপ্ত। পুরাণের ত কথাই নাই, বৃদ্ধ মহর্ষি মনুও—

"যোঽবমন্যেত মূলে হেতুশাস্ত্রাশ্রয়াদ্দ্বিজঃ।
স সাধুভির্বহিষ্কার্য্যোনাস্তিকোবেদনিন্দকঃ॥"

এই বলিয়া হেতু-শাস্ত্রের নিন্দা ও তদবলম্বীদিগকে বৈদিক দল হইতে বহিষ্কৃত করিবার অনুমতি দিয়াছেন। বেদভাগ অন্বেষণ করিলেও "নৈষা তর্কেণ মতিরাপনেয়া" "তদ্ধৈক আহুরসদেবেদমগ্র আসীৎ" ইত্যাদি প্রকার নাস্তিক্য-নিন্দাসূচক বহু বাক্য প্রাপ্ত হওয়া যায়। অতএব আস্তিক্য সমুন্নতির পূর্ব্বে যে হেতুশাস্ত্রের জন্ম, ইহা সহজেই অনুমান করা যাইতে পারে।

সম্ভব বটে। আদিম কালের ঋষিদিগের শিশুবৎ সারল্যই সুসম্ভব। সারল্যানুরূপ ধর্ম্মাচরণে রত থাকাও সম্ভব। ক্রমে দ্বিতীয় কালের লোকদিগের কৌটিল্যকবলিত তীক্ষ্ণবুদ্ধি হওয়াও সম্ভব। তীক্ষ্ণবুদ্ধি পুরুষের সেরূপ অযৌক্তিক মতে আস্থা স্থির থাকা কঠিন। আস্থা উচ্চাটিত বা অনাস্থা জন্মিলেই দোষ দর্শনের চেষ্টা হয়। সেই শেষ চেষ্টার ফলে বিশ্বাসের সর্ব্বনাশক কূট তর্ক উদিত হইয়াছিল, ইহা সহজেই বিশ্বাস্য হইতে পারে।

কাল যত পরিবর্ত্তিত হয়, ততই জ্ঞেয়ের বিস্তার বা বিচিত্রতা অনুসারে জ্ঞানের বৈচিত্র্য ও বিস্তৃতি হইতে থাকে। অনুমান হয়, দ্বিতীয় কালের নাস্তিকসমতীক্ষ্ণবুদ্ধি আস্তিক ঋষিরা নিজ নিজ মত ও বেদমর্য্যাদা রক্ষা করা অবশ্য কর্ত্তব্য বিবেচনা করিয়াছিলেন। তাই নাস্তিকোদ্ভাবিত নূতন পথ (তর্ক বা যুক্তিপ্রণালী) অবলম্বন পূর্ব্বক নাস্তিকদিগের মত খণ্ডন ও বেদের মর্য্যাদা রক্ষণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। ক্রমে তাহাতেই ন্যায়, সাংখ্য, পাতঞ্জল প্রভৃতি জন্ম গ্রহণ করিয়াছিল।

একটু অধিক ভাবিলে দেখা যায়, নাস্তিক্য আদিজীবের সম্বন্ধে স্বাভাবিক নহে। আস্তিক্যই স্বাভাবিক। আস্তিক্যের বীজ সারল্য; নাস্তিক্যের বীজ বক্রভাব। বক্রভাব সারল্যের পরভাবী, ইহা যুক্তিশাস্ত্রের অনুমোদিত। জল বায়ু অগ্নি ও গ্রহ নক্ষত্র তারকাদি মণ্ডিত জগদ্‌যন্ত্রের অদ্ভুত ব্যাপার ও বিবিধ আশ্চর্য্য ঘটনাবলি প্রত্যক্ষ করিয়া আদিম মনুষ্যের মনে আস্তিক্যের বা অনির্ব্বচনীয় ঈশ্বরভাবের উদয়, তাহাতে বিশ্বাস, ক্রমে তাহার বিস্তার বা প্রাবল্য, তন্নিবন্ধন ঈশ্বরোদ্দেশে বিবিধ যাগ যজ্ঞ পূজা হোম পাঠ স্তোত্র প্রভৃতি সৃষ্ট হইতেছিল। অনুমান হয়, এই কালের পরেই অপেক্ষাকৃত বক্রহৃদয় লোক উৎপন্ন হইয়া তাহারা সেই সমস্ত ক্রিয়াকলাপের অবিশ্রান্ত অনুষ্ঠানে শ্রান্ত, ক্লান্ত ও বিরক্ত হইয়া, তাহা অকিঞ্চিৎকর মনে করিয়া, কিসে সেই সকল অকিঞ্চিৎকর ক্লেশসাধ্য ক্রিয়াকলাপের হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যায়, সেই চিন্তায় নিবিষ্ট হইয়াছিল। হয় ত তাহাতেই সেই সকল লোকের হৃদয়ক্ষেত্রে তর্ক অঙ্কুরিত, ক্রমে তাহার শাখা পল্লব, ক্রমে তাহার ফল তর্কগ্রন্থ জন্মলাভ করিয়াছে। নাস্তিক্য আস্তিক্যের এবংবিধ সম্বন্ধ সূত্র অবলম্বন করতঃ সূত্রের মূলপ্রান্তে গমন করিবা মাত্র দেখা যায়, নাস্তিকেরাই যুক্তিশাস্ত্রের প্রথম নির্ম্মাতা।

আবার পক্ষান্তরে ইহাও পাওয়া যায়, দেখা যায় যে, আস্তিকেরাই আদি তার্কিক। নাস্তিকদিগের মস্তকোত্তোলনের পূর্ব্বেও আস্তিক দলে তর্কপ্রথা প্রচলিত ছিল। তবে কি না, তাহা ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল। বেদ, স্মৃতি ও পুরাণ, যে কিছু আস্তিক গ্রন্থ, সমস্তই যুক্তি তর্কে পরিপূর্ণ। আস্তিক সম্প্রদায়েরই কতকগুলি লোক জন্মান্তরীণ পাপ বশতঃ বুদ্ধিমালিন্য প্রাপ্ত হইয়া ক্রিয়াকাণ্ডের প্রতি হতশ্রদ্ধ হওয়ায় তত্তাবতের বিঘ্ন জন্মাইতে আরম্ভ করিলে, হিতাকাঙ্ক্ষী আস্তিকেরাই সেই সমস্ত পাষণ্ডদিগের দলনের নিমিত্ত শাস্ত্রে তত্তৎস্থান হইতে খণ্ড-যুক্তি সকল

আহরণ করতঃ আস্তিক্য রক্ষার উপযোগী যুক্তিশাস্ত্র সকল গ্রথিত করিয়াছিলেন। নাস্তিকখ্যাতিপ্রাপ্ত দুর্ম্মতি ঋষিসন্তানেরা পশ্চাৎ সেই সমস্ত আর্য্যমতিদিগের দেখাদেখি নাস্তিক্য রক্ষার দুর্গস্বরূপ বিবিধ গ্রন্থ রচনা করিয়াছিল। এইরূপ পক্ষদ্বয় উপস্থিত হওয়ায় দর্শনসাধারণের প্রকৃত মূল নিঃসন্দিগ্ধরূপে পরিজ্ঞাত হওয়া যায় না। দর্শনসাধারণের মূল প্রস্রবণ যদ্রূপ দুর্বিজ্ঞেয় ও দুর্নিরূপ্য, আস্তিক-ষড়্দর্শনের প্রাথম্য ও পূর্ব্বাপরীভাব নির্ণয় তদপেক্ষা অধিক দুঃসাধ্য। তবে যদি শঙ্করাচার্য্যের সিদ্ধান্ত অভ্রান্ত হয়, তাহা হইলে কথঞ্চিৎ আস্তিক ষড়্দর্শনের অগ্র-পশ্চাদ্ভাব নির্ণীত হইতে পারে। এ সম্বন্ধে যে একটা স্বাভাবিক আত্ম-প্রত্যয় (ছয়টা দর্শন এক সময়ে হয় নাই এইরূপ, স্বাভাবিক বিশ্বাস) আছে, তাহাও অবন্ধ্য হইতে পারে।

শঙ্করাচার্য্য এক স্থানে প্রসঙ্গক্রমে বলিয়াছেন,—"কপিল সাংখ্য-শাস্ত্রের বক্তা এবং সগরসন্তানগণের দাহকর্ত্তা—এইরূপ প্রবাদ বাক্যে মুগ্ধ ও ভ্রান্ত হইয়া লোক সকল বর্ত্তমান সাংখ্যের প্রতি বিশেষ শ্রদ্ধা করিয়া থাকে। কিন্তু বর্ত্তমান সাংখ্য আদিবিদ্বান্ ঋষি-কপিলের না হইতেও পারে। অপিচ, শাস্ত্রান্তরে অন্য এক কপিলের কথাও শুনা যায়।" *

উপরোক্ত লেখা দেখিলে স্পষ্টই বোধ হইবে, শঙ্করাচার্য্যের মতে দুই কপিল। এক কপিল অতি প্রাচীন, অন্য কপিল ব্যাসদেবের পর-ভবিক। প্রচলিত সাংখ্য নব্য কপিলের। নব্য কপিল পুরাতন কপিলের মননের ধন (পদার্থ) লইয়া স্বীয় মতের যোগে সূত্র রচনা করিয়া গিয়াছেন।

---

* "কপিলমিতিশ্রুতিসামান্যমাত্রত্বাৎ অন্যস্য চ কপিলস্য সগরপুত্রাণাং প্রতপ্তুর্বাসুদেবনাম্নঃ স্মরণাৎ।" [শারীরক ভাষ্য দেখ]।

'যদি আমরা এই সিদ্ধান্তে বিশ্বাস নিক্ষেপ করি, তাহা হইলে সকল দিক্ রক্ষা পায়।

১ম। কপিলের একটী নাম "আদিবিদ্বান্।" সাংখ্যদর্শন আদিম হইলে তৎপ্রণেতা কপিলের ঐ নাম সার্থক হয়।

২য়। কপিল যে আদিজ্ঞানী ও বহুপ্রাচীন, এবিষয়ে শ্রুতি, স্মৃতি, পুরাণ, সকলেই সাক্ষ্য প্রদান করেন। যথা :—

"ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি জায়মানঞ্চ পশ্যেৎ।"
[শ্রুতি।

"আদৌ যো জায়মানঞ্চ কপিলং জনয়েদৃষিম্।
প্রসূতং বিভৃয়াজ জ্ঞানৈস্তং পশ্যেৎ পরমেশ্বরম্॥" [স্মৃতি।

"সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।"
সপ্তৈতে মানসাঃ পুত্রা ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ॥" [পুরাণ।

প্রথমোল্লিখিত শ্রুতিবাক্যটীর মর্ম্মার্থ এই যে, যিনি কপিল ঋষিকে সর্ব্বাগ্রে জ্ঞানপূর্ণ করিয়া সৃষ্টি করিয়াছিলেন, মনুষ্য সেই পরমেশ্বরকে ধ্যানযোগে দর্শন করুক। কপিলের প্রাচীনতা বোধক এইরূপ অনেক বাক্য আছে, কাপিল দর্শন আদিম হইলে সে সমস্তই রক্ষা পায়।

৩য়। 'তত্ত্বসমাস' বা 'দ্বাবিংশ সূত্র' নামক অন্য এক প্রকার কাপিল সূত্র আছে। তাহাতে অন্য কোন দর্শনের প্রতি কটাক্ষদৃষ্টি নাই। কেবল-মাত্র প্রমেয় পদার্থ সূত্রিত হইয়াছে। আদি গ্রন্থ যেরূপ নিরপেক্ষ রচনায় রচিত হওয়া উচিত তত্ত্বসমাস সেই প্রকারেই রচিত। পাঠকগণের বিশ্বাস আহরণার্থ এস্থলে তাহা অনুবাদযুক্ত করিয়া প্রকাশ করিতেছি।*

---

* যদি সাংখ্যদর্শনই আদিম হয়, তবে এই তত্ত্বসমাস সূত্রই তাহা। অথবা সে সাংখ্য অর্থাৎ পুরাতন কপিলের সাংখ্য লোপ প্রাপ্ত হইয়াছে। এ

১। অথাতস্তত্ত্বসমাসঃ।—তত্ত্ব সকল সংক্ষেপে বলি।

২। অষ্টৌ প্রকৃতয়ঃ—প্রকৃতি আট প্রকার।

৩। ষোড়শকস্তু বিকারঃ।—বিকার অর্থাৎ বিকৃতি ষোল।

৪। পুরুষঃ।—পুরুষ পৃথক্ তত্ত্ব।

৫। ত্রৈগুণ্যম্।—সত্ত্বরজস্তমঃ এই তিন গুণ।

৬। সঞ্চরঃ প্রতিসঞ্চরঃ।—উৎপত্তি ও প্রলয়।

৭। অধ্যাত্মমধিভূতমধিদৈবম্—গুণ অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব ভেদে ব্যবস্থিত।

৮। পঞ্চাভিবুদ্ধয়ঃ।—অভিবুদ্ধি পাঁচ। (অভিবুদ্ধি=জ্ঞানেন্দ্রিয়।)

৯। পঞ্চ কর্ম্মযোনয়ঃ।—কর্ম্মেন্দ্রিয় পাঁচ।

১০। পঞ্চ বায়বঃ।—শরীরাবস্থিত বায়ু পাঁচ।

১১। পঞ্চ কর্ম্মাত্মনঃ।—কর্ম্মের স্বরূপ বা প্রভেদ পাঁচ;

১২। পঞ্চপর্ব্বাবিদ্যা।—অবিদ্যার পর্ব্ব (বিভাগ) পাঁচ।

১৩। অষ্টাবিংশতিধাঽশক্তিঃ।—অশক্তি আটাশ।

১৪। নবধা তুষ্টিঃ।—সন্তোষ নয় প্রকার।

১৫। অষ্টধা সিদ্ধিঃ।—সিদ্ধি আট প্রকার।

১৬। দশমৌলিকার্থাঃ।—মূল পদার্থ সম্বন্ধে দশ।

কথা বিদ্যমান সাংখ্যসূত্রের ভাষ্যকার বিজ্ঞানভিক্ষুও বলিয়াছেন। যথা—“কালার্কভক্ষিতং সাংখ্যশাস্ত্রং জ্ঞানসুধাকরম। কলাবিশিষ্টং ভূয়োঽপি পুরয়িষ্যে বচোঽমৃতৈঃ॥” ইহা দেখিয়া অনেকে বলেন, ষড়ধ্যায়ী 'সাংখ্যে বিজ্ঞানভিক্ষুর রচিত সূত্র আছে। আরও দেখা যায়, প্রাচীন আচার্য্যেরা কেহই সূত্র উল্লেখ করেন নাই। যেখানে যেখানে সাংখ্য কথা বলিবার প্রয়োজন হইয়াছে, সেই সেই স্থানে তাঁহারা ঈশ্বর কৃষ্ণের কারিকা উদ্ধৃত করিয়াছেন। সূত্র উদ্ধৃত করেন নাই।

১৭। অনুগ্রহঃ সর্গঃ।—গুণের পরস্পরানুগ্রহে সৃষ্টি হয়।

১৮। চতুর্দ্দশধা ভূতসর্গঃ।—ভৌতিক সৃষ্টি চৌদ্দ প্রকার।

১৯। ত্রিবিধোবন্ধঃ।—বন্ধন ত্রিবিধ।

২০। ত্রিবিধোমোক্ষঃ।—মুক্তি ত্রিবিধ।

২১। ত্রিবিধং প্রমাণম্।—প্রমাণ তিন প্রকার।

২২। এতৎ সম্যক্ জ্ঞাত্বা কৃতকৃত্যঃ স্যাৎ ন পুনস্ত্রিবিধেনাঽনুভূয়তে। —জীব এই সকল তত্ত্ব সম্যক্ সাক্ষাৎকার করিতে পারিলে কৃতার্থ হয়, আর কখন দুঃখত্রয়ে অভিভূত হয় না।

এই তত্ত্বসমাস সূত্র আদিম হইলে কোনও প্রকার আপত্তি স্থানপ্রাপ্ত হইবে না।

৪র্থ। পরভবিক গ্রন্থে কৌশলাধিক্য, আয়তনে বিস্তৃতি ও পদার্থ-সমন্বয়ের সংক্ষেপ হইয়া থাকে। কাপিলদর্শন আদিম হইলে সে সকল কথা রক্ষা পায়। কপিল চতুর্বিবংশতি পদার্থ স্থির করিয়া যাহা নির্ব্বাহ করিয়াছেন, গৌতম তাহা ষোল পদার্থে, কণাদ তাহা সপ্ত পদার্থে, পূর্ব্বমীমাংসা তাহা ছয় পদার্থে এবং উত্তরমীমাংসা অর্থাৎ বেদান্ত তাহা একই ব্রহ্ম পদার্থে পর্য্যাপ্ত করিয়াছেন। এই সকল দেখিয়া আমাদের মনে হয়, সাংখ্য-দর্শনই আদিম, পাতঞ্জল *তাহার প্রায় সমসাময়িক, ন্যায় তাহার পরভবিক, বৈশেষিক তৎকনিষ্ঠ, পূর্ব্বমীমাংসা তজ্জ্যেষ্ঠ ও বেদান্ত সর্ব্বকনিষ্ঠ।

সাংখ্য নামের ব্যুৎপত্তি

'সংখ্যা' হইতে 'সাংখ্য' এই পদ নিষ্পন্ন হইয়াছে। যথা :—

* এখানে পাতঞ্জল শব্দেব অর্থ যোগশাস্ত্র। যোগশাস্ত্রের আদি বক্তা হিরণ্যগর্ভ। পতঞ্জলি মুনি তাহার অনুশাসক মাত্র। এই যোগশাস্ত্র সেশ্বর সাংখ্য নামেও অভিহিত হয়।

"সংখ্যাং প্রকুর্ব্বতে চৈব প্রকৃতিঞ্চ প্রচক্ষতে।
তত্ত্বানি চ চতুর্ব্বিংশৎ তেন সাংখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥"

শ্লোকটী শুনিবামাত্র প্রতীত হয়, পদার্থসংখ্যা নির্দ্ধারণ পূর্ব্বক জ্ঞানোপদেশ থাকাতেই কপিলের দর্শন সাংখ্য নামে বিখ্যাত। বস্তুতঃ তাহা নহে। সংখ্যা শব্দের অর্থ সম্যক্ জ্ঞান। সম্যক জ্ঞানের উপদেশ আছে বলিয়াই কপিলকৃত দর্শন সাংখ্য। সাংখ্য শব্দের অভিধেয় দেখিতে গেলে পাতঞ্জলেরও গ্রহণ হইতে পারে বটে; পরন্তু সর্ব্বপ্রথমে কাপিল সাংখ্যের আবির্ভাব হওয়াতে লোক তাহাকেই প্রথমতঃ সাংখ্য নামে প্রখ্যাত করিয়াছিল; সেইজন্য কাপিল দর্শনই মুখ্য সাংখ্য, পাতঞ্জল গৌণ সাংখ্য।

কপিলের জন্মভূমি।

মহর্ষি কপিলের জন্মভূমির আধুনিক নাম কি তাহা এখন স্থির করা যায় না। তাহা না যাউক, ইনি যে একজন আর্য্যাবর্ত্তীয় ব্রাহ্মণ ঋষি, তাহাতে আর সংশয় নাই। পুরাণে বর্ণিত আছে, কপিল দেবহূতির পুত্র এবং বিষ্ণুর অবতার। পরন্তু তিনি যে কোন্ কপিল, নব্য কি প্রাচীন, তাহা কেহই স্থির বলিতে পারেন না। অগ্নির অবতার অন্য এক কপিল ছিলেন।

সাংখ্যমতের বিস্তৃতি।

শ্রুতি স্মৃতি, পুরাণ, ইতিহাস, সমস্ত আর্য্য-গ্রন্থই সাংখ্য মতে পরিব্যাপ্ত। সাংখ্য মত এতদূর বিস্তৃত হইয়াছিল যে, তাহায় ব্যবহার বা গ্রহণ করেন নাই এমন ঋষি নাই ও ঋষিপ্রণীত গ্রন্থও নাই। সাংখ্য মতের তত বিস্তৃতি কেবল কপিল হইতে হয় নাই, ক্রমে তাঁহার, শিষ্য-পরম্পরা হইতেও হইয়াছিল

কপিলের শিষ্যগণ।

সাংখ্যশাস্ত্রের আদি আচার্য্য কপিল। তৎশিষ্য আসুরি ও বোঢ়। আসুরির শিষ্য পঞ্চশিখাচার্য্য। তৎশিষ্য ঈশ্বরকৃষ্ণ। কেহ বলেন, ঈশ্বর কৃষ্ণ ঋষি-শিষ্য নহেন।

আমরা আসুরির গ্রন্থ পাই না, পঞ্চশিখের গ্রন্থও দেখিতে পাই না। না পাইলেও সে সকল গ্রন্থের খণ্ড খণ্ড সূত্র অনেক স্থলে প্রাপ্ত হইতেছি। ঈশ্বরকৃষ্ণের একখানি কারিকা গ্রন্থ প্রাপ্ত হইতেছি, এই কারিকা গ্রন্থ সমধিক মান্য। মহামহোপাধ্যায় বাচস্পতি মিশ্র এই গ্রন্থের তত্ত্বকৌমুদী নাম্নী টীকা লিখিয়া গিয়াছেন। সাংখ্যকারিকার অন্য নাম সাংখ্যসপ্ততি।

মহাত্মা পঞ্চশিখাচার্য্য সাংখ্যশাস্ত্র পরিবর্দ্ধিত করিলে সাংখ্যশাস্ত্রের ষষ্টিতন্ত্র নাম হইয়াছিল। ষষ্টিতন্ত্র এই কথার অর্থে বুঝা যায়, পঞ্চশিখ কপিলসম্মত ষষ্টিসংখ্যক পদার্থের উপর ষষ্টিসংখ্যক গ্রন্থ রচনা করিয়াছিলেন। যে সকল বিষয়ের উপর তাঁহার গ্রন্থ ছিল, সে সকল বিষয় এই—

প্রকৃতি প্রভৃতি মৌলিক বিষয়ে ১০। বিপর্য্যয় অর্থাৎ অজ্ঞান বিষয়ে ৫। সন্তোষ অর্থাৎ অলংবুদ্ধিবিষয়ে ৯। ইন্দ্রিয়াসামর্থ্য বিষয়ে ২৮ এবং সিদ্ধি অর্থাৎ ক্ষমতাবিষয়ে ৮।

পঞ্চশিখ উপরোক্ত ষষ্টি পদার্থের প্রত্যেক পদার্থের উপর এক এক খানি গ্রন্থ রচনা করিয়াছিলেন বলিয়া অনুমিত হয়, কিন্তু এক্ষণে তাহার কিছুই পাওয়া যায় না। এক্ষণে যাহা যাহা পাওয়া যায়, তাহার তালিকা নিম্নে প্রদত্ত হইল। ঈশ্বর কৃষ্ণ গ্রন্থসমাপ্তিকালে লিখিয়াছিলেন যে "আখ্যায়িকাবিরহিতাঃ পরবাদবিবর্জ্জিতাশ্চাপি"—আমি ষষ্টিতন্ত্রের সমস্ত পদার্থই সংক্ষেপে বলিলাম, কিন্তু আখ্যায়িকা ও পরমত খণ্ডন পরিত্যাগ করিলাম। এই লিখন ভঙ্গীতে বোধ হয়, পঞ্চশিখাচার্য্য ও আসুরি প্রভৃতি ঋষিরা আখ্যায়িকার ও বাদকথার যোগে গ্রন্থ রচনা

করিয়াছিলেন। যাহাই হউক ফলকথা এই যে, সাংখ্যশাস্ত্র এত বিস্তৃত এবং তাহার অধিকার এত প্রবৃদ্ধ হইয়াছিল যে, তত্তাবতের অধিকাংশ লোপ হওয়াতে এখন আর কোন্‌টী সাংখ্যের সম্মত, কোন্‌টী তাহার অসম্মত, তাহা নির্ণয় করা দুঃসাধ্য। সেই কারণে আমি এতন্মধ্যে সাংখ্যানুগত পুরাণ, স্মৃতি ও অনেক বৈদ্যক বাক্যকেও সাংখ্যসম্মত বলিয়া নিবিষ্ট করিয়াছি।

সুপ্রাপ্য সাংখ্যগ্রন্থের তালিকা।

গ্রন্থ			গ্রন্থকার
ষড়ধ্যায়ীসূত্র বা সাংখ্যপ্রবচন…			কপিল।
তত্ত্বসমাস সূত্র	…	…	কপিল।
সাংখ্যপ্রবচনভাষ্য	…	…	বিজ্ঞানভিক্ষু।
সাংখ্যবৃত্তি	…	…	অনিরুদ্ধভট্ট।
(নাগেশভট্ট ও মহাদেব বেদান্তীর বৃত্তিও আছে।)			
তত্ত্বসমাসব্যাখ্যা	…	…	যতি।
সাংখ্যসপ্ততি	…	…	ঈশ্বরকৃষ্ণ।
তত্ত্বকৌমুদী	…	…	বাচস্পতি মিশ্র।
সাংখ্যসার	…	…	বিজ্ঞানভিক্ষু।
সাংখ্যচন্দ্রিকা	…	…	
রাজবৃত্তি	…	…	ভোজরাজ।

সাংখ্যশাস্ত্রের প্রতিপাদ্য, জ্ঞান সম্বন্ধে সাংখ্যের ও অন্যান্য দর্শনের মত।

সাংখ্য শাস্ত্র চিকিৎসা-শাস্ত্রের ন্যায় চতুর্ব্ব্যূহ। ব্যূহ শব্দের অর্থ সমূহ। রোগসমূহ, রোগের কারণসমূহ, আরোগ্যসমূহ ও ভৈষজ্যসমূহ, এই চারি সমূহ যেমন চিকিৎসা-শাস্ত্রের প্রধান প্রতিপাদ্য, তেমনি দুঃখ ও দুঃখনিবৃত্তি, দুঃখোৎপত্তির হেতু ও দুঃখনিবৃত্তির উপায়, এই চারি সমূহ সাংখ্য শাস্ত্রের প্রধান প্রতিপাদ্য। সাংখ্যকার উক্ত চারি সমূহের সম্যক্ পরীক্ষা করিয়াছেন। তৎপ্রসঙ্গে অন্যান্য অনেক পদার্থের বিচার করিয়াছেন। তাঁহার প্রথম বিচার্য্য দুঃখ। দুঃখ কি? তাহা আছে কি না? এ কথা অজিজ্ঞাস্য; সুতরাং সে বিষয়ে শাস্ত্রের কোন কৃত্য নাই। অর্থাৎ দুঃখ আছে কি না তাহা শাস্ত্রের দ্বারা প্রমাণ করিবার প্রয়োজন হয় না। দুঃখ সর্ব্বদাই সকল মনুষ্যের অন্তঃকরণে চেতনা শক্তির প্রতিকূল অনুভবে উপস্থিত হইয়া থাকে। সেই জন্যই কেহ তাহা 'নাই' বলিয়া প্রত্যাখ্যান করেন না এবং দুঃখের নিবৃত্তি হয় কি না, এ অংশেও সংশয় করেন না। দুঃখনিবারণের কোন উপায় নাই বলিয়াও কেহ মস্তকোত্তোলন করেন না। সকলেই জানিতেছেন, দুঃখ ও তাহার নিবৃত্তি উভয়ই আছে বা হয়। সেই জন্য সে অংশ শাস্ত্রের প্রতিপাদ্য নহে। জ্ঞাতজ্ঞাপন করা কোনও শাস্ত্রের কার্য্য বা উদ্দেশ্য নহে। "অজ্ঞাতজ্ঞাপকং হি শাস্ত্রম্" যাহা লৌকিক প্রমাণের অগোচর তাহা জানান বা তাহার বোধ জন্মানই শাস্ত্রের কার্য্য। সুতরাং বুঝিতে হইবে, সাংখ্যশাস্ত্রের উপদেশও অন্যের অজ্ঞাত। যাহা সাধারণ জ্ঞানের গোচর নহে, যাহার উপদেশ কোথাও পাওয়া যায় নাই, সাংখ্যশাস্ত্র তাহাই উপদেশ করিবেন। শাস্ত্রের অভিসন্ধি এই যে, মনুষ্য দুঃখ কি তাহা জানেন এবং কিসে তাহার নিবৃত্তি হয় তাহাও জানেন; কিন্তু

তাহার আত্যন্তিক নিবৃত্তির উপায় জানেন না। সে উপায় লৌকিক-জ্ঞানের অলভ্য বা সহজ জ্ঞানে উপলব্ধ হয় না। ধাতুবৈষম্যনিবন্ধন শারীর দুঃখ হয়, সে দুঃখের নিবারক শত শত উপায় বৈদিক গ্রন্থে আছে। বিষয়-বিশেষের অদর্শন বা অপ্রাপ্তিজন্য মানস দুঃখ উপস্থিত হয়, তন্নিবারণের উপায় স্থলে মনোজ্ঞ-স্ত্রী পান-ভোজন বস্ত্র অলঙ্কার প্রভৃতি লৌকিক পদার্থও প্রচুর পরিমাণে বিদ্যমান আছে। নীতিশাস্ত্রে কুশলতা থাকিলে ও নিরুপদ্রব স্থলে বাস করিলে আধিদৈবিকাদি দুঃখও আক্রমণ করিতে পারে না। এই সমস্ত কথাই সত্য; পরন্তু ঐ সকল উপায় ঐকান্তিক ও আত্যন্তিক নহে। ঐকান্তিক ও আত্যন্তিক দুঃখ নিবৃত্তির উপায় সাধারণ জ্ঞানের অগোচরে রহিয়াছে।

প্রশ্ন। এমন কি নূতন বা অজ্ঞাত উপায় আছে, যাহা উপদেশ দিবার জন্য সাংখ্যকার ব্যগ্র?

প্রত্যুত্তর। দুঃখ কি জিনিস, কাহার দুঃখ, তাহা কেন হয়, তাহার আত্যন্তিক নিবৃত্তি হয় কি না, অর্থাৎ তাহা আর কখন হইবে না এরূপ হয় কি না, যদি হয় তবে তাহা কি উপায়ে? এই সকল অংশ সাধারণ বোধের অগম্য সুতরাং ঐ সকল অংশ বুঝাইয়া দেওয়াই সাংখ্য শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। দুঃখনিবৃত্তির যে সকল উপায় সাধারণের বিদিত আছে, সে সকলের দ্বারা দুঃখনিবৃত্তি হওয়ার নিশ্চিততা নাই। কখন হয়, কখন বা হয়ও না। হইলেও তাহা পুনর্ব্বার আইসে। সেইজন্যই বলা হইয়াছে, লৌকিক উপায়ে দুঃখের আত্যন্তিক নিবৃত্তি হয় না। শাস্ত্রীয় উপায়ে দুঃখ নিবৃত্তি হওয়ার নিশ্চিততা আছে এবং সে নিবৃত্তি আত্যন্তিক নিবৃত্তি।

সাংখ্য-দর্শনের মতে আত্যন্তিক দুঃখনিবৃত্তির এক নাম মোক্ষ, অপর নাম স্বরূপপ্রতিষ্ঠা। ইহাই পরম পুরুষার্থ শব্দের অভিধেয় বা বাচ্য। মনুষ্য যে-কিছু প্রার্থনা করে, সমস্তই দুঃখ নিবারণের জন্য করে।

সেই কারণে দুঃখনিবৃত্তি ও দুঃখনিবৃত্তির উপায় উভয়ই প্রার্থনীয়। কিন্তু লৌকিক উপায়ে আত্যন্তিক দুঃখনিবৃত্তি হয় না। যাহা হয় তাহা ক্ষণিক। সেইজন্য তাহা পুরুষার্থ হইলেও পরমপুরুষার্থ নহে।

কপিলের অভিপ্রায় এই যে, মানুষ সকল নিরন্তর দুঃখ পাইতেছে অথচ তাহার স্বরূপ ও অবস্থান স্থান জানিতেছে না। তাহারা তাহার নিরোধের প্রকৃত উপায় পরিজ্ঞাত নহে। আজ আমি তাহা জানাইব—বুঝাইয়া দিব। আমি যাহা জানাইব, তাহা লৌকিক জ্ঞানের অগোচর।

জৈমিনি ও যজ্ঞবিদ্যা-বিশারদ মনুষ্যেরা বলেন, মনুষ্য মাত্রেরই "সুখই হউক, দুঃখ যেন অণুমাত্রও না হয়" এইরূপ অব্যভিচারী অভিনিবেশ আছে। তাহাদের ঐরূপ অভিনিবেশের পরিপূর্ত্তি অর্থাৎ নিরবচ্ছিন্ন সুখসম্ভোগ কোনও এক সময়ে ঘটিবার সম্ভাবনা আছে কি না? তর্ক করিলে, নাই বলিয়া প্রত্যাখ্যান করা যায় না। তাই জৈমিনি মুনি বলেন, তাহা স্বর্গ। যথা :—

"যন্ন দুঃখেন সম্ভিন্নং ন চ গ্রস্তমনন্তরম্।
অভিলাষোপনীতঞ্চ তৎ সুখং স্বঃপদাস্পদম্ ॥"

নিরবচ্ছিন্ন সুখ সম্ভোগই স্বর্গ এবং তাহাই মনুষ্যের সুখতৃষ্ণার বিশ্রাম ভূমি। তাহাই পরমপুরুষার্থ এবং তাহাই মুক্তি ও অমৃত। তদতিরিক্ত অন্য কোন অমরত্ব বা মোক্ষ নাই। এই অমরত্ব বা মোক্ষ যজ্ঞবিদ্যার দ্বারা লভ্য। বেদোক্ত যাগ-যজ্ঞাদির দ্বারাই ঐ অলৌকিক সুখ লাভ করা যায়।

যজ্ঞবিদ্যা ব্যবসায়ীদিগের ঐ মত কপিলের অনুমোদিত নহে। কপিল বেদ মানেন, বেদোক্ত ক্রিয়াকলাপের ফল-জননী শক্তিও স্বীকার করেন, কিন্তু কথিত প্রকারের ফল মানেন না। তিনি বলেন, কর্ম্মসাধ্য স্বর্গসুখও ঐহিক সুখের ন্যায় দুঃখমিশ্র ও নশ্বর। কারণ, যাগমাত্রেই হিংসাসাধ্য। পশুঘাত ও বীজ (শস্য) বিনাশ ব্যতীত কোনও যাগ

নিষ্পন্ন হয় না। সুতরাং হিংসাঘটিত কার্য্যকলাপ কিরূপে নিরবচ্ছিন্ন সুখ প্রসব করিবে? ক্রিয়াকাণ্ড কখনই তাদৃশ সুখের জনক নহে। একমাত্র হিংসাদিদোষরহিত বিশুদ্ধ তত্ত্বজ্ঞানই তাদৃশ সুখের বা সর্ব্বদুঃখবিধ্বংসের (মুক্তির) উপায়। *

যেমন লোকলভ্য উপায়বিশেষ দ্বারা দুঃখবিশেষ কিছুকাল স্থগিত থাকিতে দেখ, কোন কোন উপায়ে এক প্রকার দুঃখের শান্তি ও কোন কোন উপায়ে দুই বা ততোধিক দুঃখের শান্তি হইতে দেখ, তেমনি এমন কোন উপায় থাকিতে পারে যাহার দ্বারা দুঃখমুলের শান্তি হয় এবং সে শান্তি অনন্ত কালের জন্য ব্যবস্থিত দুঃখের মূল (কারণ) বিধ্বস্ত হইলে দুঃখ হইবে কেন? যে উপায়ে দুঃখমূল নষ্ট হয়, সে উপায় লোকমধ্যে নাই, যজ্ঞবিদ্যার মধ্যেও নাই। কারণ, সে উপায় তত্ত্বজ্ঞান। তত্ত্বজ্ঞান কর্ম্মশাস্ত্রে উপদিষ্ট হয় নাই এবং আপনা আপনিও হয় না। তত্ত্বজ্ঞানের আকার— "আমি মহৎ অহঙ্কার ইন্দ্রিয় প্রভৃতি নহি—ঐ সকলের কোনটী আমি নহি এবং ঐ সকল আমার নহে। আমি ঐ সকল হইতে ভিন্ন—চিৎস্বরূপ। কেবল ও এক রস।" ইত্যাকার জ্ঞানের নাম তত্ত্বজ্ঞান। এই জ্ঞান দৃঢ় ও

---

* বীজ বিনাশ করিলেও সাংখ্য-মতে পাপ জন্মে। কিন্তু অজ-বীজ ভিন্ন। যে বীজ হইতে আর অঙ্কুর হইবে না সেই বীজের নাম অজ। যজ্ঞে যে অজ বধ করিবার কথা আছে, তাহার অর্থ তাদৃশ বীজ; ছাগল নহে। অহিংসা ঘটিত ব্রতে এই অজ বীজের ব্যবস্থা। ৩ বৎসর, কোন কোন বীজের ৫ বৎসর পর্য্যন্ত অঙ্কুরোৎপাদিকা শক্তি থাকে; তৎপরে অজ হয়। সুরথ রাজা লক্ষ ছাগল বলি দিয়া দেবীকে পরিতুষ্টা করিয়াছিলেন ও দেবীর বরে তাঁহার রাজ্য ও সুখ লাভ হইয়াছিল সত্য, কিন্তু তাঁহাকে হিংসাজনিত পাপের দুঃখফলও ভোগ করিতে হইয়াছিল। তিনি মৃত হইলে সেই সকল জীব তাঁহাকে খড়্গাঘাত করিতে উপস্থিত হইয়াছিল।

সাক্ষাৎকৃত হওয়া আবশ্যক। সাংখ্য শাস্ত্রে ইহা তত্ত্বজ্ঞান, সত্ত্বপুরুষান্যতা-প্রত্যয় ও বিবেকখ্যাতি নামে প্রসিদ্ধ। এই প্রত্যয় উৎপাদনের নিমিত্ত আত্মা ও জগৎ, বস্তুদ্বয়ের যথার্থ রূপ অন্বেষণ করিতে হয়। আত্মা ও প্রকৃতি (জগদ্ভাবাপন্না), এতদুভয়ের প্রকৃত তথ্য অনুসন্ধান পূর্ব্বক পুনঃ পুনঃ বুদ্ধ্যারোহ করার নাম তত্ত্বাভ্যাস। শ্রদ্ধা ও ভক্তি সহকারে দীর্ঘকাল ব্যাপিয়া তত্ত্বাভ্যাস করিতে পারিলে উক্ত প্রত্যয় (তত্ত্বজ্ঞান) জন্মিতে পারে। *

আত্মা ও জগৎ উভয়ই বিচার্য্য। তন্মধ্যে জগৎ অর্থাৎ বাহ্যবস্তু সর্ব্বপ্রথম। এ সম্বন্ধে কপিলের মত এই যে, জগতের মূলতত্ত্ব চতুর্ব্বিংশতি। তদ্ভিন্ন আত্মতত্ত্ব এক। সমুদায়ে পঁচিশ তত্ত্ব। তন্মধ্যে, যে চতুর্ব্বিংশতি তত্ত্বের :সমষ্টির নাম জগৎ, তাহার ব্যষ্টি—মূলপ্রকৃতি মহৎ, অহঙ্কার, রূপতন্মাত্র, রসতন্মাত্র, গন্ধতন্মাত্র, স্পর্শতন্মাত্র, শব্দতন্মাত্র, একাদশ ইন্দ্রিয় ও মহাভূত পাঁচ, এতন্নামে বিখ্যাত। আত্মা বা চেতন পুরুষ ছাড়া সমুদায় বিশ্ব ঐ চব্বিশের অন্তর্গত।

কপিল স্বপ্রতিজ্ঞাত ঐ সকল পদার্থকে আজ্ঞা বাক্যের ন্যায় স্বীকার করিতে বলেন না। তিনি বলেন, পদার্থ সকল পরীক্ষারূঢ় কর; প্রমাণসহ হইলে গ্রহণ করিও, নচেৎ অগ্রাহ্য করিও। প্রকৃতি কি? অহংকার কি? এ সকল জিজ্ঞাসা এখন নিবৃত্ত রাখ, রাখিয়া যদ্দ্বারা বস্তুনিশ্চয় হইবে তাহার নির্ণয় কর। প্রমাণের দ্বারা বস্তুর সত্য-মিথ্যা অবধারণ কর।

---

* যেমন সুর বোধ, রাগ বোধ ও তাল বোধ আগে থাকে না, অনুশীলন করিতে করিতে উৎপন্ন হয়, তেমনি, এই তত্ত্বজ্ঞানও শ্রবণ, মনন ও নিদিধ্যাসন করিতে করিতে আবির্ভূত হয়।

জ্ঞান-নির্ব্বাচন

তরঙ্গের ন্যায় সর্ব্বদাই মনুষ্যের অন্তরে জ্ঞানের প্রবাহ উত্থিত হইতেছে, স্থিত হইতেছে ও লয় প্রাপ্ত হইতেছে। সকল জ্ঞানই বিষয় অবগাহন করিয়া উঠে ও স্থিত হয়। "সর্ব্বং জ্ঞানং সবিষয়ং" জ্ঞানমাত্রেই কোন না কোন বিষয় অবলম্বন করিয়া উদিত হয়, তাহার অন্যথা হয় না। কোনও বস্তু অবগাহন করিতেছে না অথচ জ্ঞান হইতেছে, এরূপ কখনই হয় না। "রূপঞ্চ দৃশ্যতে, ন চাস্তি চক্ষুঃ" রূপ দেখিতেছি, কিন্তু চক্ষু নাই, এ বাক্য যেমন প্রামাদিক বা প্রলাপ; "জ্ঞান হইতেছে, বিষয় নাই" এ কথা ততোধিক প্রামাদিক। অতএব, জ্ঞানমাত্রেরই কোন না কোন বিষয় আছে; বিষয় মাত্রেরই জ্ঞান আছে। জ্ঞান আছে বিষয় নাই—বিষয় আছে জ্ঞান নাই—এরূপ হয় না। বিষয় বলিলেই জ্ঞানাবগাহী বিষয় বুঝিতে হইবে, আবার জ্ঞান বলিলেও বিষয়পরিচিত জ্ঞান বুঝিতে হইবে। শব্দ ও অর্থের যেরূপ অবিযুক্ত সম্বন্ধ, জ্ঞান ও জ্ঞেয় এতদুভয়ের ঠিক্ সেইরূপ সম্বন্ধ। *

স্থির চিত্তে বিবেচনা কর; সাগরের তরঙ্গমালার ন্যায় নিরন্তর সমুত্থিত নানাবিধ জ্ঞানের কোন্‌টী যথার্থ জ্ঞান, ঠিক্ জ্ঞান; কোন্‌টী অযথার্থ জ্ঞান, তাহা চিনিতে হইবে। সত্যজ্ঞান ও মিথ্যাজ্ঞান্ চিনিবার জন্য, বাছিবার জন্য, প্রথমতঃ যথার্থ জ্ঞানের লক্ষণ বলা আবশ্যক, এ সম্বন্ধে কপিল মুনি বলেন, "অনধিগত ও অবাধিত বস্তু অবগাহী ব্যবসায়াত্মক জ্ঞানই যথার্থ (ঠিক) জ্ঞান।" কথাগুলির ব্যাখ্যা এইরূপ—অনধিগত অর্থাৎ যে বস্তু আর কখনও জ্ঞানের বিষয় হয় নাই। অবাধিত অর্থাৎ জ্ঞানোত্তর কালে যাহার বাধা বা বিলয় (নাশ) হয়

---

* "জ্ঞেয়ং ন জ্ঞানং ব্যভিচরতি, তথা জ্ঞানম্।" [প্রশ্নভাষ্য।

"সর্ব্বে সংপ্রত্যয়াঃ সালম্বনাঃ সংপ্রত্যয়ত্বাৎ।" তত্ত্বটীকা॥

না। ব্যবসায় অর্থাৎ ইন্দ্রিয়সংযোগের অনন্তর "ইহা অমুক বস্তু" এইরূপ অবধারণ হয়। যে জ্ঞান কথিত প্রকার লক্ষণান্বিত, সেই জ্ঞানই যথার্থ জ্ঞান। সংস্কৃত ভাষায় ইহা প্রজ্ঞা, সম্যক জ্ঞান, প্রমা, প্রমিতি ও অনুভব প্রভৃতি বহু নামে পরিচিত। এই প্রমাজ্ঞান স্বীয় বিষয় হইতে কখনই ব্যভিচার প্রাপ্ত হয় না। প্রমাজ্ঞানের জ্ঞেয় কস্মিন্ কালেও বাধা প্রাপ্ত হয় না। যে বস্তু একবার জ্ঞানের বিষয় হইয়াছে সেই বস্তু যদি বারান্তরে বিষয় হয়, তবে তাহাকে প্রমা না বলিয়া "স্মৃতি" বলিও। কাহারও মতে যথার্থ জ্ঞানের স্মৃতি এবং অনুভব, এই দুই প্রকার বিভাগ নিষ্প্রয়োজন। তাঁহাদের মতে জ্ঞান অবাধিত অর্থাৎ সত্য বস্তু অবগাহন করিলেই প্রমা বলিয়া গণ্য হইবে। বিভাগবাদীর মতে বিভাগের প্রয়োজন পশ্চাৎ ব্যক্ত হইবে। এক্ষণে যাহা প্রমা হইবে না, ঈদৃশ দুই একটী জ্ঞান অবলম্বন করিয়া প্রমাকে স্পষ্টরূপে উপলব্ধি পথে উপনীত করা যাউক।

মনোযোগ কর। মন্দান্ধকারে নিমগ্ন নাল, রজ্জু অথবা জলধারা দেখিয়া আমাদের কখন কখন সর্প জ্ঞান জন্মে। সে জ্ঞান প্রমা নহে। কারণ, সেই সর্পাকার জ্ঞান সর্পরূপ বিষয় হইতে ব্যভিচার প্রাপ্ত হয় এবং সর্পটীও থাকে না। বিলয় প্রাপ্ত হয়। ঐ 'সাপ্' এই জ্ঞানের অব্যবহিত পরেই যদি দণ্ডোত্তম পূর্ব্বক আঘাত করিতে যাওয়া যায়, তাহা হইলে তৎক্ষণাৎ সর্পজ্ঞানের অধিকরণ রজ্জু সাক্ষাৎকৃত হওয়ায় সর্পজ্ঞানকে নিষেধ পথে নিক্ষিপ্ত করে এবং সর্পও দেখা যায় না। তত্ত্ব-পক্ষপাতস্বভাব জ্ঞান তখন সত্যকেই গ্রহণ করে। অর্থাৎ ইহা সর্প নহে কিন্তু জলধারা বা রজ্জু এইরূপ অবধারণ করে। "ইহা সর্প নহে" এই পরভাবী জ্ঞানের বাধ বা ব্যভিচার দৃষ্ট হয় না। সুতরাং এই অংশেই প্রমা এবং বিপরীত অংশে অর্থাৎ পূর্ব্বোৎপন্ন সর্পাকার জ্ঞান অংশে ভ্রম। সংশয় জ্ঞানও প্রমা নহে। কারণ, সংশয়স্থলে বুদ্ধি বিভিন্ন বস্তু গ্রহণ করিতে

থাকে। তাহাতে জ্ঞানের ব্যবসায় অর্থাৎ নিশ্চয়াত্মিকা বৃত্তি জন্মে না। "ইহা অমুক ? কি অমুক ?" এই আকারে দোদুল্যমান হইতে থাকে। বুদ্ধি যাবৎ না একতর গামী হইয়া স্থৈর্য্য প্রাপ্ত হয়, তাবৎ কি প্রমা কি ভ্রম কিছুই বলা যায় না। কাজেই সে আকারের জ্ঞান সংশয় নামে পরিচিত হয়। এতাবতা জ্ঞানের "স্মৃতি'' "প্রমা" "ভ্রম" "সংশয়" স্থূলতঃ এই চারি বিভাগ স্থির হইতেছে। বিভাগচতুষ্টয়ের মধ্যে প্রমা-জ্ঞানই বিশেষ বিচার্য্য।

প্রমার উৎপত্তি কিরূপে হয় এবং উৎপত্তির সাক্ষাৎ কারণই বা কি ? কপিল প্রসঙ্গক্রমে এই সকল জিজ্ঞাসার পরিপূর্ত্তি করিয়াছেন। করিয়াছেন সত্য, কিন্তু অল্পকথায় অর্থাৎ অতি সংক্ষেপে ঐ সকল কথার প্রত্যুত্তর দিয়াছেন। তদ্ যথা—'দ্বয়োরেকতরস্য বাপ্যসন্নিকৃষ্টার্থ-পরিচ্ছিত্তিঃ প্রমা তৎসাধকং সৎ তত্ত্রিবিধং প্রমাণম্।" এই সূত্রটীকে আচার্য্যেরা বহু বিস্তারে ব্যাখ্যা করিয়াছেন। সেই সকল ব্যাখ্যার কোন কোন অংশ অবলম্বন করিয়া আমরাও ইহাকে বিস্তৃত করিব। করিলে প্রমা জ্ঞানের ও প্রমোৎপাদক প্রমাণের সুস্পষ্ট লক্ষণ স্থিরীকৃত হইবে।

বস্তু যতক্ষণ না ইন্দ্রিয়ের সহিত সংযুক্ত হয় ততক্ষণ তাহা অসন্নিকৃষ্ট থাকে। পরে সেই অসন্নিকৃষ্ট বস্তু সন্নিকৃষ্ট অর্থাৎ ইন্দ্রিয় সংযুক্ত হইয়া বুদ্ধির অথবা পুরুষের নিকটে পরিচ্ছেদ প্রাপ্ত হয় অর্থাৎ ইহা এতদ্রূপ ও অমুক ইত্যাকারে অবধৃত হয়। সেই অধ্যবসায় বা বুদ্ধির বিকাশবিশেষ প্রমা নাম ধারণ করে। এই প্রমা পূর্ব্বেও বিশদ করিয়া বলা হইয়াছে।

প্রমাণ নির্ণয়

উক্তবিধ প্রমাজ্ঞান সাক্ষাৎ সম্বন্ধে যাহার দ্বারা উৎপন্ন হয়, তাহার নাম প্রমাণ। বলা বাহুল্য যে, প্রমাণ দ্বারাই বস্তুর পরীক্ষা সিদ্ধ হয়

এবং বস্তুকে প্রমাণারূঢ় করাই পরীক্ষা। এক্ষণে জিজ্ঞাসা জন্মিতে পারে "প্রমাণ কত প্রকার? এক প্রকার কি বিভিন্ন প্রকার?" কপিলমতানুযায়ীরা উত্তর দেন, যখন দেখা যাইতেছে, বস্তু নানাবিধ এবং তাহাদের অবস্থাও অনেকবিধ;—অতীতাবস্থা, অনাগতাবস্থা ও বর্ত্তমানাবস্থা; এবং সর্ব্ববিধ বস্তুর পরীক্ষা হওয়া আবশ্যক; তখন, স্থূল-সূক্ষ্মদৃশ্যাদৃশ্যপদার্থপরিপূর্ণ বহুগুণযুক্ত জগতের পরীক্ষার জন্য যে একটিমাত্র প্রমাণ থাকিবে ইহা অসম্ভব। জগতের কোন বস্তুই অখণ্ড দণ্ডায়মান নহে। পরীক্ষাসাধক পদার্থ একটী হইলে, যে কালে পরীক্ষিতব্য বর্ত্তমান, সে কালে পরীক্ষাসাধক সামগ্রীটী হয় ত থাকিতেও পারে। যে কালে পরীক্ষাসাধক প্রমাণ বিদ্যমান, সে কালে পরীক্ষিতব্য বস্তু না থাকিতেও পারে। সেরূপ হইলে পরীক্ষা অপ্রতিষ্ঠিত হয়। অপ্রতিষ্ঠিতত্ব দোষ পরিহারের নিমিত্ত এমন কোন পদার্থ অবশ্যস্বীকার্য্য যে যাহা কালত্রয়াবস্থায়ী। প্রমাণ একটী হইলে ত্রৈকালিক-পরীক্ষা সিদ্ধ হয় না। সুতরাং বর্ত্তমান পরীক্ষার নিমিত্ত যেমন সর্ব্বসম্মত প্রত্যক্ষ উপস্থিত আছে; তেমনি, অতীত ও অনাগত পরীক্ষার নিমিত্তও প্রমাণান্তর থাকা আবশ্যক। এ সম্বন্ধে আরও এক বিবেচনা আছে। পরীক্ষা কার্য্যটীকে জগদন্তঃপাতী স্বীকার করিতে হইবে। না করিলে জগতের অসম্পূর্ণতা আপত্তি হইবে। সে কারণ বলা উচিত বা স্বীকার করা উচিত যে, জগতের অবস্থা ও পদার্থ যেমন নানা, তেমনি, তদ্গ্রাহক প্রমাণও নানা। *

---

* "ন প্রত্যক্ষনিবৃত্তিমাত্রাদভাবনিশ্চয়ঃ" "বিদ্যমানোপ্যর্থ ইন্দ্রিয়াণাং কাল-ভেদেন বিষয়োঽবিষয়শ্চভবতি" "সম্ভবতি চাত্রাপ্যৎ প্রমাণম্।

[কপিলসূত্র ও তদ্ভাষ্য।

প্রমাণের সংখ্যাঘটিত অনেক মত আছে। কেহ ১, কেহ ২, কেহ ৩, কেহ ৪, কেহ ৫, কেহ বা ৬ প্রমাণ স্বীকার করেন। কপিল ৩ প্রমাণবাদী।* ঐন্দ্রিয়ক, যৌক্তিক ও ঔপদেশিক। ইন্দ্রিয় জন্য জ্ঞান ঐন্দ্রিয়ক, অনুমান বা যুক্তিমূলক জ্ঞান যৌক্তিক, আর উপদেশ শ্রবণজনিত জ্ঞান ঔপদেশিক। এই তিনের নাম যথাক্রমে প্রত্যক্ষ, অনুমিতি ও শাব্দ। প্রত্যক্ষ প্রমাণ সর্ব্ববাদিসম্মত। তাহাতে তাহারও কোন আপত্তি দেখা যায় না। প্রমাণচিন্তকেরা বলেন, প্রত্যক্ষ প্রমাণ প্রমাণান্তরের জীবনস্বরূপ; সে জন্য অগ্রে প্রত্যক্ষের বিচার আবশ্যক। প্রত্যক্ষ প্রমাণ যথার্থরূপে নির্ণীত হইলে অন্যান্য প্রমাণ সহজ হইয়া আইসে। তদনুসারে আমরাও সর্ব্বাগ্রে প্রত্যক্ষ প্রমাণ নির্ণয় করিব। ইন্দ্রিয়ভেদ অনুসারে প্রত্যক্ষ ভেদ স্বীকৃত হয়। ইন্দ্রিয় ছয় সুতরাং প্রত্যক্ষও ছয়। এই ছয়ের মধ্যে প্রথম বা প্রধান চাক্ষুষ প্রত্যক্ষ; সে কারণ আদৌ চাক্ষুষ প্রত্যক্ষের বিষয় বক্তব্য।

---

* প্রত্যক্ষমেকং চার্ব্বাকাঃ কাণাদ-সুগতৌ পুনঃ।
অনুমানঞ্চ তচ্চাপি সাংখ্যাঃ শব্দঞ্চ তে উভে।
ন্যায়ৈকদেশিনোঽপ্যেবমুপমানঞ্চ কেবলম্।
অর্থাপত্ত্যা সহৈতানি চত্বার্য্যাহুঃ প্রভাকরাঃ।
অভাবষষ্ঠান্যেতানি ভাট্টা বেদান্তিনস্তথা।
সম্ভবৈতিহ্যযুক্তানি ইতি পৌরাণিকা জগুঃ।

[বেদান্তকারিকা

চক্ষুরিন্দ্রিয় ও চাক্ষুষ জ্ঞান।

"চক্ষুরিন্দ্রিয় কি? কি প্রকারেই বা চক্ষুর দ্বারা বস্তুজ্ঞান জন্মে?" এ বিষয়ে ভিন্ন ভিন্ন মত দৃষ্ট হয়। কোন বৌদ্ধ বলেন, "চক্ষুর কেন্দ্র স্থানে যে স্বচ্ছ কৃষ্ণবর্ণ-গোল-লাঞ্ছিত অংশ দৃষ্ট হয়, যাহাকে "তারা" বা "মণি" বলে, তাহার আর একটী নাম "কৃষ্ণসার"। চাক্ষুষ-জ্ঞানের প্রতি ঐ কৃষ্ণসার যন্ত্রটী মুখ্য কারণ। কেন না, কৃষ্ণসার যন্ত্র অবিকৃত থাকিলেই বস্তুগ্রহ হয়, নচেৎ হয় না। সেজন্য বলা উচিত, কৃষ্ণসার যন্ত্রই ইন্দ্রিয়; কৃষ্ণসার ব্যতীত অপর কোন চক্ষুরিন্দ্রিয় নাই।

সাংখ্য বলেন, আছে। কৃষ্ণসারটীকে ইন্দ্রিয় বলা সম্পূর্ণ ভ্রম। "অতীন্দ্রিয়মিন্দ্রিয়ং ভ্রান্তানামধিষ্ঠানম্।" যেটী বাস্তবিক ইন্দ্রিয়, সেটী অতীন্দ্রিয়। কোন কালেই তাহার প্রত্যক্ষ হয় না। দৃশ্যমান কৃষ্ণসার তাহার অধিষ্ঠান মাত্র। অধিষ্ঠানকে (আশ্রয়কে) অধিষ্ঠিত (আশ্রিত) বলা অর্থাৎ ইন্দ্রিয় বলা নিতান্ত ভ্রম।

প্রণিধান কর; বিষয় ও ইন্দ্রিয় এতদুভয়ের সংযোগ না হইলে বস্তুগ্রহ হইতে পারে না। সন্নিকর্ষ ব্যতীত বস্তুদ্বয়ের সংযোগ ঘটনা হইতে পারে না। বিষয় এক প্রদেশে, চক্ষু অন্য প্রদেশে, সন্নিকর্ষের সম্ভাবনা কি? বিষয় ও ইন্দ্রিয় এতদুভয়ের অত্যন্ত অসন্নিকৃষ্টতানিবন্ধন সংযোগ হইতে পারে না। সংযোগ না হইলেও উপলব্ধি হয় না। যদ্যপি সংযোগ ব্যতিরেকে মাত্র কৃষ্ণসারের অস্তিত্বের দ্বারা বস্তু-জ্ঞান জন্মিত,—তাহা হইলে এ জগতে কোনও বস্তু অজ্ঞাত থাকিত না। যাবৎ শরীর থাকে, তাবৎ কৃষ্ণসারও থাকে। অপিচ, কৃষ্ণসার সকল সময়েই বিদ্যমান আছে, বস্তুও সর্ব্বত্র নিপতিত আছে, তত্তাবতের জ্ঞান হয় না কেন?

ব্যবহিত বস্তুই বা অজ্ঞাত থাকে কেন? আরও কথা আছে। জগতে যত প্রকার প্রকাশক পদার্থ দেখা যায়, সকল পদার্থই প্রকাশ্যবস্তুর সহিত সংযুক্ত হইয়াই প্রকাশ করে। দীপ একটী প্রকাশক বস্তু। তাহা যে বস্তুর সহিত সংযুক্ত হয়, সেই বস্তুকেই প্রকাশ করে। যে বস্তুর সহিত সংযুক্ত হইতে পারে না, সে বস্তু প্রকাশ করিতে পারে না। যদি পারিত তাহা লইলে গৃহান্তরীয় দীপ গৃহান্তরীয় বস্তু প্রকাশ করিতে পারিত। অতএব দূরস্থিত বস্তুর সহিত চক্ষুরিন্দ্রিয়ের সংযোগসিদ্ধির নিমিত্ত এমন কোন পদার্থকে ইন্দ্রিয় বলা উচিত—যে পদার্থ চক্ষু-গোলকে অধিষ্ঠিত থাকিয়া গোলক হইতে অবিচ্ছিন্নরূপে প্রসর্পিত হইয়া দূরস্থ বস্তুর সহিত সংযুক্ত হইতে পারে।*

সে পদার্থ কি? এই প্রশ্নের প্রত্যুত্তরে নৈয়ায়িক বলেন, সে পদার্থ ভৌতিক অর্থাৎ তেজোবিশেষ। সাংখ্যকার বলেন, সে বস্তু আহঙ্কারিক অর্থাৎ অহংতত্ত্বের পরিণাম বিশেষ। চক্ষু ও চাক্ষুষজ্ঞান সম্বন্ধে নৈয়ায়িক দিগের মত এইরূপ—

"কৃষ্ণসার যন্ত্রে এক প্রকার রশ্মি আছে, তাহাই চক্ষুরিন্দ্রিয় নামে অভিহিত হয়। সেই রশ্মি সমসূত্রপাতন্যায়ে ধারাকারে ও অবিচ্ছিন্নভাবে

---

* "নাপ্রাপ্তপ্রকাশকত্বমিন্দ্রিয়াণামপ্রাপ্তেঃ সর্ব্বদাপ্রাপ্তের্ব্বা" "দূরবস্তুনঃ সম্বন্ধার্থং গোলকাতিরিক্তমিন্দ্রিয়ং বাচ্যং" "তন্ন ভৌতিকম্।"

[কপিল, বাচস্পতি ও বিজ্ঞান ভিক্ষু প্রভৃতি।

দুই চক্ষুর দুই কৃষ্ণসার হইতে দুইটি রশ্মিধারা নির্গত হয়। তদুভয়ের অগ্রভাগ দৃশ্যবস্তুতে গিয়া সম্মিলিত হয়। একটী চক্ষু মুদ্রিত করিলে অথবা এক চক্ষু নষ্ট হইলে অপর চক্ষুর বলবৃদ্ধি হয় ও তন্নির্গত রশ্মি কিঞ্চিৎ বিশীর্ণভাবে প্রসর্পিত হয়। চাক্ষুষ তেজে রূপ অর্থাৎ রঙ্ না থাকায় তাহা অদৃশ্য থাকে, পার্শ্বস্থ লোক দেখিতে পায় না।

কৃষ্ণসার হইতে বিনিঃসৃত হইয়া সম্মুখস্থ বস্তুর সহিত সংযুক্ত হয়। সংযুক্ত হইবামাত্র আত্মাতে "ইহা অমুক বস্তু" ইত্যাকার জ্ঞান জন্মে। দীপালোক যেমন চক্ষুষ্মান্ ব্যক্তির সম্বন্ধে বস্তু প্রকাশ করে, চক্ষুহীন ব্যক্তির সম্বন্ধে করে না, সেইরূপ, রশ্মিময় চক্ষুরিন্দ্রিয়ও মনঃ-সংযুক্ত হইয়া রূপবিশিষ্ট বস্তু প্রকাশ করে। রূপহীন বস্তু বা অমনোযুক্ত চক্ষুঃ, চাক্ষুষ জ্ঞান জন্মায় না। চক্ষুঃ কেন, মনঃসংযোগ ব্যতীত কোনও ইন্দ্রিয় জ্ঞান জন্মায় না।"

এই মত নৈয়ায়িকদিগের ; কিন্তু সাংখ্য মত অন্যবিধ। সাংখ্যাচার্য্যদিগের মত এই যে, ইন্দ্রিয় সকল ভৌতিক নহে। তাহারা আহঙ্কারিক বিশেষতঃ চক্ষুরিন্দ্রিয় কোনও ক্রমে ভৌতিক হইতে পারে না। কারণ, চক্ষু আপন অপেক্ষা ন্যূন বস্তু গ্রহণ করে, আবার বৃহৎপরিমাণ বস্তুও গ্রহণ করে। চক্ষুরিন্দ্রিয় যদি ভৌতিক হইত, তাহা হইলে সে কদাচ বৃহৎ পরিমাণ বস্তু গ্রহণ করিতে পারিত না। কারণ, এ পর্য্যন্ত অল্প পরিমিত ভৌতিক বস্তুকে কোন বৃহৎ পরিমাণ বস্তু ব্যাপিতে দেখা যায় নাই। বিশেষতঃ ভূত পদার্থের এমন কোন শক্তি নাই, যে তদ্দ্বারা সে বিনা বিভাগে দূরস্থ বস্তুর সহিত সম্মিলিত হইতে পারে। যদ্যপি তেজের এরূপ শক্তি থাকা কল্পনা কর, কেন না সর্ব্বদাই দেখিতে পাইতেছ, ক্ষুদ্র ক্ষুদ্র দীপগুলি প্রভারূপে দূর প্রদেশে গমন করিতেছে এবং আপন অপেক্ষা অধিক পরিমাণ যুক্ত বস্তুকে ক্রোড়ীকৃত করিতেছে, তথাপি, তন্মধ্যে একটু সূক্ষ্ম দৃষ্টি পরিচালন করা আবশ্যক। বল দেখি প্রভা কি ? অবশ্যই বলিবে যে, কিছু নয়—কেবল কতকগুলি বিরলাবয়ব তৈজস পরমাণু মাত্র। তৈজস পরমাণুর ঘনতম সংযোগ হইলে অগ্নি এবং তাহা বিরলাবয়ব হইলে প্রভা। অগ্নি ও প্রভা দুয়ের মধ্যে এই মাত্র প্রভেদ। এখন বিবেচনা কর, যে সকল আগ্নেয় পরমাণু দীপশিখা (পুঞ্জীভূত আগ্নেয় পরমাণু) হইতে বিশ্লিষ্ট হইয়াছে, বিরলাবয়ব হইয়া দূর প্রদেশে চলিয়া গিয়াছে, তাহাদের সহিত দীপের বা তাহাদের পরস্পরের সংযোগ আছে

কি না। 'নাই' এ কথা অবশ্য বলিতে হইবে। না বলিলে, "দাহ জন্মায় না কেন ?" ইত্যাদি অনেকবিধ আপত্তি উঠিবে। দীপের দৃষ্টান্তে ইহাও স্বীকার করিতে হইবে যে, কৃষ্ণসার হইতে যে সকল রশ্মি চলিয়া গিয়াছে, যে সকলের সহিত কৃষ্ণসারের সংযোগ নাই। না থাকিলে তাহা কি অবলম্বনে দূরস্থ রূপ দেখিবে ? যদি এমন বল যে ধারার ন্যায় চক্ষুস্তেজের সম্প্রসারণ শক্তি আছে ; আমরা বলিব, তাহা থাকিলেও অভীষ্ট সিদ্ধি হইবে না। প্রসর্পণ দেখাইয়া চক্ষুর তেজস্ত্ব স্থাপন করিতে পারিবে না। প্রসর্পণ শক্তি তৈজস পদার্থে কেন ? অন্য পদার্থেও আছে। প্রাণ বায়ুও অবিচ্ছিন্ন থাকিয়া অর্থাৎ দেহ ত্যাগ না করিয়া প্রসর্পিত হয়। অতএব প্রসর্পণ দেখাইয়া চক্ষুরিন্দ্রিয়কে তেজোবিকার বলিয়া স্বীকার করাইতে পারিবে না। প্রসর্পণ কি ? প্রসর্পণ স্বীয় আশ্রয়ের বিস্তৃতি—এক প্রকার গতি। গতি কি কখন ইন্দ্রিয় হইতে পারে ?

সাংখ্যাচার্য্যেরা উক্ত প্রকারে চক্ষুরাদি ইন্দ্রিয়ের ভৌতিকত্বে দোষার্পণ করেন বটে, কিন্তু ভৌতিকত্ব পক্ষ যেরূপ সহজবোধ্য আহঙ্কারিক পক্ষ সেরূপ নহে। ইন্দ্রিয়ের আহঙ্কারিত্ব বুঝিতে ও বুঝাইতে গেলে সূক্ষ্মদৃষ্টির ও একাগ্রতার প্রয়োজন হয়। সাংখ্যকার কপিল বলেন, যাবৎ বুদ্ধি-বৃত্তির মূল অহংভাব। সমুদায় বুদ্ধি অহং-এর পরিণাম। কেন না, এ জগতে যত প্রকার বিশেষ বিশেষ জ্ঞান উপস্থিত হইতে দেখা যায় তত্তাবতের মূলে ও সঙ্গে 'আমি' 'আমার' এবম্প্রকারের অহংভাব অনুস্যূত আছে। যদিও কখন কখন স্থল বিশেষে অহংভাবের জ্ঞাপক 'আমি' 'আমার' ইত্যাদি প্রকার শব্দের স্পষ্টতঃ উল্লেখ নাও হয়, তথাপি অভ্য-ন্তরে তাহা নিহিত থাকে।

শাস্ত্রকারেরা 'অ' এই বর্ণটাকে সকল বর্ণের বীজ বা মূল বলিয়া নির্দ্ধারিত করেন। তাঁহারা বলেন ঐ 'অ' সমুদায় শব্দের অভ্যন্তরে বা মূলে নিহিত আছে। প্রণিধান কর, বুঝাইয়া দিতেছি কোন বংশীতে

ফুৎকার প্রদান করিবামাত্র প্রথমতঃ একটী অবিকৃত সরল শব্দ সমুত্থিত হয়। অনন্তর সেই শব্দ অঙ্গুলির চাপে বিকৃত হইয়া নানা আকার ধারণ করে। সেই সকল বিকৃত স্বর, স-রি-গ-ম-প-ধ-নি ইত্যাদি নামে প্রসিদ্ধ। মানব-বাক্যও এই বাংশিক নিনাদের তুল্য নিয়মাক্রান্ত। জঠরাগ্নি ও প্রাণ-বায়ুর সংঘর্ষে প্রথমতঃ উদরকন্দরে অভিঘাত জন্য একটা সরল শব্দ উৎপন্ন হইয়া থাকে, এই বিশুদ্ধ বা অবিকৃত শব্দটীর নাম 'নাদ'। নাদই ভবিষ্যৎ ধ্বনি সমুদায়ের বীজ। যতক্ষণ না উহা গলগহ্বরে উপস্থিত হয়, ততক্ষণ শ্রবণযোগ্য হয় না। (মত বিশেষে নাদের উৎপত্তি স্থান উদরকন্দরও মত বিশেষে কণ্ঠনাল।) সেই নাদ বা ধ্বনি আত্মপ্রযত্নপ্রেরিত তাপসংযুক্ত ঔদর্য্য বায়ুর বলে গলগহ্বরে অভিঘাতিত হইলে 'অ' এই আকার প্রাপ্ত হয়। এই 'অ' পশ্চাৎ প্রযত্ন অনুসারে কণ্ঠ ও তালু প্রভৃতির চাপে চাপে বিকৃত হইয়া 'আ' 'ই' 'উ' 'ক' 'খ' প্রভৃতি বর্ণের উৎপত্তি করে। সুতরাং 'অ'ই সকল বর্ণের বীজ বা মূল। 'অ' যেমন সমুদায় বর্ণের বীজ, সেইরূপ, অহংতত্ত্বও প্রত্যেক বিভিন্ন জ্ঞানের বীজ। 'অহং'—'আমি' এই জ্ঞান হইতে 'আমার' এবং 'আমার' এই জ্ঞান হইতে 'অমুক' ইত্যাদি। অতএব 'অহং' জ্ঞান অবিকৃত ও তৎপরভবিক জ্ঞান ইন্দ্রিয় দ্বারা বিকৃত। সে সকল জ্ঞান অহংসংযুক্ত ইন্দ্রিয়ের বিকার মাত্র। যাবৎ বিশেষ বিশেষ জ্ঞানের উপাদান (মূল কারণ) যখন ইন্দ্রিয়, তখন অবশ্যই ইন্দ্রিয়নিচয় আহঙ্কারিক। ইন্দ্রিয় আহঙ্কারিক বলিয়া নিশ্চয় হওয়ায় তাহাকে বুদ্ধিস্থলাভিষিক্ত করিয়া বুঝিতে হয়। বুদ্ধির অব্যাপ্য পদার্থও জগতে নাই। আহঙ্কারিক ইন্দ্রিয়গণ যে আপন অপেক্ষা বৃহত্তম বস্তুকে ক্রোড়ী-কৃত করে, তাহা কেবল বুদ্ধিস্থানীয় বলিয়াই করে।

প্রক্রিয়া। চাক্ষুষ জ্ঞানের প্রক্রিয়া বা প্রণালী সম্বন্ধে কপিলের অভিপ্রায় ঠিক বুঝা যায় না। সে সম্বন্ধে আচার্য্যদিগের বিভিন্ন মত

দৃষ্ট হয়। কোন আচার্য্য শক্তিবাদী কেহ বা শক্তিসহকৃত বৃত্তিবাদী। শক্তিবাদী আচার্য্যেরা বলেন, "কৃষ্ণসারে এক প্রকার বিষয়গ্রাহিণী শক্তি আছে, তাহা চক্ষুরিন্দ্রিয় শব্দের বাচ্য। আমরা যাহা দেখি তাহা দৃশ্যমান বস্তুর প্রতিবিম্ব মাত্র। কৃষ্ণসার যখন স্বীয় শক্তিতে আপনার স্বচ্ছাংশে বস্তুর প্রতিবিম্ব গ্রহণ করে, তখন তদ্বস্তুর প্রথমতঃ অবিকল্পিত জ্ঞান হয়, তৎপরে মনের সাহায্যে 'ইহা অমুক বস্তু' ইত্যাকার অবধারণ নিষ্পন্ন হয়।"

বৃত্তিবাদী সম্প্রদায় বলেন, কৃষ্ণসার যদি ইন্দ্রিয় না হয়, তবে তাহার শক্তিও ইন্দ্রিয় নহে। বল দেখি, শক্তি কি স্বতন্ত্র? কি কাহারও অনুগত? বিচার করিতে গেলে স্পষ্টই প্রতীত হইবে যে, শক্তি রূপ প্রভৃতির ন্যায় সেই সেই বস্তুর অধীন ও গুণ-পদার্থ; গুণ কস্মিন্ কালেও আপনার আশ্রয় ত্যাগ করিয়া অন্যত্র সংগত হয় না। বিশেষতঃ দ্রব্য ভিন্ন অন্য কিছুতে ক্রিয়া জন্মে না। ক্রিয়া না জন্মিলেও বস্তুর চলন বা স্পন্দন হয় না। যদি শক্তিতে ক্রিয়া বা চলন না হয়, তবে তাহা কিরূপে দূরস্থ পদার্থের সহিত সংযুক্ত হইবে? অগ্নির দাহিকা শক্তি আছে। জলের শৈত্য গুণ আছে। পুষ্পের সৌরভ আছে। কিন্তু দাহিকা শক্তি, শৈত্য গুণ, সৌরভ, ইহারা কি অগ্নি, জল ও পুষ্প পরিত্যাগ করিয়া যায়? তাহা যায় না। তবে যে আমরা দূর হইতে তাপ বা স্ফুলিঙ্গ, শৈত্য বা সৌরভ আসিতে দেখি, তাহা কেবল গুণ অথবা শক্তি নহে। শক্তি ও গুণ উভয়ই আপন আশ্রয় দ্রব্যের পরমাণু সহ আইসে। শক্তি যদি অগ্নিপিণ্ড হইতে স্ফুলিঙ্গের ন্যায় কৃষ্ণসার হইতে বিভক্ত হইয়া বিষয় প্রদেশে চলিয়া যায় এমন বল,

---

* "ন তেজোঽপসর্পণাত্তৈজসং চক্ষুর্ব্বৃত্তিতস্তৎসিদ্ধেঃ।"

[কপিল সূত্র।

তাহা হইলে মনের সহিত ইন্দ্রিয়ের সম্পর্ক থাকিল না। মনের সহিত সম্বন্ধ ব্যতিরেকে জ্ঞানোৎপত্তি হইতে পারে না, এ কথা পূর্ব্বে বলা হইয়াছে। অতএব গোলক ও শক্তি উভয়ের কেহই ইন্দ্রিয় নহে। *

বৃত্তিবাদী সাংখ্যাচার্য্য শক্তিবাদী সাংখ্যাচার্য্যকে ঐ প্রকারে অনুযোগ করেন বটে; পরন্তু শক্তিকে যে অবশ্যই বিষয় প্রদেশে যাইতে হইবে, তাহা বোধ হয় তাঁহার অভিপ্রেত নহে। শক্তিবাদীদিগের অভিপ্রায় এইরূপ হইতে পারে যে, শক্তি চুম্বকের আকর্ষণ শক্তির ন্যায় স্বস্থানে থাকিয়াই কার্য্য করে অর্থাৎ বস্তুর প্রতিবিম্ব গ্রহণ করে। †

এই মতের চাক্ষুষ জ্ঞানোৎপত্তির প্রক্রিয়া এইরূপ—একটী বৃক্ষ ও কৃষ্ণসার যন্ত্র পরস্পর সম্মুখীন হইল। মধ্যে শক্তিপ্রতিবন্ধক ব্যবধানাদি নাই। চুম্বক ও লৌহ পরস্পর সম্মুখীন হইবামাত্র লৌহশরীরে যেমন এক প্রকার বিষ্টম্ভ অর্থাৎ ক্রিয়াবিশেষ উপস্থিত হয়—অনন্তর চুম্বকের আকর্ষণী শক্তি প্রবলা বা কার্য্যোন্মুখী হইয়া লৌহকে স্বাভিমুখে আকর্ষণ করে—এবং তন্মুহূর্ত্তেই লৌহখণ্ড আকৃষ্ট হইয়া চুম্বকের সহিত সংযুক্ত হইয়া যায়, এই যেমন দৃষ্টান্ত তেমনি, কৃষ্ণসার যন্ত্র ও বৃক্ষ উভয়ের সাম্মুখ্য হইবামাত্র কৃষ্ণসার যন্ত্র বিষ্টম্ভিত হইয়া গর্ভস্থ প্রতিবিম্বগ্রাহিণী শক্তিকে কার্য্যোন্মুখী করায় এবং তৎক্ষণাৎ বৃক্ষটীর প্রতিবিম্ব কৃষ্ণসারের স্বচ্ছাংশে গর্ভস্থ ভৌতিক পদার্থের বলে বিধৃত হইয়া যায়। সঙ্গে সঙ্গে তদনুগত বুদ্ধিবৃত্তিও বৃক্ষাকারে পরিণত হয় এবং নিকটে আত্মা আছেন, সেই

---

* "ভাগগুণাভাং তত্ত্বান্তরং" "বিভাগে হি সহি তদ্দ্বারা চক্ষুষঃ সূর্য্যাদি-সম্বন্ধে ন ঘটতে, গুণত্বে চ সর্পণাখ্যক্রিয়ানুপপত্তেশ্চ।" [ভাষ্য'

† অথবার্থপ্রতিবিম্বোদ্গ্রহণমেবার্থপ্রকাশত্বমিন্দ্রিয়াণাং" "প্রতিবিম্বোদ্গ্রাহিণী শক্তিরেব" "অয়স্কান্তবৎ সান্নিধ্যমাত্রেণ তত্ত্বাত্বং" "কৃষ্ণসারার্থয়োঃ সাম্মুখ্যমপেক্ষতে।" ইত্যাদি।

বৃক্ষাকারা মনোবৃত্তি আত্মচৈতন্যে প্রতিফলিত বা উজ্জ্বলিত হইবামাত্র জ্ঞান বা বোধ হয়—"এই বৃক্ষ।" বৃক্ষটী যেরূপে প্রতিবিম্বিত হইয়াছিল, জ্ঞানের আকারও ঠিক সেইরূপই হইয়াছে। বৃক্ষের বর্ণ, পরিমাণ, শাখা, কাণ্ড, পত্র প্রভৃতি সমুদয় বিশেষণ (ভঙ্গী বিশেষ) যুগপৎ ভান (ছাপ্ লাগার মতন) হইয়া গিয়াছে। অন্তঃকরণ প্রদর্শিত প্রণালীতে যে কোন আকারে পরিণত হউক না কেন, অথবা যে কোন আকার ধারণ করুক না কেন, একবার তদাকারাকারিত হইলে সে আপনাতে পুনঃ তদাকার ধারণের সামর্থ্য রাখিয়া যায়। এই সামর্থ্যের অন্য নাম 'সংস্কার'। সংস্কার চিরস্থায়ী অর্থাৎ যতকাল অন্তঃকরণ ততকাল স্থায়ী। যে কোন প্রকারে হউক, একবার জ্ঞান হইলে (অন্তঃকরণে একটা বস্তুর ছাপ লাগিলে) তাহার সংস্কার অর্থাৎ অন্তঃকরণের সেই আকারে পুনঃ পরিণত হইবার শক্তি চিরকালই থাকে, এ কথা অস্বীকার্য্য নহে। যখন সেই সেই সংস্কারের উদ্বোধক উপস্থিত হইবে, তখনই অন্তঃকরণ সেই আকার ধারণ করিবে, ইহা স্বভাবের নিয়মিত ব্যবস্থা। সেই কারণে বৃক্ষের অভাব হইলেও, চক্ষুঃ নিমীলিত করিলেও প্রতিবিম্বের ধ্বংস হইলেও, বৃক্ষ ও তদ্দ্রষ্টা কালান্তরে দেশান্তরে অবস্থিত হইলেও, পূর্ব্বদৃষ্ট বৃক্ষের স্বরূপ বা আকার সংস্কারবলে সূক্ষ্মরূপে অন্তঃকরণে পুনরুদিত হইয়া থাকে। ইহারই নাম 'স্মৃতি' ও 'স্মরণ'। এই স্মরণাত্মক জ্ঞানের সহিত প্রথমোৎপন্ন প্রমা জ্ঞানের প্রভেদ এই যে স্মরণাত্মক জ্ঞান সংস্কার বলে উদিত হয়, আর প্রথমোৎপন্ন প্রমা-জ্ঞান সাক্ষাৎ ইন্দ্রিয় দ্বারা সমুৎপন্ন হয়। যাহা সাক্ষাৎ ইন্দ্রিয় দ্বারা সমুৎপন্ন হয় তাহা সুস্পষ্ট, যাহা সংস্কারবলে হয় তাহা স্বপ্নের ন্যায় অস্পষ্ট।

শক্তিবাদী সাংখ্যাচার্য্যদিগের দৃষ্টিবিজ্ঞান প্রায়ই এইরূপ। প্রভেদ এই যে, তাঁহারা দূরস্থ বস্তুর প্রতিবিম্ব গ্রহণের নিমিত্ত বিম্বস্থান পর্য্যন্ত অন্তঃকরণের গতি স্বীকার করেন। দৃষ্টান্ত দেখান, যেমন কোন পার্থিব

বস্তুতে (কাষ্ঠে বা প্রস্তরে) বিমর্দ্দ উপস্থিত হইলে তদনুগত তেজঃপদার্থ অগ্নির আকার ধারণ করিয়া দূরে প্রসর্পিত হয়, সেইরূপ কৃষ্ণসার যন্ত্র বিঘট্টিত হইবামাত্র তদনুগত আহঙ্কারিক অন্তঃকরণ বৃত্তিমান হয়। অর্থাৎ প্রাণবায়ু যেমন আয়ত হইয়া অবিচ্ছিন্নভাবে বহির্গত হয়, তাহার স্থায় অন্তঃকরণও বিম্ব-স্থান পর্য্যন্ত প্রসর্পিত হয়। শক্তিবাদী সাংখ্য অপেক্ষা বৃত্তিবাদী সাংখ্যের মত এইটুকু মাত্র অতিরিক্ত, নচেৎ আর সকলই সমান। অন্তঃকরণের বিষায়াকার প্রাপ্ত হওয়া, আত্ম-চৈতন্তে উদ্ভাসিত হওয়া অথবা তাহা আত্মাতে প্রতিফলিত হওয়া, এ সমস্তই সমান। কথিত প্রকারের প্রমা জ্ঞান, অনুভব, প্রমিতি, যথার্থজ্ঞান ও বোধ, ইত্যাদি নানা নামে ব্যবহৃত হয়। চাক্ষুষ-প্রমা বা চাক্ষুষ-জ্ঞান কথিত প্রণালীতে ক্রমেই উৎপন্ন হয়। প্রণালীর কোন প্রকার ব্যাঘাত বা ব্যতিক্রম ঘটিলে, হয় জ্ঞান জন্মে না, না হয় ভ্রান্তি বা বিপর্য্যয় জন্মে। বিপর্য্যয় জ্ঞানেরই অন্য নাম মিথ্যাজ্ঞান ভ্রম, আরোপ, অজ্ঞান ও অবিদ্যা। কপিল ও কপিলমতের আচার্য্যেরা এই সকল বিষয় বহু বিস্তার করিয়া বলিয়াছেন, আমরা অনেক সংক্ষেপে বলিলাম। *

এস্থলে আরও দুই চারিটি সিদ্ধান্ত বাক্য বলা আবশ্যক হইতেছে। তদ্‌যথা—চাক্ষুষ প্রত্যক্ষে আলোকের সাহায্য থাকা আবশ্যক। বস্তুতে ব্যক্ত রূপ ও বৃহত্ত থাকা আবশ্যক। কাচ প্রভৃতি স্বচ্ছপদার্থ ভিন্ন অন্য কোন মলিন পদার্থ ব্যবধান না থাকা প্রয়োজনীয়। বস্তুর সর্ব্বশরীর প্রত্যক্ষের গোচর হয় না; সম্মুখের অর্দ্ধই প্রত্যক্ষের বিষয় হয়। অপরার্দ্ধ অনুমেয়। সঙ্গে সঙ্গেই অনুমান হয়, বিলম্ব হয় না। গোলক দুইটী

* "বৃত্তিঃ সম্বন্ধার্থং সপতি"—(কপিল) "যথা পার্থিবোপষ্টম্ভাৎ তদনুগতা-স্তৈজসোঽগ্নির্ভবতি এবমেব তত্রত্য......তেজ আদি-ভূতোপষ্টম্ভেন তদনুগতাদহ-ঙ্কারাচ্চক্ষুরাদীন্দ্রিয়াণি"— (ভাষ্য) "চক্ষুরাদিদ্বারকবুদ্ধিবৃত্তিশ্চ প্রদীপস্য শিখাতুল্যা বাহ্যার্থসন্নিকর্ষানন্তরমেব তদাকারোল্লেখিনী ভবতি।" (ভাষ্য)

হইলেও ইন্দ্রিয় একটী। অতিদূর ও অতিসামীপ্য প্রভৃতি নববিধ প্রতিবন্ধক না থাকাও আবশ্যক। তদ্যথা—পক্ষী অতি দূরে উঠিলে দৃষ্টিবহির্ভূত হয়। লোচনস্থ অঞ্জন বা নাসামূল অতিসামীপ্য বশতঃ দেখা যায় না। গোলকের বা ইন্দ্রিয়ের কোন প্রকার ব্যাঘাত জন্মিলে জ্ঞানের ব্যাঘ্যাত ঘটে। বিমনা ও উন্মনা হইলেও দৃষ্টদৃশ্যের জ্ঞান হয় না। পরমাণু অতি সূক্ষ্ম বলিয়া দেখা যায় না। সৌরালোকে অভিভূত থাকে বলিয়া দিবাতে গ্রহনক্ষত্রাদির দর্শন হয় না। স্বজাতীয় বস্তুদ্বয় একত্রিত হইলে তাহার প্রত্যেকটি লক্ষ্য হয় না। কাষ্ঠ মধ্যে অগ্নি আছে, দুগ্ধ মধ্যে দধি আছে, ঘৃতও আছে, কিন্তু যাবৎ না তাহা মানবীয় ব্যাপারে অভিব্যক্ত হয়, তাবৎ তাহা প্রত্যক্ষ বিষয়ে আইসে না। এই সকল দেখিয়া সাংখ্যাচার্য্যেরা বলিয়াছেন—অতিদূরত্ব, অতিসামীপ্য, ইন্দ্রিয়ের বা গোলকের বধ (বিকৃতি), অমনোযোগ, অতিসূক্ষ্মতা, অভিভব, স্বজাতীয়ের সহিত সম্মিলন, অনভিব্যক্ততা, এই সকল চাক্ষুষ জ্ঞানের প্রতিবন্ধক। * এই সকল প্রতিবন্ধক যে কেবল প্রত্যক্ষের নিবৃত্তিজনক এমত নহে, স্থল বিশেষে কোন কোনটী বিপর্য্যয় বোধেরও কারণ হয়।

শাস্ত্রের নানা স্থানে নানা প্রকার চাক্ষুষ জ্ঞানের কথাবার্ত্তা আছে। কাচ প্রভৃতি স্বচ্ছ পদার্থ ব্যবধান থাকিলে দেখা যায়, আর মলিন পদার্থ থাকিলে দেখা যায় না, ইহার কারণ কি? আদর্শে আত্মবিম্ব দর্শন কালে বিপরীত দেখা যায় কেন? বাম ভাগ দক্ষিণে ও দক্ষিণ ভাগ বামে অবস্থিত দেখায়, তাহাই বা কেন? তীরস্থ বৃক্ষ অধঃশির দেখায় কেন? উপরিস্থ চন্দ্রসূর্য্যাদির প্রতিবিম্ব জলের উপর ভাসমান না দেখাইয়া মধ্য-

---

* অতিদূরাৎ সামীপ্যাদিন্দ্রিয়বধান্মনোঽনবস্থানাৎ।
সৌক্ষ্ম্যাৎ ব্যবধানাদভিভবাৎ সমানাভিহারাচ্চ ॥ [ঈশ্বর কৃষ্ণ]

নিমগ্ন অর্থাৎ ডুবিয়া থাকার অন্যায় দেখায় কেন? কত দূর, কত সামীপ্য, কত সূক্ষ্ম, কত স্থূল বস্তুর দর্শন হয় ও হয় না। কোথা হইতেই বা দৃষ্টি-ব্যতিক্রম আরব্ধ হয়? এই সকল বিষয় নানা শাস্ত্রের নানা স্থানে আছে, তাহাও সাংখ্যানুগত, সেজন্য সে সকল বিচারও আমরা এই গ্রন্থের অন্ত ভাগে সন্নিবিষ্ট করিব।

আধ্যাসিকজ্ঞান বা ভ্রম

প্রমা জ্ঞানের লক্ষণ বলা হইয়াছে, তৎসঙ্গে ভ্রমজ্ঞানেরও লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে। আবার বলি, এক প্রকার বস্তুতে অন্য প্রকার জ্ঞান হওয়ার নাম ভ্রম। ভ্রম, অধ্যাস, আরোপ, অবিবেক, এ সকল শব্দ তুল্যার্থ।

দর্শনশাস্ত্রে ভ্রমের উৎপত্তির ও নিবৃত্তির কারণ বর্ণিত আছে এবং অবান্তর প্রভেদও নির্ণীত আছে। সাংখ্য এবং বেদান্ত বলেন, ভ্রম-জ্ঞান নিজে মিথ্যা; কিন্তু তাহার ফল সত্য। রজ্জুসর্প দেখিলে ভয় জন্মে, কম্পও জন্মে। পিপাসার্ত্ত মৃগতৃষ্ণিকায় প্রতারিত হইয়া পানীয় আহরণে ধাবিত হইয়া থাকে। যদিও ভ্রম মাত্রেই অসদ্বস্তু অবগাহী, তথাপি তাহার কোন না কোন ফল আছে। অর্থাৎ তাহা দ্বারা জীবের প্রবৃত্তি নিবৃত্তি জন্মিয়া থাকে। অনুসন্ধানে দেখা যায়, ভ্রমের ভিন্ন ভিন্ন প্রভাব ও ফলভেদ আছে। তাহা দেখিয়া শাস্ত্রকারেরা ভ্রমজ্ঞানের শ্রেণী ভেদ কল্পনা করিয়া থাকেন। প্রথমতঃ সোপাধিক ও নিরুপাধিক ভেদে দুই; তৎপরে সম্বাদী বিসম্বাদী আহার্য্য ও ঔপাধিক আহার্য্য এই চারি প্রভেদ বা চারি শ্রেণী স্থিরীকৃত হইয়াছে।

সোপাধিক; যদি দুই বা ততোধিক বস্তু পরস্পর সন্নিহিত থাকে আর সেই সন্নিধান বশতঃ এক বস্তুর গুণ বা কোন প্রকার ধর্ম্ম অন্য বস্তুতে মিথ্যা বা সত্য ভাবে সংক্রান্ত হয় তাহা হইলে, যাহার গুণ অন্যত্র সংক্রান্ত হইতেছে তাহাকে 'উপাধি' আর যাহাতে সংক্রান্ত হইতেছে

তাহাকে 'উপহিত' সংজ্ঞা দেওয়া হয়। যে স্থলে উক্ত প্রকার উপাধির সংসর্গে একপ্রকার স্বভাবাপন্ন বস্তু অন্ত প্রকারে পরিদৃষ্ট হয়, সে স্থলে সোপাধিকভ্রম। স্ফটিক স্বভাবতঃ স্বচ্ছ ও শুভ্রবর্ণ, কিন্তু কখন কখন কোন রঞ্জক পদার্থের সন্নিধান বশে পীত বা লোহিত আকারে পরিদৃষ্ট বা প্রতীত হয়। সেই প্রতীতি (স্ফটিক রক্তবর্ণ এইরূপ প্রতীতি) সোপাধিক ভ্রম বলিয়া গণ্য। তত্রস্থ উপাধি (রঞ্জক বস্তু) তৎকালে প্রত্যক্ষ গোচর হউক বা না হউক, "রক্তবর্ণ স্ফটিক" এই জ্ঞান ভ্রম ও সোপাধিকশ্রেণীভুক্ত।

নিরুপাধিক। যে স্থলে দেখিবে, কোন প্রকার উপাধির সন্নিধান নাই, অথচ অন্যথা জ্ঞান (বস্তুর স্বরূপ এক প্রকার কিন্তু জ্ঞান অন্ত প্রকার) হয়, সে স্থলে নিরুপাধিক ভ্রম। যেমন নীলাকাশ। বস্তুতঃ আকাশের কোন বর্ণ নাই, অথচ নিরভ্র অবস্থাতেও আকাশ প্রগাঢ় নীল বলিয়া বোধ হয়। আকাশে নীলিমা ভ্রম নিরুপাধিকশ্রেণীভুক্ত। *

সম্বাদী ও বিসম্বাদী ভ্রম। ভ্রম-প্রবৃত্ত ব্যক্তি অভীষ্টলাভে বঞ্চিত হয় ইহা স্থির সিদ্ধান্ত। কিন্তু কখন কখন কাকতালীয় ন্যায়ে ভ্রমজ্ঞানও ফলপ্রদ হইয়া থাকে। যে স্থলে ভ্রম-জ্ঞানে ফললাভ হয়, সে স্থলে তাদৃশ ভ্রমের নাম সম্বাদী। যে স্থলে ফললাভে বঞ্চিত হওয়া যায় সে স্থলে তাহা বিসম্বাদী। বিসম্বাদী ভ্রমই প্রায়, সম্বাদী ভ্রম অল্প অর্থাৎ কখন কখন।

মনে কর, কোন এক ব্যক্তির দূর হইতে বাষ্পে ধূম ভ্রম জন্মিয়াছে। অনন্তর সেই ভ্রান্ত-ব্যক্তি তৎপ্রদেশে অগ্নির অস্তিত্ব অনুমান করিয়া অগ্নি আহরণার্থ উপস্থিত হইল। পরে দৈবাৎ তথায় অগ্নি প্রাপ্ত হইল।

* "কদাচিৎ পার্থিবচ্ছায়াং শ্যামতামারোপ্য—কদাচিৎ তৈজসং শৌক্ল্যং আরোপ্য" ইত্যাদি বাক্যে দার্শনিক পণ্ডিতেরা পৃথিবীর নীলিমা আকাশে আরোপিত হইবার কথা বলিয়াছেন।

এমত স্থলে, ঐ ভ্রান্ত ব্যক্তির ধূমভ্রম সম্বাদী হইতেছে। যদি সে অগ্নি প্রাপ্ত না হইত, তাহা হইলে তাহার সেই ভ্রম বিসম্বাদী হইত। অথবা দুই ব্যক্তি দূর হইতে দুই প্রভায় (দীপপ্রভায় ও মণিপ্রভায়) মণিভ্রান্ত হইয়া মণি লইতে গিয়াছিল। তন্মধ্যে যে ব্যক্তির মণিপ্রভায় মণিভ্রম হইয়াছিল, সেই ব্যক্তি মণি লাভ করিয়া সম্বাদিভ্রমের এবং অপর ব্যক্তি বিসম্বাদিভ্রমের নিদর্শন হইল। *

আহার্য্য ও ঔপাধিক আহার্য্য। যত্নপূর্ব্বক এক প্রকার বস্তুতে অন্য প্রকার জ্ঞান সম্পাদন করার নাম আহার্য্য ভ্রম। মৃৎপিণ্ডে দেবতাবুদ্ধি (দেব দেবীর প্রতিমায় দেবতাবুদ্ধি সম্পাদন করিয়া পূজা করা) এবং রেখায় অক্ষরবুদ্ধি, এ সমস্তই আহার্য্যারোপের স্থল। আহার্য্যারোপের জঠরে ভারতবর্ষীয় পুরাণ গ্রন্থাদির ও সাংখ্যশাস্ত্রের উপাসনা কাণ্ডের জন্ম।

উক্ত লক্ষণাক্রান্ত আহার্য্য ভ্রম যদি কোন উপাধি অবলম্বন করিয়া সম্পাদিত হয়, তবে তাহা ঔপাধিক-আহার্য্য হইবে। চন্দ্র এক, কিন্তু অঙ্গুলিদ্বারা নেত্রপ্রান্ত চাপিয়া দেখিলে চন্দ্র দুই বা ততোধিক দেখা যায়। আকাশে মেঘ নাই অথচ বিদ্যা বলে (ঐন্দ্রজালিক) তৎক্ষণাৎ সবিদ্যুৎ স্তনয়িত্নু দর্শন হইল। ক্ষুদ্রতম অক্ষরকে বা বৃহত্তম পর্ব্বতকে কাচবিশেষের সংসর্গে বৃহত্তম বা ক্ষুদ্রতম আকারে অবলোকন করা গেল। এইরূপ ও অন্যরূপ অনেক উদাহরণ আছে। কি ঐন্দ্রিয়ক জ্ঞান, কি যৌক্তিক জ্ঞান, কি ঔপদেশিক জ্ঞান, সমুদায় জ্ঞানের অন্তরালে কথিত প্রকারের শত শত ভ্রম লুক্কায়িত আছে। সাংখ্যাদি শাস্ত্রের মত এই যে, তত্ত্বাবতের নিবৃত্তি না হইলে মোক্ষলাভের আশা নাই।

---

* 'দূরে প্রভাদ্বয়ং দৃষ্ট্বা মণিবুদ্ধ্যাভিধাবতোঃ।
প্রভায়াং মণিবুদ্ধিস্তু মিথ্যাজ্ঞানং দ্বয়োরপি ॥
ন লভ্যতে মণির্দীপপ্রভাং প্রত্যভিধাবতা।
প্রভায়াং ধাবতাঽবশ্যং লভ্যতে চ মণির্মণেঃ ॥"

ভ্রমোৎপত্তির কারণ ও তাহার নিবৃত্তির উপায়

ভ্রমোৎপত্তির কারণ প্রধানতঃ তিনটী। দোষ, সম্প্রয়োগ ও সংস্কার। তন্মধ্যে দোষ নানা প্রকার। নিমিত্তগত, কালগত ও দেশগত। নিমিত্তগত দোষ এই যে, যে ইন্দ্রিয় যে প্রত্যক্ষের জনক, সেই ইন্দ্রিয় দোষদুষ্ট হওয়া। চাক্ষুষ-প্রত্যক্ষের জনক চক্ষুঃ সেই চক্ষুঃ যদি পিত্তদোষে বিকৃত হয়, তবে অতিশ্বেত বস্তুও হরিদ্রাবর্ণ দেখায়। সন্ধ্যাদিকালে মন্দান্ধকার প্রভৃতির দোষ কাল দোষ। এবং অতিদূরত্ব অতিসামীপ্য প্রভৃতি দেশগত দোষ।

সম্প্রয়োগ। সম্প্রয়োগ শব্দের অর্থ এস্থলে এরূপ বুঝিতে হইবে যে যে বস্তুতে ভ্রম জন্মে সেই বস্তুর সর্ব্বাংশ স্ফূর্ত্তি না হওয়া। অর্থাৎ কোন এক সামান্যাংশ মাত্রের প্রকাশ পাওয়া।

সংস্কার। সংস্কার শব্দে এখানে সদৃশ বস্তুর স্মরণ বুঝিতে হইবে। কোন কোন মতে সংস্কারের পরিবর্ত্তে সাদৃশ্যই ভ্রমোৎপত্তির কারণ, এইরূপ বর্ণিত আছে। সে মতের অভিপ্রায় এই যে, বস্তুর কোন এক অংশে সাদৃশ্য না থাকিলে ভ্রম জন্মে না। রজ্জুতেই সর্পভ্রম জন্মে, চতুষ্কোণ ক্ষেত্রে সর্পভ্রম জন্মে না। অতএব কোন সাদৃশ্যবান্ পদার্থেই দোষ বা সম্প্রয়োগ বশতঃ ভ্রম জন্মিয়া থাকে।

এক স্থানে কতকগুলি লোক উপবিষ্ট আছে। সন্ধ্যা হয় হয় এমনি সময়ে তন্মধ্য হইতে হঠাৎ এক ব্যক্তি 'ঐ রৌপ্য' বলিয়া ধাবিত হইল। অন্যান্য ব্যক্তিরা দেখিল, সে যাহার জন্য দৌড়িয়াছে তাহা রৌপ্য নহে, তাহা শুক্তিখণ্ড। ভ্রান্ত ব্যক্তিও তৎপ্রদেশে গিয়া দেখিল, সে যাহাকে রৌপ্য ভাবিয়াছিল তাহা রৌপ্য নহে, তাহা শুক্তিখণ্ড। সেই যে রজত জ্ঞান, তাহা দৃষ্টান্ত রাখিয়া কার্য্য-কারণ ভাব বুঝিয়া লও। যৎকালে পুরোবর্ত্তী শুক্তিতে "ঐ রজত" ইত্যাকার জ্ঞান হইয়াছিল,

তখন সেই সমুদিত জ্ঞান একবারে হয় নাই। আগে পুরোবর্ত্তী পদার্থে চক্ষুঃসংযোগের অনন্তর "ঐ" ইত্যাকার জ্ঞান, পরে তাহাতে রজত এই জ্ঞান হইয়াছিল। তাহাতে "ঐ" ইত্যাকার জ্ঞান ও তদ্বোধক বাক্য ও তৎসংলগ্নভাবে 'রজত' ইত্যাকার জ্ঞান ও তদ্বোধক বাক্য এক অভিন্ন সংসর্গে উপস্থিত হইয়াছিল। চক্ষুঃ যখন শুক্তিখণ্ডে প্রসর্পিত হইয়াছিল, তখন সে দৃষ্ট পদার্থের সর্ব্বাংশ গ্রহণ করে নাই, চাকৃচিক্যরূপ বিশেষণ মাত্র গ্রহণ করিয়াছিল। দোষবশতঃ সম্প্রয়োগ হওয়ায় অর্থাৎ চক্ষুঃ শুক্তির সর্ব্বাংশ গ্রহণ না করায় এবং চাকৃচিক্য মাত্র যে বিশেষণ তৎগ্রহণ করায় অন্য এক পূর্ব্বদৃষ্ট চাকৃচিক্যবান্ বস্তু অর্থাৎ চিরাভ্যস্ত রজত স্মৃতিপথারূঢ় হইয়াছে। সেই স্মরণাত্মক জ্ঞান তৎকালে পৃথক্‌রূপে দণ্ডায়মান না হইয়া "ঐ" ইত্যাকার সম্মুগ্ধ জ্ঞানের সহিত মিলিয়া গিয়া "ঐ রজত" ইত্যাকারে এক জ্ঞান হইয়া পড়িয়াছিল। স্মরণাত্মক "রজত" জ্ঞান "ঐ" ইত্যাকার সম্মুগ্ধ* জ্ঞানের সহিত মিলিত হইবার কারণ এই যে জ্ঞান মাত্রেই অগ্রে বস্তুর বিশেষণ অবগাহন করে, পরে তাহা বিশেষ্যে গিয়া পর্য্যবসিত হয়। শুক্তি-রজত, এ স্থলেও জ্ঞান চাকৃচিক্যরূপ বিশেষণ অবগাহন করিয়া প্রকৃত বিশেষ্য আবৃত থাকাতে অন্য এক কল্পিত বিশেষ্যে গিয়া পর্য্যবসন্ন হইয়াছিল। এক বস্তুর বিশেষণ (আকার) অন্য বস্তুতে কল্পিত বা পর্য্যবসন্ন হইলেই তাহা মিথ্যা বা ভ্রম হয়। শুক্তি-অধিকরণে (শুক্তি—ঝিনুক) শুক্ত্যাকার জ্ঞান না হইয়া রজত জ্ঞান হইয়াছে, সেই কারণে তাহা মিথ্যা। আহার্য্যভ্রম ব্যতিরেকে, সমুদায় ভ্রমের প্রণালী ঐরূপ। ঐ প্রণালী অনুসারে সর্ব্বত্র একপ্রকার স্বভাবাপন্ন বস্তু অন্য-প্রকারে পরিদৃষ্ট হইয়া থাকে। এতাদৃশ ভ্রমের বিনাশোপায় কেবল আলম্বন পদার্থের সর্ব্বাংশ স্ফুরণ বা স্বরূপ সাক্ষাৎকার। যাবৎ না আলম্বনতত্ত্ব

* প্রথমোৎপন্ন অবিবেচিত জ্ঞানকে সম্মুগ্ধজ্ঞান বলে। বিশেষবিবরণ পশ্চাৎ বলা হইবে।

সাক্ষাৎকৃত হয় অর্থাৎ যে বস্তুতে ভ্রম সেই বস্তুর সর্ব্বাংশ প্রকাশ না পায়, তাবৎ পর্য্যন্ত তাহার বাধ বা বিলয় হয় না। ভ্রমের প্রণালী এই এবং এতৎপ্রণালীকে ভ্রম সাংখ্যশাস্ত্রে অন্যথা-খ্যাতি নামে পরিচিত। অন্যান্য দার্শনিকদিগের ভ্রমপ্রণালী অন্যবিধ। শঙ্করাচার্য্য বলেন, ভ্রমোৎপত্তির মূল অজ্ঞান। অজ্ঞান যে কি পদার্থ? তাহা নাম নির্দ্দেশে বলা যায় না। এই পর্য্যন্ত বলা যাইতে পারে যে, তাহা অনির্ব্বচনীয় এবং দোষস্থানীয়। দোষস্থানীয় অজ্ঞানের স্বভাব এই যে, যদি কোন বস্তুর সর্ব্বাংশ বা কিয়দংশ তাহার অধিকারভুক্ত হয়, তাহা হইলে, দোষ সেই বস্তুতে তৎসদৃশ অপর এক বিপরীত বস্তু উৎপাদন করিবেই করিবে। পুরোবর্ত্তী শুক্তির কিয়দংশ অজ্ঞানের বিষয় বা অধিকৃত হওয়াতে অজ্ঞান (আংশিক অজ্ঞান) তাহাতে মিথ্যা-রজতের সৃষ্টি করিয়াছিল। কেবল অজ্ঞানেরই যে ঐরূপ স্বভাব এমত নহে; অন্য বস্তুও দোষদুষ্ট হইলে বিপরীত সৃষ্টিকারী হয়। দাবদগ্ধ বেত্রবীজ বেত্রাঙ্কুর উৎপত্তি না করিয়া কদলীবৃক্ষের উৎপত্তি করে। মক্ষিকামল 'পুদিনা' নামক শাক জন্মায়। তণ্ডুলজল পচিয়া নোটে-শাক জন্মায়। গোমাংস হইতে পলাণ্ডুর সৃষ্টি হইয়াছিল। দোষ যে কি করিতে পারে ও না পারে তাহা কে বলিতে পারে? দোষ হইতেই শত শত নূতন বস্তুর সৃষ্টি হইয়াছে, হইতেছে ও হইবে।

মীমাংসকেরা বলেন, জ্ঞান মাত্রেই সত্য। অর্থাৎ সদ্বস্তু বিষয়ক। জগতে মিথ্যা জ্ঞান নাই, মিথ্যা বস্তুও নাই। শুক্তিরূপ অধিষ্ঠানে মিথ্যা রজত দৃষ্ট হয়, বস্তুতঃ তাহা প্রবাদ মাত্র। তৎকালে শুক্তিতে শুক্তি-জ্ঞানই হইয়াছিল, রজতে রজতজ্ঞান হইয়াছিল। দোষ ও সম্প্রয়োগ ঘটনায় সেই জ্ঞানদ্বয়ের পার্থক্য জন্মে নাই, এইমাত্র প্রভেদ। জ্ঞানদ্বয়ের পার্থক্য না হইলেই তাহা ভ্রম আখ্যা প্রাপ্ত হয়। জগতে কথিত প্রকার ভ্রম ব্যতীত মিথ্যাবস্তু অবগাহী মিথ্যাজ্ঞানাত্মক ভ্রম নাই। যাহাই হউক,

ভ্রমের প্রণালী বিষয়ে মতবিবাদ থাকিলেও ভ্রমের আকার ও ফল সম্বন্ধে সকলেরই ঐক্যমত দেখা যায়।

নির্দ্দিষ্টলক্ষণান্বিত ভ্রমের অনেকগুলি অবান্তর প্রভেদ আছে। সে সকল প্রভেদের ভিন্ন ভিন্ন নামও আছে। যথা—সাদি অধ্যাস ও অনাদি অধ্যাস। তদ্দ্বয়ের অবান্তর প্রভেদ তাদাত্ম্যাধ্যাস ও সংসর্গাধ্যাস। সারূপ্যপ্রাপ্তে যে অধ্যাস তাহা তাদাত্ম্যাধ্যাস। যাহা সম্বন্ধমাত্রের অধ্যাস তাহা সংসর্গাধ্যাস লৌহ ও অগ্নি একীভূত হইয়া পরস্পর সারূপ্য প্রাপ্ত হয়। সে স্থলে লৌহতে যে অগ্নির অধ্যাস—যে অধ্যাসের বলে লোকে লোহায় পুড়িয়াছে বলে—সেই অধ্যাস তাদাত্ম্যাধ্যাস নামে পরিচিত। শরীরে কোন প্রকার যন্ত্রণা উপস্থিত হইলে জীব যে আমি গেলাম—আমি মরিলাম—বলিয়া অভিভূত হয়, তাহা তাদাত্মাধ্যাসের ফল। "আমার পুত্র" "আমার কলত্র" ইত্যাদি স্থলে পুত্রে ও কলত্রে বাস্তবিক আত্মত্ব না থাকিলেও আত্মসম্বন্ধ অধ্যাস করা হয়, সুতরাং তাহা সংসর্গাধ্যাসের মহিমা জগতে যত প্রকার অধ্যাসপ্রভেদ আছে, সমস্তই বাহ্য পদার্থের ন্যায় অধ্যাত্মপদার্থে বিদ্যমান আছে। কখন আমরা ইন্দ্রিয়ের সহিত একীভূত হইয়া "আমি" হইতেছি। যেমন আমি কাণা, আমি খোঁড়া, ইত্যাদি। বস্তুতঃ কাণত্বাদিধর্ম্ম আমাতে নাই। কখন বা দৃশ্য শরীরে আত্মত্ব স্থাপন করিয়া 'আমি' হইতেছি। যথা—আমি কৃশ, আমি স্থূল, ইত্যাদি। যাহা আমি, তাহা স্থূলও নহে, কৃশও নহে। স্থূলত্ব, কৃশত্ব, দেহের ধর্ম্ম, আত্ম-ধর্ম্ম নহে। আমি কি প্রকার তাহা আমরা কেহই অবগত নহি। যদি অবগত থাকিতাম তাহা হইলে আমি-ব্যবহার আজীবন একরূপেই চলিত। তাহা চলে না। তাহা প্রতিক্ষণে অন্যথা বা পরিবর্ত্তিত হয়। ভাবিয়া দেখ, আমরা একবার যাহাকে লক্ষ্য করিয়া "আমি" বলিতেছি, অন্যবার তাহাকেই আবার

"আমার" বলিতেছি। প্রকৃত "আমি" স্থির থাকিলে ঐরূপ ঘটনা হইত না, দুঃখেরও অবসান হইত। বিবেচনা করিয়া দেখ, যদি কোন ইন্দ্রিয়কে "আমি" বলিয়া স্থির থাকে, তাহা হইলে শরীরের দোষাদোষে "আমি" লিপ্ত হইব কেন? অতএব যাহা প্রকৃত আমি, তাহার সহিত অবশ্যই আমি-ভিন্ন অন্য কোন বস্তুর অধ্যাস আছে। সেই অধ্যাস কখন একীভূত হইয়া প্রকাশ পাইতেছে, কখন বা সম্বন্ধমাত্র প্রকাশ করিতেছে। বাহ্য জগতে ও আত্মরাজ্যে প্রোক্ত লক্ষণান্বিত অসংখ্য অধ্যাস বিরাজ করিতেছে, মানুষ তাহা জানিয়াও জানিতেছে না। কদাচিৎ কখন বাহ্য অধ্যাস নিবৃত্ত হইতে দেখা যায়; কিন্তু এ পর্য্যন্ত কাহারও আধ্যাত্মিক অধ্যাস নিবৃত্ত হইতে দেখা গেল না।

অধ্যাস নিবৃত্তির উপায় কি? কপিল প্রভৃতি ঋষিরা প্রত্যুত্তর দেন, অধিকরণের স্বরূপ সাক্ষাৎকৃত হওয়াই ভ্রমনিবৃত্তির উপায়। যে অধিষ্ঠানে ভ্রম হয় তাহার যথার্থরূপ প্রকাশ পাইলেই তদ্গত ভ্রম নিবৃত্ত হয়। অধিষ্ঠানের স্বরূপ সাক্ষাৎকার হওয়ার উপায় বিশেষদর্শন। বিশেষদর্শন এক স্থলে একরূপ নহে। অর্থাৎ স্থলবিশেষে বিভিন্ন প্রকার। কোথাও বা বারংবার দর্শন, কোথাও বা উপযুক্ত পরীক্ষা প্রয়োগ যাহার দ্বারা দোষ উন্মার্জ্জিত হয়, সম্প্রয়োগ তিরোহিত হয়, তাহাই পরীক্ষা শব্দের বিধেয়। সেই সেই পরীক্ষা প্রযুক্ত হইলে দোষাদি বিদূরিত হয়, অনন্তর সত্য জ্ঞান আইসে। দোষাদি উত্তীর্ণ হইলাম কি না? এ অংশ অপরীক্ষেয়। অর্থাৎ তাহার আর পরীক্ষা নাই। না থাকার কারণ এই যে, যথার্থ জ্ঞান উপস্থিত হইলে, সেই যথার্থ জ্ঞানই দোষাদি হইতে উত্তীর্ণ হওয়ার সাক্ষ্য প্রদান করে।

তত্ত্বপক্ষপাতোহি ধিয়াং স্বভাবঃ—বুদ্ধি সত্যপক্ষপাতী—তাহার টান সত্যের দিকে। বুদ্ধির তাদৃশস্বভাব আছে বলিয়াই ভ্রম-নিবৃত্তির পর

"জ্ঞাত হইলাম" "জানা হইয়াছে" এইরূপ চিত্তস্ফূর্ত্তি ও অবিচলিত বিশ্বাস জন্মিয়া আত্মাকে পরিতৃপ্ত করে।

অধ্যাসনিবৃত্তিঘটিত আরও গুটিকতক নিয়ম দৃষ্ট হয়। যথা—অপরোক্ষ ভ্রম, সাক্ষাৎ ভ্রম বা ঐন্দ্রিয়ক ভ্রম, যুক্তিতে ও উপদেশে নিবৃত্ত হয় না। সাক্ষাৎঘটিত ভ্রমে বস্তুসাক্ষাৎকার হওয়াই আবশ্যক। দিগ্‌ভ্রান্ত ব্যক্তি শত শত উপদেশ ও শত শত যুক্তি পাইলেও দিগ্‌ভ্রান্তি হইতে নির্ম্মুক্ত হয় না। মনে কর, কোন এক নূতন স্থানে গিয়া কোন এক ব্যক্তির পূর্ব্বদিকে পশ্চিম ভ্রম হইয়াছে। সে জানে, পূর্ব্ব দিকেই সূর্য্য উদিত হন এবং সে প্রত্যক্ষেও দেখিতেছে, পূর্ব্ব দিকেই সূর্য্য উদিত হইতেছেন। তথাপি তাহার ভ্রান্তি যাইতেছে না। মনে করিতেছে, এই দিকই পূর্ব্বদিক্‌। "সূর্য্য পশ্চিমে উদিত হন না" এই যুক্তি তাহার সম্বন্ধে কার্য্যকারী হয় না। যাবৎ না পূর্ব্ব পূর্ব্বদিক্‌ সাক্ষাৎকৃত হইবে, তাবৎ তাহার ভ্রম অপগত হইবে না। ঔপদেশিক জ্ঞানে ভ্রম থাকিলে তাহা যুক্তির দ্বারা বিদূরিত হইতে পারে, কিন্তু যুক্তিতে ভ্রম থাকিলে তাহা সাক্ষাৎকার ও যুক্ত্যন্তর ব্যতীত, মাত্র উপদেশ দ্বারা অপগত হইবার নহে। সাংখ্যাদি শাস্ত্রে নির্ণীত হইয়াছে যে, প্রত্যক্ষ জাতীয় সাক্ষাৎকার-ঘটিত পরীক্ষা সর্ব্বজাতীয় ভ্রমের বিঘাতক। আমাদের আধ্যাত্মিক ভ্রম অনেক আছে, সে সকল ভ্রম উপরোক্ত প্রণালীতেই জন্মিয়া আছে। সে সকল ভ্রম বিদূরিত করিবার জন্য সাংখ্যে ও অন্যান্য শাস্ত্রে শ্রবণ, মনন ও ও নিদিধ্যাসন নামক বিশেষ দর্শনের উপদেশ আছে। অনাদি কালের আধ্যাত্মিক ভ্রম বিদূরিত করিতে হইলে সাক্ষাৎকার, যুক্তি ও উপদেশ, এই তিন শ্রেণীর পরীক্ষার প্রয়োগ আবশ্যক। একটীর দ্বারা অনাদিকালের আধ্যাত্মিক ভ্রম নিবৃত্ত হইবার সম্ভাবনা নাই। শ্রবণ ও মনন, এই দুইটী যুক্তি ও উপদেশ জাতীয়। নিদিধ্যাসনটী প্রত্যক্ষ-শ্রেণীভুক্ত। যেমন অন্তরস্থ সুখাদি নিজ মনের অনুভবনীয়, সেইরূপ, আত্মাও সাধন-সংস্কৃত

মনের জ্ঞেয়। মন যৎপরোনাস্তি নির্ম্মল হইলে তাহাতে আত্মার প্রকৃত প্রতিবিম্ব পড়ে। অর্থাৎ তখনই আপনার অনধ্যস্ত রূপ দর্শন হয়। তৎপূর্ব্বে হয় না। সুরবোধ, তালবোধ ও রাগ রাগিণীবোধ, এ সকল আগে থাকে না, সঙ্গীত শাস্ত্রের যৎপরোনাস্তি অনুশীলনে নিমগ্ন থাকিলে অল্পে অল্পে মনের কবাট খুলিয়া যায়, তখন্ সুরতত্ত্বাদি সাক্ষাৎকার হয়। এই যেমন দৃষ্টান্ত, তেমনি দীর্ঘকাল ব্যাপিয়া শ্রবণ মনন নিদিধ্যাসন করিতে করিতে মনের প্রত্যঙ্মুখ কবাট খুলিয়া যায়, প্রত্যঙ্মুখ কবাট খুলিলেই আপনার অনারোপিত রূপ দেখা যায়।

সত্যের অধিকার অপেক্ষা অসত্যের (ভ্রমের) অধিকার অধিক বিস্তৃত। ভ্রান্তি পদে পদে; সত্য কথন কথন। প্রতিক্ষণে জীবের দৃষ্টিতে, শ্রাবণাদি প্রত্যক্ষে ও মনঃকল্পিত যুক্তিতে অজ্ঞাতসারে শত শত ভ্রান্তি প্রবেশ করিতেছে—মানুষ তাহা দেখিয়াও দেখিতেছে না, বুঝিয়াও বুঝিতেছে না। দেখিয়াও দেখে না, বুঝিয়াও বুঝে না, ইহাই ভ্রান্তির মহিমা। ভ্রান্তি বিজ্ঞান নিতান্ত দুরবগাহ। যাদুকরের যাদু, ঐন্দ্রজালিকের কুহক, তান্ত্রিকের বশীকরণ সমস্তই ভ্রান্তির মূলসূত্রপ্রসূত। স্বভাবকুহকী প্রকৃতি প্রতিমুহূর্ত্তেই দৃষ্টিভ্রান্তি, স্পর্শ ভ্রান্তি ও শ্রবণভ্রান্তি প্রভৃতি উৎপাদন করিয়া কৌতুক করিতেছেন এবং যাদুকর প্রভৃতি তাঁহার শিষ্য হইয়া কণামাত্র অনুগ্রহ লাভ করতঃ দর্শকদিগের চক্ষে ধূলি নিক্ষেপ করিতে ক্ষমবান্ হইতেছেন। যত প্রকার কৃত্রিম অকৃত্রিম ভ্রান্তি থাকুক, তত্তাবতের মূলে দোষ, সম্প্রয়োগ ও দৃষ্টসংস্কার, এই তিন আছেই আছে। প্রমা ও ভ্রম এই দুই পদার্থের সংক্ষেপ লক্ষণ এই যে, জ্ঞান জ্ঞেয় পদার্থের অবিকলরূপে উৎপন্ন হইলেই প্রমা এবং বিপরীত হইলে অপ্রমা অর্থাৎ ভ্রম।

শ্রবণেন্দ্রিয় ও শ্রাবণজ্ঞান

চক্ষুঃ কেবল রূপেতেই সংসক্ত, সেইজন্য চক্ষুর্দ্বারা রূপ বা রূপবিশিষ্ট

পদার্থ দেখা যায় তদ্দ্বারা শব্দস্পর্শাদির জ্ঞান হয় না। শব্দাদি জ্ঞানের নিমিত্ত আর চারিটি ইন্দ্রিয় আছে, তন্মধ্যে শব্দগ্রহণকারী শ্রবণেন্দ্রিয়ের বিষয় অগ্রে বর্ণন করা যাউক।

চক্ষুরিন্দ্রিয়ের ন্যায় শ্রবণেন্দ্রিয়ও প্রত্যক্ষের অগোচর। কেবল অনুমিতিদ্বারাই তাহার অস্তিত্ব অনুভব করিতে হয়। শ্রবণেন্দ্রিয়ের আশ্রয় অর্থাৎ গোলক কর্ণান্তঃপ্রদেশ। শঙ্খ-গল-গহ্বরের রচনা পরিপাটি যেরূপ শ্রবণযন্ত্রের রচনাপরিপাটীও প্রায় সেইরূপ। যে স্থানে বক্র ও আবর্ত্তযুক্ত কর্ণছিদ্রের সমাপ্তি হইয়াছে। সেই স্থানে স্থিতিস্থাপক গুণযুক্ত সূক্ষ্ম গ্রন্থিল এক প্রকার পদার্থ আছে। [সূক্ষ্ম ২ নৈহিক শিরাগ্রন্থি বা স্নায়ুমণ্ডল) এক খণ্ড সূচীন (পাৎলা) ত্বক্ তাহার আবরণ। এই আবরক্ ত্বক্ কর্ণশস্কুলি নামে পরিচিত। শস্কুলির অভ্যন্তর প্রদেশে যে অবকাশ (ফাঁক) আছে, তাহার নাম শ্রোত্রাকাশ। ইহা ন্যায়মতে শ্রবণেন্দ্রিয় কিন্তু সাংখ্যমতে শ্রবণেন্দ্রিয়ের গোলক। শ্রবণেন্দ্রিয় শস্কুলিস্থানে অধিষ্ঠিত থাকিয়া শব্দগ্রহণ কার্য্য নির্ব্বাহ করিতেছে। সাংখ্যমতে চক্ষুরিন্দ্রিয়ের ন্যায় শ্রবণেন্দ্রিয়ও আহঙ্কারিক। শ্রবণেন্দ্রিয়ের শব্দগ্রহণপ্রণালী কিরূপ? সাংখ্যাচার্য্যেরা তাহা বিশেষ করিয়া বর্ণন করেন নাই। শাস্ত্রান্তরে যেরূপ বর্ণনা আছে তাহার নিন্দাও করেন নাই। তাহাতেই অনুমান হয়, শাস্ত্রান্তরোক্ত প্রণালীই সাংখ্যকারের অভিমত।* শাস্ত্রান্তরে দ্বিবিধ প্রণালী বর্ণিত আছে। তন্মধ্যে এক প্রণালী বীচিতরঙ্গন্যায়ানুসারিণী, অপর কদম্বগোলকন্যায়ানুসারিণী।

কোন এক স্থিরজল-জলাশয়ে অভিঘাত উপস্থিত করিলে অভিঘাত

---

* স্বশাস্ত্রানুক্তসন্দিগ্ধার্থেষু সমানতন্ত্রসিদ্ধান্তস্তৈব সিদ্ধান্তত্বম্।—কোন এক শাস্ত্রে কোন এক বিষয়ের বিশেষ বর্ণনা নাই অথচ অন্য শাস্ত্রের বর্ণনার নিন্দা বা নিষেধ নাই, এমত দেখিলে বুঝিতে হইবে, সেই অন্যশাস্ত্রোক্ত সিদ্ধান্তই সে শাস্ত্রের সিদ্ধান্ত।

স্থলে বেগ উৎপন্ন হয়। সেই বেগ জলকে তরঙ্গায়িত করে। যেমন প্রথমোৎপন্ন সেই বেগ হইতে বেগান্তর জন্মে, তেমনি তরঙ্গ হইতেও তরঙ্গান্তর জন্মে। তরঙ্গ হইতে তরঙ্গান্তর জন্মিতে জন্মিতে ক্রমে তাহা বীচি অর্থাৎ ক্ষুদ্র লহরীর আকার প্রাপ্ত হয়। ক্রমে অতি ক্ষুদ্র ক্রমে লয় বা অদৃশ্য। মধ্যে যদি কোথাও বেগনিরোধক বস্তু (কূল বা অন্য কিছু) বিদ্যমান থাকে, তাহা হইলে সেই স্থানেই প্রতিহত হইয়া নষ্ট হয়, নচেৎ তাহা দূরে গিয়া বিলীন হয়। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, বায়ু পরিব্যাপ্ত অনন্ত আকাশের কোন এক স্থানে অভিঘাত (এক বস্তুতে অন্য এক বস্তুর আঘাত অর্থাৎ বেগপূর্ব্বক সংযোগ) উপস্থিত হইলে তত্রত্য বায়ুতে এক প্রকার বেগ জন্মে। বেগ কি করে? বেগ আঘাত স্থানটীকে বেষ্টন করিয়া তত্রস্থ বায়ুকে তরঙ্গায়িত করে। আঘাত কালে যেমন বায়ুতে বেগ জন্মিয়াছিল, তেমনি আকাশে ধ্বনি (শব্দ) জন্মিয়াছিল। এক্ষণে সেই ধ্বনি তরঙ্গায়মাণ বায়ুতে আরোহণ করিয়া ইন্দ্রিয়স্থান (কর্ণশস্কুলি) প্রাপ্ত হইল, ইন্দ্রিয় (শ্রবণেন্দ্রিয়) তাহা গ্রহণ করিয়া আত্মার নিকট অর্পণ করিল। অভিপ্রায় এই যে, শব্দ কর্ণশস্কুলিস্থিত শব্দবাহী স্নায়ু অবলম্বন করিয়া মনের নিকট গমন করে। নিকটস্থ আত্মা তাহা প্রকাশ করেন। অর্থাৎ অনুভব করেন। ইহারই অন্য নাম শ্রবণ ও শুনা। নিকটে যদি শ্রবণেন্দ্রিয় না থাকে, তাহা হইলে তাহা ব্যর্থ হয়। সুতরাং আকাশোৎপন্ন শব্দ আকাশেই লয় প্রাপ্ত হয়। অপিচ, স্থিরজল জলাশয়ে আঘাত করিলে যে তদুত্থ তরঙ্গ কদাচিৎ তীর স্পর্শ করে, কদাচিৎ নাও করে, তাহার কারণ আঘাতের বলাবল—আঘাতজন্য বেগের তারতম্য। বেগ অধিক পরিমাণে জন্মিলে তরঙ্গের দূরগতি ও অল্প পরিমাণে জন্মিলে তরঙ্গের অদূরগতি হয়। শব্দের গতিও ঠিক্ সেইরূপ জানিবে। যে পরিমাণে বেগ উপস্থিত হইবে, শব্দের গতিও সেই পরিমাণে হইবে। পুরাতন দার্শনিক পণ্ডিতেরা

এইরূপ বীচিতরঙ্গের দৃষ্টান্ত শ্রবণেন্দ্রিয়ের শব্দগ্রহণপ্রণালী বর্ণন করিয়া গিয়াছেন এবং নিম্নপ্রকটিত ঘটনাগুলিকে সোপপত্তিক (যুক্তিযুক্ত) বিবেচনা করিয়াছিলেন। যথা—

"শব্দবহনকারী বায়ুর বিপরীত গতি প্রবল থাকিলে নিকটোৎপন্ন শব্দও যথাবৎ গৃহীত হয় না।" "সাম্মুখ্য থাকিলে দূরোৎপন্ন শব্দও নিকটের ন্যায় শুনা যায়।" "শ্রবণেন্দ্রিয় ও আঘাত স্থান, এতদুভয়ের মধ্যে বায়ুর বেগরোধক বস্তু ব্যবধান থাকিলে শুনা যায় না বা অল্প শুনা যায়।" "পার্থিব প্রদেশের দূরত্ব যে পরিমাণে শব্দজ্ঞানের প্রতিবন্ধক, জলময় প্রদেশে তদপেক্ষা অল্পপরিমাণে প্রতিবন্ধক হয়। এমন কি পার্থিব প্রদেশের অর্দ্ধ ক্রোশ পরিমিত দূরত্ব আর জলময় প্রদেশের এক ক্রোশ পরিমিত দূরত্ব সমান বলিয়া গণ্য। কারণ, জলময় প্রদেশের বায়ুতে স্বভাবতঃই বেগ থাকে।" "শব্দ উত্থিত হইবামাত্র তরঙ্গবৎ চতুর্দ্দিক্ ব্যাপ্ত হয় বলিয়া চতুর্দ্দিকস্থ লোক তাহা এক সময়ে সমানরূপে শুনিতে পায়।" "দিন অপেক্ষা মধ্যরাত্রে অধিক দূরের শব্দ শুনা যায়। তাহার কারণ, তৎকালে অভিভাবক শব্দান্তর থাকে না এবং মধ্যরাত্রের বায়ুতে স্বভাবতঃই বেগ থাকে।" ইত্যাদি।

বীচিতরঙ্গন্যায়বাদীর মত আর কদম্বগোলকন্যায়-বাদীর মত প্রায় একরূপ। প্রভেদ এই যে, বীচিতরঙ্গবাদী বলেন, শব্দ একটিই জন্মে; কদম্বগোলকন্যায়বাদী বলেন, কদম্বকেশরের ন্যায় তদুপরি তদুপরি নানা শব্দ জন্মে। কদম্বকুসুমের কিঞ্জল্কারোহণ স্থান বর্ত্তুল অংশের সর্ব্বদিক্ ব্যাপিয়া এক থাকে অনেক কেশর জন্মে। সেই সকল কেশরের শিরঃপ্রদেশে আবার এক থাক্ কেশর জন্মে শব্দও ঐরূপ আঘাত স্থান হইতে এককালে দশদিক্ অভিমুখে দশসংখ্যায় জন্মলাভ করে। সেই দশ শব্দ হইতে অন্য দশ শব্দ জন্মে, ক্রমে অন্য দশ শব্দ, ক্রমে ইন্দ্রিয়স্থানপ্রাপ্তি।*

---

* উভয় মতেই শব্দ অভিঘাত স্থানে উৎপন্ন হইয়া, ইন্দ্রিয় স্থানে গিয়া

বীচিতরঙ্গ ও কদম্বগোলক, এই দ্বিবিধ দৃষ্টান্ত আশ্রয়কারী আচার্য্য দ্বয়ের মতে শব্দ ক্ষণস্থায়ী। এমন কি, শব্দ তিন ক্ষণের অতিরিক্ত থাকে না। সুতরাং বায়ুর দূরগামী বেগ সত্বেও সমুৎপন্ন শব্দ আপনার বিনাশ কাল উপস্থিত হওয়াতে বিনষ্ট হইয়া যায়। সেই জন্যই আমরা দেশান্তরের শব্দ শুনিতে পাই না। তবে যে আমরা প্রহরব্যাপী বংশীনিনাদ শুনিয়া থাকি, সে একটি শব্দ নহে। তাহা শব্দধারা। অর্থাৎ তাহা বহুল শব্দের সমষ্টি। শব্দ উৎপন্ন হইতেছে, ধ্বংস হইতেছে, আবার উৎপন্ন হইতেছে, এত শীঘ্র হইতেছে, যে, তাহার বিচ্ছেদ লক্ষ্য হয় না। তাদৃশ ধারাবাহী বা পরস্পর-সংলগ্ন শব্দশ্রেণীকে আমরা একটি শব্দ বিবেচনা করি, ফলতঃ তাহা একটি শব্দ নহে। তাহা শব্দধারা। এই সিদ্ধান্তের দ্বারা আর

প্রকাশ প্রাপ্ত হয়। কেহ কেহ বলেন, শব্দ আঘাত স্থানে উৎপন্ন হয় না। আঘাত স্থানে কেবল বেগ জন্মে। সেই বেগ শ্রোত্র প্রাপ্ত হইলে তথায় অনুরূপ শব্দ উৎপন্ন করে এবং তাহাই শ্রবণেন্দ্রিয়ে গৃহীত হয়। "শব্দস্তু শ্রোত্রোৎপন্নঃ শ্রবণেন্দ্রিয়েণ গৃহ্যতে।" গ্রন্থিহীন বংশ খণ্ডের এক দিক্ লূতা-নির্ম্মোক (মাকড়শার ডিম্বের আবরণ) বা আলুক পত্রের ত্বক্ দ্বারা আবৃত করিয়া অপর দিকে ফুৎকার প্রদান করিলে তন্মধ্যে বেগ উপস্থিত হয়। সেই বেগ আবরণ ত্বকে গিয়া আঘাত করে। অনন্তর আঘাতের অনুরূপ শব্দ জন্মে কর্ণ-শষ্কুলিও উক্ত যন্ত্রের তুল্যকার্য্যকারী। এক মতে আছে, শব্দ ইন্দ্রিয় স্থানে গমন করে না, ইন্দ্রিয়ই শব্দস্থানে গিয়া শব্দ গ্রহণ করে। যেমন চক্ষুরিন্দ্রিয় বিষয় প্রদেশে যায়, শ্রবণেন্দ্রিয়ও সেইরূপ শব্দস্থানে যায়। ইঁহারা বলেন, "ভেরীশব্দো ময়া শ্রুতঃ—আমি ভেরীর শব্দ শুনিয়াছি।" এই অনুভবই ঐ সিদ্ধান্তের পোষক। ভেরীধ্বনি শুনিয়া মনুষ্যের ঐরূপ অনুভবই হইয়া থাকে। শব্দস্থানে ইন্দ্রিয়ের গতি না হইলে ঐ প্রকার অনুভব হইতে পারিত না। ভেরীতে শব্দোৎপত্তি হয়, বীচিতরঙ্গন্যায়বাদীর মতে সে শব্দের সহিত ইন্দ্রিয়ের সম্বন্ধ হয় না। শব্দ জন্য শব্দান্তরের সহিতই ইন্দ্রিয়ের সম্বন্ধ হয়। সুতরাং ভেরীর শব্দ শুনিয়াছি" এইরূপ অনুভব না হইয়া "ভেরীশব্দের শব্দ তজ্জন্য শব্দ শুনিয়াছি" এইরূপ অনুভবই হওয়া উচিত। তাহা না হওয়াতে, ইন্দ্রিয় শব্দস্থানে যায়, এই সিদ্ধান্তই সঙ্গত। শব্দবিজ্ঞান ঘটিত এইরূপ অনেক বিতর্ক আছে তাহা গ্রন্থবিস্তার ভয়ে পরিত্যক্ত হইল।

একটী সিদ্ধান্ত লাভ হইতেছে যে, ত্রিক্ষণ শব্দের জীবন, সেই ত্রিক্ষণের মধ্যে শব্দ, বেগ অনুসারে ক্রোশান্তে চালিত হইতে পারে, আবার ক্রোশ শতাংশে না যাইতেও পারে। গমনকালে শব্দ ক্রমশঃ ক্ষীণ হইতে থাকে। কারণ, ক্ষীণতা ব্যতিরেকে কিছুই ধ্বস্ত হয় না। সুতরাং বেগের আধিক্য থাকিলে তিন ক্ষণের মধ্যে শব্দ অধিক দূরে যাইতে পারে, বেগের অল্পতা থাকিলে অধিক দূর যাইতে পারে না। তিন ক্ষণের মধ্যে যত দূর যাওয়া সম্ভব, তত দূর গিয়াই বিলয়প্রাপ্ত হয়। যদি এই সিদ্ধান্তই স্থির হয়, তবে এক আপত্তি উপস্থিত হইবে। আপত্তি এই যে, এমন এক প্রকার শব্দ আছে, যাহা ক্ষীণ না হইয়া বরং নিকট অপেক্ষা দূরে গিয়া পুষ্ট হয়। যেমন কামানের শব্দ। তাহা হয় কেন?

উক্ত আপত্তির প্রত্যাপত্তি এই যে, যে শব্দের প্রতিশব্দ জন্মে, সেই শব্দই দূরে গিয়া স্থূলতা প্রাপ্ত হয়। কিন্তু সে স্থূলতা বাস্তবিক মূল শব্দের নহে। বিবেচনা কর, ধ্বনিজন্য ধ্বনির নাম প্রতিধ্বনি (প্রতি-

---

বালক-কালে আমরা দুইটী বাঁশের চোঙার এক এক মুখ খুব পাতলা চামড়ায় অথবা তত্তুল্য পদার্থে আবদ্ধ করিয়া ২।৩শ হাত লম্বা সুতা চোঙার দুই আবদ্ধ মুখে সংযুক্ত করিয়া তদ্দ্বারা দুই জন দুই দিকে থাকিয়া কথা বলাবলি করিতাম। ২।৩ শ হাত দূরে থাকিয়াও কথা বেশ স্পষ্ট শুনা ও বুঝা যাইত। এক জন চোঙাটীর অনাবৃত মুখে মুখ দিয়া কথা বলে, অন্য জন কর্ণপথে চোঙার অনাবৃত মুখ রাখিয়া কথা শুনে। বালক মনে করে, কথা সুতা বহিয়া যায়। ফলতঃ কথা যায় না। কথা কহিবার সময় বক্তব্য কথার অনুরূপ আঘাত সূত্রসংযোগে অপরের হস্তস্থিত চোঙার প্রান্তাবৃত পাতলা চামড়ায় গিয়া উপস্থিত হয় (ধাক্কা লাগে)। তাহাতে সেই স্থানেই উচ্চারিত কথার অনুরূপ শব্দ জন্মে। সুতা বহিয়া কথা আসিলে সুরের ব্যতিক্রম হইত না। শ্রোতা বালক যে শব্দ শুনে, সে শব্দ সূত্রাঘাতজনিত চর্ম্মকম্পনের শব্দ, কণ্ঠশব্দ নহে। বর্ত্তমান কালের টেলিফোন প্রভৃতি অদ্ভুত যন্ত্রনিচয়, বর্ণিত বাল্যক্রীড়ার উৎকর্ষ অনেক প্রকার বাদ্যযন্ত্র ও অল্পবধিরদিগের জন্য সিঙা যন্ত্র ধ্বনিতত্ত্বজ্ঞ শিল্পীদিগের দ্বারা প্রস্তুত হইয়া উপকার সাধন করিতেছে।

শব্দ প্রতিধ্বনি সমান কথা)। সুতরাং দ্বিতীয় ক্ষণ ব্যতিরেকে প্রতি-ধ্বনির জন্ম লাভ সম্ভবে না। দ্বিতীয় ক্ষণে প্রতিধ্বনির জন্ম লাভ হওয়াতে এক অতিরিক্ত ক্ষণ ব্যাপিয়া মূল শব্দের গতি ও স্থিতি পাওয়া গেল এবং সেই দ্বিতীয় ক্ষণে ধ্বনি প্রতিধ্বনির সহিত মিশিয়া মনুষ্যের শ্রবণকুহরে প্রবিষ্ট হইল। বুঝিতে হইবে যে, সেই মিলিত দুই শব্দ (ধ্বনি ও প্রতিধ্বনি) শুনা গিয়াছিল, ভেদ জ্ঞান না হওয়াতে স্থূল বলিয়া প্রতীত হইয়াছে। এ সম্বন্ধে অধিক কথা কি লিখিব, সংঘর্ষ ও আঘাত হইতে যে ধ্বনি ও তাহা হইতে যে প্রতিধ্বনি জন্মে, তাহা জীবের জ্ঞানগম্য হইয়া হর্ষ, বিষাদ, ভয়, মোহ ও অন্যান্য চিত্তবিকার জন্মাইয়া থাকে।

স্পর্শ ও স্পর্শগ্রাহক ত্বগিন্দ্রিয়

এই ইন্দ্রিয়ের দ্বারা শীত, উষ্ণ, খর, তীব্র প্রভৃতি নানাজাতীয় স্পর্শ জ্ঞান জন্মে। দ্রব্য বা দ্রব্যনিষ্ঠ কোন কোন গুণ ত্বক্‌সংযুক্ত হইবামাত্র ইন্দ্রিয়াত্মক ত্বক্ দ্রব্যগত শীতলত্বাদি গুণ গ্রহণ করতঃ জ্ঞানগোচর করায়। মনের সাহায্যে আত্মাতে সে সকলের জ্ঞান জন্মায়। আত্মায় জ্ঞান জন্মায়, এ কথা ন্যায়সম্মত। কিন্তু সাংখ্যমতে জ্ঞানমাত্রেই অন্তঃকরণনিষ্ঠ। যাহা মুখ্যজ্ঞান তাহা সাংখ্যমতে আত্মা ও চিৎ। তাহার উৎপত্তি, বিনাশ ও কোন প্রকার বিকার নাই। আত্মা ব্যতীত সমস্ত পদার্থই আত্মার ভোগ্য ও নশ্বর।

ঐন্দ্রিয়ক জ্ঞান মাত্রেই এতন্মতে বৃত্তিপদাধেয়। ইন্দ্রিয়সংযুক্ত বস্তুর ভাব বা ছবি বুদ্ধিতে ধৃত হয়, সেই ছবির বা বুদ্ধি পরিণামের শাস্ত্রীয় নাম 'বৃত্তি'। বৃত্তিতে আত্মচৈতন্য প্রতিবিম্বিত হয়, অনন্তর তাহা জ্ঞান

ও ভোগ এই দুই আখ্যা প্রাপ্ত হয়। দ্রুত বা গালিত সুবর্ণ মুষায় [ছাঁচে] ঢালিবামাত্র তাহা যেমন মুষারই অনুরূপ হয়, সেইরূপ, অন্তঃকরণও ইন্দ্রিয় দ্বারা ইন্দ্রিয়সম্বদ্ধ বস্তুর আকার ধারণ করে। চৈতন্যব্যাপ্ত সেই আকার, শাস্ত্রীয় ভাষায় 'জ্ঞান' 'অনুভব' 'বোধ' ইত্যাদি নামে পরিভাষিত হইতেছে। বস্তু মুষাস্থানীয়, বুদ্ধি বা অন্তঃকরণ গলিত-সুবর্ণ-স্থানীয়। ত্বকে দ্রব্যসংযোগ হইলেই ত্বক্ দ্রব্যগত সমস্ত গুণ গ্রহণ করে সত্য; পরন্তু কোমলত্ব ও কঠিনত্ব, এই দুই গুণের গ্রহণ পক্ষে বিশেষ সংযোগ অপেক্ষা করে। সামান্য সংযোগ দ্বারা কোমলত্ব কঠিনত্বের গ্রহ হয় না। দৃঢ়তর সংযোগ অর্থাৎ যাহাকে চাপ বলে, তাদৃশ সংযোগই তদুভয় জ্ঞানের পুষ্কল কারণ। এই 'চাপ' রূপ দৈহিক কার্য্য আত্মার প্রযত্নবলেই সম্পাদিত হয়, সুতরাং তাহার জন্য স্বতন্ত্র ইন্দ্রিয় কল্পনা করিতে হয় না।*

ত্বগিন্দ্রিয়ের আশ্রয় স্থান ত্বক অর্থাৎ চর্মবিশেষ। দৃশ্যমান বাহ্যচর্ম ইন্দ্রিয় নয়। যদি দৃশ্যমান চর্ম ইন্দ্রিয় হইত, তাহা হইলে কেবল বাহ্য শীতলত্বাদিরই অনুভব হইত, বেদনাদি আন্তর-স্পর্শের অনুভব হইত না। অতএব, ত্বগিন্দ্রিয় যে কেবল বাহ্যচর্ম্মব্যাপক তাহা নহে; প্রত্যুত তাহা আপাদতল মস্তক ও অন্তর্ব্বাহ্য সমস্ত দেহ পরিব্যাপ্ত। ত্বক্‌গোলকের আকার কিরূপ? তাহা সহজবোধ্য নহে। কেবল কল্পনার দ্বারা তাহার আকার সংগ্রহ করিতে হয়। সে কল্পনা এই :—

মাংসময় প্রাণিদেহ অসংখ্য সূক্ষ্মশিরাসমষ্টির জমাট ব্যতীত অন্য কিছু নহে। যাহাকে মাংস বলিয়া ব্যবহার করিতেছি, তাহাও শিরার সমষ্টি

---

* "কঠিনত্বাদিস্পর্শভেদে সংযোগবিশেষঃ কারণম্"—ত্বগিন্দ্রিয় দ্বারা পরিমাণাদি গ্রহণ পক্ষেও সংযোগবিশেষের আবশ্যক হয়। ভিন্ন ভিন্ন সংযোগেই ভিন্ন ভিন্ন গুণ গৃহীত হইয়া থাকে।

বা শিরা-জালের জমাট। আলুর পাতা কিংবা অশ্বথ পত্র পচিয়া পার্থিবাংশ নির্গলিত হইয়া গেলে, পাতাটী যেমন কেবল মাত্র তন্তুময় হইয়া থাকে, এই প্রাণিশরীরও সেইরূপ শিরাজালে পরিব্যাপ্ত আছে। ইন্দ্রিয়তত্ত্ববিৎ পণ্ডিতগণ বলেন, তাহাই ত্বগিন্দ্রিয়ের গোলক। এই ইন্দ্রিয় সমস্ত শরীরব্যাপী, তজ্জন্য বাহ্যস্পর্শের ন্যায় আন্তর স্পর্শও যথাযথ অনুভূত হইয়া থাকে। ইন্দ্রিয়াত্মক ত্বক্ বাহিরে ও ভিতরে সর্ব্বত্র বিরাজিত থাকিলেও অঙ্গুলির অগ্রভাগে তাহার উৎকর্ষ আছে। সেই কারণে হস্তাঙ্গুলির ও পদাঙ্গুলির অগ্রভাগ দিয়া মনুষ্য অত্যন্ত সূক্ষ্ম স্পর্শাদি অনুভব করিতে সমর্থ হয়। ন্যায়মতে এ ইন্দ্রিয় বায়বীয়; কিন্তু সাংখ্য মতে আহঙ্কারিক।

রসনা ও রাসন-জ্ঞান।

এই ইন্দ্রিয়টী কটু, তিক্ত, কষায়, প্রভৃতি রসানুভবের দ্বার স্বরূপ। রসনার দ্বারা রসের প্রত্যক্ষ [অনুভব] হয়। রসানুভব, রসজ্ঞান ও রাসনপ্রত্যক্ষ, এ সকল পর্য্যায় শব্দ। এই রাসন-প্রত্যক্ষও দ্রব্যাশ্রিত রসের সহিত রসনার সংযোগ হওয়ার পর উৎপন্ন হয়। রসনেন্দ্রিয়ের গোলক অর্থাৎ আশ্রয় জিহ্বা। জিহ্বার আভ্যন্তরীণ তথ্য বৈদ্যক গ্রন্থে অনুসন্ধেয়। ন্যায়মতে ইহা জলীয়; পরন্তু সাংখ্যমতে আহঙ্কারিক।

ঘ্রাণেন্দ্রিয় ও গন্ধজ্ঞান।

এই ইন্দ্রিয়টী ভিন্ন ভিন্ন গন্ধজ্ঞানের হেতু। ইহার স্থান নাসাদণ্ডের অভ্যন্তর মূল। গন্ধ, বায়ু কর্ত্তৃক আনীত হইয়া ইন্দ্রিয়স্থানে সংযুক্ত হয়,

তৎপরে তাহা অনুভবগম্য হয়; অন্যথা হইলে হয় না। এই ইন্দ্রিয় ন্যায় মতে পার্থিব; কিন্তু সাংখ্যমতে আহঙ্কারিক। চক্ষুঃ হইতে ঘ্রাণ পর্য্যন্ত বর্ণিত প্রকারের পাঁচটী ইন্দ্রিয় জ্ঞানের জনক বলিয়া জ্ঞানেন্দ্রিয়। এক্ষণে কর্ম্ম অর্থাৎ ক্রিয়ানিষ্পাদক ইন্দ্রিয়ের বিবরণ বলিব।

কর্ম্মেন্দ্রিয়

বাক্, হস্ত, পাদ, পায়ু, উপস্থ;—এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়। সাংখ্যমতে জ্ঞান ও কর্ম্ম, এই দুইটী মাত্র মানবদেহের প্রয়োজনীয়। বস্তুতঃ তদুভয় ব্যতিরেকে প্রাণিগণের অপর কোন কার্য্য বা প্রয়োজনীয় দেখা যায় না। চক্ষুরাদি যেমন জ্ঞানসাধন ইন্দ্রিয়, তাহারা যেমন উপযুক্ত স্থানে থাকিয়া স্পৃষ্টপদার্থের জ্ঞান জন্মাইতেছে; সেইরূপ কর্ম্মেন্দ্রিয়গুলিও যথোপযুক্ত স্থানে থাকিয়া নানাবিধ ক্রিয়া বা কর্ম্ম সম্পাদন করিতেছে। বাক্-ইন্দ্রিয়ের দ্বারা বাঙ্‌নিষ্পত্তি, হস্তেন্দ্রিয়ের দ্বারা গ্রহণ কার্য্য, পদের দ্বারা বিহরণ (গমনাদি), পায়ুর দ্বারা বিসর্গ (মলত্যাগ), উপস্থের দ্বারা আনন্দবিশেষ সম্পন্ন হয়। ঐ সকল কার্য্য ঐ সকল ইন্দ্রিয়ের নিজস্ব; পরন্তু ঐ সকল ছাড়া অন্যান্য অনেক কার্য্য উহাদের সহায়তায় নির্ব্বাহিত হয়। বাগিন্দ্রিয়টী কণ্ঠতাল্বাদি স্থান আক্রমণ করিয়া আছে। পাণি কনুই পর্য্যন্ত। পদ পায়ের গোড় পর্য্যন্ত। পায়ু মলনালীতে এবং উপস্থ লিঙ্গ-মুষ্ক উভয় স্থান আশ্রয় করিয়া আছে।

মনের ইন্দ্রিয়ত্ব

কপিল বলেন, মনঃও ইন্দ্রিয়। মন ইন্দ্রিয়ও বটে,—অন্যান্য ইন্দ্রিয়ের

অধ্যক্ষও বটে। অনেকে মনের ইন্দ্রিয়ত্ব স্বীকার করেন না; কিন্তু সেশ্বর নিরীশ্বর উভয় সাংখ্য মনের ইন্দ্রিয়ত্ব স্বীকার করেন।*

সাংখ্যাচার্য্যেরা মনের ইন্দ্রিয়ত্ব অস্বীকারকারীদিগকে এইরূপ জিজ্ঞাসা করেন; "শব্দ-স্পর্শ রূপ-রস প্রভৃতি বাহ্য বস্তুর ধর্ম্মগুলি পঞ্চবিধ বাহ্য করণের [বাহ্যেন্দ্রিয়ের] দ্বারা গৃহীত হয়; কিন্তু সুখ দুঃখ, যত্ন প্রভৃতি আন্তর ধর্ম্মগুলির গ্রহীতা কে? বাহ্যপদার্থ সাক্ষাৎকারের নিমিত্ত যেমন বাহ্য করণ বা বহিরিন্দ্রিয় থাকা আবশ্যক, তেমনি, অন্তঃপদার্থ সাক্ষাৎকারের নিমিত্ত অন্তঃকরণ থাকাও আবশ্যক। জ্ঞানকরণত্বরূপ ইন্দ্রিয়-লক্ষণ চক্ষুরাদির ন্যায় মনেও আছে। মনঃই সুখাদিজ্ঞানের অদ্বিতীয় কারণ। সুখ-দুঃখ-সাক্ষাৎকার সর্ব্বদাই হইতেছে, সুতরাং তাহার অপলাপ করিতে পারিবেন না। অথচ সে সাক্ষাৎকার চক্ষুঃ, কর্ণ, নাসিকা, ত্বক্,—এ সকলের দ্বারা সুসম্পন্ন হইতেছে, এরূপ বলিতে পারিবেন না। মন যে সুখ দুঃখ সাক্ষাৎকারের একমাত্র দ্বার ইহা ইচ্ছা না থাকিলেও স্বীকার করিতে হয়।

"মন ইন্দ্রিয়" ইহা শুনিবামাত্র লোকের মনে জিজ্ঞাসার উদয় হইতে পারে, "মন কোন্ শ্রেণীর ইন্দ্রিয়? জ্ঞানেন্দ্রিয়? না কর্ম্মেন্দ্রিয়?" কপিল বলেন "উভয়াত্মকং মনঃ—মন উভয়াত্মক।" কর্ম্মেন্দ্রিয়ও বটে, জ্ঞানেন্দ্রিয়ও বটে। কোন ইন্দ্রিয় মনের অধীন না হইয়া স্ব স্ব ব্যাপারে নিযুক্ত ও কৃতকার্য্য হইতে পারে না। মন যখন যে ইন্দ্রিয়ে সংযুক্ত হয়, তখন সেই ইন্দ্রিয়কেই কার্য্য করায়। মনকে পৃথক্ রাখিয়া যদি কোন ইন্দ্রিয় কদাচিৎ বিষয়ে সংযুক্ত হয়, তবে সে সংযোগ নিষ্ফল অর্থাৎ তাহাতে জ্ঞান জন্মে না। কর্ম্মেন্দ্রিয়গুলিও মনকে রাখিয়া কর্ম্ম করিতে পারে না, করিলেও যথাযথ হয় না। অতএব, মনঃই উভয় ইন্দ্রিয়ের

* "উভয়াত্মকমত্র মনঃ সঙ্কল্পকমিন্দ্রিয়ঞ্চ সাধর্ম্ম্যাৎ". (ঈশ্বরকৃষ্ণ)।

অধিষ্ঠাতা এবং তদনুসারে মন উভয়াত্মক বা উভয়েন্দ্রিয়। ইন্দ্রিয় নিচয়ের অধিষ্ঠাতা মন যখন যে ইন্দ্রিয়ে অধিষ্ঠিত হন, তখন তিনি সেই ইন্দ্রিয় বলিয়া গণ্য হন।

মনের এমন কি নিজ ধর্ম্ম আছে, যাহা থাকায় মনকে ইন্দ্রিয় বলিতে পারি? "ইহা এবম্প্রকার" "তাহা এরূপ নহে" ইত্যাদি বিবেচনা করা মনের স্বধর্ম্ম। ঐ ধর্ম্ম বা ঐ সামর্থ্য মন ব্যতীত অন্য কোন ইন্দ্রিয়ের নাই। অন্যান্য ইন্দ্রিয়, বস্তুর প্রতিবিম্ব গ্রহণ করিয়া চরিতার্থ হয়। "এ বস্তু অমুক প্রকার" এরূপ অবধারণ করে না। অর্থাৎ বস্তুর বিশেষণ গুলি পৃথক্ পৃথক্ গ্রহণ করিয়া নিবৃত্ত হয়, অন্য কিছু করে না। বস্তু যে তদ্‌গুণবিশিষ্ট তাহা অবধারণ বা বিবেচনা করে না। শাস্ত্রীয় ভাষায় যাহাকে বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহী বোধ বলে, সে বোধ অন্য কোন ইন্দ্রিয়ের দ্বারা হয় না, কেবল মনের দ্বারাই হয়। প্রথমতঃ, ইন্দ্রিয়ের দ্বারা বস্তুর প্রতিবিম্ব গ্রহণ অনন্তর তাহা মনের নিকট অর্পণ, তৎপরে মনের দ্বারা তাহার স্বরূপাদিনির্ণয় বা ভাল মন্দ বিবেচিত হয়। মনের দ্বারা বিবেচিত হইবার পূর্ব্বাবস্থা অস্পষ্ট এবং উত্তরাবস্থা স্পষ্ট। প্রত্যেক ঐন্দ্রিয়ক জ্ঞানের স্পষ্ট ও অস্পষ্ট দ্বিবিধ অবস্থা থাকায় সাংখ্যাচার্য্যেরা প্রত্যেক জ্ঞানকে দুই বিভাগে স্থাপন করেন। প্রথম বিভাগ বা প্রথম অবস্থা (মনের নিকট সমর্পিত হয় নাই, ইন্দ্রিয় তাহাকে গ্রহণ বা স্পর্শ করিয়াছে মাত্র, এই অবস্থা) "সম্মুগ্ধ" ও "নির্বিকল্প" নামে পরিভাষিত। দ্বিতীয় বিভাগ বা দ্বিতীয়াবস্থা (যখন মন তাহা গ্রহণ করিয়া ভাল মন্দ নির্ণয় করিয়াছে তখনকার অবস্থা) বোধ, অনুভব ও প্রত্যক্ষাদি নামে পরিচিত। প্রথমোৎপন্ন সম্মুগ্ধ জ্ঞানের অন্যনাম "আলোচন" ও নির্ব্বিকল্প"। জ্ঞানের পূর্ব্বরূপ বা প্রথমাবস্থা (সম্মুগ্ধ জ্ঞান) হৃদয়ারোহণ করাইবার নিমিত্ত পণ্ডিতেরা বালকের, মূকের (বোবার) ও জড় প্রভৃতির জ্ঞানের সহিত তুলনা করিয়া থাকেন। বালক বস্তু দেখে কিন্তু বিবেচনা করিতে পারে না। সেই জন্য

তাহারা এ্যা—উ করে। ইহা অপেক্ষাও স্পষ্ট উদাহরণ আছে। অন্যমনস্ক অবস্থায় যে কখন কখন কোন কোন ইন্দ্রিয় স্ববিষয়ে সংযুক্ত হয় ও তন্নিবন্ধন যে এক প্রকার অস্পষ্ট জ্ঞান জন্মে, তাহাও সম্মুগ্ধজ্ঞান বুঝিবার স্থল হইতে পারে। অন্যমেয় বালকজ্ঞানের দ্বারা সম্মুগ্ধজ্ঞানের ঠিক আকার বোধগম্য করা অপেক্ষা নিজ নিজ অন্যমনস্ক অবস্থার জ্ঞান সহজ উদাহরণ হইতে পারে। ফল কথা এই যে, যখন মন কর্তৃক বিবেচিত হয় তখনই তাহা স্পষ্ট ও প্রত্যক্ষ বলিয়া গণ্য এবং তখনই জ্ঞানের সাফল্য বা পূর্ণতা।* ইন্দ্রিয় কর্তৃক বিষয় গ্রহণ, অনন্তর তাহা মনের নিকট অর্পণ, এই প্রক্রিয়া দ্বয়ের মধ্যে অতি সূক্ষ্মতম কালের ব্যবধান থাকাতে আমরা তাহার ক্রমিকত্ব অনুভব করিতে পারি না। আমরা বিবেচনা করি, একেবারেই তাহা দেখিয়াছি ও বুঝিয়াছি।

সাংখ্যমতে মন বুদ্ধি হইতে ভিন্ন। ভিন্ন হইলেও অভিমানাত্মিকা বুদ্ধির সহিত মনের সম্পূর্ণ যোগ বা অংশাংশিভাব আছে। মন, বুদ্ধি ও অহঙ্কার, এই তিনটী অন্তঃকরণ নামে পরিচিত। 'করণ' শব্দের অর্থ দ্বার। যাহা অন্তরে থাকিয়া জ্ঞান ক্রিয়া নির্ব্বাহ করে, তাহাই অন্তঃকরণ। মন, বুদ্ধি ও অহঙ্কার এই তিনটী অন্তরে থাকিয়া আন্তরিক কার্য্য সমাধা করে, সুতরাং তিনটীই অন্তঃকরণ। অপর দশটী (চক্ষুরাদি পাঁচ, আর বাক্ আদি পাঁচ) বাহ্যবস্তুঘটিত জ্ঞানাদি ব্যবহার নির্ব্বাহ করে, সে জন্য

(৩) 'আলোচনমিন্দ্রিয়েণ বস্ত্বিদমিতি সম্মুগ্ধম্—অনন্তরমিদমেবং নৈবম্ ইতি সম্যক্ কল্পয়তি নিয়ম্য দর্শয়তি বিশেষণবিশেষ্যভাবেন বিবেচয়তি'— "সম্মুগ্ধং বস্তুমাত্রন্তু প্রগৃহ্লাত্যবিকল্পিতম্। তৎসামান্যবিশেষাভ্যাং কল্পয়ন্তি" মনীষিণঃ।"—"অস্তি হ্যালোচনং জ্ঞানং প্রথমং নির্বিকল্পকম্। বালমূকাদি-বিজ্ঞানসদৃশং শুদ্ধবস্তুজম্।"—"ততঃ পরং পুনর্ব্বস্তুধর্ম্মৈর্জাত্যাদিভির্যয়া। বুদ্ধ্যা-ঽবসীয়তে সাঽপি প্রত্যক্ষত্বেন সম্মতা।" (তত্ত্বকৌমুদী)।

সেগুলি বাহ্যকরণ নামে খ্যাত। অন্তঃকরণ ও অন্তরিন্দ্রিয় এবং বাহ্যকরণ ও বাহ্যেন্দ্রিয় তুল্য কথা। এতাবতা সাংখ্যমতে ১৩টী ইন্দ্রিয় হইতেছে। তবে যে "সাত্ত্বিকমেকাদশকম্" এই কথায় ইন্দ্রিয়গণনা স্থলে একাদশ ইন্দ্রিয় গণিত হইয়াছে তাহা পূর্ব্বোল্লিখিত অন্তঃকরণ ত্রিতয়ের একত্ব বিবক্ষায়।

অন্তঃকরণ ও বাহ্যকরণ, এই দ্বিবিধ করণের মধ্যে প্রত্যেকের এক একটি অসাধারণ ধর্ম্ম (ক্ষমতা বিশেষ) আছে। তাহার দ্বারাও অন্তঃ-করণ ও বাহ্যকরণ পরস্পর ভিন্নতা (ভেদ) প্রাপ্ত হয়। যথা—বাহ্যকরণ গুলি সাম্প্রতকাল অর্থাৎ বর্ত্তমান বস্তুর গ্রাহক। তাহারা সমীপস্থ বিদ্যমান বস্তুতেই বৃত্তিমান্ হয়, অবিদ্যমান ও অসমীপস্থ বস্তুতে হয় না। কিন্তু অন্তঃকরণ ত্রিকাল অর্থাৎ অতীত, অনাগত ও বর্ত্তমান, এই ত্রিকালাবস্থিত বস্তুর পরীক্ষক বা গ্রহীতা। অতীত ও অনাগত বিষয়ে বাহ্যেন্দ্রিয়ের কিছুমাত্র ক্ষমতা নাই। যে বস্তু সমীপে নাই, যে বস্তু বিদ্যমান নাই, চক্ষুঃ তাহাকে গ্রহণ করিতে পারে না। শ্রোত্রও পারে না, নাসিকাও পারে না, পদও পারে না, কেহই পারে না। কিন্তু মন পারে। মন কল্পনা শক্তির সাহায্যে সকলকেই গ্রহণ করিতে (বুঝিতে) পারে। বাক্-ইন্দ্রিয় যে ত্রৈকালিক বস্তুর উপর আধিপত্য করে, বুঝিতে হইবে, তাহাও অন্তঃকরণের প্রভাব। বাগিন্দ্রিয় অন্তঃকরণের অনুবাদ মাত্র করে, অন্য কিছু করে না। অর্থাৎ অন্তঃকরণ যাহা নিশ্চয় করে, বাক্য তাহা বাহিরে বহন করে মাত্র। "যুধিষ্ঠির ছিলেন, কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল, কল্কী অবতীর্ণ হইবেন, দেশের অবস্থা ভাল হইবে"—এবম্প্রকার অতীত ও অনাগত ভাব বাগিন্দ্রিয় স্বয়ং অবধারণ পূর্ব্বক ব্যক্ত করে না। মন ঐরূপ নিশ্চয় করিয়া দেয়, তাই বাক্য তাহা বাহিরে বহন করে। সেই কারণে বলা হইল, বাহ্যকরণ সাম্প্রতকাল অর্থাৎ বর্ত্তমান বস্তুর গ্রহীতা। আর অন্তঃকরণ ত্রৈকালিক বস্তুর গ্রহীতা। নদীর পূর্ণতা দেখিলেই জ্ঞান হয়, দেশান্তরে বৃষ্টি

হইয়াছে। ধূম দেখিলেই অনুমিত হয়, তন্মূলে বহ্নি আছে। পিপীলিকা-শ্রেণী ডিম্ব মুখে করিয়া সঞ্চরণ করিতেছে দেখিলে অনুমিত হয়, অচিরাৎ বৃষ্টি হইবে। এ সকল অবধারণ করা অন্তঃকরণেরই কার্য্য; বাহ্যকরণের নহে। অন্তঃকরণের তাদৃশ শক্তি থাকাতেই জগৎ এত উন্নত হইয়াছে ও হইতেছে। যুক্তি, তর্ক, বিজ্ঞান, যে কিছু ব্যাপার, সমস্তই অন্তঃকরণের মহিমা।*

অন্তঃকরণের সাহায্য ব্যতীত বাহ্যকরণের কিঞ্চিন্মাত্রও কার্য্য করিবার সামর্থ্য নাই। কিন্তু বাহ্যকরণের সাহায্য ব্যতীত অন্তঃকরণের অনেক বিষয়েই অধিকার আছে। মনে কর, যদি কখন বাহ্যেন্দ্রিয়গুলি একেবারে ক্রিয়াশূন্য বা ধ্বস্ত হয়, আর একমাত্র অন্তঃকরণ থাকে, তাহা হইলে অন্তঃকরণ কি তুষ্ণীম্ভাবে থাকিবে? থাকিবে না। অন্তঃকরণ পূর্ব্বদৃষ্ট, পূর্ব্বশ্রুত, পূর্ব্বালোচিত ও পূর্ব্বানুমিত বিষয় স্বীয় শরীরে আরোহণ করাইয়া বহুল বিচিত্র ক্রীড়া করিবেই করিবে। যদি কখন এমন ঘটনা হয় যে, বাহ্যেন্দ্রিয় আত্মলাভ করিল না, মনের নিকট বিষয়ার্পণও করিল না, পূর্ব্বেও করে নাই, তাহা হইলে অন্তঃকরণের কি দুর্গতি হয় বলা যায় না। বোধ হয়, সেরূপ হইলেও অন্তঃকরণ নির্ব্যাপার থাকে না। ফল, চক্ষু-শ্রোত্র নাসিকা-রসনা-ত্বক,—ইহাদের রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ, এই পাঁচটীর এক একটীতে অধিকার, কিন্তু মনের অধিকার পাঁচটীতেই। চক্ষুর অধিকার শব্দেতে নাই, শ্রোত্রের অধিকার রূপে নাই, কিন্তু মনের অধিকার উভয়েতেই আছে। বাক্, পাণি ও পাদ প্রভৃতি কর্ম্মেন্দ্রিয় পঞ্চকের মধ্যেও ঐ প্রথা বা নিয়ম আছে। অর্থাৎ একের বিষয়ে অপরের অধিকার নাই। বক্তব্য-বিষয়ে বাগিন্দ্রিয়ের

---

(১) "সাম্প্রতকালং বাহ্যং ত্রিকালমাভ্যন্তরং করণম্।" [কারিকা।]

অধিকার, গ্রহীতব্য-বিষয়ে মাত্র হস্তেন্দ্রিয়ের অধিকার। বক্তব্য বিষয়ে হস্তের অনধিকার এবং গ্রহীতব্য-বিষয়ে বাগিন্দ্রেয়ের অনধিকার দেখা যায়। ঐরূপ, প্রত্যেক ইন্দ্রিয়ের এক একটী নির্দ্দিষ্ট অধিকার আছে, পরন্তু মনের অধিকার অনির্দ্দিষ্ট অর্থাৎ সকল বিষয়েতেই আছে। সেই নিমিত্ত অন্তঃকরণ প্রধান, আর সব অপ্রধান অর্থাৎ অন্তঃকরণের অধীন *। এক্ষণে জিজ্ঞাস্য এই যে, মন যদি ইন্দ্রিয়ই হইল, তবে তাহার গোলক অর্থাৎ আশ্রয় স্থান কোন্ প্রদেশ ?

"মনের বাসভূমি কোথায় ?" কাপিল শাস্ত্রে ইহার নির্ণয় নাই। তবে সেশ্বরসাংখ্যকারের "নাভিতে বা হৃৎপদ্মে মন স্থির করিবে" এই উপদেশে ও সাংখ্যানুমত যোগীদিগের "ভ্রূমধ্যে চ মনঃস্থানং" ভ্রূযুগলের অভ্যন্তর প্রদেশে মনের স্থান, এই কথায় মস্তকাভ্যন্তরের কোন এক প্রদেশ মনঃস্থান বলিয়া স্বীকার করা যাইতে পারে। কোন কোন দর্শনে বর্ণিত আছে, হৃদয়াভ্যন্তরে মনঃস্থান। ফল মনঃস্থান অতি-দুর্বিজ্ঞেয়। প্রাণিগণের চিন্তা, ধ্যান ও সুখ-দুঃখাদি অনুভব প্রভৃতি মানসিক কার্যোৎপত্তি কালে বাহিরে যেরূপ মুখরাগাদি প্রকাশ প্রাপ্ত হয়, তাহাতে পূর্ব্বোক্ত স্থানদ্বয়ের অন্যতর স্থানই মনের বাসভূমি হওয়া সুসম্ভব।

ন্যায়াচার্য্যেরা বলেন, যখন চক্ষুঃ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়ের স্থান মস্তক, তখন মনেরও স্থান মস্তক। কারণ, মনঃ ও জ্ঞানেন্দ্রিয়—সমুদয় জ্ঞানের দ্বার। এ কথা শ্রুতিতেও আছে।

মন কি পদার্থ, মনের কোন আকার আছে কি না, মনের সহিত

---

* "সান্তঃকরণা বুদ্ধিঃ সর্ব্বং বিষয়মবগাহতে যস্মাৎ। তস্মাত্রিবিধং করণং দ্বারি দ্বারাণি শেষাণি।" [সাংখ্যকারিকা।

আত্মার কিরূপ সম্বন্ধ, মনের শক্তি ও অবান্তর প্রভেদ কত প্রকার, ঐ সকল কথা ক্রমশঃ উত্তর ভাগে বলা হইবে।*

যুক্তি ও যৌক্তিক জ্ঞান

এস্থানে আমরা অনুমান প্রমাণকে যুক্তি এবং তজ্জনিত অনুমিতিকে যৌক্তিক জ্ঞান শব্দে উল্লেখ করিলাম।

পূর্ব্বকথিত ঐন্দ্রিয়ক জ্ঞানের সহিত এই যৌক্তিক-জ্ঞানের অত্যন্ত ঘনিষ্ঠতা। সে জন্য ইন্দ্রিয়-পরীক্ষা প্রকরণোক্ত নিয়মগুলি এখানেও স্মরণ করা কর্ত্তব্য। ইন্দ্রিয়-পরীক্ষা প্রকরণের এক স্থানে বলা হইয়াছে "ইন্দ্রিয় কেবল বস্তুর সামান্য আকার গ্রহণ করে, বিশেষণ বিশিষ্ট জ্ঞান জন্মায় না। সে জ্ঞান মন ভিন্ন অন্য কাহারও উৎপাদ্য নহে। পূর্ব্ব কথিত প্রক্রিয়া সমূহের মধ্য হইতে আপাততঃ এই অংশটী মনে রাখিতে হইবে কারণ এই যে, এই অংশই যাবৎ যৌক্তিকজ্ঞানের বীজ, ভিত্তি, বা জীবন। অগ্নিকামী পুরুষ দূর হইতে ধূম দর্শন করিয়া, কুসুমার্থী গন্ধ আঘ্রাণ করিয়া, অনেক সময়ে অগ্নির নিমিত্ত ও কুসুমের নিমিত্ত ধাবিত হইয়া থাকে। কেন হয়? না, মনঃপ্রসূত যৌক্তিক জ্ঞান তাহাদিগের হৃদয়ে আরূঢ় হইয়া তাহাদিগকে উত্তেজনা করিতে থাকে—যাও—তুমি ঐদিকে

---

* আরও কিছু বলিয়া রাখি। ন্যায় ও বৈশেষিক মতে মন নিরবয়ব ও নিত্য। পরমাণুর ন্যায় সূক্ষ্ম। সেই জন্যই এককালে দুই বা ততোধিক জ্ঞান জন্মে না। মন এত সূক্ষ্ম যে, এক ইন্দ্রিয়ের সহিত সংযুক্ত হইলে তাহার আর প্রদেশ থাকে না। সুতরাং সেই সময়ে অপর ইন্দ্রিয়ের সহিত তাহার সংযোগ ঘটনা হয় না। রসনার কার্য্য রস গ্রহণ করা এবং ত্বকের কার্য্য শীতোষ্ণাদি গ্রহণ করা। ভোজন কালে ঐ দুই কার্য্য এককালে হয় বলিয়া মনে করি সত্য; পরন্তু উক্ত উভয় কার্য্য পূর্ব্বাপর ক্রমেই হইয়া থাকে। মধ্যে এত সূক্ষ্ম কাল

যাঁও—অগ্নি পাইবে, কুসুমও পাইবে। সূর্য্য উদয় হইয়াছেন, পুনঃ অস্ত যাইবেন। পুনর্ব্বার উদয় হইবেন। পুনর্ব্বার উদয় হইলে কল্য হইবে, কল্যের পর পরশ্বঃ, তৎপর তৎপরশ্বঃ, ইত্যাদিক্রমে সংগৃহীত একটী সহস্রসম্বৎসরাত্মক কালকে মনুষ্য একনিমেষপরিমিত কালের মধ্যে সংগ্রহ ও ধ্যানস্থ করিয়া শত সহস্র শিল্প, শত সহস্র দ্রব্যসম্ভার ও সহস্র সহস্র প্রাণিবল সাপেক্ষ বৃহত্তম কার্য্যে প্রবৃত্ত হয়। কেন হয়? না, যৌক্তিক জ্ঞান তাহাদিগের হৃদয়ে আরোহণ করিয়া প্রলোভন দেখায়—ইহা কর, এইরূপে কর, করিলে সুসম্পন্ন হইবে। অধিক কি, প্রাণিগণের যে কিছু কার্য্যপ্রবৃত্তি, সমস্তই যৌক্তিক জ্ঞানের মহিমা। যৌক্তিক জ্ঞান যদ্যপি প্রাণিহৃদয়কে উৎসাহিত না করিত, তাহা হইলে এ জগৎ এত উন্নত হইত না।

ব্যবধান থাকে যে, সে পূর্ব্বাপরীভাব লক্ষ্য হয় না। শাস্ত্রকারেরা এই ব্যাপারটী শতপত্রভেদ ন্যায় অবলম্বনে বুঝাইয়া দেন। শতপত্রভেদ ন্যায়ের মর্ম্ম এই যে, এক শত পদ্মপত্র একটা সূচী দ্বারা এক বেগে বিদ্ধ করিলে তাহা এককালে বিদ্ধ হইয়াছে বলিয়া মনে করা যায়। মধ্যে যে পূর্ব্বাপরীভাব আছে, কাল ব্যবধান আছে, তাহা আর লক্ষ্য হয় না। সেইরূপ, উক্ত জ্ঞানদ্বয়ের মধ্যে পূর্ব্বাপরীভাব থাকিলেও তাহা শীঘ্রতা নিবন্ধন উপলব্ধ হয় না।

ন্যায়শাস্ত্রে মনের আর একটি গুণ বর্ণিত আছে। গুণটীর নাম সংস্কার। সংস্কার অনেক প্রকার। কোন এক বস্তুতে বেগ উপস্থিত করিলে অথবা কোন বস্তুতে কিঞ্চিৎ চলনক্রিয়া উপস্থাপিত করিলে তাহাতে যে বেগ উৎপন্ন হয়, সে বেগ সংস্কারপদবাচ্য। আকুঞ্চন, প্রসারণ ও স্পন্দন, যদ্দ্বারা জন্মে, তাহাও সংস্কার নামের নামী। সংস্কার মতবিশেষে পার্থিব পরমাণুর গুণ, মতবিশেষে জল ও তৈজস পদার্থের গুণ। বস্তুর স্মরণ ও 'ইহা সেই বস্তু' ইত্যাকার প্রত্যভিজ্ঞা জ্ঞান যাহার প্রভাবে হয় তাহাও সংস্কার। এই ত্রিবিধ সংস্কারের মধ্যে প্রথম ও দ্বিতীয় মনের ধর্ম্ম, তৃতীয়টী আত্মার ধর্ম্ম।

শরীরবিদ্যা বিশারদ মহর্ষি চরকাচার্য্য বলিয়াছেন, ইন্দ্রিয় ও মন আত্মার সহিত সংযুক্ত হইলে আত্মার চৈতন্য গুণ জন্মে। আত্মার চেতয়িতা মন, ইন্দ্রিয়গণের প্রেরয়িতা মন, বেগ-স্পন্দন-আকুঞ্চন-প্রসারণ—সমুদায় শারীর

সাংখ্যমতে ব্যবহারযোগ্য দৃশ্য পদার্থের সৃষ্টিকর্ত্তা দুই ব্যক্তি। প্রকৃতি ও পুরুষ। কোন কোন মতে ঈশ্বর ও জীব। প্রকৃতি মহত্তত্ত্বাদি ক্রমে ভূত-ভৌতিক বহুল পদার্থে পরিণতা হইতেছেন; জীবভাবাপন্ন পুরুষ সেই গুলি লইয়া যৌক্তিকজ্ঞান সহায় মনের সাহায্যে নানাবিধ বাহ্য দৃশ্যের নির্ম্মাণ করতঃ জগতের বৈচিত্র্য সম্পাদন করিতেছে। পরমেশ্বরবাদীরা বলেন, এই বিচিত্র জগৎ ঈশ্বর ও জীব, এই দুএর কর্তৃত্বে পরিব্যাপ্ত। ঈশ্বর যাহা সৃষ্টি করিয়াছেন তাহা এক প্রকার; জীব যাহা সৃষ্টি করে তাহা অন্য প্রকার। জীব ঈশ্বরসৃষ্ট পদার্থ লইয়া তাহার উপর কিঞ্চিৎ কল্পনা প্রয়োগ ও কিঞ্চিৎ রূপান্তর মাত্র সাধন করে। ঈশ্বর জল, বায়ু ও তেজঃ প্রভৃতি সৃষ্টি করিয়াছেন, জীব সেই গুলি লইয়া গৃহ, কুড্য, ঘট, পট ইত্যাদি নির্ম্মাণ করিতেছে। ঈশ্বর মনুষ্য সৃষ্টি করিয়াছেন, জীব তাহারই উপর পিতৃভাব, মাতৃভাব ও স্ত্রীভাব, ভ্রাতৃভাব প্রভৃতি কল্পনা করিতেছে। ঈশ্বর ও জীব উভয়ের উভয়বিধ কর্তৃত্ব থাকাতেই জগতের এত বিচিত্রতা। আর এক কথা এই যে, ঈশ্বরের কর্তৃত্ব দৃঢ়, অনশ্বর ও স্বাধীন; পরন্তু জীবের কর্তৃত্ব ক্ষণভঙ্গুর ও নশ্বরত্বাদিদোষাক্রান্ত। যাহা ঈশ্বর হইতে উৎপন্ন তাহাই সৃষ্টি, যাহা জীব হইতে জন্মে তাহা সৃষ্ট নহে, তাহা নির্ম্মাণ। এ

ক্রিয়ার জনক ও উত্তেজক মন। চরকাচার্য্যের এই কথায় মনের বা মনের আধারের তড়িন্ময়ত্ব কল্পনা করা যাইতে পারে। বোধ হয়, আর্য্য ঋষিরা বিদেশীয়দিগের কল্পিত তাড়িত পদার্থকেই পার্থিব, জলীয়, বায়বীয় ও তৈজস পরমাণু বৃত্তি বেগাখ্যসংস্কার নামে পরিভাষিত করিয়া গিয়াছেন। ভুক্ত দ্রব্যের পরিপাকে যে মস্তিষ্ক জন্মে, তাহাতে উক্ত চতুর্ব্বিধ পরমাণুরই প্রবেশ থাকে। সুতরাং বলা যাইতে পারে, তাহাতে তাড়িত বা বেগাখ্যসংস্কার থাকে ও তাহাই মস্তিষ্কে থাকিয়া আত্মাকে সচেতন করে, ইন্দ্রিয়দিগকে কার্য্যোন্মুখ করায়, লজ্জা নামক আকুঞ্চন আহ্লাদ নামক প্রসারণ ও ভয় কম্পাদি নামক পরিস্পন্দনাদি নির্ব্বাহ করে।

কথা ঈশ্বরসেবকেরা সর্ব্বদাই ঘোষণা করেন, কিন্তু ঈশ্বরনাস্তিক সাংখ্যের মনোভাব অন্যবিধ। সাংখ্য বলেন, ঈশ্বর নিজে অসিদ্ধ, সেজন্য তাঁহার কর্ত্তৃত্বও অসিদ্ধ। প্রকৃতি ভিন্ন অন্য কাহারও কর্ত্তৃত্ব নাই। কর্ত্তৃস্বভাবা প্রকৃতির আবেশে প্রকৃতির কর্ত্তৃত্বই অকর্ত্তা জীবে আরোপিত হইয়া থাকে, অল্পজ্ঞ মানব তাহা না বুঝিয়া ঈশ্বর ঈশ্বর করিয়া ব্যাকুল হয়।

প্রকৃতিসমালিঙ্গিত পুরুষই জীব এবং জীবই প্রকৃতির নিকট তদীয় শক্তি, সামর্থ্য বা ক্ষমতা পাইয়া ঈশ্বর।* ইহাই সাংখ্যের সিদ্ধান্ত এবং ইহারই অনুকূলে সাংখ্য অনেক প্রকার যুক্তি দেখাইয়াছেন। কর্ত্তৃত্ব না থাকিলেও জীব প্রকৃতির কর্ত্তৃত্বে কর্ত্তা হইয়াছেন। সেই জন্যই পুনঃ পুনঃ বলিতেছি, কাল্পনিক কর্ত্তৃত্বশালী জীব, আর প্রকৃত কর্ত্রী প্রকৃতি। উভয়ের উভয়বিধ কর্ত্তৃত্বে এই জগদ্‌যন্ত্র সুনিয়মে চলিতেছে, বিশৃঙ্খল হইতেছে না। জীব যাহা করিতেছে তাহা নির্ম্মাণ; যাহা প্রকৃতি হইতে সমুদ্ভূত হইয়াছে, হইতেছে ও হইবে তাহা সৃষ্টি।

জৈবিক-নির্ম্মাণ দুই প্রকার। প্রথমতঃ আন্তর, মনে মনে গড়া, পশ্চাৎ বাহ্য। আন্তর-নির্ম্মাণের এমনি আশ্চর্য্য প্রণালী যে, যে দৃশ্যের নির্ম্মাণে একটী সুদীর্ঘ কাল, অসংখ্য দ্রব্য, বহুল লোক-বল আবশ্যক হয়, সে দৃশ্যের আন্তর-নির্ম্মাণে সে সকলের কিছুই আবশ্যক বা প্রয়োজন হয় না। জীব ক্ষণপরিমিত কালের মধ্যে বিনা দ্রব্যে বিনা সাহায্যে এমন এক দৃশ্য নির্ম্মাণ করিতে পারে যে, সে দৃশ্যের বহির্নির্ম্মাণে অন্যূন দশ সহস্র শিল্পী, শত সহস্র দ্রব্য ও অখণ্ডদণ্ডায়মান একটী দীর্ঘতম কাল ব্যয়িত হইলেও তাহা সুসম্পন্ন হয় কি না সন্দেহ। আন্তরসৃষ্টি ও বাহ্যসৃষ্টি এই দুএর মধ্যে উক্ত প্রকার প্রভেদ বিদ্যমান আছে। আমরা পল্লী, গ্রাম, নগর, সেতু, অট্টালিকা প্রভৃতি যে কিছু দৃশ্যপরিপাটী পাই সে,

---

* "ঈশ্বরেণাপি জীবেন সৃষ্টং দ্বৈতং বিবিচ্যতে। [দ্বৈতবিবেক।

সমস্তই এক সময়ে না এক সময়ে জীবের অন্তরে ছিল। অন্তরে না থাকিলে জীব কদাপি তাহা বাহিরে আনিতে পারিত না। জীব অগ্রে মনে মনে নির্ম্মাণ করে, পশ্চাৎ বাহিরে নির্ম্মাণ করে। মনে যাহার নির্ম্মাণ করা গেল না, তাহা বাহিরেও নির্ম্মিত হইবে না। এই নিয়ম সার্ব্বভৌমিক এবং অব্যভিচারী *।

যুক্তি ও যৌক্তিক জ্ঞান বলিতে গিয়া কতকটা অপ্রাসঙ্গিক কথা বলিতে হইল। অপ্রাসঙ্গিক হইলে ও ঐ সকল কথা প্রকৃত বিষয়ের নিতান্ত অনুপযোগী নহে। যুক্তির সহিত বাহ্যবস্তুর এরূপ ঘনিষ্ঠ সম্বন্ধ ও সংস্রব আছে যে, যুক্তির ছায়ামাত্র ব্যক্ত করিতে গেলে লিখিত প্রসঙ্গ আপনা হইতেই আত্মলাভ করে। বিশেষতঃ বাহ্যবস্তুর সহিত মানব মনের সম্বন্ধ, এক পদার্থের সহিত অপর পদার্থের আশ্চর্য্য সহচরভাব, যুক্তির স্বভাব এবং যৌক্তিক জ্ঞানের মহিমা, এ সকল চিন্তা করিলে আপনা-আপনি আশ্চর্য্যান্বিত হইতে হয়। সুতরাং ঐ সকল বিষয় কতকটা পর্য্যালোচনা না করিলেও যুক্তির প্রকৃত চিত্র বুঝা ও বুঝান সুকঠিন। অন্ততঃ সেজন্যও কিঞ্চিৎ বলিতে হইল।

শ্রদ্ধালু আস্তিক ঈশ্বরবাদী পুরুষেরা বলেন,—

'কিমীহঃ কিং কায়ঃ স খলু কিমুপায়স্ত্রিভুবনং
কিমাধারো ধাতা সৃজতি কিমুপাদান ইতি চ।"

ঈশ্বর জগৎ সৃষ্টি করিয়াছেন; কিন্তু তিনি কি প্রকারে, কি কৌশলে কিরূপ প্রযত্নে, কোথায় থাকিয়া, কি দিয়া নির্ম্মাণ করিলেন? যদি এই সকল প্রশ্নের প্রত্যুত্তর চাও, তথ্য বুঝিতে চাও, তবে যুক্তিকুশল সংস্কৃতাত্মা লৌকিক পুরুষের আন্তর-সৃষ্টি পর্য্যালোচনা ও তাহার অনুসরণ

---

* "মনসাঽর্থান্ বিনিশ্চিত্য পশ্চাৎ প্রাপ্নোতি কর্ম্মণা।"
সংখ্যাতুং নৈব শক্যানি কর্ম্মাণি পুরুষর্ষভ।
অগারনগরাণাং হি সিদ্ধিঃ পৌরুষহেতুকী। [মহাভারত।

কর। সমাহিত হইয়া চিন্তা কর, করিলে বুঝিতে পারিবে যে, ঈশ্বর কি প্রকারে, কি কৌশলে, কেমন করিয়া বিচিত্র জগৎ সৃষ্টি করিয়াছেন। সৃষ্টিতত্ত্ব বুঝিবার সোপান বা বীজ এই যে, এক সময়ে ইহা ঈশ্বরের সংকল্পে ছিল, পশ্চাৎ ইহা বাহিরে নির্ম্মিত হইয়াছে*। বস্তুতঃই সঙ্কল্পাত্মক যৌক্তিক জ্ঞানের মহিমা, শক্তি পরিমাণ কিছুরই ইয়ত্তা নাই। তাদৃশ মহিমান্বিত যৌক্তিক জ্ঞানের সহিত কাহার না পরিচয় থাকা উচিত? উচিত সত্য; পরন্তু তৎপক্ষে এক বলবৎ প্রতিবন্ধক আছে। প্রতিবন্ধক এই যে, প্রকৃত যুক্তি ও প্রকৃত যৌক্তিক জ্ঞান যুক্ত্যাভাস ও যৌক্তিকাভাস সহ একত্র বসতি করে। সেইজন্য প্রকৃত যুক্তি ও প্রকৃত যৌক্তিক জ্ঞান চেনা সুকঠিন। চিনিতে না পারিলে যুক্ত্যাভাসের অনুগামী হইতে হয়, যুক্ত্যাভাসের অনুগামী হইলেই প্রতারিত হইতে হয়। অতএব যে উপায়ে হউক, যুক্তির প্রকৃত রূপ ও প্রকৃত পদ্ধতি জ্ঞাত হওয়া উচিত। মানিলাম যুক্তিপদ্ধতি জানা উচিত; কিন্তু তাহা জানিবার উপায় কি? যুক্তি অসংখ্য, তজ্জনিত জ্ঞানও অসংখ্য। অসংখ্য যুক্তির ও যৌক্তিক জ্ঞানের এক একটী করিয়া চিনিতে হইলে সমস্ত জীবন ব্যয়িত করিলেও শেষ হইবে না। যদি প্রকৃত যুক্তির কোনরূপ লক্ষণ থাকে, তাহা হইলে সেই লক্ষণ অনুসারে প্রকৃত যুক্তি চেনা যাইতে পারে। "ঋষয়োঽপি পদার্থানাং নান্তং যন্তি পৃথকত্বশঃ। লক্ষণেন তু সিদ্ধানাম্ অন্তং যান্তি বিপশ্চিতঃ॥" লক্ষণ জানা থাকিলে অবশ্যই তদ্দ্বারা তজ্জাতীয় সমস্ত পদার্থের অবগতি হইতে পারে। সে জন্য, যুক্তির স্বরূপ লক্ষণ কি তাহা অগ্রে অনুসন্ধেয়।

ইহ জগতে দেখা যায়, পৃথক্ পৃথক্ একত্রিত ও পূর্ব্বাপরী ভাবে অর্থাৎ কার্য্যকারণভাবে অবস্থান করে, এরূপ পদার্থ অসংখ্য। তন্মধ্যে যাহার সহিত যাহার সহাবস্থান বা অবিনাভাব (এক সঙ্গে থাকা) দেখা

---

* "স ঐক্ষত বহুঃ স্যাং প্রজায়েয়।" [শ্রুতি।

যায় এবং সেই সহাবস্থান বা অবিনাভাব স্বাভাবিক বলিয়া অবধারিত হয়, তাহার একটীর উপলব্ধি হইলে অন্যটির সহিত তাহার যে পূর্ব্বদৃষ্ট স্বাভাবিক অবিনাভাব আছে, তাহা স্মৃতিপথারূঢ় হইয়া তদবিনাভূত পদার্থের জ্ঞান জন্মাইয়া দেয়। ঐনিয়মেই হেতু দর্শনে অদৃশ্য হেতুমৎ পদার্থের জ্ঞান হইয়া থাকে। অদৃশ্য ও দুর্ব্বোধ্য পদার্থের জ্ঞান উৎপাদনার্থ হেতুপ্রদর্শনাদিসন্দৃব্ধ (পর পর সাজান) বাক্য বিশেষই যুক্তি ও তজ্জনিত সত্য জ্ঞানই এস্থলে যৌক্তিক জ্ঞান। যুক্তি ও যৌক্তিক জ্ঞানের অন্য নাম সাঙ্খ্যাদি শাস্ত্রে অনুমান ও অনুমিতি।

লক্ষণটী কাপিল সূত্রের অনুযায়ী। সূত্রকার মাত্রেই সংক্ষেপ বক্তা। অল্প কথায় নানাবিধ অর্থের ও রীতি পদ্ধতির সূচনা মাত্র করাই সূত্রের উদ্দেশ্য। স্পষ্ট করিয়া বলা আচার্য্যদিগের রীতি, সূত্রকারদিগের নহে। সূত্রকারেরা স্পষ্ট করিয়া বলেন না বলিয়া আচার্য্যেরা সে সমস্ত স্পষ্ট করিয়া বলেন। যে পথে যে রীতিতে যে প্রকারে সূত্রস্থ যে যে কথার যে যে অর্থ বিস্তৃত করিতে হইবে, বক্তব্য বিষয়ের শরীর যেরূপে চিত্রিত করিলে স্পষ্ট হইবে, সে সমস্তই সূত্রমধ্যে আংশিকরূপে নিহিত থাকে, আচার্য্যেরা সেই সেই অংশ অবলম্বন করিয়া তাহাকে বিস্তৃত করেন। যুক্তির ও যৌক্তিক জ্ঞানের লক্ষণ যাহা বলা হইল তাহা সূত্রানুসারী বলিয়া স্পষ্ট হয় নাই, নির্দ্দোষও হয় নাই। এজন্য তাহা পুনরপি আচার্য্যদিগের রীতিতে বলা আবশ্যক। যদি সম্পূর্ণ আচার্য্য রীতিতে বলিতে যাই তাহা হইলে এ প্রস্তাব এত বিস্তীর্ণ হইবে যে, কেবল এই বিষয়েরই নিমিত্ত একখানি পুস্তক না লিখিলে পর্য্যাপ্ত হইবে না। কাযেই অবিকল আচার্য্য রীতির অনুসরণ না করিয়া কেবল অবশ্য বক্তব্য অংশগুলি বিবৃত করা যাউক।

কোন এক পদার্থ কোন এক পদার্থের সহিত নিয়ত অবস্থান করে। কোন এক বস্তুর অভাব হইলে অন্য এক বস্তুর অভাব হয়। কোন এক

পদার্থ উৎপন্ন হইলে তৎসঙ্গে বা তাহার অব্যবহিত পরে অন্য এক পদার্থ জন্মগ্রহণ করে। কোন এক বস্তুর জ্ঞান হইলে তৎসহচর অন্য বস্তুর জ্ঞান হয়। ইত্যাদিপ্রকারে এক পদার্থের সহিত অপর পদার্থের যে অবিনাভাব অর্থাৎ স্বাভাবিক অবিযুক্তভাব থাকার নিয়ম দৃষ্ট হয়, সেই নিয়মান্বিত স্বাভাবিক সম্বন্ধের অন্য নাম অবিনাভাব ও ব্যাপ্তি। ন্যায়াদিশাস্ত্রে অবিনাভাববিশিষ্ট বা ব্যাপ্তিবিশিষ্ট বস্তু ব্যাপ্য ও যাহার সহিত যে পদার্থের ব্যাপ্তি সে পদার্থ ব্যাপক নামে পরিভাষিত হইয়াছে। পদার্থের সহিত পদার্থের যে ব্যাপ্যব্যাপক সম্বন্ধ আছে, তাহা অনুসন্ধান দ্বারা জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক। যে পুরুষ তাহা পূর্ব্ব হইতেই জানে সেই পুরুষই যুক্তিরচনায় কুশল হয়। বহ্নির সহিত ধূমের ও চলন ক্রিয়ার সহিত বেগের ব্যাপ্তি বা অবিনাভাব আছে, তাহা দেখিয়া দেখিয়া যত্তপি কোন মনুষ্যের সংস্কার জন্মে যে ধূম * থাকিলেই বহ্নি থাকে এবং বেগ উপস্থিত করিলেই তদাশ্রিত পদার্থের চলন হয় তাহা হইলে সেই মনুষ্যের নিকটেই তৎসম্বন্ধীয় যুক্তি স্বীয় শরীর বিস্তার করিবে, অন্যের নিকট করিবে না। সেই মনুষ্যই ধূম দেখিলে তন্মূলে বহ্নি থাকা বিশ্বাস করিবে অন্যে করিবে না। এ বিষয়ে সংক্ষেপ কথা এই যে, ব্যাপ্য পদার্থ ব্যাপক পদার্থের বোধক বলিয়া তদ্ঘটিত বাক্য-সন্দর্ভ শাস্ত্রীয় ভাষায় যুক্তি নামে পরিচিত।

---

* ধূম ও বাষ্প অত্যন্ত ভিন্ন পদার্থ। বাষ্পে অন্য পদার্থের লেশমাত্র নাই কিন্তু ধূমে আছে। বাষ্পে কেবল কতকগুলি জলীয় পরমাণু আছে। ধূমে পার্থিব পরমাণুও আছে। ধূমের পার্থিবাংশে কজ্জল ও ঝুল জন্মে। একটি তৈজস পাত্রের গাত্রে স্নেহদ্রব্য ম্রক্ষণ করিয়া ধূমোদ্গম স্থানে ধৃত করিলে ধূমের সমস্ত পার্থিবাংশ ঐ পাত্রের গাত্রে আবদ্ধ হইবে। যদি কেহ বিশুদ্ধ পৃথিবী ধাতুস্বরূপ জানিতে ইচ্ছা করেন তবে তিনি কজ্জলের প্রতি দৃষ্টিপাত করুন। জলের স্বাভাবিক রূপ ভাস্বর

কোথাও ব্যাপ্তি দর্শন হইলে তাহা স্বাভাবিক কি অস্বাভাবিক, পরীক্ষা করিতে হয়। যদি পরীক্ষায় নিশ্চয় হয় যে, সে ব্যাপ্তি স্বাভাবিক নহে, পদার্থান্তরের সংসর্গে ঘটিয়াছে, তাহা হইলে সে ব্যাপ্তি ঔপাধিক বলিয়া পরিত্যাজ্য। যদি পরীক্ষা করিলেও পদার্থান্তর-সংযোগ লক্ষ্য না হয়, তাহা হইলে অনৌপাধিক বা স্বাভাবিক বলিয়া গ্রাহ্য।

উদাহরণ। কোথাও ধূম ও বহ্নির সামানাধিকরণ্য অর্থাৎ এক স্থানে অবস্থান দেখিলে, ধূম ও বহ্নি, এতদুভয়ের কোন্‌টীর সহিত কোন্‌টীর অবিনাভাব তাহা লক্ষ্য করিবে। বহ্নির সহিত ধূমের? কি ধূমের সহিত বহ্নির? অর্থাৎ ধূমের নিয়মিত সহচর বহ্নি? কি বহ্নির নিয়মিত সহচর ধূম? যদি বহ্নির সহচর ধূম, তাহা হইলে বহ্নি দৃষ্টে ধূমের অনুমান এবং যদি ধূমের সহচর বহ্নি, তবে ধূম দর্শনে বহ্নির অনুমান হইবে। অতএব কোনটীর সহিত কোনটীর বাস্তব অবিনাভাব তাহা পরীক্ষার দ্বারা

শুক্ল। "যৎ কৃষ্ণং তৎ পৃথিবী, যৎ শুক্লং তদপাং" ইত্যাদি বৈদিকবাক্যে ঐ তথ্য গ্রথিত আছে। অর্থ এই যে, পৃথিবী কৃষ্ণবর্ণ ও জল শুক্লবর্ণ। ধূমে পার্থিবাংশ আছে। বাষ্পে কেবল জল আছে। বায়ুর অংশ থাকিলেও তাহা এস্থলে ধর্ত্তব্য নহে। কেন না, বায়বীয় পরমাণুর দ্বারা কঠিন স্পর্শ জন্মে না এবং সে নিজেও ঘনীভূত হয় না। তন্নিবন্ধন ধূম অপেক্ষা বাষ্প শুভ্রবর্ণ (ফ্যাঁকাশে বর্ণ) দেখায়। ধূমে পার্থিবাংশ আছে বলিয়া, যে বস্তুতে ব্যাপক কাল ধূমস্পর্শ হয় সে বস্তু মলিন হয়। কিন্তু শতবৎসর বাষ্পস্পর্শ হইলে, সে পদার্থ মলিন হইবে না, প্রত্যুত বাষ্প স্বীয় জলাংশ দ্বারা সে বস্তুকে আর্দ্র রাখিবে। অপিচ বাষ্প ও ধূম এককারণোৎপন্ন নহে। ধূমের কারণ সাধারণ উষ্মতা ব্যতিরেকে বাষ্প জন্মিতে পারে না। উষ্মতা, গভীরজল জলাশয়ে বাস করে, অগ্নি প্রভৃতি তৈজস পদার্থেও বাস করে। শীতকালে যে জলাশয় হইতে বাষ্প উত্থিত হয়, সে বাষ্পেরও কারণ উষ্মতা। জলের মধ্যে উষ্মা থাকে কি না তাহা তিনিই অনুধাবন করিতে পারিবেন, যিনি শীতকালের অতি প্রত্যুষে নদীজলে স্নান করিয়াছেন। শীতকালের প্রত্যুষে নদীজল ও বৃষ্টির সময় জলাশয়ের জল গরম হয় কেন তাহা অন্যত্র বর্ণিত হইবে।

নির্ণেয়। অন্য প্রকারের নহে; দাহ্য পদার্থের সংযোগ বিয়োগ বা প্রক্ষেপ নিক্ষেপ করাই পরীক্ষা। এক দাহ্য বিযুক্ত করিয়া অন্য দাহ্য সংযুক্ত কর দেখিতে পাইবে, কে কাহার সহচর। বহ্নি জলীয় পরমাণু-বহুল (ভিজে কাঠে) দাহ্য দাহকালে ধূম জন্মায়, তৈজস পদার্থ দাহ কালে ধূম জন্মায় না। বহ্নিমধ্যে কাষ্ঠ নিক্ষেপ করিলেই ধূম জন্মে, সুবর্ণ নিক্ষেপ করিলে ধূম জন্মে না। এই পরীক্ষায় স্থির হইয়াছে যে, বহ্নি যখন স্থল-বিশেষে ধূমবিযুক্ত হয়, তখন বহ্নির সহিত ধূমের ব্যাপ্তি নহে; ধূমের সহিতই বহ্নির ব্যাপ্তি। বহ্নির সহিত ধূমের ব্যাপ্তি দেখা গিয়াছিল সত্য; পরন্তু তাহা ঔপাধিক। অর্থাৎ তাহা পদার্থান্তরের সংযোগ বশতঃ। এ নির্ণয়ের ফল এই যে, কোথাও অবিচ্ছিন্নমূল ধূম দেখিলে, তন্মূলে বহ্নি প্রাপ্তির আশা করিতে পারিবে, কিন্তু বহ্নি মাত্র দেখিয়া কজ্জল সম্পাদনের নিমিত্ত ধূমের আশা করিতে পারিবে না।

যে কারণ দ্রব্য ব্যাপ্তির বা অবিনাভাবের অস্বাভাবিকত্ব নির্ণয় হয়, সেই কারণ দ্রব্যে উপাধি নামে খ্যাত। সজল দাহ্য সংযোগ বহ্নির সহিত ধূমের সহাবস্থান নির্ণয় করায়, সেজন্য সজল দাহ্যসংযোগ তদ্বহ্নির উপাধি। এই উপাধিই বলিয়া দিবে ধূম থাকিলে সে স্থানে বহ্নি থাকিবে, কিন্তু বহ্নি থাকিলে তদুপরি ধূম না থাকিতেও পারে।

উপাধি দ্বিবিধ। শঙ্কিত ও সমারোপিত। উপাধি দৃষ্ট হইলে তাহা সমারোপিত। শঙ্কামাত্র উপস্থাপিত করিলে তাহা শঙ্কিত। সমারোপিত উপাধি অনুমানের বাধক এবং শঙ্কিত উপাধি তাহার সন্দেহ মাত্রের জনক। উপাধি থাকার শঙ্কা তর্কের দ্বারা তিরোহিত হইতে পারে।

ধূম থাকিলেই তন্মূলে বহ্নি থাকে, এই একটী স্বাভাবিক ব্যাপ্তির স্থল। তদনুসারেই ধূম দর্শনে বহ্নির অনুমিতি হয়। বহ্নি ধূমমূলে থাকে কি না সে আশঙ্কা হয় না। হইলে তর্ক প্রয়োগে তাহা নিবারিত হয়।

তর্ক। "কার্য্য (জন্য পদার্থ) মাত্রেরই অব্যবহিত পূর্ব্বে কারণ (জনক) সংলগ্ন থাকে। কোন লোকে ও কোন কালে তাহার অন্যথা হয় না। বহ্নির কার্য্য ধূম, সেইজন্য ধূমমূলে বহ্নিকে অবশ্যই থাকিতে হয়। ধূম যদি বহ্নি ব্যতীত অন্য বস্তু হইতে জন্মিত, তাহা হইলে ধূমমূলে বহ্নির অনবস্থান সম্ভাবনা হইত। ধূম যখন বহ্নি ব্যতীত জন্মলাভ করে না, তখন, ধূমমূলে ধূমধ্বজ বহ্নি না থাকিবে কেন?" তর্ক এইরূপে উল্লিখিত আশঙ্কার নিবারক হয়। *

প্রোক্তলক্ষণাক্রান্ত স্বাভাবিক ব্যাপ্তি ত্রিবিধ। যথা—অন্বয়ী, ব্যতিরেকী ও অন্বয়ব্যতিরেকী। থাকিলে থাকে, এই প্রণালীর ব্যাপ্তি অন্বয়ী। যেমন ধূম থাকিলে তন্মূলে বহ্নি থাকে। না থাকিলে থাকে না, এই প্রণালীর ব্যাপ্তি ব্যতিরেকী। যেমন বহ্নি না থাকিলে ধূমও থাকে না অথবা কারণের অভাবে কার্য্যেরও অভাব হয়। থাকিলে থাকে, না থাকিলে থাকে না, এই উভয়মুখী ব্যাপ্তি অন্বয়ব্যতিরেকী। আর্দ্রদাহের যোগ থাকিলে ধূম থাকে, না থাকিলে থাকে না। কথিতপ্রকারে, পদার্থের সহিত পদার্থের যে স্বাভাবিক ব্যাপ্তি আছে তাহা সম্যক্‌রূপে জ্ঞাত হইতে পারিলেই যুক্তিকুশল হওয়া যায়। কিন্তু বহুদর্শন ও বহু পরীক্ষা ব্যতীত অবগত হওয়া যায় না। পণ্ডিতগণ বলেন, ব্যাপ্তিনিশ্চয় হওয়া ভূয়োদর্শন সাপেক্ষ। পদার্থের স্বভাব, পরিণাম, জাতি, সম্বন্ধ ও কার্য্যকারণ ভাব

---

* তর্ক স্বয়ং প্রমাণ নহে। প্রমাণগত সংশয়াদির নিরাসক মাত্র। যেখানে যে প্রকার তর্কের উপযোগ, সেখানে সেই প্রকার তর্ক যোজিত করিতে হয়। তর্কের ভিত্তি প্রায়ই কায্যকারণভাব। কার্য্যকারণভাব বজায় রাখিয়া যুক্তির শরীর বিস্তার করার নাম তর্ক। ধূম ও বহ্নির ব্যাপ্তি আছে কিনা, জানিবার জন্য যে তর্ক অবতারিত হয়, তাহাও কার্য্যকারণভাব ঘটিত। দার্শনিক পণ্ডিতেরা তাহা সংস্কৃত ভাষায় "ধূমো যদি বহ্নিব্যভিচারী স্যাৎ তদা ধূমজন্যোঽপি ন স্যাৎ।" ইত্যাদি প্রকারে ব্যক্ত করিয়া থাকেন।

বার বার পর্য্যবেক্ষণ করা আবশ্যক *। যিনি ইহলোকে যে পরিমাণে ব্যাপ্তিজ্ঞানসম্পন্ন হইতে পারিবেন, তিনি সেই পরিমাণে যুক্তিকুশল হইবেন। ব্যাপ্তি দুই বা তততোধিক পদার্থ ঘটিত। তন্মধ্যে একটী বাপ্য ও অপরটী ব্যাপক। "যাহার সহিত" এই অংশের দ্বারা যাহাকে লক্ষ্য করা হইয়াছে তাহা ব্যাপ্য। "যাহার অবিনাভাব" এই অংশের দ্বারা যাহাকে বলা হইয়াছে তাহা ব্যাপক। ব্যাপ্যের নামান্তর হেতু ও লিঙ্গ; ব্যাপকের নামান্তর সাধ্য ও প্রতিজ্ঞা। সাধ্যের বা প্রতিজ্ঞার আধার বা আশ্রয় পক্ষ নামে পরিচিত।

---

* "কার্য্যকারণভাবাদ্বা স্বভাবাদ্বা নিয়ামকাৎ।
অবিনাভাবনিয়মো দর্শনান্তরদর্শনাৎ॥" [মাধবাচার্য্য।

ধূম বহ্নির দৃষ্টান্ত সকলেই বুঝিতে সমর্থ। সেই জন্যই সূক্ষ্ম পদার্থ অবলম্বন না করিয়া ধূম ও বহ্নি লইয়া কথাগুলি বলা হইল। অপিচ, সংস্কার যদি ভ্রমদোষে দুষ্ট থাকে তবে তন্মূলক যুক্তিও মিথ্যা হইবে। যে বস্তু দেখিয়া যুক্তি রচনা করিবে সেই বস্তু যদি ঠিক দেখা না হয় তবে তদুত্থ যুক্তি ঠিক হইবে না।

বাষ্পে ধূম-ভ্রম হইলে, সেই ভ্রমগৃহীত ধূমের দ্বারা বহ্নির সত্তা অবধারিত হইবে না, কিন্তু তৎপ্রদেশে সাধারণ উষ্মতার সত্তা অনুমিত হইবে।

হেতুটী নির্দ্দোষ হওয়া আবশ্যক। হেতুতে কোন প্রকার দোষ থাকিলে তদ্দ্বারা সত্য লাভের আশা করা যাইতে পারিবে না। এজন্য হেতুটী সদোষ কি নির্দ্দোষ তাহা বিবেচনা করা আবশ্যক। দোষ থাকে পরিত্যাগ কর—না থাকে গ্রহণ কর—এই নিয়ম সর্ব্বত্র অনুস্যূত থাকিবে। হেতুর নির্দ্দোষতা স্থির হইলে, ব্যাপ্তিরও স্বাভাবিকত্ব স্থিরীকৃত হইবে। সদোষ হেতুকে শাস্ত্রকারেরা 'হেত্বাভাস' বলিয়া থাকেন। হেত্বাভাসের অর্থ এই যে, দেখিতে হেতুর ন্যায় কিন্তু তাহা বাস্তবিক হেতু নহে। হেত্বাভাস পাঁচ প্রকার। সব্যভিচার, বিরুদ্ধ, অসিদ্ধ সৎপ্রতিপক্ষ ও বাধিত। এই সকল দোষযুক্ত হেতু বিবরণ সংক্ষেপে এইমাত্র বলা যাইতে পারে যে,

যুক্তির লক্ষণ বলা উপলক্ষ্যে এপর্য্যন্ত অংশ অংশ করিয়া যে কিছু বলা হইল, তত্তাবৎ একত্রিত বা একযোগ করিলে তদ্দ্বারা এইরূপ নিষ্কর্ষ লব্ধ হয়।—পরীক্ষাশীল বহুদর্শী ব্যক্তি বস্তুর স্বভাব বা শক্তি, পরিণাম, গুণ, জাতীয়ভাব, কার্য্যকারণ ভাব ও একের সহিত অপরের সেই সেই সম্বন্ধ বারংবার পর্য্যবেক্ষণ করেন বলিয়া তত্তাবতের জ্ঞান তাঁহার অন্তরে সংস্কার-বদ্ধ হইয়া থাকে। তাদৃশ ব্যক্তি যখন যে পদার্থ দেখেন, অথবা মনে মনে ধ্যান করেন, তখনই তাঁহার সেই সকল পূর্ব্বসঞ্চিত জ্ঞানসংস্কার উদ্বুদ্ধ হয়। সংস্কারের উদ্বোধ হইবামাত্র ইহা অমুক বস্তু,—ইহার সহিত অমুকের ঈদৃশ সম্বন্ধ'—ইত্যাদি প্রকার পূর্ব্বালোচিত সমস্ত ভাব স্মৃতি-পথাগত হয়। অনন্তর সেই স্মরণাত্মক জ্ঞান আনুপূর্ব্বীরূপে সজ্জিত হইয়া যে জ্ঞান প্রসব করে, সেই জ্ঞানই যৌক্তিক জ্ঞান ও তৎপ্রকাশক বাক্য-সন্দর্ভই 'যুক্তি'। যৌক্তিক জ্ঞান অব্যভিচারী ও তাহার অন্য নাম অনু-মিতি। যৌক্তিক-জ্ঞান বা অনুমিতি প্রদর্শিত প্রক্রিয়ার কখন আপনা আপনি জন্মে, কখন বা অন্যকে হেতু প্রভৃতি দেখাইয়া বুঝাইতে হয়।

যাহাকে হেতু বলিয়া অবধারণ করিবে, সাধ্যের সহিত যদি তাহার কখন কোথাও ব্যভিচার দৃষ্ট হয়, তবে তাহাকে সব্যভিচার বলিয়া জানিবে। পক্ষে হেতুর সদ্ভাব এবং হেতুর সহিত সাধ্যের স্বাভাবিক ব্যাপ্তি থাকা যদি পরীক্ষার দ্বারা সিদ্ধ না হয়, তবে তাহাকে অসিদ্ধ বলিয়া জানিবে। বিরুদ্ধ প্রমাণান্তরের সহিত বিরোধ উপস্থিত দেখিলে তাহাকে বিরুদ্ধ নামক হেত্বাভাস বলিবে। সাধ্যের অভাব-সাধক হেত্বন্তর থাকিলে তাহাকে সৎপ্রতিপক্ষ বলিবে প্রমাণান্তর দ্বারা হেতুর হেতুত্ব অপগত হইলে তাহা বাধিত নামে ব্যবহৃত করিবে। এ সকল বিস্তার করিতে গেলে অতিবাহুল্য হয়, বিশেষতঃ এ সকল বিচার বিস্তৃত করা এ পুস্তকের মুখ্য উদ্দেশ্য নহে। অপিচ হেত্বাভাস বা সদোষ হেতুর লক্ষণ সংক্ষেপে বলা হইল, এখন ঐ সকলের উদাহরণ সহজলভ্য হইবে।

সেইজন্ত ইহা দ্বিবিধ। স্বার্থানুমান ও পরার্থানুমান। স্বার্থানুমানে বাক্য রচনায় প্রয়োজন হয় না। কারণ, বস্তু দৃষ্ট হইলে ব্যাপ্তিজ্ঞানসম্পন্ন পুরুষের হৃদয়ে আপনা হইতেই তদবিনাভূত বস্তুর উপলব্ধি হইয়া থাকে। যেমন রূপে চক্ষুঃসংযোগ হইবামাত্র রূপজ্ঞান হয়, অথচ 'আমি চক্ষুর্দ্বারা ইহা দেখিতেছি' এরূপ প্রতীতি হয় না; সেইরূপ, স্বার্থানুমান উৎপন্ন হইবার পূর্ব্বে অথবা পরে 'আমি অমুক কারণে অমুক প্রকারে অমুক বস্তু জানিয়াছি, এ প্রতীতিও হয় না। যেমন শ্বাস প্রশ্বাস বিনা প্রযত্নে সম্পন্ন হইতেছে, তেমনি স্বার্থানুমানও বিনা প্রযত্নে সম্পন্ন হয়। অতএব কেবল পরার্থানুমানেই যুক্তির শরীর রচনা প্রয়োজনীয়। অবোধ সংশয়িত পুরুষের বোধ ও সংশয়চ্ছেদ হইতে পারে এরূপ প্রণালীতে যুক্তি রচনা করা বিধেয়। আমরা দেখিতে পাই, যুক্তির শরীর পাঁচটী অবয়বে বিরচিত হয়; স্থলবিশেষে তিন অবয়বেও নির্ব্বাহিত হইয়া থাকে।

যুক্তি নামক ন্যায়বাক্য প্রায়ই অবয়ব পঞ্চকে রচিত হয়। তাহাদের ক্রমানুযায়ী নাম প্রতিজ্ঞা, হেতু উদাহরণ, উপনয় ও নিগমন। প্রতিজ্ঞা অর্থাৎ যাহা সিদ্ধ করিতে হইবে তাহার উল্লেখ করা। যথা,—এই পর্ব্বত বহ্নিবিশিষ্ট। পর্ব্বতে বহ্নির অস্তিত্ব সাধিতে বা বুঝাইতে হইবে বলিয়া কথিতরূপে তাহার উল্লেখ করা হইয়াছে। সাধ্যনির্দ্দেশ, উল্লেখ ও প্রতিজ্ঞা সমান কথা।

হেতু প্রদর্শন। হেতু বা ব্যাপ্য পদার্থ দেখান। যে অদৃশ্য বস্তু সাধিতে বা বুঝাইতে হইবে, তাহার সহিত যাহার অবিনাভাব আছে অর্থাৎ যাহা তাহার নিত্যসহচর তাহাকে পক্ষে অর্থাৎ হেতুর আধারে আছে বলিয়া দেখান। যেহেতু পর্ব্বতে ধূম দেখা যাইতেছে সেই হেতু পর্ব্বতে বহ্নি আছে।

উদাহরণ। ব্যাপ্য থাকিলে ব্যাপকও থাকে, এমন একটী স্থল দেখাইয়া দেওয়া। মনে করিয়া দেখ, পাকশালায় ধূম থাকে; ধূমমূলে বহ্নিও থাকে।

উপনয়। সাধ্যের সহিত সাধনের যে স্বাভাবিক ব্যাপ্তি আছে, তাহা স্মরণ করিয়া দেওয়া। ধূম থাকিলে তন্মূলে বহ্নি থাকার নিয়ম আছে। স্মরণ কর, তুমি যে যে স্থানে ধূম দেখিয়াছ সেই সেই স্থানে বহ্নিও দেখিয়াছ।

নিগমন। তর্কের দ্বারা সংশয়চ্ছেদ করিয়া পুনর্ব্বার প্রতিজ্ঞাত পদার্থের (সাধ্য পদার্থের) উল্লেখ করা। যখন ধূম দেখা যাইতেছে তখন নিশ্চিত ধূমমূলে বহ্নি আছে। বহ্নিব্যাপ্য ধূম, বহ্নি হইতে উদ্গত হয় সেইজন্য ধূমমূলে বহ্নি থাকা নিয়মিত। ধূমোদ্গমের মূল প্রদেশ যে দিন বহ্নিশূন্য হইবে, ধূম সেদিন অবহ্নি হইতেও উৎপন্ন হইবে। ফল, বহ্নি যতদিন ধূম জন্মাইবে ততদিন বহ্নিকে ধূমমূলে থাকিতে হইবে।

প্রদর্শিত পাঁচ অবয়বে যুক্তির শরীর নির্ম্মিত হয়। পঞ্চাবয়বময়ী যুক্তি মনুষ্য জীবকে ইন্দ্রিয়ের অতীত পথেও লইয়া যায়। কোন কোন বৈদান্তিক পণ্ডিত বলেন, পাঁচ অবয়ব নহে, তিন অবয়ব। প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ। অন্যে বলেন, তিন অবয়ব কল্পনারও প্রয়োজন নাই। কেবলমাত্র হেতু দেখাইতে পারিলে, ব্যাপ্তিজ্ঞ পুরুষ তদ্ব্যাপ্য বুঝিতে ও বিশ্বাস করিতে সমর্থ। পঞ্চাবয়বময়ী অথবা ত্র্যবয়বময়ী যুক্তি 'ন্যায়' নামে পরিভাষিত। ইহার সহিত মনুষ্য মনের যে কি অনির্ব্বাচ্য সম্বন্ধ তাহা কে বলিতে পারে ? ইহার মহিমা নিতান্ত গহন। ইহারই দ্বারা অবোধের বোধ, সন্দিগ্ধের সন্দেহভঞ্জন, ভ্রান্তের ভ্রমনিরাস, হইতে দেখা যায়। অলৌকিক বুদ্ধি উৎপাদন করিতে এক মাত্র যুক্তিই পটিয়সী। জগতে যুক্তিরূপ পরীক্ষা বিদ্যমান না থাকিলে কি আধ্যাত্মিক কি বাহ্য কোনও প্রকার উন্নতি হইত না। এমন কি, এ জগৎ পুত্র কলত্রাদির সহিত একত্র বাসের উপযোগী হইত কি না সন্দেহ। পূর্ব্বে যে তিন প্রকার ব্যাপ্তির উল্লেখ করা হইয়াছে তদনুসারে যুক্তির আরও নামপ্রভেদ

আছে। এক প্রকারের নাম পূর্ব্ববৎ, অপর প্রকারের নাম শেষবৎ, তদ্ভিন্ন প্রকারের নাম সামান্যতোদৃষ্ট।

পূর্ব্ববৎ। কার্য্য আছে সুতরাং তাহার কারণও আছে, এবম্প্রকার অন্বয় ঘটিত ব্যাপ্তি হইতে যে যুক্তি উত্থিত হয় সে যুক্তি পূর্ব্ববৎ। ইহার ফল—কার্য্য দেখিয়া কারণের অনুমান। মনুষ্য এই শ্রেণীর যুক্তির সাহায্যে জগতের শৈশবাবস্থা, ঈশ্বরের বাসভূমি ও স্বর্গের বৈভব অনুসন্ধান করিতে প্রবৃত্ত হয়।

শেষবৎ। কারণের অভাবে কার্য্যেরও অভাব, এবংবিধ ব্যতিরেক-ব্যাপ্তিঘটিত যুক্তি শেষবৎ নামে খ্যাত। ইহার ফল—কারণ অবলম্বন করিয়া ভবিষ্য কার্য্যের অনুমান। মানুষ এই শ্রেণীর অনুমান অবলম্বনে মৃত্যুর উত্তরকাল ও ভবিষ্যতের গর্ভ অনুসন্ধান করেন।

সামান্যতোদৃষ্ট। তুল্যস্বভাবাপন্ন বা তুল্যজাতীয় বস্তুর একটী দেখিয়া তৎসদৃশ অন্য এক একটি স্থির করা। এই শ্রেণীর অনুমানে অধিকাংশ অতীন্দ্রিয় পদার্থের অস্তিত্ব সিদ্ধ হইয়া থাকে।

কেহ কেহ বলেন,পূর্ব্বশব্দের অর্থ কারণ; সুতরাং কারণ দৃষ্টে ভবিষ্য কার্য্যের অনুমান পূর্ব্ববৎ পদের অভিধেয়। শেষ শব্দের অর্থ কার্য্য, সেজন্য কার্য্যদৃষ্টে কারণের অনুমান শেষবৎ নামের নামী। সামান্য শব্দের অর্থ জাতীয়ভাব, সুতরাং দৃষ্টস্বজাতীয় বা দৃষ্টসদৃশ জাত্যন্তরের অনুমান সামান্যতোদৃষ্ট। যাহাই হউক, যুক্তি বা অনুমান তিন শ্রেণীর অধিক নাই। এই তিন শ্রেণীর কোন এক শ্রেণীর যুক্তির আশ্রয় না লইতে হয় এমন অবস্থা নাই, সময় নাই, ঘটনাও নাই। যুক্তি প্রত্যক্ষের উপর প্রভুত্ব করে, বাক্যের উপরেও করে। প্রত্যক্ষ ও বাক্য উভয়ের অতীত বিষয়েও ক্ষমতা বিস্তার করে। কোন কিছু দেখিলে ঠিক্ দেখা হইল কি না, তাহা যুক্তির সাহায্য ব্যতিরেকে অবধারিত হয় না। কেহ কিছু বলিলে তাহা যথার্থ কি না অর্থাৎ তাহা ঠিক কথা

কি না, তাহাও যুক্তি ব্যতিরেকে স্থির করা যায় না। ঈদৃশ মহিমান্বিত যুক্তির সহিত পরিচয় রাখা অত্যাবশ্যক। যুক্তির অধিকার কত বিস্তৃত তাহা বলিতে চতুর্ব্বদন ব্রহ্মাও ক্ষমবান্ কিনা সন্দেহ।

উপদেশ ও ঔপদেশিক জ্ঞান

উপদেশ ও ঔপদেশিক জ্ঞানের অন্য নাম যথাক্রমে শব্দ ও শাব্দজ্ঞান। শব্দজ্ঞানকে কেহ কেহ শাব্দী প্রমা, এই আখ্যা প্রদান করেন। উপদেশ, শব্দ ও শাস্ত্র, এই সকল তুল্যার্থ।

কাষ্ঠ বা লোষ্ট্র আঘাতিত হইলে তাহা হইতে শব্দ নির্গত হয়। আবার আত্ম-প্রযত্নে মানব-কণ্ঠ হইতেও শব্দ নির্গত হয়। পরন্তু উক্ত উভয়বিধ শব্দের কার্য্যকারিত্ব একরূপ নহে। উক্ত উভয়জাতীয় শব্দের প্রয়োজন, ব্যবহার ও কার্য্যকারিত্ব, অত্যন্ত ভিন্ন। তদ্দৃষ্টে দার্শনিক পণ্ডিতেরা শব্দের দুই বিভাগ কল্পনা করেন। ধ্বন্যাত্মক ও বর্ণাত্মক। ধ্বন্যাত্মক শব্দকে অব্যক্ত শব্দ ও স্থলবিশেষ অনুকরণ শব্দ বলিয়া উল্লেখ করা হয়। বর্ণাত্মক শব্দকে ব্যক্ত শব্দ, বাক্য ও কথা প্রভৃতি বহু নামে ব্যবহার করা হয়। শব্দমাত্রেরই স্বভাব এই যে শব্দ শ্রবণেন্দ্রিয়ে সংযুক্ত হইবামাত্র ইন্দ্রিয়াধিষ্ঠাতার নিকট আপনার স্বরূপাদি প্রকাশ করে, এবং কোন না কোন মানস ক্রিয়া বা জ্ঞান উৎপাদন করে। যে সকল শব্দ মাত্র শোক হর্ষ আবেগ প্রভৃতি মানস বিকারের জনক, যাহাতে কোন প্রকার অর্থের সংস্রব থাকে না অর্থাৎ যাহা মানব-মনে কোন প্রকার বস্তুছবি সংলগ্ন করে না, অথচ শোক হর্ষাদি জন্মায়, সে সকল শব্দ ধ্বনি ও তাহার অন্য নাম 'অনুকরণ'। মুরজ, মৃদঙ্গ, কাংস্য, করতাল, তূরী, ভেরী প্রভৃতির শব্দ ধ্বনিজাতীয় এবং অস্মদাদির নিকট পাশব শব্দও ধ্বনিজাতীয়। মনুষ্যকণ্ঠ নির্গত শব্দ যদি বুদ্ধিপূর্ব্বক বা সংস্কারপূর্ব্বক

উচ্চারিত না হয়, তবে সে শব্দও ধ্বনি বলিয়া গণ্য। অতিবালক, অত্যুন্মত্ত ও রোগবিশেষগ্রস্ত মনুষ্যের এ্যা—উ—গাঁ—ঙু প্রভৃতি শব্দ অনুকরণ বা ধ্বনি ব্যতীত অন্য কিছু নহে। যে শব্দ মানবকণ্ঠ হইতে বুদ্ধিপূর্ব্বক বিনিঃসৃত হয়, অর্থের সহিত যাহার সম্পূর্ণ সংস্রব থাকে, অর্থাৎ যে শব্দের দ্বারা মানব মনে কোন না কোন বস্তুর আকার [ছবি] আহিত হয়, সেই সকল শব্দ বর্ণশব্দ বা ব্যক্তশব্দ নামে পরিচিত। এই অসীম মহিমান্বিত বর্ণশব্দের দ্বারা কবিগণ গ্রাম, নগর, পল্লী, অট্টালিকা প্রভৃতি বহিঃপদার্থের ও সুখ, দুঃখ, লোভ, মোহ, কাম, ক্রোধ, ভয় প্রভৃতি মানস ভাবের ছবি অন্যের মনে আহিত করিয়া থাকেন। বস্তুর বর্ণনা হয় বলিয়া এই জাতীয় শব্দের নাম 'বর্ণ'। যেমন চক্ষুর্দ্বারা বস্তুর আকার প্রকার অবগত হওয়া যায়, তেমনি, বর্ণশব্দের দ্বারাও বস্তুর আকার প্রকার জ্ঞাত হওয়া যায়। বরং চক্ষুঃ অপেক্ষা বাক্যের অধিকার অধিক। চক্ষুর দ্বারা সুখদুঃখাদি অন্তঃপদার্থের গ্রহ (জ্ঞান) হয় না, কিন্তু বাক্যের দ্বারা হয়। চক্ষুর দ্বারা অন্যের অন্তরে বস্তুর ভাবভঙ্গী আহিত করা যায় না, কিন্তু তাহা বাক্যের দ্বারা আহিত করা যায়। চক্ষু নিজ অধিষ্ঠাতার অনুগত, কিন্তু বাক্য নিজ অধিষ্ঠাতার ন্যায় অন্যেরও অনুগত। বাক্য যদি অপরকে সুখদুঃখভাগী না করিত তাহা হইলে লোক অন্যের বক্তৃতায় মোহিত হইত না। বেদে ইন্দ্রিয়গণের বাহ্যদর্শিতা এইরূপে বিজ্ঞাপিত হইয়াছে—

"পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূঃ
তস্মাৎ পরাক্ পশ্যতি নান্তরাত্মন্।"

ইন্দ্রিয়গণ পরের অনুগত হইল দেখিয়া স্বয়ম্ভু (পরমেশ্বর) তাহাদিগকে হিংসা করিলেন। তদবধি তাহারা অন্তরাত্মাকে দেখিতে পায় না। ইহার ভাবার্থ এই যে, চক্ষুরাদি ইন্দ্রিয়ের দ্বারা কেবল বাহ্যদর্শনই সিদ্ধ হয়, প্রত্যক্ পদার্থের (আত্মার) জ্ঞান হয় না। কিন্তু 'বাক্ বৈ

সর্ব্বং বিজানাতি সর্ব্বমেতৎ বাচোবিভূতিঃ' জগতে পরোক্ষ ও অপরোক্ষ যে কিছু বস্তু সমস্তই বাক্যের ঐশ্বর্য্য—বাক্যের দ্বারা সমস্ত পদার্থেরই উপলব্ধি হয়। পূর্ব্বে ঋষিসন্তানেরা যে গুরুসকাশে গিয়া আত্মসাক্ষাৎকার লাভ করিতেন তাহা বাক্যের প্রভাবেই করিতেন। আমরা যে সংসারচক্রে ঘুরিতেছি তাহাও বাক্যের প্রভাব। অতএব প্রত্যক্ষের ও অনুমানের ন্যায় বাক্যেও অখণ্ডনীয় প্রামাণ্য আছে।* সাংখ্যাচার্য্য ঈশ্বরকৃষ্ণ বলিয়াছেন, দেখা গেল না বলিয়া বস্তুর অভাব অবধারণ করিও না। কারণ অনেক সময়ে আমরা প্রত্যক্ষের অগোচর পদার্থ যুক্তির দ্বারা জ্ঞাত হইতেছি। যুক্তির অধিকারে আসিল না বলিয়া অভাব অবধারণ করা সঙ্গত নহে। কারণ, যুক্তি যাহার ছায়াস্পর্শও করিতে সক্ষম নহে, এমন কত শত পদার্থ বিশ্বস্ত পুরুষের বাক্যে জানিতে পারিতেছি। মনে কর, কোন সত্যবক্তা বলিলেন, অমুক বস্তু অমুক স্থানে নিপতিত আছে। বলিলে, যদি আমাদের সে বস্তুতে প্রয়োজন থাকে তবে নিশ্চিত আমরা সে বস্তু আহরণের নিমিত্ত গমন করি। অতিবিশ্বস্তা জননী বলিলেন, যাও—অমুক স্থানে তোমার ভক্ষ্য প্রস্তুত আছে। জননী ঐরূপ কথা বলিলে, তৎকালে যদি আমাদের বুভুক্ষা থাকে, তাহা হইলে আমরা তদ্দণ্ডে তদীয় উপদিষ্ট স্থানে গমন করি। কেন করি? না বিশ্বস্তবাক্য শুনিবামাত্র আমাদের এরূপ দৃঢ় প্রত্যয় জন্মে যে, বস্তু তথায় অবশ্য নিপতিত আছে এবং ভক্ষ্যও প্রস্তুত আছে*। বাক্য

* অন্যান্য ইন্দ্রিয় অপেক্ষা বাক্যের অধিকার অধিক হইলেও অন্তরিন্দ্রিয়ের অপেক্ষা অধিক নহে। কেন না, যাহা মনের অবিষয় তাহা বাক্যেরও অবিষয়। মনঃই জানে, বাক্য তাহা ব্যক্ত বা অনুবাদ করে। অর্থাৎ বাহিরে আনিয়া অন্যকে বুঝায়। অন্য ইন্দ্রিয় এই কার্য্য পারে না, এইমাত্র বলা এতৎসন্দর্ভের উদ্দেশ্য।

* অতীন্দ্রিয়াণাং প্রতীতিরনুমানাৎ।
তস্মাদপি চাসিদ্ধং পরোক্ষমাপ্তামাগমাৎ সিদ্ধম্।" [ঈশ্বর-কৃষ্ণ।

শুনিবার পূর্ব্বে আমাদের নিপতিত বস্তুর ও প্রস্তুত ভোজ্যের জ্ঞান ছিল না; থাকিবার সম্ভাবনাও নাই। ওরূপ জ্ঞান জন্মাইবার অধিকার কি ইন্দ্রিয়, কি যুক্তি কাহারও নাই। এই মুহূর্ত্তে দিল্লীতে কি ঘটনা উপস্থিত আছে তাহা প্রত্যক্ষ ও যুক্তি কেহই বলিয়া দিতে পারে না। তাহা পারিলে, লিপিপদ্ধতির সৃষ্টি হইত না, সংবাদ পত্রও প্রচারিত থাকিত না। অতএব, ইহা অবশ্য স্বীকার করিতে হইতেছে যে, চক্ষুরাদির ন্যায় ও তৎসম্বন্ধসমুত্থ যুক্তির ন্যায় সত্যবাক্যও তৃতীয় প্রমাণ বলিয়া গণ্য। প্রত্যক্ষের ন্যায় ও যুক্তির ন্যায় সত্যবাক্যেও অকাট্য প্রামাণ্য আছে ও তাহাও যথার্থজ্ঞানের জনক। বাক্য মাত্রেই সত্য—যথার্থ জ্ঞানের জনক—তাহা নহে। তাহাও ভ্রমোচ্চারিত, প্রমাদোচ্চারিত ও প্রতারণেচ্ছায় উচ্চারিত হইতে দেখা যায়। অতএব, কিরূপ বাক্য প্রমাণ—প্রমিতির বা সত্যজ্ঞানের জনক—তাহা বিশেষরূপে বিবেচ্য। কোন্ বাক্য সত্য, কোন্ বাক্য মিথ্যা, তাহা বোধগম্য করা সহজ নহে। সহজ না হইলেও শাস্ত্রে তাহার লক্ষণ এইরূপে নির্দ্দিষ্ট হইয়াছে। "আপ্তোপদেশঃ শব্দঃ।" অর্থ এই যে, উপদেশাত্মক আপ্তবাক্যই 'শব্দ' নামক তৃতীয় প্রমাণ। তৎশ্রবণোৎপন্ন জ্ঞান সত্য বা যথার্থ। শব্দশ্রবণজন্য সত্যজ্ঞান 'শাব্দী প্রমা' নামে অভিহিত হয়। এই শাব্দী প্রমা অত্যন্ত নির্দ্দোষ। এখন জিজ্ঞাসা করিতে পার, আপ্ত কি? বাক্যের আপ্ততা কি?

কপিল বলিয়াছেন, যাহাদের ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা নাই, যাহাদের ইন্দ্রিয় বিকৃত হয় নাই, তাহাদের বাক্য ও তদতিরিক্ত অলৌকিক বাক্য আপ্তবাক্য বলিয়া গণ্য। সেশ্বর সাংখ্য বলেন, আপ্ততা বাক্যের নহে; আপ্ততা পুরুষের। ভ্রম প্রমাদ, করণাপাটব অর্থাৎ ইন্দ্রিয়গত অশক্ত (ইন্দ্রিয়ের দোষ) ও বিপ্রলিপ্সা (পরপ্রতারণেচ্ছা), এতৎপরিশূন্য পুরুষবিশেষ 'আপ্ত' পদের অভিধেয়। তাদৃশ পুরুষ যাহা বলেন, উপদেশ

করেন, তাহা প্রমাণ। মীমাংসকগণ বলেন, বাঙ্ময় বেদ পুরুষই আপ্ত ও তদীয় বাক্যই আপ্ত বাক্য। তন্মধ্যে যে অংশ উপদেশাত্মক, যে অংশ অজ্ঞাতজ্ঞাপক ও বলবৎ অনিষ্টের অননুবন্ধী অথচ ইষ্টসাধক, সেই ইষ্টসাধক অর্থাৎ জীবহিতবোধক অংশ প্রকৃষ্ট প্রমাণ। অপরাপর অংশ তাহার পোষাক। উপদেশাংশের নাম বিধি ও তাহার পোষক ভাগের নাম অর্থবাদ। অর্থবাদ বিধীয়মান বা উপদিশ্যমান বিষয়ে প্রবৃত্তি জন্মায়; সেজন্য তাহা স্বতঃ প্রমাণ নহে। বিধিভাগই স্বতঃ প্রমাণ। অর্থবাদ ভাগ যে স্বতন্ত্র রূপে প্রমাণ নহে অর্থাৎ সত্য নহে, তাহার উদাহরণ পশ্চাৎ প্রদর্শিত হইবে।

যাক্। সেশ্বর সাংখ্যের এমন আপ্ত পুরুষ কে আছে—যাহাতে পূর্ব্বোল্লিখিত ভ্রমাদি দোষ নাই ?

সেশ্বর-সাংখ্য ও বেদান্ত বলেন, এক আপ্তপুরুষ ঈশ্বর, অপর আপ্ত-পুরুষ যোগী। ঈশ্বর নিত্যাপ্ত; যোগী নৈমিত্তিকাপ্ত। যোগানুষ্ঠান ধ্যান, ধারণা ও সমাধির দ্বারা—যাহাদের আত্মা দোষসম্পর্কশূন্য হইয়াছে, তাঁহাদের উপদেশ কদাচ অসত্য নহে। যাহারা প্রাকৃত মনুষ্য, তাহাদেরই উপদেশ অনাস্থাযোগ্য। প্রাকৃত মনুষ্যের বাক্য সত্য হইতে পারে, যদি তাহা যোগ্যতাদি অনুসারে উচ্চারিত হইয়া থাকে। সত্য হইলেও তাহা তৃতীয় প্রমাণ হইবে না; কারণ, তাহা তাহার প্রত্যক্ষ জ্ঞানের ও যুক্তিপ্রভব জ্ঞানের অনুবাদ মাত্র। সে যাহা প্রত্যক্ষ করিয়াছে, যুক্তিতে বুঝিয়াছে, তাহাই বলিয়াছে; সুতরাং তাহা পৃথক্ প্রমাণ নহে। তাহা প্রত্যক্ষের ও অনুমানের অনুবাদ। পৃথক্ ও তৃতীয় প্রমাণ বেদ ও যোগিবাক্য। সেই বেদ ও যোগিবাক্য প্রত্যক্ষাতীত ও যুক্ত্যতীত পদার্থ আছে বলিয়া বুঝাইয়া দেয়।

নৈয়ায়িক বলেন, ঈশ্বরবাক্যই হউক আর যোগিপুরুষের বাক্যই হউক, যে বাক্য আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা অনুসারে উচ্চারিত না

হয় এবং যাহার কোন তাৎপর্য্য দৃষ্ট হয় না, সে বাক্যের আপ্ততা কস্মিন্ কালেও নাই। আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা, এই সম্বন্ধত্রয় ও তাৎপর্য্য যে কোন ব্যক্তির বাক্যে থাকিবে, তাহারই বাক্য 'আপ্তবাক্য' এবং তাহারই বাক্য বিশ্বাস্য। উক্ত সম্বন্ধত্রয়বর্জ্জিত ও তাৎপর্য্যপরিশূন্য ঈশ্বরবাক্য ও অবিশ্বাস্য। এক্ষণে আকাঙ্ক্ষা কি? যোগ্যতা কি? আসত্তি কি? তাহা বলিতেছি।

একটী শব্দ উচ্চারণ করিলে তাহার অর্থ সম্পূরণের নিমিত্ত যে শব্দান্তর সংযোজন করা আবশ্যক হয়, সেই আবশ্যক-ভাবের নাম আকাঙ্ক্ষা। 'রাম' বা 'রামের' এবম্প্রকার শব্দ উচ্চারিত হইলে রাম বা রামের কি? এইরূপ জিজ্ঞাসা জন্মে। তাদৃশ জিজ্ঞাসার অন্য নাম আকাঙ্ক্ষা। ঐ আকাঙ্ক্ষা পূরণ করিবার নিমিত্ত উচ্চারিত বাক্যের অঙ্গে 'আছেন' বা 'পুত্র' প্রভৃতি শব্দের সংযোজন করা আবশ্যক হয়। কখন কখন বাহিরে ওরূপ শব্দসংযোজন বা উচ্চারণ করিবার আবশ্যক হয় না বটে, কিন্তু মনে মনে ঐরূপ শব্দসন্দর্ভ উদিত হইয়া আকাঙ্ক্ষার নিবৃত্তি করে।

যে সকল শব্দ উচ্চারণ করিয়া একটী বাক্য রচনা করিবে, সম্বন্ধ অনুসারে সেই সকলকে বিনা বিলম্বে ও পর পর উচ্চারণ করার নাম আসত্তি। এই আসত্তি অর্থবোধের প্রধান কারণ। শব্দ সকল আসত্তি-ক্রমে উচ্চারিত না হইলে অর্থাৎ আজ বলিলাম 'রাম' কাল বলিব 'আছেন' এরূপ ব্যবহিত-উচ্চারণ করিলে তাহা অর্থপ্রকাশক হয় না।

আকাঙ্ক্ষা ও আসত্তি অনুসারে সজ্জিত শব্দরাশি উচ্চারণ করিলেই কোন না কোন অর্থের প্রকাশ পায়। কিন্তু সেই প্রকাশমান অর্থ যদি অযোগ্য হয় তাহা হইলে বুঝিতে হইবে, সে বাক্যে যোগ্যতা নাই। যে বাক্যে যোগ্যতা নাই, সে বাক্য লোকে অযোগ্য বলিয়া অগ্রাহ্য করে। কি হইলে যোগ্য বাক্য হয় ও কি হইলে অযোগ্য বাক্য হয় তাহা বলিতেছি।

যে বাক্যের অর্থ প্রত্যক্ষের ও যুক্তির অবিরোধী, সেই বাক্যই যোগ্য বাক্য। এই যোগ্য বাক্যই যথার্থদ্যোতী। "এই স্ত্রী বন্ধ্যা" এই বাক্য যোগ্য। হেতু এই যে, ঐ বাক্যে কোনরূপ বিরুদ্ধ অর্থ প্রকাশিত হয় না। যাহার অর্থ প্রত্যক্ষবিরুদ্ধ অথবা যুক্তির বিরুদ্ধ সেই বাক্যই অযোগ্য। "এই ব্যক্তির জননী বন্ধ্যা" এই বাক্যই বিরুদ্ধ বাক্য। পুত্র থাকা ও বন্ধ্যাত্ব পরস্পর বিরুদ্ধ।

বক্তার অভিপ্রায় অর্থাৎ মনোগত ভাব বিশেষকে শাস্ত্রকারেরা 'তাৎপর্য্য' নামে উল্লেখ করেন। তাদৃশ তাৎপর্য্য শাব্দ জ্ঞানের প্রধান অঙ্গ। যে বাক্যের তাৎপর্য্য নাই অথবা কোন প্রকার অভিপ্রায় উপলব্ধি হয় না, সে বাক্য আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা অনুসারে উচ্চারিত হইলেও অপ্রমাণ। তাৎপর্য্যের বলে যোগ্যতাবিহীন বাক্যও সাধু বলিয়া সমাদৃত হইতে পারে। মনে কর, "ইহার জননী বন্ধ্যা" এবাক্য নিতান্ত অযোগ্য হইলেও বক্তার যদি ঐরূপ বলিবার কোনরূপ অভিপ্রায় থাকে, তাহা হইলে ঐ বাক্য অগ্রাহ্য বা অপ্রমাণ বলিয়া গণ্য হইবে না; প্রত্যুত উৎকৃষ্ট ভাবের ব্যঞ্জক হইবে। অতএব, তাৎপর্য্যই বাক্যের সার, তাৎপর্য্য জ্ঞানই ঔপদেশিক জ্ঞানের প্রাণ। তাৎপর্য্য ব্যতিরেকে বাক্যের বা বাক্যার্থের জ্ঞান অসিদ্ধ। সমুদায় কথার সার সঙ্কলন এই যে, যে বাক্য আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা ও তাৎপর্য্য, এই চার প্রকার সম্বন্ধসূত্রে আবদ্ধ, সেই বাক্যই আপ্তবাক্য, অন্যপ্রকার আপ্তবাক্য নাই।*

* লোক বাক্যের সত্যোদ্ধার করা বড়ই কঠিন। মিথ্যাবাদী লোক এমন সাজাইয়া কথা বলে যে, তাহাদের সেই সাজান কথায় আকাঙ্ক্ষা, যোগ্যতা আসত্তি ও তাৎপর্য্য সমুদয় গুলিই থাকে। থাকে বলিয়াই যে তাহা সত্য হইবে, তাহা নহে। লৌকিক বাক্যের সত্যাসত্য নির্ণয়ের জন্য প্রকরণ প্রভৃতি

চক্ষুরাদির ন্যায় আপ্তবাক্যও যথার্থজ্ঞানের জনক, এতৎপ্রসঙ্গে পর পর তিনটী মত বলা হইল। আরও কয়েকটী মত আছে, তাহা আর বলিবার আবশ্যক নাই। কেননা আপ্তবাক্যের লক্ষণ সম্বন্ধে যতই মত থাকুক, সকল মতেই বেদের আপ্ততা স্বীকৃত আছে। এমন কি, সমুদায় আস্তিক সম্প্রদায় বেদের নামে শিরোনমন করেন। ঋষিদিগের বুদ্ধি অত্যন্ত প্রতিভান্বিত ছিল এবং দর্শনশাস্ত্রের বীজ তাঁহাদেরই প্রতিভাপ্রসূত, অথচ তাঁহাদের তাদৃশী মহিমান্বিত বুদ্ধি যে বেদের নিকট কুণ্ঠিতা হইয়াছিল, ইহা অল্প আশ্চর্য্যের বিষয় নহে। বেদের নিকট তাঁহাদের বুদ্ধি যে কেন কুণ্ঠিত হইয়াছিল তাহা তাঁহারাই জানেন। তাঁহারা বেদের অভ্রান্ততা বিশ্বাস করিতেন কি না, তাহা আমরা বুঝাইয়া দিতে সমর্থ নহি। তাঁহাদের লিপি দৃষ্টে এই মাত্র বলিতে সাহস করি যে, তাঁহারা ভাবিতেন, বেদ অভ্রান্ত। বেদের আপ্ততাপক্ষে যে সকল লিখিত হেতুবাদ দেখিতে পাই, যে সকল হেতুবাদ এক্ষণকার লোকের বুদ্ধিতে অকিঞ্চিৎকর বলিয়া প্রতীত হয়; সুতরাং সে সকল উদ্ঘাটন করিয়া লেখনীক্ষয় করা বৃথা। তবে এই মাত্র বলিলে পর্য্যাপ্ত হইবে যে, ঋষিদিগের বিশ্বাসে ও সিদ্ধান্তে বেদ অপৌরুষেয়, বেদ মনুষ্যরচিত নহে। আজকাল

আরও কতকগুলি উপায় অবলম্বিত হইয়া থাকে। আদালতের উকীলেরা ও বিচারপতিরা সেই সেই উপায় অবলম্বনে কিয়ৎপরিমাণে বোধগম্য করিতে পারেন, ইহা অনেক সময়ে দেখা যায়। ভ্রম, প্রমাদ, প্রতারণেচ্ছা, দেখিবার শুনিবার ও বুঝিবার ত্রুটি, এ সকল দোষ মানব মাত্রেরই থাকিবার সুসম্ভাবনা। সেই জন্য মানুষের কথা ও যুক্তিবিরুদ্ধ কথা অপ্রমাণ। পৌরুষেয় বাক্য রাজকার্য্যে প্রমাণ বলিয়া গণ্য হয় সত্য, পরন্তু তাহা অলৌকিক তত্ত্ব নির্ণয়ে অপ্রমাণ। পৌরুষেয় বাক্যের প্রামাণ্য চিরকালই সংশয়িত; সেই জন্য তাহা রাজকার্য্যেও সংপ্রতিপক্ষীকৃত তর্কাদির দ্বারা সংশোধিত হইয়া থাকে।

আমাদের মনে বেদের অপৌরুষেয়ত্বের বিরুদ্ধে যেরূপ যেরূপ কূট তর্ক উদিত হয়, পূর্ব্বে ঋষিদিগের মনেও সেইরূপ সেইরূপ তর্ক উঠিয়াছিল। অথচ তাঁহারা সেই সেই হেতুবাদে বিশ্বস্ত হন নাই; অধিকন্তু তাঁহারা পৌরুষেয়ত্ব পক্ষ খণ্ডন করিয়া অপৌরুষেয়ত্ব পক্ষ স্থাপন করিয়া গিয়াছেন।

ঋষিদিগের মনে বেদের অপৌরুষেয়ত্বের বিরুদ্ধে যে সকল হেতুবাদ উদিত হইয়াছিল, সে সকলের মধ্য হইতে কতিপয় হেতুবাদ নিম্নে প্রদর্শিত হইল।

"বেদ সকল অপৌরুষেয় নহে—প্রত্যুত পৌরুষেয়। কঠ প্রভৃতি ঋষিরা উহার প্রণেতা। বৈদিক মন্ত্র ও ব্রাহ্মণ ঋষিদিগের নাম-ধাম-কার্য্যাদি-ঘটিত, সুতরাং ঋষিরাই বেদের প্রণেতা। আদিম কালের ঋষিরা সময়ে সময়ে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক ঘটনা বর্ণন করিতেন, কালক্রমে সেই সকল বাক্য 'বেদ' নাম ধারণ করিয়াছে। বেদ, বাক্যের সমষ্টি ব্যতীত অন্য কিছু নহে। সুতরাং তাহা বাগিন্দ্রিয়বান্ মনুষ্য হইতে সমুৎপন্ন বা উচ্চারিত হইয়াছে, নিরীন্দ্রিয় পদার্থ হইতে হয় নাই। ঈশ্বরের ইন্দ্রিয় নাই, সুতরাং ঈশ্বর হইতে হয় নাই। বেদ অপৌরুষেয় প্রমাণ হইলে তাহাতে প্রলাপ থাকিবে কেন? যে যে ফলের নিমিত্ত যে যে ক্রিয়ার অনুষ্ঠান বেদে উপদিষ্ট হইয়াছে, সম্যক প্রকারে অনুষ্ঠান করিলেও সে সকলের ফল হইতে দেখা যায় না। সুতরাং বেদ আপ্ত বাক্য নহে।" ইত্যাদি।*

* "বেদাংশ্চৈকে সন্নিকর্ষং পুরুষাখ্যাঃ" "পৌরুষেয়াশ্চোদনা ইতি বক্ষ্যামঃ। অসন্নিকৃষ্টফলাঃ কৃতকা বেদা ইদানীন্তনাঃ। কথং পুনঃ কৃতকা বেদাঃ? যতঃ পুরুষাখ্যাঃ। পুরুষেণ হি সমাখ্যায়ন্তে বেদাঃ—কাঠকং কালাপকং, পৈপ্পলাদকং, মৌদ্গল্যম্ ইত্যেবমাদি। কর্ত্তা শব্দস্য পুরুষঃ কার্য্যঃ শব্দঃ।" "অনিত্য-

ঋষিরা বেদের অপৌরুষেয়ত্ব-বিরুদ্ধে এইরূপ এইরূপ বিতর্ক উত্থাপন করিয়াছিলেন, অবশেষে তাঁহারা সকলেই পৌরুষেয়ত্ব পক্ষ খণ্ডন পূর্ব্বক অপৌরুষেয়ত্ব পক্ষে আস্থা স্থাপন করিয়াছিলেন। তাঁহারা বেদের পক্ষপাতী কেন, তাহা কে বলিবে।

বেদের ও বেদমূলক শাস্ত্রের সত্যোদ্ধার

ঋষিরা বেদ-পুরুষের অভ্রান্ততা ও তদ্‌বাক্যপ্রতীত অর্থের সত্যতা স্বীকার করিতেন সত্য; পরন্তু যথাশ্রুত অর্থের প্রামাণ্য স্বীকার করিতেন না। অর্থাৎ বেদ-বাক্য আবৃত্তি করিবামাত্র যে অর্থের প্রতীতি হয় সে অর্থ গ্রহণ করিতেন না। বলিতেন, বিচার কর, বিচার করিলে তাৎপর্য্যার্থ নিষ্কাশিত হইবে, সেই তাৎপর্য্যার্থ গ্রহণ করিও। তাৎপর্য্যার্থ যাহা বলিবে তাহা অভ্রান্ত—সত্য। বিচারপূত আপ্তবাক্যের অর্থের অনুসরণ করিলে অবশ্যই হিতপ্রাপ্তি ও অহিত পরিহার হইবে। বেদবাক্যবিচারের পদ্ধতি ও সারসঙ্কলন এই ;—

বেদ প্রথমতঃ দুই ভাগে বিভক্ত। এক ভাগ বিধি, অপর ভাগ অর্থবাদ। বিধি দুই প্রকার। প্রবর্ত্তক ও নিবর্ত্তক। প্রবর্ত্তক বিধি 'বিধান' নামে ও নিবর্ত্তক বিধি 'নিষেধ' নামে খ্যাত। প্রবর্ত্তক বিধি

দর্শনাচ্চ" "জনন-মরণবন্তশ্চ বেদার্থাঃ।" 'ববরঃ প্রাবাহণিরকাময়ত। "কুসুরুবিন্দুরৌদ্দালকিরকাময়ত" ইত্যেবমাদয়ঃ। উদ্দালকস্যাপত্যং ভূতপূর্ব্বঃ। 'বনস্পতয়ঃ সত্রমাসত। সর্পাঃ সত্রমাসত" ইত্যাদিবাক্যমুন্মত্তবাক্যসদৃশম্। "জরদগবো গায়তি মত্তকানি" কথান্নম জরদগবো গায়েৎ? কথং বা বনস্পতয়ঃ সর্পা বা সত্রমাসীরন্? "ন নিত্যত্বং বেদানাং কার্য্যত্বশ্রুতেঃ" "কৃত্বা সম্বন্ধং ব্যবহারার্থং কেনচিদ্বেদাঃ প্রণীতাঃ। "অনিয়তঃ শব্দঃ। কর্ম্মকালে ফলাদর্শনাৎ" ইত্যাদি।
—জৈমিনি ও শবরস্বামী

মনুষ্যকে বিধেয় পদার্থে প্রবর্ত্তিত করিতেছে এবং নিবর্ত্তক বিধি মানবকে নিষেধ্য বিষয়ে নিবৃত্ত রাখিতেছে।

অর্থবাদ দ্বিবিধ। স্তুত্যর্থবাদ ও নিন্দার্থবাদ। স্তুত্যর্থবাদ প্রবর্ত্তক-বিধির পোষক ও নিন্দার্থবাদ নিবর্ত্তক বিধির সহায়। অর্থবাদ দ্বয়ের আবার তিন প্রকার ভেদ আছে। গুণবাদ, অনুবাদ ও ভূতার্থবাদ। কথাগুলির পরিষ্কার অর্থ এইরূপ—বাক্যরাশির মধ্যে যে অংশ উপদেশাত্মক, সে অংশের নাম বিধি। যে বিধি প্রবৃত্তির জনক, সে বিধি প্রবর্ত্তক-জাতীয়। যে বিধি নিবৃত্তির প্রয়োজক, সে বিধি নিষেধজাতীয়। "কুর্য্যাৎ" করিবেক, "কুরু" কর, "কর্ত্তব্যঃ" করিও বা করা আবশ্যক, "করণীয়ঃ" করিবার যোগ্য,—"কৃতে শুভম্ভবতি" করিলে মঙ্গল হইবে। ইত্যাদি ইত্যাদি বাক্য প্রবর্ত্তক বিধি বলিয়া গণ্য। "ন কুর্য্যাৎ" করিবেক না, "ন কর্ত্তব্যঃ" করিও না বা করা অনুচিত, "কৃতে নরকং প্রয়াস্তি" করিলে নরক হইবেক, ইত্যাদিবিধ বাক্য নিবর্ত্তক বা নিষেধ-জাতীয়। এই দ্বিবিধ বিধি দৃঢ় রাখিবার নিমিত্ত সেই সেই স্থলে কতকগুলি রোচক কথা আখ্যায়িকাকারে বিন্যস্ত হইতে দেখা যায়। সেই সকল অংশই শাস্ত্রে অর্থবাদ নামে প্রসিদ্ধ। বিধি যেমন দ্বিবিধ, তেমনি অর্থবাদও দ্বিবিধ। স্তুত্যর্থবাদ, প্রশংসাবাক্য, প্রশংসাবাদ এ সকল সমান কথা। নিন্দার্থবাদ ও নিন্দাবচন তুল্য কথা। আরোপিত গুণ কথনের নাম স্তুতি ও আরোপিত দোষ কথনের নাম নিন্দা, ইহা মনে রাখিতে হইবে।

পূর্ব্বে বলা হইয়াছে যে "স্তুত্যর্থবাদ প্রবর্ত্তক বিধির পোষকতা করে ও নিন্দার্থবাদ নিবর্ত্তক বিধির উপকার করে।" কিন্তু কিরূপে করে তাহা বলা হয় নাই। অর্থবাদ বাক্য যেরূপে বিধির উপকার বা সহায়তা করে তাহা বলিতেছি।

বেদ ভাবিলেন, "ইহা কর" "উহা করিও না" এই মাত্র বলিয়া নিশ্চিন্ত থাকা উচিত নহে। আমার সিপাই শাস্ত্রী নাই যে, তাহাদের

দ্বারা আজ্ঞা উল্লঙ্ঘনকারীর শাসন করিব। অথচ এই সকল প্রজা যাহাতে সৎপথে থাকে তাহা করিতে হইবে। এ বিষয়ে খুব লোভ ও ভয় দেখান ব্যতীত উপায়ান্তর নাই। "কর" ও "করিও না" এই মাত্র বলিলে লোকে তাহা না শুনিতেও পারে। সেজন্য এমন করিয়া বলিব যে, যেরূপ করিয়া বলিলে বৈধবিষয়ে প্রবৃত্তি ও অবৈধবিষয়ে নিবৃত্তি জন্মিতে ও স্থির থাকিতে পারে। বেদ এই ভাবে ভাবিত হইয়া প্রত্যেক উপদেশ ফলাফলযুক্ত করিয়া বলিয়াছেন এবং তাহারই পোষকতার্থে স্তুতি, নিন্দা, পুরস্কার, তিরস্কার করিয়াছেন। অতএব, যাহা কর্ত্তব্য বলিয়া উপদিষ্ট ও অকর্ত্তব্য বলিয়া নিষিদ্ধ, সে সকলের লিখিত ফলাফল যে অবশ্যই হইবে, এমন অভিপ্রায় নহে। "রোচনার্থা ফলশ্রুতিঃ" প্রবৃত্তি বা রুচি জন্মানই ফলবাদের এবং অরুচি বা নিবৃত্তি জন্মানই নিন্দাবাদের উদ্দেশ্য।

"পিব নিম্বং প্রদাস্যামি খলু তে খণ্ডলড্ডুকম্।
পিত্রৈবমুক্তঃ পিবতি ন ফলং তাবদেব তু॥"

পুত্রের আরোগ্যকামী পিতা যেমন প্রলোভন দেখাইয়া আপন শিশু-সন্তানকে তিক্তাস্বাদ ঔষধ সেবনে প্রবৃত্ত করান, প্রজাবর্গের কুশলকামী শাস্ত্রও তেমনি অজ্ঞ প্রজাদিগকে ফলাফলের লোভ দেখাইয়া সৎকার্য্যে প্রবৃত্ত ও অসৎকার্য্যে নিবৃত্ত করিবার চেষ্টা পান। বালক মোদকের লোভে তিক্ত ভোজন করে; কিন্তু পিতা তাহাকে মোদক প্রদান করেন না। ঐরূপ শাস্ত্রও স্বোপদিষ্ট কার্য্যের অনুষ্ঠাতাকে যথোক্ত ফল প্রদান করেন না। পিতার ইচ্ছা পুত্র অরোগী হউক; সেইরূপ শাস্ত্রেরও ইচ্ছা প্রজা সকল প্রথমতঃ সুখ ও স্বাস্থ্য লাভ করুক, পরে শান্তি লাভ করিবে। পিতার প্ররোচনায় তিক্তাস্বাদ ঔষধ সেবন করিলে পুত্র যেমন কেবল আরোগ্য লাভই করে, মোদক পায় না; সেইরূপ, শাস্ত্রের প্ররোচনায় শাস্ত্রোপদিষ্ট পথে অবস্থান করিলে মনুষ্য বাহ্য ও আধ্যাত্মিক কুশল লাভ

করেন, লোভনীয় ফল প্রাপ্ত হন না। "প্রতিপদি কুষ্মাণ্ডং নাশ্নীয়াৎ" প্রতিপদ তিথিতে কুষ্মাণ্ড ভক্ষণ করিবেক না। এই এক উপদেশ। এ উপদেশ লঙ্ঘন করিয়া পাছে কেহ অকুশলী হয়, সেই ভয়ে শাস্ত্র তৎপর-ক্ষণেই বলিয়াছেন, "কুষ্মাণ্ডে চার্থহানিঃ স্যাৎ" প্রতিপদ তিথিতে কুষ্মাণ্ড ভক্ষণ করিলে অর্থবিনাশ হইবে। এ বাক্যে এমন অভিপ্রায় ব্যক্ত হয় না যে, সত্য সত্যই কুষ্মাণ্ড ভোক্তার অর্থবিনাশ হইবে। ঐ দিবস কুষ্মাণ্ড ভক্ষণ না করাই ভাল, এইমাত্র অভিপ্রায় ব্যক্ত হয়। আমরা বিশ্বাস করি, প্রোক্ত দিবসে কুষ্মাণ্ড ভক্ষণ না করিলে অবশ্যই শারীরিক মানসিক কোন উপকার আছে অথবা ভক্ষণ করিলে কোন না কোন অপকার আছে।

প্রভুর আজ্ঞা বাক্যে ভক্ত সেবকের অটল বিশ্বাস ও ভক্তি থাকায় তাহারা যেমন কেন কি বৃত্তান্ত, অনুসন্ধান না করিয়া প্রভু-আজ্ঞা বহন করে; তেমনি, শাস্ত্রভক্ত ব্যক্তিরাও শাস্ত্রবাক্যে অচল বিশ্বাস ও ভক্তি থাকায় কুষ্মাণ্ড ভোজনে নিবৃত্ত থাকেন। যাঁহারা শাস্ত্র ভক্ত নহেন, তাঁহারা নিবৃত্ত থাকিবেন না। অধিকন্তু এই বলিয়া অনুযোগ করিবেন যে, "দোষ কি? স্বচ্ছন্দে কুমড়া খাও—খাইলে কিছুই হইবে না। ও সকল কেবল পুরোহিতদিগের যজমান ভুলান কথা।'

তর্কদাস তপ্তশোণিত জ্ঞান-কাণা লোক যে ঐ বলিয়া তিরস্কার করিবে, শাস্ত্র তাহা জানেন। শাস্ত্র নিজেই বলিয়াছেন—বিভেত্যল্পশ্রুতাৎ বেদো মাময়ং প্রহরিষ্যতি। অল্পজ্ঞ লোক যাহাই বলুক সে কথা শ্রদ্ধেয় নহে। ভক্ষাভক্ষ্যের সহিত মনের, সুতরাং ধর্ম্মের যে গূঢ় সম্বন্ধ আছে, সে সম্বন্ধ অন্যের বোধ্য নহে। অধিক প্রসঙ্গাগত কথায় প্রয়োজন নাই, এক্ষণে প্রকৃত কথায় মনোনিবেশ করা যাউক।

লোকমধ্যে দেখা যায়, ভাল লোকে উপদেশ করেন, তাহার কোন ভাল ফল আছে। ভাল লোকে যাহা নিষেধ করেন, তাহারও মন্দ

ফল আছে। এই লোকদৃষ্ট দৃষ্টান্তের অনুসারে বৈদিক বিধি-নিষেধ-বাক্যের সিদ্ধান্ত হয়। পরহিতাকাঙ্ক্ষী মনুষ্যেরা লোককে সৎকার্য্যে প্রবৃত্ত করিবার নিমিত্ত ফলের প্রলোভন ও তদ্‌ঘটিত দৃষ্টান্তাদি দেখাইয়া থাকেন। শাস্ত্রকেও সেইরূপ করিতে দেখা যায়। প্রভেদ এই যে, লোকবাক্যের সার ঐহিক হিত; শাস্ত্রবাক্যের সার পারলৌকিক হিত। উপদেষ্টব্য বিষয়ের পোষাক দৃষ্টান্তাদি কল্পিত অকল্পিত উভয় প্রকারই হইতে পারে এবং সেই সেই প্রসঙ্গে বিধেয় পদার্থের পোষকত্বে নানা প্রকার ইতিহাস ও বস্তু গুণ বলা সঙ্গত হইতেও পারে। বিধি ব্যতীত সমস্তই অর্থবাদ বলিয়া গণ্য। অর্থবাদ আবার গুণবাদ, অনুবাদ ও ভূতার্থবাদ, এই তিন ভাগে বিভক্ত। এ কথা পূর্ব্বে বলা হইয়াছে, আবার বলি।

গুণবাদ। "বিরোধে গুণবাদঃ স্যাৎ" যাহা প্রত্যক্ষ ও যুক্তিবিরুদ্ধ তাহা গুণবাদ। গুণবাদ অক্ষরে অক্ষরে যাহা বলে, তাহা সত্য মনে করিও না। বৈধ কার্য্যে প্রবৃত্তি ও অবৈধ বিষয়ে নিবৃত্তি উৎপাদন করাই গুণবাদের উদ্দেশ্য। সেইজন্য তাহা মাত্র প্রশংসা অর্থেই পর্য্যবসন্ন।

অনুবাদ। "অনুবাদোঽবধারিতে" যাহাতে বিজ্ঞাত বিষয়ের অর্থাৎ প্রমাণান্তরলব্ধ পদার্থের অভিধান হইয়াছে; বুঝিতে হইবে তাহা অনুবাদ। অনুবাদের লক্ষ্য ও বর্ণনীয় উভয়ই সত্য। বিজ্ঞাত বিষয়ের উল্লেখ উপদেশ নহে; তাহা অনুবাদ। অনুবাদ দেখিলেই বুঝিতে হইবে যে, তাহার দ্বারা নিশ্চিন্ত কোন অভিনব অভিধান হইয়াছে।

ভূতার্থবাদ। "ভূতার্থবাদস্তদ্ধানাৎ" প্রত্যক্ষবিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ অর্থ প্রকাশ পায় না, এরূপ দেখিলে স্থির করিবে, তাহা ভূতার্থবাদ। ভূতার্থবাদ মাত্রেই সত্য। এ রীতি লৌকিক বাক্যেও আছে। ফল বাক্যের সহিত অর্থের, অর্থের সহিত বাক্যের এ উভয়ের সহিত মানব

সনের যে কিরূপ অনির্ব্বচনীয় সম্বন্ধ আছে, তাহা সম্পূর্ণরূপে জ্ঞানগোচর করা অস্মদাদির সাধ্যায়ত্ত নহে।

বেদমধ্যে যে ক্ষুদ্র ও বৃহৎ প্রস্তাব আছে, ঋষিরা বলেন, ছয় প্রকার উপায় দ্বারা তত্তাবতের তাৎপর্য্য অবধারিত হয়। উপক্রম ও উপ-সংহারের ঐকরূপ্য (১), অভ্যাস বা পুনঃ পুনঃ উল্লেখ (২), উপক্রান্ত পদার্থের অপূর্ব্বতা অর্থাৎ অজ্ঞাততা [অন্য প্রমাণে যাহা জানা যায় নাই তাহা] (৩), ফলবর্ণন (৪), উপক্রান্ত পদার্থে রুচিজনক অর্থবাদ (৫), তর্কের বা যুক্তির দ্বারা উপক্রান্ত পদার্থের সংশোধন (৬)। আরম্ভকালে যাহা বলা হইয়াছে, সমাপ্তিকালেও তাহা বলিতে দেখিলে বুঝিতে হইবে, উপক্রান্তের ও উপসংহারের একরূপ বা ঐক্য আছে। মধ্যে মধ্যে যদি সেই পদার্থের অনুবাদ বা উল্লেখ দেখ, তাহা হইলে বুঝিবে, সেই পদার্থ অভ্যস্ত হইয়াছে। যদি সে পদার্থ অন্য প্রমাণের অগোচর অর্থাৎ চক্ষুরাদির অলভ্য হয়, তাহা হইলে বুঝিতে হইবে, তাহার অপূর্ব্বতা আছে। সে পদার্থের জ্ঞানে বা অনুষ্ঠানে অমুক অমুক ফল হয় এরূপ উপদেশ দেখিলে স্থির করিবে তাহার ফল বলা হইয়াছে। তদঘটিত আখ্যায়িকা, স্তুতি ও নিন্দা থাকিলে বুঝিতে হইবে, শাস্ত্র সেই পদার্থে প্রবৃত্তি বা নিবৃত্তি উত্তেজন করিতেছেন। মধ্যে মধ্যে সেই পদার্থ যুক্তির দ্বারা অবিচাল্য ও তর্কে পরিষ্কৃত হইতেছে দেখিলে তাহা উপপত্তি বলিয়া জানিবে। যে প্রস্তাবে এই ছয় প্রকার চিহ্ন বা লক্ষণ থাকে, বুঝিতে হইবে, সেই পদার্থের উপদেশ করাই সেই প্রস্তাবের তাৎপর্য্য বা উদ্দেশ্য।*

বেদ বাক্যের অর্থ বিন্যাস সম্বন্ধে এইরূপ বিচার পদ্ধতি অবলম্বিত

* উপক্রমোপসংহারাবভ্যাসোঽপূর্ব্বতা ফলম্। অর্থবাদোপপত্তী চ লিঙ্গং তাৎপর্য্যনির্ণয়ে।” [বেদান্ত বার্ত্তিক।

হইতে দেখা যায়। স্মৃতির ও পুরাণের রচনাও এই পরিপাটীর অনুগামী। বেদের মধ্যে অনেক অসম্ভব কথা আছে, পুরাণের মধ্যেও আছে। সে সকলের সঙ্গতি করিতে না পারায় সে সকলকে আমরা উপেক্ষা করি, মিথ্যা বিবেচনা করি। কিন্তু ঋষিরা বিচার অবলম্বন করিয়া সে সকল উক্তির তাৎপর্য্য গ্রহণ পূর্ব্বক তন্মধ্যস্থ সত্যাংশের আদান ও অসত্যাংশের পরিহার করিতেন। ঋষিরা যেমন বেদবাক্যের তাৎপর্য্য সংগ্রহে ব্যাকুল, শ্রদ্ধাবান্ ও বিচারনিপুণ হইয়াছিলেন, আমরাও যদি সেইরূপ হইতাম, উপেক্ষাবুদ্ধি যদি আমাদের প্রবলা না হইত, তাহা হইলে আমরাও বেদ, স্মৃতি ও পুরাণাদির প্রতি শ্রদ্ধাবান্ হইতাম।

"পুরাণ" শব্দটি বৈদিক। ব্যাস ও তদুত্তরকালিক ঋষিগণ সেই বৈদিক পুরাণেরই অনুসরণে প্রসিদ্ধ পুরাণ রচনা করিয়া গিয়াছেন। বেদের ব্রাহ্মণাত্মক ভাগবিশেষই পুরাণ। আধুনিক পুরাণ তাহারই অনুকরণ। বেদোক্ত বিধিনিষেধের স্মারক ঋষিপ্রণীত গ্রন্থের নাম স্মৃতি। এবং বৈদিক পুরাণের রীতিতে লৌকিক ও বৈদিক উভয়বিধ ঘটনাবলী প্রকাশক ঋষিবিরচিত গ্রন্থের নাম পুরাণ। স্মৃতি ও পুরাণ উভয়ই বেদমূলক বলিয়া প্রমাণ; পরন্তু তাহার অবিচারিত অর্থ প্রমাণ নহে।*

---

* "যদ্‌ব্রাহ্মণানীতিহাসপুরাণানি কল্পান্ গাথা নারাশংসী।" [শ্রুতি। ব্যাখ্যাত্মক বেদ ব্রাহ্মণ। প্রাচীন ঘটনাবলীর বিবরণাত্মক বেদ ইতিহাস। জগতের বা জগতীস্থ বস্তুজাতের পূর্ব্বাবস্থা বর্ণনাত্মক বেদ পুরাণ। যাগ-যজ্ঞাদি ঘটিত কর্ত্তব্যাকর্ত্তব্যের পদ্ধতি ও দোষ গুণ নির্ণায়ক বেদ কল্প। প্রশংসাসূচক গানোপযোগী বেদ গাথা। মনুষ্যবৃত্তান্তপ্রতিপাদক বেদাংশ নারাশংসী। বেদ কেবলমাত্র "কৃষকের গান" নহে; বেদ এক অপূর্ব্ব জিনিষ। বেদের মধ্যে না আছে, এমন কিছুই নাই। আধুনিক শিল্প পুরাণাদি সমস্তই বেদবীজে উৎপন্ন।

ঔপদেশিক জ্ঞান পরীক্ষা করিতে গিয়া অনেক দূরে আসিয়া পড়িয়াছি। আর না, এই স্থানেই প্রাসঙ্গিক কথা শেষ করিলাম।

সাংখ্য, বেদান্ত ও মীমাংসা বলেন, প্রমাণ-নিচয়ের মধ্যে আপ্তবাক্য স্বতঃপ্রমাণ। চক্ষুঃ যেমন স্বতঃপ্রমাণ, সেইরূপ স্বতঃপ্রমাণ। চক্ষুঃ প্রমাণ কি না, চক্ষুঃ ঠিক্ দেখিল কি না, সংশয় হয় না। যাহা প্রত্যক্ষ জ্ঞান—তাহা যেমন পরীক্ষা করিবে না; সেইরূপ, আপ্তবাক্য প্রসূত জ্ঞানও পরীক্ষা করিবে না। বাক্য প্রমাণপরিনিষ্ঠিত জ্ঞানের প্রামাণ্য আপনা-আপনি স্থিরতা প্রাপ্ত হয়, তাহাতে অন্য প্রমাণের প্রয়োজন হয় না। সেইজন্য মীমাংসাপরিশোধিত বা বিচারিত বেদার্থ বিজ্ঞান স্বতঃ প্রমাণ। বিচারিত বেদবাক্য যে জ্ঞান প্রসব করে, সে জ্ঞান অভ্রান্ত অর্থাৎ যথার্থ। লৌকিক বাক্যেও বিচারযোগ আবশ্যক; বিচারিত লৌকিক বাক্যও যথার্থ জ্ঞানের জনক। প্রভেদ এই যে, লৌকিক বাক্য ঐহিক পদার্থ প্রতিপাদন করে, বুঝাইয়া দেয়, আর বৈদিক বাক্য ঐহিক পারত্রিক উভয়বিধ পদার্থ প্রতিপাদন করে, বুঝাইয়া দেয়।

অপিচ, বাল্যকাল হইতে শব্দ শ্রবণ, কার্য্য দর্শন, ব্যবহার পদ্ধতি পর্য্যবেক্ষণ ও মনন করিতে করিতে মনুষ্য যথাকালে গিয়া শব্দরাশির বিচিত্র শক্তি অবগত হইতে পারে। শব্দে যে বিচিত্র অর্থপ্রত্যায়ক সামর্থ্য আছে, তাহা জ্ঞাত হওয়ার নাম ব্যুৎপত্তি*। ব্যুৎপত্তিমান্

* "ব্যুৎপন্নস্য বেদার্থপ্রতীতিঃ" "ত্রিভিঃ সম্বন্ধসিদ্ধিঃ" [কাপিল সূত্র]। ব্যুৎপত্তি অর্থাৎ জ্ঞানসংস্কার। স্থূল সূক্ষ্ম জ্ঞান সামান্যের ও জ্ঞান বিশেষের কারণকূট অনুভবে আবদ্ধ থাকা। এমন জ্ঞান অনেক আছে, যাহা ইন্দ্রিয়, যুক্তি ও উপদেশ দ্বারা জন্মে না, কেবল ব্যবহার প্রভাবে স্বতন্ত্ররূপে উৎপন্ন ও দৃঢ়সংস্কারে আবদ্ধ হয়। ব্যবহার সমুৎপন্ন জ্ঞানের কতকগুলি ঐন্দ্রিয়ক-জ্ঞানের

পুরুষই বিচারের অধিকারী। ভ্রম প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব প্রভৃতি দোষ রহিত ব্যুৎপন্ন পুরুষ বিচারপূর্ব্বক যাহা বলেন, তাহা সত্য। সাংখ্যমতে বিচারিত বেদবাক্য এবং যোগী পুরুষের বাক্য* উভয়ই সত্যজ্ঞান প্রসব করে ও তাদৃশ বাক্যই আপ্তবাক্য। তদ্বিধ আপ্তবাক্য-সমুত্থ ঔপদেশিক জ্ঞান সর্ব্বপ্রকার অনর্থ নিবৃত্তির উপায়। ইহাতে ভ্রম, প্রমাদ, সংশয়, কোন প্রকার দোষ নাই।

শিশুকাল হইতে বাক্য শ্রবণ ও ব্যবহার দর্শন করিতে করিতে

মধ্যে, কতকগুলি ঔপদেশিক জ্ঞানের মধ্যে প্রবিষ্ট হইয়া যায়। যেমন দূরত্বাদি জ্ঞান। দূরত্বাদি জ্ঞান স্বতন্ত্ররূপে জন্মিলেও তাহার স্বতন্ত্রতা বুদ্ধ্যারূঢ় হয় না। সে সকল জ্ঞানকে আমরা ঐন্দ্রিয়ক বলিয়াই জানি। ফলতঃ দূরত্ব, উচ্চৈস্ত্ব, নীচত্ব, এ সকল চক্ষুঃ কি অন্য কোন ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে, সুতরাং তৎসম্ভূতও নহে। অথচ আমরা মনে করি, "এত দূর" "এত উচ্চ" এ সকল যে আমরা চক্ষে দেখিয়াছি। বস্তুতঃ ঐ সকল বিষয় চাক্ষুষ অধিকারের বহির্ভূত। উহা কেবল ইন্দ্রিয়-ব্যবহারে উৎপন্ন হয় ও মানস-সংস্কারে অবস্থিতি করে। ব্যবহারাধীন জন্মে বলিয়া বালকদিগের "এত দূর" "এত উচ্চ" বোধ থাকে না। এই তথ্য নৈয়ায়িকগণ অপেক্ষাবুদ্ধিঘটিত করিয়া ব্যক্ত করেন ও চক্ষুঃসংযুক্তসমবেতত্বাদি সম্বন্ধের কল্পনা করেন। সঙ্কেতাদিব্যবহার সমুত্থ জ্ঞানও যৌক্তিক জ্ঞানে প্রবিষ্ট আছে। এ শব্দের এই শক্তি, এ সকল জ্ঞান ঔপদেশিক জ্ঞানে প্রবিষ্ট হইয়া গিয়াছে। কপিল বলেন, আপ্তোপদেশ, বৃদ্ধ ব্যবহার ও জ্ঞাত-শব্দের সমানাধিকরণ্য, এই তিনটী মাত্র শব্দার্থ জ্ঞানের কারণ, এ ভিন্ন চতুর্থ কারণ নাই। এ সম্বন্ধে অনেক কথা আছে, গ্রন্থ বিস্তৃতি ভয়ে সে সকল পরিত্যাগ করা গেল।

* সাখ্যপাতঞ্জলাদি শাস্ত্রের মত এই যে, যোগাভ্যাস করিতে করিতে যোগীদিগের চিত্তে একপ্রকার সামর্থ্যের আবির্ভাব হয়। তদ্বলে তাঁহারা ত্রিকালদর্শী ও যথাভূত অর্থের জ্ঞাতা হন। যোগাভ্যাস দ্বারা অন্তঃকরণের রজস্তম অংশ

কালে বহুজ্ঞান সঞ্চিত হয়। আমরা যে জ্ঞানবৃদ্ধ হইবার আশা করি, তাহাও উপদেশের বা আপ্তবাক্যের প্রসাদাৎ। যদি চক্ষুঃ কর্ণ, নাসিকা প্রভৃতি সমস্ত ইন্দ্রিয় বিদ্যমান থাকে আর একমাত্র বাগ্‌ব্যবহারের অভাব হয়; তাহা হইলে মানব পশু অপেক্ষাও নিকৃষ্টজ্ঞানী হইয়া পড়ে। যদি কোন লোক কাহাকে কিছু না বলে ও কোন লোক কাহারও নিকট কিছু না শুনে, তাহা হইলে তাহারা চক্ষুঃ থাকিতেও অন্ধ, ইন্দ্রিয় থাকিতেও নিরিন্দ্রিয়। অধিক কি বলিব, বাক্যব্যবহার না থাকিলে আমাদের কোন জ্ঞানই বঞ্চিত, সমুৎপন্ন ও পরিস্কৃত হইত না। বাক্‌শক্তি ও তজ্জাত ভাষা না থাকাতেই পশুজাতি অজ্ঞানান্ধ। সদ্যঃ-প্রসূত বালককে যদি জনশূন্য অরণ্যে রাখা যায়, তাহা হইলে তাহার কিরূপ জ্ঞান সঞ্চয় হয় তাহা একবার ভাবিয়া দেখুন। যদি এককালে সকল মনুষ্যই বাগিন্দ্রিয়বিহীন হয়, তাহা হইলে এ সংসারের দশা কি হয় তাহাও একবার ভাবিয়া দেখুন। যে কখন "অশ্ব" এই বাক্য শুনে নাই, কীদৃশ বস্তু "অশ্ব" পদের অভিধেয় তাহা জানে নাই, সে অগৃহীত-শব্দার্থ-সঙ্গতি নামে পরিভাষিত হয়। এই অগৃহীত-শব্দার্থ-সঙ্গতিক পুরুষের চক্ষুর উপর অশ্ব রাখিয়া দিলেও যতক্ষণ না কোন বিশ্বস্ত পুরুষ বলিয়া দিবে, এই অশ্ব, ততক্ষণ তাহার অশ্ব জানা হয় না। অশ্বলক্ষণ জানা না থাকিলে অশ্ব দেখিলেও অশ্ব জানা হইবে না। জন্মবধির মানব মূক অর্থাৎ বোবা হয়। কেন হয়? না সে সঙ্কেত-বাধা শব্দ (কথা বা ভাষা) শুনিতে পায় না। শুনিতে না পাওয়ায় সে উপদেশ পায় না, উপদেশ না পাওয়ায় তাহার পদার্থ চেনা হয় না। সেই কারণে সে বোবা হয়—বলিতে ও বুঝিতে পারে না। বস্তু চেনে না বলিয়াই

অর্থাৎ জড়তা, অপ্রকাশ ও বিক্ষেপ প্রভৃতি দূরীভূত হয়। অনন্তর অন্তঃকরণ প্রকাশময় হইয়া উঠে। সেই কারণে তাঁহাদিগের নিকট কোন বস্তু অজ্ঞানাবৃত থাকে না।

বোবা কহিতে পারে না। ইতিহাসে ব্যাঘ্রপালিত মনুষ্যের কথা শুনা যায়। ব্যাঘ্রপালিত মনুষ্য মানবীয় জ্ঞানে বঞ্চিত থাকে। সে জন্মাবধি মনুষ্য বাক্য শুনে নাই, মনুষ্যের ব্যবহার দেখে নাই, সেই কারণে সে মানবীয় জ্ঞানে বঞ্চিত। পদার্থ চিনিবার প্রধান উপায় বাক্য, বিশেষতঃ বিশ্বস্ত পুরুষের বাক্য। সাংখ্যের প্রকৃতিপুরুষের বিবেক জ্ঞান, বৈদান্তিক-দিগের ব্রহ্মজ্ঞান, সমস্তই আপ্তবাক্যের উপর নির্ভর দেখিয়া ঋষিরা বিচারিত বেদ-বাক্যকে চক্ষুঃ অপেক্ষাও গুরুতর প্রমাণ মনে করিতেন।* সেই জন্যই ঋষিদের নিকট বেদের অত সম্মান। যোগীদিগের ও ঋষি-দিগের বাক্যও বেদার্থানুযায়ী। বাক্য কি লৌকিক কি অলৌকিক, কি তাত্ত্বিক, কি অতাত্ত্বিক সমুদায় পদার্থের প্রকাশক।

এতদূরে পরীক্ষাসন্দর্ভ সমাপ্ত হইল। এক্ষণে পরীক্ষিতব্য বলিবার জন্য প্রস্তুত হওয়া যাউক।

পৃথিবীতে লৌকিক যত পদার্থ ই থাকুক; সমুদায় পদার্থের ব্যবহারোপযোগী নাম আছে। মানুষ আদি সৃষ্টির সময় হইতে এ পর্য্যন্ত সেই সকল নাম শুনিয়া শুনিয়া শিখিতেছে, অন্য উপায়ে শিখি-তেছে না। মানুষের বাক্‌শক্তি ও তজ্জাত ভাষা আছে, তাহাও উক্তপ্রণালীর অধীন। মানুষ আপনার শিক্ষা ও অভিজ্ঞতা উক্ত প্রণালীতে অন্য এক মনুষ্যে সঞ্চারিত করে এবং সে মনুষ্যও উক্ত প্রণালীতে বাক্‌শক্তি পায়, ভাষায় ও ভাষ্যে অভিজ্ঞ হয়। এই অদ্ভুত ব্যাপার দেখিয়া সময়ে সময়ে চিন্তাশীল মহাপুরুষদিগের মনে উঠে, প্রথম মানুষ কাহার নিকট বাক্‌শক্তি পাইয়াছিল, কাহার নিকট সঙ্কেত-বাধা শব্দ (ভাষ্য) শুনিয়াছিল। অবশেষে স্থির করেন, বাক্‌শক্তি ও

---

* এই বিষয়টী শাস্ত্রে "যথা দৃষ্ট-গো-পিণ্ডস্যাপি অগৃহীতশব্দার্থসঙ্গতিকস্য ইয়ং গৌরিতি বাক্যমেবাহংজ্ঞানমুৎ ন চক্ষুস্তেন বিষয়ীকৃতেঽপি গোপিণ্ডে গো-ত্বমুৎসাহমুৎস্বত্বেঃ" ইত্যাদি প্রকারে নির্ণীত হইয়াছে।

সঙ্কেত-বাঁধা শব্দ, যাহার অন্ত নাম নাম ভাষা, তাহা আদিশরীরী ব্রহ্মার আত্মায় আপনা আপনি আবির্ভূত হইয়াছিল। সেই স্বতঃপ্রাদুর্ভূত বা আকাশবাণীর ন্যায় বা দৈববাণীর ন্যায় আবির্ভূত শব্দরাশি মনুষ্য-ভাষার মূল। সেই অনাদি-নিধান অনন্ত শব্দরাশিই হিন্দুর বেদ। সেই সকল বেদ-শব্দ দেশভেদে ও মানবীয় বাক্‌যন্ত্রের গঠনাদিভেদে বিকৃত হইয়া নানা আকারে পরিণত হইয়াছে। যতই ভাষা থাকুক, সকলের মূল বেদ। সৃষ্টি যদি অনাদি হয়, মনুষ্যের যদি আদি না থাকে, তাহা হইলে বেদও অনাদি হইবেক। মনুষ্যের যদি আদি থাকে, তাহা হইলে যে মূলে আদিমনুষ্যের সৃষ্টি, সেই মূলেই বেদের সৃষ্টি। অথবা বেদশব্দ সকল প্রলয়াবসানসংক্ষুব্ধ নিস্তব্ধ নভস্তলে অনুকরণধ্বনিরূপে আবির্ভূত হইয়াছিল। যাহাই হউক, খুব ভাবিয়া দেখিলে বর্ণশব্দের বা ভাষাশব্দের অনাদি-নিধানতা দেদীপ্যমানরূপে প্রতীত হইবে। সেই জন্যই বলা হইয়াছে, একমাত্র বেদই সত্য, প্রমাণ এবং তজ্জনিত জ্ঞানও সত্য ও প্রমাণ।

জ্ঞানবধ

জ্ঞানের অনুৎপত্তি ও অল্পোৎপত্তি (আংশিক হানি) উভয়ই 'জ্ঞানবধ' শব্দের অভিধেয়। জ্ঞানবধ বলিলে বুঝিতে হইবে, স্থলবিশেষে জ্ঞান অনুৎপত্তি ও স্থলবিশেষে আংশিক উৎপত্তি বলা হইয়াছে। ইন্দ্রিয়ের অভাবে বা বিনাশে জ্ঞানের অনুৎপত্তি এবং তাহার বৈকল্যে জ্ঞানের অল্পোৎপত্তি বা আংশিক হানি হইতে দেখা যায়। চক্ষু না থাকিলে বা চক্ষু বিনষ্ট হইলে চাক্ষুষ জ্ঞান আদৌ জন্মে না এবং বিকৃত বা বিকল হইলে, বিকার বা বৈকল্য অনুসারে চাক্ষুষ জ্ঞানের অল্পোৎপত্তি ও হানি ঘটনা হয়। বিকার অনুসারে অস্পষ্ট দর্শন, বিকৃতদর্শন (একে আর দেখা)

ঘটনা হইয়া থাকে। চক্ষুঃস্থ রূপবাহী শিরা প্রশিরা (স্নায়ু) একটী নহে। পদার্থগত পৃথক্ পৃথক্ রূপে (রংএর) প্রতিভাস মস্তিষ্কে প্রাপণার্থ পৃথক্ পৃথক্ স্নায়ু অবধারিত আছে। তাহার দ্বারা লাল প্রতিভাস মনের নিকট প্রাপিত হয়, তাহার দ্বারা পীত প্রতিভাস প্রাপিত হয় না। যাহার রক্তরূপবাহী স্নায়ু নাই, সে রক্তরূপ দেখে না। তাহা যাহার বিকৃত, সে একে আর দেখে—রাঙা দেখিতে কাল দেখে। এরূপ লোক কখন কখন উদ্ভূত হয়। এইরূপ লোক ইংরাজী ভাষায় (Colour blind) 'কলার ব্লাইণ্ড' অর্থাৎ 'রং কাণা' নামে অভিহিত হন। ঠিক দেখিতে পায় না একে আর দেখে, লাল রংএ কাল রং দেখে, এরূপ লোকও যে আছে, লোকে তাহা অল্পদিন বিদিত হইয়াছে, মধ্যে এ সকল অনুসন্ধান ছিল না। তবে দেখা যায়, রংকাণা অপেক্ষা 'সুরকাণা' 'তালকাণা' লোকই অধিক। অধিক কি বলিব, অনুসন্ধান করিলে প্রত্যেক ইন্দ্রিয়ের গোচরে ভিন্ন ভিন্ন প্রকারের জ্ঞানবধ দেখিতে পাইবে। সকলে সমান দেখে না, সকলে সমান শুনে না, ঘ্রাণশক্তিও সকলের সমান নয়, স্বাদবোধও সকলের একরূপ নহে, স্মরণশক্তি প্রভৃতি মানস পদার্থও অল্পাধিক তীব্র ও অতীব্র হইতে দেখা যায়। সংক্ষিপ্ত কথা এই যে, যে যে ইন্দ্রিয়ের বিনাশ বা বৈকল্য (অপূর্ণতা) হইবে, সেই সেই ইন্দ্রিয়ের গোচরে জ্ঞানবধ ঘটনা অনিবার্য্য। জ্ঞানেন্দ্রিয় ৫, কর্ম্মেন্দ্রিয় ৫, অন্তঃকরণ ৩ সর্ব্বসমেত ১৩;—এতদনুসারে বধও ১৩ সংখ্যক। জ্ঞানবধ ও কর্ম্মবধ (ক্রিয়া শক্তির অভাব বা ত্রুটি) মিলিয়া ১৩ প্রকার বধ সাংখ্যশাস্ত্রে অভিহিত হইয়াছে। উক্ত দ্বিবিধ বধের অন্য নাম 'অশক্তি'। অর্থাৎ বুঝিবার ও করিবার অসামর্থ্য।

ইন্দ্রিয়বধনিবন্ধন যেমন যেমন জ্ঞান কর্ম্মের বধ ঘটনা হইবে, তেমনি তেমনি ঐন্দ্রিয়ক, যৌক্তিক ও ঔপদেশিক জ্ঞানেরও বধ উপস্থিত হইবে। ইন্দ্রিয়ের দোষে ঐন্দ্রিয়ক জ্ঞানের, ঐন্দ্রিয়ক জ্ঞানের ত্রুটিতে যৌক্তিক জ্ঞানের এবং উভয় জ্ঞানের ত্রুটিতে ঔপদেশিক জ্ঞানের ত্রুটি হইয়া থাকে।

সেই জন্য সকলের সমান প্রত্যক্ষজ্ঞান জন্মে না। সকলের সমান অনুমান শক্তি নাই এবং শাস্ত্রবাক্যও সকলে সমান বুঝে না।

বড়ই গোলযোগের কথা। সকলে সমান বুঝে না, অথচ বিশ্বাস ব্যবহার অনাশ্বস্ত হয় না! বিশ্বাস ব্যবহার অনাশ্বস্ত হয় না কেন? ইহাই ঠিক, ইহাই সত্য, ইহাই বাস্তব, ইহাই অবধারিত, এ ব্যবহার কিসে চলে? আমি যাহা দেখিলাম, তাহা মিথ্যা; কিন্তু তুমি যাহা দেখিলে তাহা সত্য; এ সিদ্ধান্তের প্রমাণ কি? প্রমাণ আছে। স্বজাতীয়-সম্বলন বা বহুর ঐক্য। বহুর ঐক্য হইতে দর্শনগত সত্যমিথ্যার অবধারণ হয়। বহুলোকের দেখা ঐক্য হইলেই সত্য; এবং এক জনের বিপরীত দর্শন অসত্য। আমিও রক্তবর্ণ দেখিলাম, তুমিও রক্তবর্ণ দেখিলে, আর এক জন আসিয়াও রক্তবর্ণ দেখিল, কেবল চতুর্থ ব্যক্তি তাহাতে কাল রং দেখিল। এই কাল দেখা মিথ্যা। হয় ত তাহার রক্তরূপবাহী শিরা বিকৃত আছে, তাই সে রাঙায় কাল দেখিয়াছে। সকল মনুষ্যই সূর্য্য-মণ্ডলকে আলোকময় দেখে; কিন্তু পেচক অন্ধকার দেখে। পেচক অন্ধকার দেখে, তাই বলিয়া কি সূর্য্যমণ্ডলকে অন্ধকারময় অবধারণ করিবে? ইতিপূর্ব্বে আমরা যে প্রমাজ্ঞানের কথা বলিয়াছি তাহার স্থূল তাৎপর্য্য—যথার্থ জ্ঞান। যথার্থ জ্ঞানেরই অন্য নাম প্রমা। প্রমা বা যথার্থজ্ঞান নির্ব্বাচন করিতে গেলে আশঙ্কা ও ঐ সকল নিদর্শন উপস্থিত হয় সত্য; পরন্তু সে সকল শঙ্কা নিবারণার্থ সজাতীয়-সম্বলন-প্রণালী অবলম্বিত হইয়া থাকে। আমরা এক প্রকার দেখি, পশুরা আর এক প্রকার দেখে, পক্ষীরা হয় ত অন্যপ্রকার দেখে, এই বিজাতীয়সম্বলন অস্মদাদির অগ্রাহ্য। অর্থাৎ আমাদের জ্ঞান ও আমাদের সত্যমিথ্যা অবধারণে পশ্বাদিজীবের জ্ঞান বাদ দেওয়া আছে। আমরা আমাদেরই অধিকারে থাকি, অন্যের অধিকারে যাই না। "মনুষ্যাধিকারত্বাচ্ছাস্ত্রস্য।" শাস্ত্রে যে যথার্থ জ্ঞানের লক্ষণ বর্ণিত হইয়াছে, বুঝিতে হইবে, তাহা

মানুষের জন্য। তাহাতে পশুর দর্শন বাদ আছে। অতএব, বহু মানুষে যাহা একরূপ দেখে সেই একরূপই তাহার সত্যরূপ ও তৎপ্রকারের সত্য মিথ্যাই মনুষ্য জগতে প্রতিষ্ঠিত।

দেখিতেছি "বৃশ্চিকভিয়া আশীবিষমুখে পপাত।" বিছার ভয়ে সাপের মুখে পড়া ঘটনা হইল। বুদ্ধিবধ প্রসঙ্গে যথার্থ জ্ঞানের কথা বলিতে গিয়া মূল প্রতিপাদ্যের মূলচ্ছেদ করা হইল। শাস্ত্রের প্রধান প্রতিপাদ্য আত্মযাথার্থ্য-নিরূপণ, কিন্তু যথার্থ জ্ঞানের লক্ষণ তাহারই মূলে কুঠারাঘাত করিল। বহুলোকে যাহা একরূপ দেখে, তাহাই ঠিক; নির্দ্দোষ ইন্দ্রিয় যাহা বুঝাইয়া দেয় তাহাই সত্য; এ লক্ষণ শাস্ত্রোক্ত আত্মযাথার্থ্যজ্ঞানে অব্যাপ্ত। শাস্ত্র বলেন—আত্মা অসঙ্গ ও চিৎস্বরূপ; কিন্তু সকল লোকেই জানে ও অনুভব করে, আত্মা সুখাত্মনুষঙ্গী ও অহং-রূপী। অর্থাৎ আমি ইত্যাকারে প্রথিত। এক্ষণে ভাবিয়া দেখ, দৈবাৎ কখন কোন এক লোক অনেক কষ্টে "আমি অসঙ্গ" এইরূপ জ্ঞান অর্জ্জন করিলে, সেই জ্ঞান ঠিক হইবে কি না। আবহমান কাল হইতে সকল লোকে আপনাকে যেরূপে অবগত হইয়া আসিতেছে, সেইরূপ অবগতি আজ ঠিক কি না? বলিতে কি, পূর্ব্বোক্ত লক্ষণ অনুসারে সর্ব্ববিদিত আত্মজ্ঞানই সত্য হয়, কিন্তু কদাচিৎ কোন এক ব্যক্তির শাস্ত্রোক্ত আত্ম-জ্ঞান সত্য হওয়া দূরে থাকুক, বরং মিথ্যা বলিয়া গণ্য হওয়াই উচিত। কিন্তু মিথ্যা হওয়া কতদূর অসমঞ্জস ও কি পর্য্যন্ত ক্ষতিকর, তাহা বুদ্ধিমান্ ব্যক্তি মাত্রেই বুঝিতে সক্ষম। শাস্ত্র যে অসংখ্য লোকের সত্যজ্ঞান লোপ করিবে ও তাহাদিগকে ভ্রমে নিক্ষেপ করিবে, মিথ্যাজ্ঞান জন্মাইয়া অকারণ কষ্ট দিবে, লোকও লোভে লোভে আশায় আশায় সে সকল স্বীকার করিবে, ইহা অল্প আক্ষেপের ও ক্ষতির কথা নহে। যদিও এ সকল কথার প্রত্যুত্তর পূর্ব্বে জ্ঞান-নির্ব্বাচন-প্রস্তাবে প্রদত্ত হইয়াছে ও পরেও হইবে, তথাপি, এখানেও এ সম্বন্ধে অল্প কিছু বলা আবশ্যক।

মনুষ্যের আবহমান কাল প্রচলিত স্বাভাবিক আত্মজ্ঞান যাহা আছে, তাহা স্থিরতররূপে অবস্থিত নহে। ইহাদের 'আমিজ্ঞানের' অবলম্বনের বা বিষয়ের স্থৈর্য্য দেখা যায় না। ইহারা এক বার এই স্থূল দেহকে 'আমি' বলে, আরবার এতদ্দেহস্থ ইন্দ্রিয়দিগকে 'আমি' বলে। এই মাত্র আমাকে 'আমি স্থূল, আমি কৃশ' বলিয়া জানিতেছি, মুহূর্ত্ত পরেই আবার হয়ত আমি আমাকে অন্ধ, পঙ্গু, বধির বলিয়া জানিব। অতএব, মনুষ্যের আবহমানকাল প্রচলিত স্বাভাবিক আত্মজ্ঞান যাহা আছে তাহা অনবস্থিত; সেজন্য তাহা সংশয়িত ও বিপর্য্যস্ত। যাহা সংশয়িত বা বিপর্য্যস্ত —তাহা মিথ্যা। শাস্ত্রসমর্পিত জ্ঞান তাহার বিপরীত; সেজন্য তাহা সত্য। শাস্ত্রোক্ত আত্মজ্ঞান সমুদয় শাস্ত্রজ্ঞের নিকট সমান, অর্থাৎ একরূপ ও অবাধিত। তাহাতে কি সংশয়, কি বিপর্য্যয়, দুয়ের কিছুই থাকে না। সুতরাং তাহাই ঠিক ও অবশিষ্ট অঠিক। এ সম্বন্ধে আরও এক তত্ত্ব কথা আছে। আত্মবিষয়ক তত্ত্বজ্ঞান ঐন্দ্রিয়ক নহে। আত্মা ইন্দ্রিয়াধিকারের অতীত। ইন্দ্রিয়গণ কেবল বহির্বস্তুই দেখে, সর্ব্বান্তর আত্মবস্তু দেখে না। সেই কারণে আত্মা ঐন্দ্রিয়িক জ্ঞানের গ্রাহ্য না হইয়া প্রাতিভ জ্ঞানের গ্রাহ্য হন। প্রাতিভ-জ্ঞান সত্ত্বগুণের যৎপরোনাস্তি বিকাশে আবির্ভূত হয়; সেজন্য তাহা নির্দ্দোষ ও সত্যগ্রাহী। প্রাতিভ-জ্ঞান কি তাহা বলিতেছি।

প্রাতিভ-জ্ঞান

বুদ্ধির বিশেষ উন্মেষ দেখিলে, তাহাকে আমরা 'প্রতিভা' নামে খ্যাত করি। শীর্ষকোক্ত প্রাতিভ-জ্ঞান তাহার চরমোৎকর্ষ। এই জ্ঞান ঐন্দ্রিয়ক, যৌক্তিক ও ঔপদেশিক জ্ঞান হইতে পৃথক্ ও স্বতন্ত্ররূপে উৎপন্ন হইয়া থাকে। যে জ্ঞান ইন্দ্রিয়-সংযোগাধীন জন্মলাভ করে, যে জ্ঞান হেতু-দর্শনের অনন্তর আগমন করে, যে জ্ঞান বাক্য-শ্রবণে জন্মে, প্রাতিভ-

জ্ঞান সে সকলের অতিরিক্ত। অথচ নিতান্ত অকারণোৎপন্ন নহে। বিশ্বাস সহকারে নিরন্তর অনুশীলন, ধ্যান ও অনুসন্ধান করিতে করিতে কাহার কাহার ঐ জ্ঞান শীঘ্র বা সহসা প্রাদুর্ভূত হয়, কাহার বা কিছু বিলম্বে উৎপন্ন হয়। বায়ুর দ্বারা শুষ্কতৃণপুঞ্জের নীচে অলক্ষ্যে অগ্নিকণা প্রবেশিত হইলে, কালে সেই তৃণপুঞ্জ যেমন দপ্ করিয়া জ্বলিয়া উঠে, সেইরূপ, প্রাতিভ-জ্ঞানও ধ্যানসহকৃত ঐন্দ্রিয়ক যৌক্তিক ও ঔপদেশিক জ্ঞানরাশি হইতে সেই সকল জ্ঞানের সারভূত জ্ঞানান্তর-রূপে প্রাদুর্ভূত হয়। ইহারই প্রাদুর্ভাবে তত্ত্বচিন্তকগণ পরিতৃপ্ত হইয়া থাকেন। ধাতু, উপধাতু, প্রস্তর ও কাচ মলিন ও অমসৃণ অবস্থায় প্রতিবিম্ব গ্রহণ করে না; কিন্তু পরিমার্জ্জনে নির্ম্মল ও মসৃণ (পলিশ) হইলে, কাচ প্রভৃতির কথা দূরে থাকুক, কাষ্ঠখণ্ডও প্রতিবিম্ব-গ্রহণ সামর্থ্য প্রাপ্ত হয়। এই যেমন দৃষ্টান্ত, তেমনি পুনঃ পুনঃ ধ্যানে ও একাগ্রতায় নির্ম্মলীকৃত হইলে চিত্ত-সত্ত্বে কোন এক নির্দ্দিষ্ট সময়ে প্রাতিভ-জ্ঞান উদিত হইয়া থাকে। পুনঃ পুনঃ অনুসন্ধান, আধ্যাত্মিক চিন্তা, মনন ও নিদিধ্যাসন, এ সকল সমান কথা। ঈদৃশ নিদিধ্যাসন চিত্তের পরিমার্জ্জক অথবা দাহক। ইহারাই যথাযোগ্য আবৃত্তিতে বা পুনঃ পুনঃ অনুষ্ঠানে (পরিমার্জ্জনে) বুদ্ধির অজ্ঞানাবরণ ক্ষয় প্রাপ্ত হয়, তখন সর্ব্বাবভাসক সত্ত্ব একান্ত নির্ম্মল হয়। সত্ত্ব নির্ম্মল হইলেই জ্ঞান-সার প্রতিভা সহসা উন্মিষিত হয়। এই প্রণালীর জ্ঞান লৌকিক পরীক্ষকদিগের প্রতিভা ও বুদ্ধ্যুন্মেষ নামে খ্যাত। ইহাই যোগীদিগের যোগজ ধর্ম্ম ও যোগী প্রত্যক্ষ। এই প্রণালীর সত্য জ্ঞান পৌরাণিকদিগের দিব্যজ্ঞান, বৌদ্ধদিগের মনুষ্যোত্তরিধর্ম্ম সাক্ষাৎকার ও দার্শনিক পণ্ডিতদিগের অলৌকিক প্রত্যক্ষ। যে প্রক্রিয়ার লৌকিক পরীক্ষকদিগের প্রতিভোন্মেষ হয়, প্রায় সেই প্রক্রিয়াতেই গীতনিপুণদিগের রাগ-স্বর-তাল-মূর্চ্ছনাদি প্রত্যক্ষ হইয়া থাকে এবং তাহারই অনুরূপ প্রক্রিয়ায় যোগীদিগের ও জ্ঞানীদিগের আত্মজ্ঞান উদিত হইয়া থাকে।

এ পর্য্যন্ত ইহলোকে যে কিছু নূতন তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, বুঝিতে হইবে সমুদায়ই প্রাতিভ জ্ঞানের প্রসাদাৎ। গ্যালিলিওর পার্থিব-গতি-জ্ঞান ও নিউটনের মাধ্যাকর্ষণ-জ্ঞান যদি সত্য সত্যই নূতন হয়, তবে উক্ত দুই জ্ঞানকেও প্রাতিভ-জ্ঞান বলিতে পার। এ দেশের প্রাচীন ঋষিরা এই জ্ঞান অর্জ্জন করিয়া বিশ্বমণ্ডল করামলকবৎ দেখিতেন ও প্রাচীন যোগী পতঞ্জলি মুনি "প্রাতিভাৎ বা সর্ব্বম্।" [বিজানাতি যোগী] এই সূত্রে উহার প্রভাব বর্ণন করিয়া গিয়াছেন।

সৎকার্য্যবাদ *

"নাঽসদুৎপাদোনৃশৃঙ্গবৎ।"

[কপিল-সূত্র।

সংক্ষেপে প্রমাণ-পরীক্ষা ‡ সমাপ্ত করা হইয়াছে। অতঃপর

---

* "যৎ অস্তীতি প্রতীতিবিষয়ং তৎ সৎ।" যাহা আছে বলিয়া জ্ঞান হয় তাহার নাম সৎ। 'আছে' এই জ্ঞান প্রমাণ হওয়া আবশ্যক। সৎ ও সত্য তুল্য কথা। সদ্বিপরীতের নাম অসৎ বা অসত্য। যাহার রূপ নাই, আখ্যা নাই, যে নিজেও নাই, তাহার নাম অভাব ও অসত্য। যথা—নরশৃঙ্গ, শশ-বিষাণ, বন্ধ্যাপুত্র, ইত্যাদি।

‡ পূর্ব্বে তিনটী মাত্র প্রমাণের কথা বলা হইয়াছে। যদিও মতবিশেষে অধিক প্রমাণের উল্লেখ আছে, তথাপি তাহা উল্লেখ মাত্র। সাংখ্যমতে "ন ন্যূনং নাতিরিক্তম্" তিনের অতিরিক্ত বা ন্যূন প্রমাণ নাই। অলৌকিক আর্য্য-বিজ্ঞান বা যোগিপ্রত্যক্ষ যদিও অসাধারণ ফল প্রসব করে, তথাপি তাহা কথিত প্রমাণত্রয় হইতে ভিন্ন নহে। যোগীরা যোগ বলে, শিল্পীরা যন্ত্র বলে, অতিদূরস্থ বস্তুকে নিকটস্থের ন্যায় দেখেন। পরমাণু বা তত্তুল্য সূক্ষ্ম বস্তুকে স্থূলবৎ প্রত্যক্ষ করেন। এ কথা মিথ্যা নহে, প্রত্যুত সত্য। পরন্তু তদ্বিধ

প্রমেয় [প্রমাণের বিষয়] পরীক্ষা। বলা বাহুল্য যে, প্রমেয় * অসংখ্য। সে জন্য মাত্র মাত্র কতিপয় প্রধান প্রমেয় বর্ণিত হইবে। প্রমেয় বলিবার পূর্ব্বে সৎকার্য্যবাদ বর্ণন প্রয়োজনীয়। কারণ সৎকার্য্যবাদই সাংখ্য-শাস্ত্রের প্রমেয় পরীক্ষার ভিত্তি।

দর্শনের উপায়ীভূত যোগ ও যন্ত্র, উভয়ের কেহই প্রমাণ নহে। তাহারা প্রমাণের সাধক বা সহায়। যোগ ও যন্ত্র ইন্দ্রিয়সংযুক্ত হইলে সেই ইন্দ্রিয়ের শক্তি বৃদ্ধিই করে, অন্য কিছু করে না। এই তথ্য সাংখ্যাদি শাস্ত্রে "স্বচ্ছপ্রসাদ-স্বাভাব্যাৎ কাচাদীনাং চক্ষুষোঽবাধকত্বং দৃষ্টম্।" ইত্যাদি ক্রমে কথিত হইয়াছে।

অপিচ, যোগ ও যন্ত্র, উভয়ের মধ্যে অপর এক প্রভেদ আছে। যন্ত্র কেবল বাহ্যেন্দ্রিয়ের শক্তি বৃদ্ধি করে, কিন্তু যোগ অন্তরিন্দ্রিয়েরও শক্তি বৃদ্ধি করে। যন্ত্র সূক্ষ্মবস্তুর শরীরে স্থূলত্ব ভ্রম না জন্মাইয়া চক্ষুর্গোচরে নীত করে না, দূরস্থ বস্তুকে নিকটস্থের ন্যায় ভ্রম না জন্মাইয়া প্রত্যক্ষে উপনীত করিতে পারে না; কিন্তু যোগ তাহা পারে। যোগের তাদৃশী শক্তি আছে কি না, তাহা অস্মদাদির অনুপদেশ্য। তবে বুদ্ধ্যারোহ করিবার নিমিত্ত যে কিছু যুক্তি আছে, তাহা পাতঞ্জল দর্শনে বিবৃত করিতে চেষ্টা করিয়াছি।

আর এক কথা। ভারত যুদ্ধের সময় ব্যাসদেব সঞ্জয়কে দিব্য চক্ষু প্রদান করিয়াছিলেন। লিখিত আছে, সঞ্জয় তদ্দারা দূরস্থ যুদ্ধকাণ্ড নিকটস্থের ন্যায় অবলোকন করিয়া তদ্‌বৃত্তান্ত ধৃতরাষ্ট্রের গোচর করিতেন।' "নিকটস্থের ন্যায়" এক বাক্ ভঙ্গীর দ্বারা বোধ হয়, ঐ দিব্য চক্ষুঃ কোন প্রকার যোগ, অথবা যন্ত্র। কেহ কেহ দিব্য চক্ষুর স্থানে চশমা বলিতে ইচ্ছুক।

* প্রমা শব্দের অর্থ যথার্থ জ্ঞান। সেই যথার্থ জ্ঞান যে যে বস্তু অবগাহন করে সেই সেই বস্তুই প্রমেয়। এতাবতা বস্তু, পদার্থ, প্রমেয়, এই সমস্ত নাম একই অর্থের পরিচায়ক। ব্যবহারিক প্রমা এবং ব্যবহারিক প্রমেয় ব্যবহার কালেই উপযুক্ত, কিন্তু তাত্ত্বিক প্রমা ও তাত্ত্বিক প্রমেয় তত্ত্বজ্ঞানের উপযুক্ত।

সাংখ্যমতে তাত্ত্বিক প্রমেয় [প্রমাণের বিষয়ীভূত তত্ত্ব] পঞ্চবিংশতির অতিরিক্ত নহে। যদ্যপি পশু পক্ষী, মনুষ্য, চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, তারকা,—বট, পট, গৃহ, কুড্য প্রভৃতি সমস্ত পদার্থই প্রমেয় এবং আধ্যাত্মিক মন, বুদ্ধি, অহঙ্কার ও জীব প্রভৃতিও প্রমেয়; তথাপি ঐ সকলের অধিকাংশই ব্যবহারিক প্রমেয়, তাত্ত্বিক প্রমেয় নহে। তাত্ত্বিক প্রমেয় কি তাহা বলি। যাহা তত্ত্ব অর্থাৎ কোন মৌলিক পদার্থ বলিয়া প্রমাজ্ঞানের বিষয় হয়, তাহাই তাত্ত্বিক প্রমেয়। একই মৃত্তিকার বিকার ঘট, শরাব, উদঞ্চন প্রভৃতি নানা নামে ব্যবহৃত হইলেও তাহা যেমন মৃত্তিকা হইতে তত্ত্বান্তর নহে, তেমনি আন্তর ও বাহ্য পদার্থের ব্যবহার দশায় অসংখ্যতা দৃষ্ট হইলেও সে সকলের তত্ত্ব বা মূল অসংখ্য নহে। পদার্থ সকল ব্যবহার কালে একবিধ : পরন্তু তাহার তত্ত্ব অন্যবিধ।

কাহার মতে জগতের মূল তত্ত্ব এক অর্থাৎ ব্রহ্ম। কাহার মতে দুই অর্থাৎ প্রকৃতি আর পুরুষ। কাহার কাহার মতে জগতের তত্ত্ব অন্যবিধ। যতই মত থাকুক না, ব্যবহারের সমসংখ্যক তত্ত্ব কোন মতে স্বীকৃত হয় নাই। ব্যবহারের কাল্পনিকতা ও মূলের তাত্ত্বিকতা সকল মতেই বর্ণিত আছে। ব্যবহারিক পদার্থের অসত্যভাব দেখাইবার নিমিত্ত ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠ অধ্যায়ে একটী আখ্যায়িকা অভিহিত হইয়াছে। আখ্যায়িকার সংক্ষিপ্ত অনুবাদ এই—পুরা কালে উদ্দালক নামে এক ঋষি শ্বেতকেতু নামক আপন পুত্রকে ব্রহ্মজ্ঞ করিবার নিমিত্ত গুরুসন্নিধানে প্রেরণ করিয়াছিলেন। শ্বেতকেতু কিছু কাল পরে অধ্যয়ন সমাপ্ত করিয়া গৃহে প্রত্যাগত হইলে, উদ্দালক তাহার জ্ঞান জন্মিয়াছে কি না বুঝিবার অভিপ্রায়ে তাহার মুখজ্যোতিঃ নিরীক্ষণ করিতে লাগিলেন। দেখিলেন শ্বেতকেতুর তত্ত্বজ্ঞান হয় নাই, তদীয় অন্তঃকরণ কেবল বিদ্যাভিমানে পরিপূর্ণ হইয়াছে। বুঝিলেন, শ্বেতকেতু তত্ত্বজ্ঞ হইয়া আইসে নাই, একটী বিচারমল্ল হইয়া আসিয়াছে। উদ্দালক ইহাতে বিশেষ দুঃখিত হইলেন।

ভাবিলেন, এখন ইহাকে উপদেশ দেওয়া বৃথা। যে জিজ্ঞাসু নহে, যে নিজের জ্ঞানে সংশয়িত নহে, তাহাকে উপদেশ দেওয়া অনর্থক। যদি কোন প্রকারে ইহাকে ইহার নিজের অজ্ঞতা অনুভব করান যায়, তাহা হইলে ইহার বর্ত্তমান অজ্ঞান উপদেশ দ্বারা উপশান্ত হইতে পারে। উদ্দালক মনে মনে এইরূপ আলোচনা করিয়া শ্বেতকেতুকে জিজ্ঞাসা করিলেন, বৎস শ্বেতকেতু! তুমি সমস্ত শাস্ত্রই অধ্যয়ন করিয়াছ। কিন্তু এমন কোন পদার্থ জানিয়াছ যে, যাহা জানিলে সমস্তই জানা হয়?

শ্বেতকেতু বলিলেন, তাহা কিরূপে সম্ভবে?

উদ্দালক বলিলেন, একটী মৃন্ময় বস্তুর মূল জানিলে যেমন সমস্ত মৃন্ময় বস্তু জানা হয়, একটী নখনিকৃন্তনের তত্ত্ব জ্ঞাত হইলে যেমন সমুদয় কার্ষ্ণা'-য়স (ইস্পাত) জানা হয়, একটী কুণ্ডলের প্রকৃতি জানিলে যেমন সমুদায় হিরণ্ময় বস্তু জানা হয়, তেমনি, এই জগতের মূল উপাদান জানিলে সমুদায় তদুপাদেয় বিশ্ব জানা হয়। উদ্দালকের এবংবিধ উপদেশে শ্বেতকেতুর নিজ জ্ঞানশক্তির প্রতি সংশয় জন্মিল। তখন তাহার বিশ্ব-উপাদান জানিবার ইচ্ছা হইল। অনন্তর উদ্দালক তর্কসচিব উপদেশ দ্বারা তদীয় মনে বিশ্বজীব প্রকৃতির তত্ত্ব সঞ্চারিত করিতে পারিলেন।

অতএব, ব্যবহার কালে ঘটশরাবাদির পার্থক্য অনুভূত হইলেও তাহা তাত্ত্বিক জ্ঞানে অসত্য। "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্" বিকার সকল বাক্যসৃষ্ট অর্থাৎ কথামাত্র। নামের পারমার্থিকতা নাই। যাহা মূল তাহাই পরমার্থ। ঘট, শরাব, উদঞ্চন, এই সকল নাম মাত্র, মৃত্তিকাই ঐ সকলের তত্ত্ব। এ অভিপ্রায় কেবল উদ্দালকের নহে, সাংখ্যাচার্য্যদিগেরও বটে। সাংখ্যাচার্য্যেরা বলেন, কার্য্যকারণভাব অবলম্বন করিয়া জগতের মূলতত্ত্বে উপনীত হও। তাহা হইলে আপনার ও জগতের অনারোপিত রূপ বুঝিতে পারিবে। জগৎ ও আত্মা এই দুই পদার্থের তত্ত্ব বা অনারোপিত রূপ জ্ঞাত হইতে পারিলেই কৃতার্থ হইবে।

দার্শনিকদিগের কথাগুলি শুনিতে যেমন, বুঝিতে তেমন নহে। অথবা বুঝিতে যেমন, পরীক্ষা করিতে তেমন নহে। সাংখ্যকার বলিলেন, কার্য্যকারণভাব অবলম্বন করিয়া মূল তত্ত্বে উপনীত হও। কিন্তু মূলতত্ত্বে এমন করিবার পরিষ্কৃত পথ কৈ? জগতের ভাব, গতি, সংস্থান ও কার্য্য-কারণভাব এমনি বিচিত্র ও এমনি দুর্ব্বিজ্ঞেয় যে, নিম্নশ্রেণীর কার্য্য-কারণ-ভাব স্থির করাও কঠিন। আবার মনুষ্য-মনের সহিত এই জগতের এমনি বক্র সম্বন্ধ ও এমনি প্রতার্য্য-প্রতারকতা আছে যে, একটা সামান্য কার্য্যকারণভাব গড়িতে ও দেখিতে গেলে মতভেদ উপস্থিত হইয়া সংশয় সাগরে নিমগ্ন ও বিমোহিত করে। অনুকরণ ধ্বনির প্রতি মনোনিবেশ করিলে সেই ধ্বনিকে যখন যেরূপ ভাবা যায়, তখন সেইরূপ বোধ হয়। (ঢেঁকির কচ্‌কচির মত)। জগতের ও আত্মার স্বরূপ নির্ণয় করিতে প্রবৃত্ত হইলেও ঠিক সেইরূপ হয়। না হইবে কেন? জগতে এমন কোন পদার্থ নাই, যাহার দুইটী একরূপ পাওয়া যায়। প্রজ্ঞা প্রত্যেক ব্যক্তিতেই আছে সত্য, পরন্তু তাহা প্রত্যেক ব্যক্তিতেই বিভিন্ন। যাহার যেমন প্রজ্ঞা, সে তদনুরূপ সিদ্ধান্তে উপনীত হয়। বহু লোকে বহু প্রকার সিদ্ধান্ত করিবে, তন্মধ্যে কাহার সিদ্ধান্ত ঠিক তাহা কে বলিতে পারে? সাংখ্য বলেন, যাহা শাস্ত্রসংস্কৃত আত্মার প্রিয় তাহাই ঠিক্‌। সেই সিদ্ধান্তই ফল প্রসব করে, অপর সিদ্ধান্ত কল্যাণকামী পুরুষের অগ্রাহ্য।

উৎপত্তিঘটিত কার্য্যকারণ ভাব লইয়া অনেক গুলি মত আছে। কিন্তু যে সমস্ত মত অত্রৈকালিক, শাস্ত্রচর্চ্চা সংস্কৃত আত্মার ও সৎপুরুষের অপ্রিয়, সে সকল অসৎ। এক মত আছে, "অসতঃ সজ্জায়তে।" অবিদ্যমান বা অভাব (না থাকা) হইতে সত্যের জন্ম হয়। এই মতের নাম অসৎকার্য্যবাদ।*

*ইহা বৌদ্ধ সম্মত। এতদ্ভিন্ন নাস্তিক বিশেষের মতে অসৎ অর্থাৎ নাম

আর এক মত আছে "একস্য সতো বিবর্ত্তঃ কার্য্যজাতং ন বস্তু সৎ" মূলে এক মাত্র সদ্বস্তু ছিল। এই দৃশ্যমান জগৎ তন্নিষ্ঠ মায়াশক্তির প্রতিভাস। এই মতের নাম বিবর্ত্তবাদ এবং এই মতে জগৎ মিথ্যা ও ব্রহ্ম সত্য।

অন্য এক মত আছে "সতোঽসজ্জায়তে" পরমাণু প্রভৃতি সৎপদার্থ হইতে অসৎ অর্থাৎ উৎপত্তির পূর্ব্বে ছিল না এরূপ দ্ব্যণুকাদি উৎপন্ন হয়। ইহারই নাম অভাবোৎপত্তিবাদ।

আর এক মত আছে, "সতঃ সজ্জায়ত এব" সদ্বস্তু হইতে সদ্বস্তুই উৎপন্ন হয়। যাহা উৎপন্ন হয়, তাহা উৎপন্ন হইবার পূর্ব্বেও ছিল—কারণদ্রব্যে ছিল। ইহাই সাংখ্যের সৎকার্য্যবাদ। সাংখ্যপ্রণেতা কপিল এই মতের অত্যন্ত পক্ষপাতী। মহর্ষি কপিল যুক্তিসহকারে দেখাইয়াছেন, "পূর্ব্ব পূর্ব্ব মতগুলি নিতান্ত সদোষ, অন্যথাভবিক, অত্রৈকালিক, সংস্কৃত আত্মার অপ্রিয়; সুতরাং অসৎ ও অগ্রাহ্য। যাহা জন্মিবে তাহা উৎপত্তির পূর্ব্বেও কারণের মধ্যে লুক্কায়িত থাকে, এই সত্য, কল্যাণকামী পুরুষের অবশ্য গ্রহণীয়।

বলিতে পার যে, যাহা জন্মিবে, পূর্ব্বে তাহা কোথায় থাকে। প্রত্যুত্তর এই যে তাহা কারণদ্রব্যে লুক্কায়িত থাকে। ইহাতে যুক্তি কি? অভিনব উৎপত্তিতে আপত্তিই বা কি?

অভিনব উৎপত্তি পক্ষে আপত্তি—প্রথমতঃ সিদ্ধসাধন। অর্থাৎ যাহা আছে তাহার আবার উৎপত্তি কি? "ছিল না, হইল" এমন হইলেই

রূপ আখ্যা বিবর্জ্জিত (যাহা কিছুই নহে এরূপ) কারণ হইতে তত্তুল্য জগৎ জন্মিয়াছে। পূর্ব্বে কিছুই ছিল না, এখনও নাই, ভবিষ্যতেও থাকিবে না। মধ্যে কেবল কতকগুলি মিথ্যার বিজৃম্ভণ দেখা যায়। এই মতে ঈশ্বর নাই, পরকালও নাই।

উৎপত্তি শব্দের প্রয়োগ সাধু হইতে পারে। থাকিলে তাহার নিমিত্ত যত্ন ও আয়াস প্রযুক্ত হইবে কেন? কারণ-দ্রব্যই বা কি করিবে?

প্রত্যুত্তর—সৎকার্য্য পক্ষে ও যত্নের প্রয়োজন আছে। লুক্কায়িত অর্থাৎ শক্তিরূপে অবস্থিতি অব্যক্ত কার্য্যকে ব্যক্ত করাই যত্নের ও আয়াসের ফল। অনভিব্যক্ত কার্য্য ব্যবহারের অনুপযোগী সুতরাং তাহা থাকা না থাকা সমান। মৃৎপিণ্ডে ঘট থাকিলেও তাহার অভিব্যক্তি ব্যতীত জলাহরণ সম্পন্ন হইতে পারে না। সুতরাং অভিব্যক্তির নিমিত্ত তাহাতে কারণসংযোগ আবশ্যক। উৎপত্তির পূর্ব্বে কার্য্যের সদ্ভাব থাকিলেও যখন তাহার অভিব্যক্তি প্রয়োজনীয়, তখন আর কার্য্য প্রবৃত্তির ব্যাঘাতাদির আপত্তি হইতে পারে না এবং আয়াসের বৈফল্য শঙ্কাও স্থান পায় না। কার্য্যের অনাগতাবস্থা বা কারণব্যাপারের পূর্ব্বাবস্থা অথবা অব্যক্ত অবস্থার নাম অনুৎপত্তি। বর্ত্তমানাবস্থা বা ব্যক্তাবস্থার নাম উৎপত্তি। আর, অতীতাবস্থা বা কারণপ্রবেশাবস্থা বিনাশ। এইরূপ উৎপত্তি, অনুৎপত্তি স্থিতি ও বিনাশ ব্যতীত অন্যরূপ উৎপত্তি, অনুৎপত্তি স্থিতি ও বিনাশ নাই।

যাহাতে যাহা নাই বা থাকে না তাহা হইতে তাহা কদাচ হয় না। শত সহস্র শিল্পী একত্রিত হইলেও নীলকে পীত করিতে পারে না। অসংখ্য উপায় অবলম্বন করিলেও এবং চিরকাল নিপীড়ন করিলেও কেহ বালুকা হইতে তৈল নিষ্কাশ করিতে পারিবেন না। পীত ও স্নেহ, নীলে ও বালুকায় না থাকায় তদ্দ্বয়, তদ্দ্বয় হইতে আবির্ভূত হয় না। অতএব, যে কার্য্য যে উপাদানে লুকায়িত থাকে, শক্তিরূপে নিহিত থাকে, সেই কার্য্যই সেই উপাদান হইতে হয়, কার্য্যান্তর হয় না। হইলে যে-সে দ্রব্যে যে-সে বিকার জন্মিত। তাহা যখন হয় না, জন্মে না, যখন বিশেষ বিশেষ উপাদান হইতেই হয়, তখন ইহা অবশ্য স্বীকার্য্য হইবে যে, কার্য মাত্রেই স্বীয় স্বীয় কারণে শক্তিরূপে থাকে, পরে তাহা

কর্ত্তার ব্যাপারে একটি প্রাপ্ত হয়। ইহাই কপিলের সৎকার্য্য বাদ। কপিল মুনি এই সৎকার্য্য বাদের অনুকূলে অনেক প্রকার যুক্তি দেখাইয়াছেন, বাহুল্য ভয়ে সে সকল ত্যাগ করিলাম।*

সাংখ্যমতে কার্য্য দ্বিবিধ। অভিব্যজ্যমান ও উৎপদ্যমান। ধান্য হইতে তণ্ডুল গো হইতে দুগ্ধ—ইত্যাদি প্রকার কার্য্য অভিব্যজ্যমান। বীজ হইতে অঙ্কুর ভুক্তান্ন হইতে রস রক্তাদি, ইত্যাদিবিধ কার্য্য উৎপদ্যমান। দ্বিবিধ কার্য্যই শক্তিরূপে স্বায় আকারে প্রকাশ প্রাপ্ত হয়। সেই প্রকাশ কোথাও অভিব্যক্তি, কোথাও বা উৎপত্তি নামে অভিহিত হয়।

কার্য্য-শক্তির জ্ঞান কাহার বা কার্য্য নিষ্পত্তির অনন্তর জন্মে, কাহার বা পূর্ব্বেই জন্মে। "ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ।" পরে জন্মে জড়বুদ্ধি মনুষ্যের, পূর্ব্বে জন্মে পরীক্ষক মনুষ্যের। সেই জন্যই পরীক্ষক পুরুষেরা কার্য্যোন্নতি করিতে পারেন, জড় বুদ্ধিরা পারে না।

---

* "ত্রিবিধবিরোধাপত্তেশ্চ" "নাসদুৎপাদো নৃশৃঙ্গবৎ" উপাদাননিয়মাৎ "সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্বাঽসম্ভবাৎ" শক্তস্য শক্যকরণাৎ" "কারণভাবাচ্চ" নাভিব্যক্তিনিবন্ধনৌ ব্যবহারাঽব্যবহারৌ" 'নাশঃ কারণলয়ঃ" এই সকল কপিল সূত্রের মর্ম্ম লইয়া ইহা লিখিত হইল। বস্তুতঃ মৃত্তিকায় যদি ঘটশক্তি না থাকিত তাহা হইলে কদাচ মৃত্তিকার দ্বারা ঘট প্রস্তুত করা যাইত না। মৃত্তিকায় ঘট জন্মাইবার শক্তি আছে বলিয়াই মৃত্তিকায় ঘট জন্মে এবং লোকেও ঘট গড়িবার জন্য মৃত্তিকা গ্রহণ করে। যাহারা জানে, মৃত্তিকা ঘট জন্মায় না, কদাচ তাহারা ঘট গড়িবার জন্য মৃত্তিকা গ্রহণ করে না। এ সকল দেখিয়া বুঝা উচিত যে, প্রকৃতিতে যদি জগৎ-রচনা শক্তি না থাকিত তাহা হইলে কদাচ প্রকৃতি হইতে জগৎ রচিত হইত না। প্রকৃতিতে জগৎশক্তি আছে বলিয়াই প্রকৃতি জন্মায়। সাখ্য যে পরে ঈশ্বরের কর্ত্তৃত্ব লোপ করিবেন, সেই স্থানেই তাহার সূত্রপাত হইল।

সাংখ্যমতে কারণ দুই প্রকার। এক প্রকারের নাম নিমিত্ত কারণ, অন্য প্রকারের নাম উপাদান কারণ।* কারণ শব্দের সাধারণ অর্থ এই যে, "যেন বিনা যৎ ন ভবতি তৎ তস্য কারণম্"। অর্থাৎ যাহা ব্যতীত যাহা আত্মলাভ করে না, সে তাহার কারণ। এ লক্ষণ অনুসারে নানা পদার্থ কারণ সংজ্ঞা পাইতে পারে সত্য; পরন্তু তন্মধ্যে কতকগুলি কর্ত্তা, কর্ম্ম, করণ, অধিকরণ ও সম্প্রদান প্রভৃতি নামে পর্য্যাপ্ত হইয়া যায় এবং অপর একটী অপাদান আখ্যা প্রাপ্ত হয়। এই অপাদান সাংখ্যভাষায় উপাদান ও ন্যায়ভাষায় সমবায়ী নামে প্রসিদ্ধ। কিন্তু কিছু প্রভেদ আছে। উপাদান কারণের সহিত নিমিত্ত কারণের প্রভেদ এই যে, প্রত্যেক জায়মান কার্য্যে উপাদানের অনুবর্ত্তন থাকে, কিন্তু নিমিত্তের অনুবর্ত্তন থাকে না। ঘটের উপাদান মৃত্তিকা এবং নিমিত্ত দণ্ড চক্র সলিল ও সূত্র প্রভৃতি। বলয়াদি কার্য্যের উপাদান সুবর্ণ; তাহার নিমিত্ত—সন্দংশ (সাঁড়াশী) ও ভস্ত্রা (যাঁতা) প্রভৃতি। ঘটে মৃত্তিকা থাকে কিন্তু নিমিত্ত কারণের সংস্রব থাকে না। কেননা, নিমিত্ত কারণ কেবল সম্বন্ধের দ্বারা কার্য্য জন্মাইয়া কৃতার্থ হয়, সেইজন্য আর

* কারণ-জ্ঞানে ব্যুৎপন্ন হওয়া সুকঠিন। কোন কার্য্য উৎপন্ন হইলে তাহার কারণ অসাধারণ করা বরং সহজ কিন্তু ভবিষ্যৎ কার্য্যের কারণ অবধারণ করা সহজ নহে। পরন্তু বড় কঠিন। তাহা সুনিপুণ প্রজ্ঞাসম্পন্ন ব্যক্তিরাই পারেন, যুক্তি-কুশল ধ্যান পারগ ব্যক্তিও কথঞ্চিৎ পারেন।

কার্য্যের নির্ণয় কালে অন্বয় ও ব্যতিরেক, উভয় পথই অবলম্বন করিতে হয়। কোন্‌টী থাকাতে কার্য্যটী জন্মিয়াছে তাহা দেখিতে হইবে এবং কোন্‌টী না থাকিলে তাহা হইত না, তাহাও দেখিতে হইবে। "যাহা না থাকিলে হইত না" এই অংশটী নিকট সম্বন্ধ অনুসারে গ্রহণ করিতে হইবে। নচেৎ কুম্ভকারের পিতামহ না থাকিলে ঘট হইত না, এই আপত্তিতে কুম্ভকারপিতামহকে ঘট-কারণ বলা ন্যায্য হইবে না।

তাহার সহিত সম্বন্ধ থাকে না। ফল কথা এই যে, যে দ্রব্যের গাত্রে কার্য্য জন্মে বা যে দ্রব্য বিকৃত হইয়া কার্য্য জন্মায়, সেই দ্রব্য উপাদান। কারণে যে কার্য্যশক্তি থাকে, তাহা উপাদান কারণেই থাকে, নিমিত্ত কারণে নহে।

সাংখ্যমতে জগতের উপাদান প্রকৃতি। প্রকৃতিতে অনন্ত ও অপ্রমেয় কার্য্য-জনন শক্তি ছিল অর্থাৎ বিশ্বব্রহ্মাণ্ড নিতান্ত সূক্ষ্ম বীজরূপে লুক্কায়িত ছিল, তাই তাহা অভিব্যক্ত হইয়া এই বিচিত্র জগৎ জন্মাইয়াছে। প্রকৃতি কি? কি প্রকারে তাহা হইতে বিশ্বব্রহ্মাণ্ড জন্মিয়াছে? এ সকল কথা উত্তর ভাগে বিবৃত করিতেছি।

উত্তর ভাগ

তত্ত্বসঙ্কলন

প্রথম ভাগে প্রমাণ, প্রমাণের সংখ্যা ও তৎপ্রসঙ্গপ্রাপ্ত অনেক কথা বলা হইয়াছে। সম্প্রতি প্রমেয় তত্ত্বে হস্তার্পণ করিতে হইবে। প্রমেয় তত্ত্ব বলিতে গেলে প্রথমতঃ তত্ত্ব সমুদায়ের একটি স্থূল সঙ্কলন ও জগতের উৎপত্তিঘটিত একটি সামান্য ছবি প্রদর্শন করা আবশ্যক হয়।

একদা এক ঋষি—দর্শন ও পুরাণ রচয়িতা ঋষিদিগকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, "ইঁহারা জগৎ গড়া পণ্ডিত। ঈশ্বর জগৎ-নির্ম্মাণ করুন বা না করুন ইহারা করেন।" কথাটা উপেক্ষণীয় নহে। সত্য সত্যই দেখা যায়, যিনি যখন লেখনী গ্রহণ করিয়াছেন, তিনিই তখন জগৎ গড়িয়াছেন। বস্তুতঃ ঐ রোগ সকল দেশের লোকেরই আছে।

উপরোক্ত কথা যাঁহার মুখ দিয়া নির্গত হইয়াছে, তিনি বোধ হয় জৈমিনি মতের ব্যক্তি। কারণ, একমাত্র জৈমিনি মুনি জগতের উৎপত্তি অস্বীকার করেন। জৈমিনির মতে জগতের সার্ব্বাত্মিক উৎপত্তি ও বিনাশ নাই। জৈমিনি বলেন' "ন কদাচিদনীদৃশম্" জগৎ এখন যে অবস্থায় ও যে নিয়মে চলিতেছে পূর্ব্বেও এই নিয়মে চলিয়া আসিতেছে। এতদপেক্ষা কোন নূতনবিধ অবস্থা বা ঘটনা জগতের সম্বন্ধে ঘটিয়াছিল কি না, তাহা বলা যায় না। এখন যেমন আমরা এক বৃক্ষের অভাব, অন্য বৃক্ষের উদ্ভব,—এক জীবের মৃত্যু, অপর জীবের জন্ম—এক পদার্থের ধ্বংস, অপর পদার্থের উৎপত্তি,—এক প্রদেশের উদয়, অপর প্রদেশের বিলয় প্রত্যক্ষ করিতেছি, এইরূপ অনাদি অতীত কালের লোকেরাও দেখিয়াছিলেন এবং অনন্ত ভবিষ্যৎ কালের লোকেরাও দেখিবেন। সর্ব্বধ্বংসরূপ মহা-

প্রলয় কস্মিন্ কালে হয় নাই, হইবেওনা। * ঈদৃশ প্রকাণ্ড ও অনন্ত বিশ্বের যে এক সময়ে নামগন্ধও ছিল না, অকস্মাৎ উৎপত্তি হইয়াছে, এ কথা প্রমানাসহ সুতরাং অসম্ভব। শাস্ত্রে যে মহাপ্রলয় বর্ণিত আছে, তাহা প্রকৃত মহাপ্রলয় নহে। তাহা খণ্ড প্রলয়।

জৈমিনেয়দিগের মতে জগতের গতি যেরূপ হয় হউক, কিন্তু আর আর ঋষিদের মতে জগতের উৎপত্তি ও বিনাশ আছে। আমরা যাঁহার মত প্রকাশ করিতেছি, তাঁহার মতেও জগতের উৎপত্তি ও বিনাশ আছে। সুতরাং তদীয় মতে জগতের উৎপত্তি, স্থিতি ও লয়, কি প্রকারে ও কৌশলে, কাহার শক্তিতে হয় বা হইয়াছে, তাহা আমরা অল্প কথায় পাঠকগণের গোচর করিব। স্থূলতঃ কতিসংখ্যক তত্ত্বের দ্বারা (কারণ-দ্রব্যের দ্বারা) এই প্রকাণ্ড জগৎ জন্ম লাভ করিয়াছে, কোন্ তত্ত্ব হইতে কোন্ তত্ত্বের জন্ম হইয়াছে, এ সকল দৃশ্যের আদি কারণ কি? এই অংশত্রয় মাত্র বলিব, অন্য কিছু বলিব না। নদ, নদী, সাগর, শৈল, লতা ও গুল্ম প্রভৃতি কি কৌশলে কাহার শক্তিতে ও কি প্রকারে উৎপন্ন হয়, এ সমস্ত বলিব না। কাপিল মতের জগৎ রচনায় ঐ সমস্ত নাই। অর্থাৎ কপিল ততদূর বলেন নাই।

"বলেন নাই কেন? কপিল কি ততদূর বুঝিতেন না?

বুঝিতেন না এ কথা আমরা কি করিয়া বলিতে পারি। একজন সর্ব্বজ্ঞ ঋষি যে একটা গাছ হয় কেমন করিয়া তাহা জানিতেন না, এরূপ ভাবা নিতান্ত অসঙ্গত। আমরা এই মাত্র বুঝি ও বলিতে বাধ্য যে, ঐ সকল বলিবার বিশিষ্ট প্রয়োজন নাই। প্রয়োজন নাই বলিয়াই কপিল

---

* এ সম্বন্ধে নব্য ইউরোপ ও আমেরিকার বিজ্ঞানবাদীদিগের সহিত বিশেষ ঐকমত্য দেখা যায়। ইহাদিগকে materialists বলে। ইহাদের কথা তদ্দেশীয়দিগের নিকট নূতন হইলেও এতদ্দেশীয়দিগের নিকট নহে।

বলেন নাই। নদ হয় কি প্রকারে? নদী হয় কি প্রকারে? পর্ব্বত হয় কি প্রকারে? এ সকল জানা পুরুষের মোক্ষ বা আত্মোদ্ধারের সাধক নহে। সেই কারণে কপিল ঐ সকল কথা বলেন নাই। আত্মা ও জগৎ, এতদুভয়ের যাথার্থ্য অনুভব করাইয়া বিবেক জ্ঞান জন্মানই কপিলের অভিপ্রেত। যাহা যাহা তদুভয়ের অনুপযোগী তাহা তাহা তিনি বলিবেন কেন? কপিল বলেন, সংসারের বা গৃহকার্য্যের উপকরণ স্বরূপ এই জড়পিণ্ডের গুণাগুণ ও স্থিতিপ্রকার জানিলে কি হইবে? যাহা এ সকলের তত্ত্ব তাহাই জান—জানিলে ত্রাণ পাইবে? যাহাদের কুতূহল নিবৃত্তি করাই অভিলষিত, শিল্পসাধন করাই পুরুষার্থ, যাহারা জন্ম জন্ম বদ্ধ থাকিতে ক্লেশবোধ করে না, তাহারাই পাথর হয় কেমন করিয়া তাহা অনুসন্ধান করুক, কিন্তু যাহারা জ্ঞানাভ্যাস করিবে, অধ্যাত্মতত্ত্বে নিমগ্ন থাকিয়া বদ্ধ আত্মাকে মুক্ত করিবে, তাহারা ও সকল জানিবে না। কপিল এই ভাব হৃদিস্থ করিয়া যে যে অংশ উপদেশ করিয়াছেন, সেই সেই অংশই আমাদের বর্ণনীয়।

আমরা যাহাকে মৌলিক পদার্থ * বলি—বৌদ্ধেরা যাহাকে ধাতু বলেন—সাংখ্যাচার্য্যেরা তাহাকে তত্ত্ব বলেন। 'তত্ত্ব' শব্দের সাধারণ অর্থ

---

* মৌলিক পদার্থ অর্থাৎ উপাদান দ্রব্য। যাহার পরিণামে যাহা উৎপন্ন হয় তাহা তাহার মূল বা উপাদান। মৃৎপিণ্ডের পরিণামে ঘটের উৎপত্তি হয় বলিয়া ঘটের মূল বা উপাদান মৃত্তিকা। মৃত্তিকাই তত্ত্ব; ঘট পৃথক তত্ত্ব নহে। সাংখ্যকার বলেন, মৃত্তিকা ও ঘট একই তত্ত্ব। তত্ত্বনির্ণয় প্রাকৃতিক কার্য্যের দ্বারাই হয়, জৈবিক কার্য্যের দ্বারা নহে; ঘট পট গৃহ অট্টালিকা প্রভৃতিকে জৈবিক কার্য্য বলা যায়। তত্ত্ব গণনার শেষ ভূমি পঞ্চবিধ মহাভূত। সেই পাঁচ ভূতের ন্যূনাধিক ভাব ও সংযোগ বিয়োগ বশতঃ যে সকল দৃশ্য সমুদ্ভূত হয় তাহার আর তত্ত্ব সংজ্ঞা নাই।

এই যে, যাহা যাহার যোনি বা মূল, তাহা তাহার তত্ত্ব। যথা—ঘটের তত্ত্ব মৃত্তিকা, কুণ্ডলের তত্ত্ব সুবর্ণ, ইত্যাদি। অপিচ, যে পদার্থ চিরনিত্য এবং কস্মিন্‌ কালেও যাহা বিকৃত হয় না, তাদৃশ পদার্থও তত্ত্বশব্দের বাচ্য। তত্ত্ব শব্দের উভয়বিধ অর্থ একত্রিত করিলে তত্ত্বের দুইটি শ্রেণী হয়। এক নির্ব্বিকার নিষ্ক্রিয় তত্ত্ব, আর এক সবিকার সক্রিয় তত্ত্ব। "যে যাহার মূল" এই লক্ষণ অনুসারে সবিকার সংগৃহীত হয়। আর "চিরকাল একরূপ আছে বা থাকে" এতদনুসারে নির্ব্বিকার কূটস্থ তত্ত্বের সংগ্রহ হয়। এই নির্ব্বিকার নিষ্ক্রিয়তত্ত্ব কাহার জনক নহে। কেন না তাহা অপরিণামী। সে পরিণত হয় না, সে কাহারও উপাদান বা জনক হয় না। যদি পরিণামী বা নিষ্ক্রিয় পদার্থ কাহার উৎপদক না হইল, তাহা হইলে সবিকার সক্রিয় তত্ত্বই এই ব্রহ্মাণ্ডপিণ্ডের উৎপাদক, ইহা প্রকারান্তরে বলা হইল।

সঙ্কলিত দ্বিবিধ তত্ত্ব পুনশ্চ চারি ভাগে বিভক্ত। প্রকৃতি ১• প্রকৃতি-বিকৃতি ২, কেবল বিকৃতি ৩, ও অনুভয়রূপ ৪। প্রকৃতি নহে বিকৃতিও নহে, এরূপ তত্ত্বই অনুভয়রূপ। এই চতুর্ব্বিধ তত্ত্বের প্রত্যেকের এইরূপ সংখ্যা নির্দ্দিষ্ট আছে—

প্রকৃতি ১।* ইহাই মূল প্রকৃতি নামের নামী। প্রকৃতি-বিকৃতি ৭ (মহৎ, অহঙ্কার, আর পাঁচ প্রকার তন্মাত্রা।] কেবল বিকৃতি ১৬

যে কারণ-দ্রব্য রূপান্তর হইয়া কার্য্য নাম প্রাপ্ত হয় তাহাকে ধাতু বলা যায়। ভিন্ন ভিন্ন পদার্থের মূল ভাব লক্ষ্য করিয়াই বৌদ্ধ ভাষায় ধাতু শব্দের প্রয়োগ হইয়াছে। বৈয়াকরণিক পণ্ডিতেরাও ঐরূপ অর্থে ধাতু শব্দের ব্যবহার করেন। যথা—"শব্দযোনিস্তু ধাতবঃ" অর্থাৎ শব্দোৎপত্তির মূলস্থানের নাম ধাতু। ধাতু, উপাদান কারণ-দ্রব্য, ভূত, এ সকল তুল্যার্থক।

* ইহাকে Undifferentiated Cosmic Matter বলে।

(একাদশ ইন্দ্রিয় ও স্থূল ভূত পাঁচ)। অনুভয়রূপ ১। এই শেষোক্ত তত্ত্ব আত্মা নামে প্রসিদ্ধ এবং ইহাকেই নির্ব্বিকার নিষ্ক্রিয় তত্ত্ব বলা হইয়াছে। জগৎ এই পঞ্চবিংশতি তত্ত্বে রচিত। পঞ্চবিংশতির ন্যূন অথবা অধিক তত্ত্ব নাই।

সেশ্বর সাংখ্য বলেন, আছে। সে তত্ত্ব ঈশ্বরনামে প্রসিদ্ধ। "ক্লেশ কর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্ট ঈশ্বরঃ"। প্রাকৃতিক সুখ-দুঃখাদি বিবর্জ্জিত এবং কর্ম্মজনিত পাপপুণ্যে অলিপ্ত অথচ সমস্ত জগতের নিয়ন্তা এমন এক সর্ব্বশ্রেষ্ঠ চিরনিত্য তত্ত্ব আছে, তাহাকে আমরা ঈশ্বর বলি।

প্রকৃতি

সঙ্কলিত তত্ত্ব সমুদায়ের মধ্যে প্রথমোল্লিখিত তত্ত্বের নাম প্রকৃতি। প্রকৃতি বুঝিবার নিমিত্ত সকলেই আগ্রহ করিবেন এবং সকলেই হয় ত বলিবেন, "প্রকৃতি কি ? কি প্রকার পদার্থের নাম প্রকৃতি ? সাংখ্য-বক্তা কপিল বলেন, প্রকৃতি এই জড়জগতের বীজ এবং তাহা নিতান্ত সহজে হৃদ্গত করান যায় না। সংসারী আত্মার জ্ঞান তাহাকে সহজে আয়ত্ত করিতে পারে না। না পারার কারণ এই যে, সে পদার্থ এখন রূপান্তরে অবস্থান করিতেছে। এখন তাহার জগদবস্থা, আত্মাও এখন স্বরূপে অবস্থিত নহেন। আত্মা এখন সংসারী। প্রকৃতি এখন স্থূলাস্থূল বহুবিধ আকার ধারণ করিয়াছেন, তদীয় অঙ্গ প্রত্যঙ্গে শব্দ, স্পর্শ, রূপ রস, গন্ধ প্রভৃতি ইন্দ্রিয়গ্রাহ্য বহুবিধ গুণের উদ্ভব হইয়াছে, আত্মাও এখন ইন্দ্রিয় সহায় হইয়াছেন, প্রকৃতির বৃথা আলিঙ্গনে বিমোহিত হইয়া কাল কর্ত্তন করিতেছেন ?

---

* ইহা বৈদান্তিকের মায়াকবলিত পরব্রহ্মের সহিত সমান।

প্রকৃতি, জগতের মূল, জগতের বীজ, জগতের অব্যক্ত অবস্থা এ সকল সমান কথা। সৃষ্টির পূর্ব্বাবস্থা, প্রকৃতি বা অব্যক্ত তত্ত্বটী অত্যন্ত দুর্লক্ষ্য, ব্যাপক, শব্দস্পর্শাদিগুণবর্জ্জিত; ও দিকে অসংসারী অবস্থার আত্মা নির্গুণ, নিষ্ক্রিয়, নির্লেপ, কেবল ও চিৎস্বরূপ। সংসারী আত্মার পক্ষে মূলপ্রকৃতির ও আপনার অসংসারী রূপ বুদ্ধ্যারোহ করা বড়ই কঠিন যে কখন দুগ্ধ দেখে নাই, দধি দেখে নাই, নবনীতও দেখে নাই, কেবল ঘৃতমাত্র দেখিয়াছে, তাদৃশ ব্যক্তিকে ঘৃতের প্রকৃতি অর্থাৎ উৎপত্তিস্থান দুগ্ধের আকার অনুভব করান সহজ ব্যাপার নহে। তাহা যেরূপ কঠিন বর্ত্তমান জগৎ-দ্রষ্টাকে ইহার মূল অনুভব করান তদপেক্ষা অধিক কঠিন। যদিও দৃষ্টান্ত বলে, উপদেশ কৌশলে, তাদৃশ ব্যক্তির হৃদয়ে কথঞ্চিৎ দুগ্ধ-চ্ছায়া সন্নিপাত করা যাইতে পারে, তথাপি জগদ্বীজ প্রকৃতির স্বরূপ বুঝান যাইতে পারে না।

"তবে কি তাদৃক্ পদার্থের উপদেশ ও জানিবার চেষ্টা বৃথা?" না, বৃথা না। তবে কি না প্রকৃতি বুঝিতে হইলে অধিকারী হওয়া আবশ্যক। অগ্রে অধিকার অর্জ্জন কর পরে চেষ্টা করিও। তখন বুঝিতে পারিবে, প্রকৃতি কি? অধিকারীত্ব নিয়ম কেবল প্রকৃতি-জ্ঞানের নিমিত্ত নহে, পরন্তু সকল বিষয়েই অধিকারী হওয়া নিয়মিত। অনধিকারী পুরুষ শত চেষ্টা করিলেও ফললাভ করিতে পারে না, কিন্তু অধিকারী হইলে অত্যল্প চেষ্টায় সফলপ্রযত্ন হয়। এ বিষয়ে একটি রূপক কথা আছে, তাহা বলিতেছি। প্রকৃতি কুলকামিনী-স্থানীয়া এবং সংসারী আত্মা আমি স্থানীয়। প্রকৃতি সর্ব্বদাই স্বামি-পুরুষের নিকট আত্মশরীর আবৃত রাখিয়া হর্ষ শোকাদি জন্মাইতেছে, পুরুষও সেই আবৃতাঙ্গীর বৃথা আলিঙ্গনে মুগ্ধ হইয়া বৃথা হর্ষ শোকাদি অনুভব করিতেছেন। এ অবস্থায় যদি কদাচিৎ কেহ প্রকৃতি নিরীক্ষণ করিতে অভিলাষ করেন, তাহা হইলে তাঁহার সে অভি-লাষ সহজে পূর্ণ হইবে না। অনেক উপায়, অনেক সাধ্যসাধনা ও নিয়ম

অবলম্বন পূর্ব্বক অগ্রে অধিকারী হইতে হইবে, পরে উপায় অবলম্বনে দেখিতে পাইবে। কীদৃক্ উপায় অবলম্বন করিলে প্রকৃতিদর্শনে অধিকারী হওয়া যায়, তাহা বলিতেছি। প্রথমতঃ আহার শুদ্ধি, ব্যবহার শুদ্ধি, ত্রিবিধ সংঘাতশুদ্ধি, দেশ, কাল ও সৎপাত্রাদির লাভ, সঙ্কল্পত্যাগ, ইন্দ্রিয় সংযম, ব্রতচর্য্যা, এই সমুদায়ের সার্ব্বভৌমত্ব রক্ষা করা ও গুরুসেবা প্রভৃতি সৎকর্ম্মনিচয়ে রত থাকা কর্ত্তব্য। * তৎপরে তত্ত্বান্বেষণ আবশ্যক। তত্ত্বান্বেষণে প্রবৃত্ত হইলে সহসা একদিন চিত্তপ্রসাদ উপস্থিত হইবে। চিত্ত যখন যার পর নাই সুপ্রসন্ন অর্থাৎ পরম নির্ম্মল হইবে, তখন প্রকৃতির আলিঙ্গন অর্থাৎ বিষয়ানুভব জনিত সুখ আর ভাল লাগিবে না। তখন এ সকল সুখ সুখ বলিয়া গণ্য হইবে না, প্রত্যুত

---

* আহারশুদ্ধি—হিত, পরিমিত ও মেধ্য অর্থাৎ পবিত্র দ্রব্য ভোজন। যাহা মনঃস্বাস্থ্যকর ভোজন তাহা হিত,—যাহা আরোগিতার কারণ তাহা পরিমিত,—যাহা রজস্তমোগুণের নাশক ও সত্ত্বগুণের উত্তেজক তাহা মেধ্য অর্থাৎ পবিত্র। ঘৃত, দুগ্ধ ও কতকগুলি বিশেষ বিশেষ ফল মূল ভক্ষণ করিলে সত্ত্বগুণ উত্তেজিত হয়। মৎস্য মাংসাদি ভক্ষণ করিলে রজোগুণ (চাঞ্চল্য) পরিবর্দ্ধিত হয়। মদ্য এবং আম মাংসাদির সেবায় তমোগুণের আবির্ভাব হয়। খাদ্যাখাদ্যের সহিত মনের সম্পূর্ণ যোগ আছে; সুতরাং মনঃসাধ্য ধর্ম্মের সহিতও ভক্ষ্যাভক্ষ্যের সম্বন্ধ আছে।

ব্যবহার শুদ্ধি—যথেচ্ছ ব্যবহার না করা অর্থাৎ শাস্ত্রোক্ত সুব্যবহার করা। ব্যবহারের সহিতও মনের বিশেষ সম্পর্ক আছে, সেজন্য ধর্ম্মের ও অধর্ম্মের সহিতও আছে।

ত্রিবিধসংঘাতশুদ্ধি—সংঘাত শব্দে ইন্দ্রিয়যুক্তদেহ বুঝায়। তৎসম্বন্ধীয় ত্রিবিধ অর্থাৎ বাক্; কায় ও মন। এগুলির শুদ্ধি অর্থাৎ সংস্কার করণ, মিথ্যা বাক্য ও বহু বাক্য না বলা বাক্‌শুদ্ধি। ত্রিকালীন স্নান মার্জ্জন, ধৌত বস্ত্র

'কিসে ইহার পরিহার হইবে'—'কিসে ইহার আক্রমণ হইতে রক্ষা পাওয়া যায়' এইরূপ চেষ্টাই জন্মিবে। যখন দেখিবে, চিত্ত দুঃখমিশ্রিত সাংসারিক সুখে অত্যন্ত বিরত হইয়াছে ও 'আমি' কি? এই প্রশ্নের প্রত্যুত্তর পাইবার জন্য ব্যাকুল হইয়াছে, তখনই জানিবে—তুমি প্রকৃতি দেখিবার অধিকারী হইয়াছ। তখন যে প্রকৃতি দেখিবার চেষ্টা হইবে সে চেষ্টা বৃথা হইবে না, প্রত্যুত ফলবতীই হইবে। তাদৃশ তপঃসম্পন্ন শ্রদ্ধাবান্ দুঃখজিহীর্ষু উপায়জিজ্ঞাসু আস্তিক পুরুষই প্রকৃতি দেখিবার অধিকারী।

এই স্থানে বলা আবশ্যক যে, প্রকৃতি ঐন্দ্রিয়ক-জ্ঞানের গোচর নহেন। অর্থাৎ তাঁহাকে চক্ষুরাদির দ্বারা দেখা যায় না। প্রকৃতি-দর্শনের নিমিত্ত তিনটি মাত্র উপায় নির্দ্ধারিত আছে। শ্রবণ, মনন ও

পরিধান ও বিণ্মূত্রাদির অস্পর্শ শরীরশুদ্ধি। মিথ্যাভিলাষ, মিথ্যা কল্পনা, বিষয়াসক্তি ও কাম-ক্রোধাদির পরিত্যাগ মনঃশুদ্ধি।

দেশ—নদীতীর, নিরুপদ্রব অরণ্য ও বিজন গৃহ ইত্যাদি।

কাল—উষাকাল ও তদতিরিক্ত মনঃস্থৈর্য্যকর কাল।

পাত্র—গুরু, ধার্ম্মিক, অকুটিল হিতৈষী ও আত্মতত্ত্বজ্ঞ।

সঙ্কল্প-ত্যাগ—ভোগবাসনা পরিত্যাগ।

ইন্দ্রিয়সংযম—উদ্দাম হস্তীর ন্যায় বিষয়ে ধাবমান ইন্দ্রিয়দিগকে তত্তৎ বিষয় হইতে প্রত্যাহরণ করা।

ব্রতচর্য্যা—অহিংসা পূর্ব্বোক্ত আহারসংযমাদিনিয়ম প্রতিপালন করা, দয়া দাক্ষিণ্য মৈত্রীভাব ও পাপক্ষয়কারী চান্দ্রায়ণাদি।

সার্ব্বভৌম্যত্ব,—সকলদেশে সকলকালে ও সর্ব্বদা ঐ সকল নিয়ম প্রতিপালন করা। (এক দিন বা দুদিন করিলে হইবে না।)

গুরুসেবা—গুরুর অভিমত কার্য্য করা। গুরু সন্তুষ্ট হইলে তিনি মন খুলিয়া উপদেশ দিবেন।

নিদিধ্যাসন। প্রকৃতি পরিজ্ঞানের নিমিত্ত যে সকল আপ্ত বাক্য আছে তৎসমুদায়ের অর্থাবধারণ করা শ্রবণ। অনন্তর অবধৃত অর্থকে অনুকূল যুক্তির দ্বারা দৃঢ় অর্থাৎ অবিচাল্য করা মনন। পরে সেই দৃঢ়ীকৃত অর্থের নিরন্তর ধ্যান করা নিদিধ্যাসন। এই নিদিধ্যাসন সাংখ্যে তত্ত্বাভ্যাস নামে খ্যাত। তত্ত্বাভ্যাস বার বার বহুবার করিতে করিতে চিত্তের জড়ত্ববিনাশ হয়, সত্ত্বোৎকর্ষ হয়, মনের প্রকাশশক্তি বৃদ্ধি পায়। তখন সেই সূক্ষ্মা প্রকৃতি নির্ম্মল আদর্শে (অণুবীক্ষণ কাচে) সূক্ষ্ম পদার্থ দর্শনের ন্যায় অনায়াসে দেখা যাইতে পারে। বিন্দুপরিমাণ তৈল নির্ম্মল জলে নিপতিত হইলে তাহা প্রসৃত হইয়া সমস্ত জল ব্যাপিয়া থাকে, কিন্তু আবিল জলে নিপতিত হইলে প্রসৃত হয় না, অধিকন্তু তাহা পতন স্থানেই থাকে। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, মনও নির্ম্মল ও সমধিক প্রকাশ-শক্তি-সম্পন্ন না হইলে তাহাতে সূক্ষ্ম বস্তুর উপদেশ প্রতিবিম্বিত হয় না; অধিকন্তু তাহা পরাহত হইয়া যায়।

প্রকৃতি পরিজ্ঞানের নিমিত্ত যে সকল আপ্ত বাক্য ও যুক্তি কথা আছে, সে সকল এই—

"নেদমমূলম্ভবতি।" "সন্মূলাঃ সোম্যেমাঃ প্রজাঃ।" যাহা যাহা জন্মে তাহা প্রজা। যাহা যাহা প্রজা তাহা তাহা জন্মবান্। যাহা জন্মে তাহার মূল আছে। জগৎও জন্মিয়াছে, সে জন্য জগতেরও মূল আছে। সে মূল কি? সে মূল প্রকৃতি। প্রকৃতি মূল কারণের সংজ্ঞা, অন্য কিছু নহে। এই মূল সত্ত্বাদি দ্রব্যত্রয়ের সমাহার। শাস্ত্রও বলেন, "অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং স্বরূপাঃ।" 'লোহিত' রজঃ, 'শুক্ল' সত্ত্ব, 'কৃষ্ণ' তমঃ এই সম্মিলিত তিন দ্রব্য আদি-তত্ত্ব বা মূল। সেই মূল হইতে এই অসংখ্য বিচিত্র প্রজা উৎপন্ন হইয়াছে। যেমন পিতামাতার অধিকাংশ গুণ তদুৎপন্ন পুত্রে অনুক্রান্ত হয়, তেমনি প্রকৃত্যুৎপন্ন জগতে তদীয় অধিকাংশ গুণ অনুক্রান্ত

হইয়াছে। "সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ।" সত্ত্ব নামক রজো-নামক, তমো-নামক, দ্রব্যত্রয়ের সাম্যাবস্থা অর্থাৎ উক্ত দ্রব্যত্রয় যখন সমভাবে বা অন্যূনাতিরিক্ত ভাবে অবস্থান করে, তখন তাহা প্রকৃতি-পদাভিধেয় হয়। প্রকৃতি, প্রধান, অব্যক্ত, জগদ্‌যোনি, জগদ্বীজ, এ সকল পর্য্যায় শব্দ। যখন তাহার ন্যূনাধিক্য ঘটনা হয়, অর্থাৎ একটি প্রবৃদ্ধ হইয়া অন্যটাকে অভিভূত করে, অল্পে অল্পে তখন তাহার নানা পরিণাম আরম্ভ হয়। প্রকৃতির প্রথম পরিণামের নাম মহৎতত্ত্ব দ্বিতীয় পরিণামের নাম অহংতত্ত্ব, তৃতীয় পরিণামের নাম ইন্দ্রিয় ও পরমাণু। চতুর্থ পরিণাম জগৎ। এতদপেক্ষা অন্য কোন বিশিষ্ট পরিণাম আছে কি না, তাহা শাস্ত্রে লেখা নাই। যদি থাকে, তবে সে পরিণামের ফল কি তাহা কে বলিবে? একাগ্রচিত্তে চিন্তা করিলে ও দার্শনিকদিগের লিখনভঙ্গী পর্য্যালোচনা করিলে প্রতীতি হয়, এতদপেক্ষা বিশিষ্ট পরি-ণাম হয় না ও হইবে না। অর্থাৎ বর্ত্তমান জগতের পরিবর্ত্তে অন্য কোন নূতন তত্ত্ব আগমন করিবে না। "নাঽপরিণম্য ক্ষণমপ্যবতিষ্ঠতে" প্রকৃতি ক্ষণকালও পরিণতা না হইয়া থাকিতে পারেন না। সেই জন্য তিনি সর্ব্বদাই পরিণতা হইতেছেন। এখনও হইতেছেন এবং তাহাতেই অল্পে অল্পে জগৎ জীর্ণ হইতেছে। জীর্ণতার সমাপ্তি হইলেই আবার সাম্যাবস্থা আসিবে, কিছুকাল পরে আবার এইরূপ জগদবস্থা হইবে।

উক্ত আপ্ত বাক্যের তাৎপর্য্যার্থে বুঝা গেল যে সত্ত্ব, রজঃ, তমঃ, এই সম্মিলিত তিনটি দ্রব্যের বা তিনটি অবয়বযুক্ত একটি অনশ্বর দ্রব্যের পারিভাষিক নাম প্রকৃতি *। ইনি অনাদি ও অনন্ত; কোনও কালে

* সত্ত্ব, রজঃ তমঃ এই তিনটি যদি দ্রব্যই হইল, তবে উহাদিগকে গুণ বলে কেন? (যথা 'সত্ত্বগুণ' ইত্যাদি—) বলিবার কারণ আছে। শাস্ত্রকারেরা উপ-করণ দ্রব্যকে গুণ ও অঙ্গ বলেন। সত্ত্বাদি দ্রব্যও আত্মার সুখ দুঃখের উপকরণ তাই তাহারা গুণ। পশু রজ্জুবদ্ধ হয়, আবার তদভাবে মুক্ত হয় সে কারণে রজ্জু গুণ। পুরুষও সত্ত্বাদি গুণে বদ্ধ ও তদ্বিচ্ছেদে মুক্ত হন। তদনুসারেও সত্ত্বাদি গুণ।

ইনি 'নাই' হন না। অর্থাৎ তাঁহার অভাব হয় না। যেমন সুক্ষ্মতম বীজ হইতে ফলপত্রাদিসম্পন্ন প্রকাণ্ড মহীরুহ জন্মে, তেমনি, জগৎ-বীজ প্রকৃতি হইতে এই বিশাল ব্রহ্মাণ্ডমহীরুহ জন্মিয়াছে। †

প্রকৃতির নিম্নপরিণাম গুলির অর্থাৎ জগতীস্থ পদার্থ রাশির কার্য্য-কারণ-ভাব পরীক্ষা করিতে গেলে তম্মধ্য হইতে চারিটি সত্য লব্ধ হয়। প্রথম—কারণ দ্রব্যের যে কিছু গুণ সে সমস্ত কার্য্যদ্রব্যে অনুক্রান্ত হওয়া। * দ্বিতীয়—যে যখন বিনষ্ট হয় সে তখন স্বীয় কারণ-দ্রব্যেই বিলীন হয়। দীপ নির্ব্বাপিত হইল, কিন্তু সেই শিখাকার অগ্নিপিণ্ড কোথায় গেল? দেখা যায়, বাতাশ লাগিয়া বা বাতাশ অভাবে নিবিয়া গেল। নিবিয়া গেল অর্থাৎ পিণ্ডাকৃতি অগ্নি অদৃশ্য হইল বা বাতাশে মিলিয়া গেল। নিবিয়া যাওয়া ব্যাপারটির প্রতি প্রণিধান প্রয়োগ করিলেই বুঝা যায় যে, যে বায়ু অগ্নিপ্রজ্জ্বলনের কারণ, দীপ নামক অগ্নি-পিণ্ডটি সেই কারণ বায়ুতেই লীন হইয়াছে, অন্য কিছু হয় নাই। অতএব যে যখন বিনষ্ট হয় সে তখন আপন কারণেই বিলীন হয়। কারণে বিলীন হওয়া বা পুনঃ কারণাপন্ন হওয়া বিনাশ। তৃতীয়—কার্য্য অপেক্ষা কারণের সূক্ষ্মতা। দেখুন, বৃহত্তম ন্যগ্রোধবৃক্ষের কারণীভূত ন্যগ্রোধবীজ তদপেক্ষা কত সূক্ষ্ম। চতুর্থ—কার্য্য আপনার কারণকে

---

† ন্যায় বৈশেষিক, বৌদ্ধ ও চার্ব্বাক প্রভৃতি, ভূতগ্রাম অর্থাৎ চতুর্বিধ পরমাণুকে (পার্থিব তৈজস বায়বীয় ও আপ্য) জগতের মূল বলেন। কপিল তাহা না বলিয়া সত্ত্ব, রজঃ, তমঃ এই দ্রব্যত্রয়কে মূল বলিলেন। কপিল বলেন পরমাণু প্রকৃতি নামক মূল পদার্থের চতুর্থ বিকার। পরমাণু নদ নদী, পর্ব্বত প্রভৃতি স্থূল কার্য্যের কারণ; মহত্তত্ত্ব নামক বুদ্ধির ও অহংতত্ত্ব নামক তদ্বিকারের কারণ নহে।

* সাংসিদ্ধিক গুণ ব্যতীত আগন্তুক বা নৈমিত্তিক গুণ অনুক্রান্ত হয় না।

ক্রোড়ীকৃত করিতে পারে না কিন্তু কারণ তাহা পারে। ঘট সমস্ত মৃত্তিকা ব্যাপিয়া নাই কিন্তু মৃত্তিকা সমস্ত ঘট ব্যাপিয়া আছে। এই নিয়ম চতুষ্টয় হইতেই প্রকৃতিজ্ঞানের উপযুক্ত যুক্তি উৎপন্ন হয়।

আর এক কথা। যখন পরিদৃশ্যমান স্থূল পদার্থের মূল অন্বেষণ করিলে ও পাঁচ মহাভূতের মূল চিন্তা করিলে সূক্ষ্ম ভূত বুদ্ধিস্থ হয় এবং সূক্ষ্মভূতের উপাদান অন্বেষণ করিলে অহংতত্ত্ব নামক পদার্থের প্রকাশ পাওয়া যায়, তখন, চিন্তা করিলে অবশ্যই অহংতত্ত্বমূলে মহত্তত্ত্ব ও মহত্তত্ত্ব মূলে নিতান্ত অব্যক্ত প্রকৃতি নামক জগদ্-বীজ সংলগ্ন থাকা, দেখিতে পাইবে। যে প্রক্রিয়ায় অহং তত্ত্বের মূল অন্বেষণ করিতে হয়। সে প্রক্রিয়া এই—অহংতত্ত্বেরও মূল অর্থাৎ উপাদান আছে। ভাবিয়া দেখ, জীবমাত্রেরই 'অহং' এই অভিমান আছে এবং তাহার মূলে অপর এক প্রকার ভাব সংলগ্ন আছে, তাহা স্বতঃসিদ্ধ ও নিশ্চয়াত্মক। তাহা 'আমি' ও 'আমি আছি, এই অবিচাল্য ভাব। ভাবটি জীব মাত্রেরই আছে ও তাহা স্বতঃসিদ্ধ। 'আমি আছি' এ ভাব কেহ চেষ্টা করিয়া জন্মায় না। কোন প্রমাণদ্বারাও কেহ অবধারণ করে না। সেই জন্যই বলিলাম, উহা স্বতঃসিদ্ধ। স্বতঃসিদ্ধ বুদ্ধি যে দ্রব্যের পরিণাম সেই দ্রব্যই বুদ্ধিতত্ত্ব নামে পরিভাষিত। বুদ্ধিতত্ত্ব ও মহত্তত্ত্ব একই জিনিস এবং মহত্তত্ত্বই যাবৎ বিশেষ বিশেষ মনোবৃত্তির বা জ্ঞানের বীজ। প্রত্যেক জীবের মহান্ যদি একত্রিত হয়, তবে তাহা সমষ্টিবুদ্ধি ও বুদ্ধিতত্ত্ব নামের অভিধেয়। পৌরাণিক পণ্ডিতেরা এই বুদ্ধিতত্ত্বকে রূপকচ্ছলে ব্রহ্মা ও হিরণ্যগর্ভ প্রভৃতি উপনাম প্রদান করিয়াছেন। ব্রহ্মার বা হিরণ্যগর্ভের ক্ষয়োদয় আছে সুতরাং মূলও আছে। সে মূল মূলা প্রকৃতি। এইস্থানেই মূল কল্পনার বিশ্রাম, অতঃপর আর মূল কল্পনা নাই। অনবস্থা ভয়ে কোনও ঋষি মূলের কল্পনা করেন নাই। *

* যদি মূল কল্পনার শেষ না হয়, স্রোতের ন্যায় ক্রমান্বয়ে চলিতে

পূর্ব্বোক্ত বিচারের অপর নিষ্কর্ষ এই যে, ভৌতিক কার্য্য অপেক্ষা তাহাদের উপাদান স্থূল ভূত ও ব্যাপক ও সূক্ষ্ম। তদপেক্ষা সূক্ষ্মভূত ও ইন্দ্রিয় ব্যাপক ও সূক্ষ্ম। ইন্দ্রিয় অপেক্ষা অহংতত্ত্ব ব্যাপক ও সূক্ষ্ম। অহং তত্ত্ব অপেক্ষা মহত্তত্ত্ব এবং মহত্তত্ত্ব অপেক্ষা মূলপ্রকৃতি ব্যাপিনী ও সূক্ষ্মা।* মূল প্রকৃতির ব্যাপকত্বের উপমা নাই, সূক্ষ্মতারও দৃষ্টান্ত নাই। মূলপ্রকৃতির ব্যাপকতাকে শাস্ত্রকারেরা পূর্ণ, অপরিচ্ছন্ন, সর্ব্বমূর্ত্ত-সংযোগী প্রভৃতি নাম দিয়াছেন। এ সূক্ষ্মতা ক্ষুদ্রতা অনুসারী নহে, দুর্লক্ষ্য অনুসারী। কারণ-পদার্থ সূক্ষ্ম ও তন্মধ্যে কার্য্য অব্যক্ত আকারে অবস্থান করে, এ কথা ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠাধ্যায়ের আখ্যায়িকার দ্বারা বুঝান আছে। যথা—

উদ্দালক নামে এক ঋষি, তিনি শ্বেতকেতু নামক আপন পুত্রকে তত্ত্বজ্ঞ করিবার নিমিত্ত, ব্রহ্ম সর্ব্বশক্তিমান্, কারণের কারণ, ইন্দ্রিয় তাঁহাকে গ্রহণ করিতে পারে না, অথচ তাঁহা হইতে এই প্রকাণ্ড বিশ্ব সমুদ্ভূত হইয়াছে, ইত্যাদি প্রকার উপদেশ দিতে লাগিলেন। শ্বেতকেতু

থাকে, তাহা হইলে তাহাকে অনবস্থা বলে। এই অনবস্থিতি (দুষ্ট তর্ক) নিতান্ত হেয়: অগ্রে বীজ? কি অগ্রে বৃক্ষ সংশয় হইলে দৃষ্টানুসারে বৃক্ষকেই বীজ কারণ বলা উচিত। আদি সৃষ্টিকালে ভগবানের মহিমায় বা ইচ্ছায় বিনা বীজে বৃক্ষ হইয়াছিল, এইরূপই অনুমান করা উচিত। তাহা না করিলে চিরকাল ঐ তর্ক বা অনুসন্ধান করিতে হইবেক অথচ স্থির হইবে না যে, আগে বীজ কি আগে বৃক্ষ।

* পুরাণে বর্ণিত আছে, জল ভূমি অপেক্ষা দশ গুণ অধিক ও সূক্ষ্ম। তেজ জল অপেক্ষা দশ গুণ অধিক ও সূক্ষ্ম। বায়ু তদপেক্ষা দশ গুণ অধিক ও সূক্ষ্ম। আকাশ বায়ু অপেক্ষা অনন্ত গুণ অধিক ও সূক্ষ্ম। এতদ্বিধ আকাশ প্রকৃতির উদরে অবস্থান করিতেছে। ভাবিয়া দেখ, প্রকৃতি কত বড় ও কত সূক্ষ্ম।

বালক, অমার্জ্জিতবুদ্ধি, সেই কারণে সে তাদৃশ মহান্ ভাব হৃদয়স্থ করিতে পারিল না। উদ্দালক তদ্দর্শনে তাহার বুদ্ধি উদ্ভাবনের নিমিত্ত লৌকিক দৃষ্টান্ত অবলম্বন করতঃ পুনঃ পুনঃ উপদেশ দিতে লাগিলেন। একদা সম্মুখে এক বৃহৎ ন্যগ্রোধবৃক্ষ দেখিতে পাইয়া শ্বেতকেতুকে বলিলেন, "বৎস শ্বেতকেতু! সম্মুখস্থ ঐ বৃহত্তম বৃক্ষের একটিফল আহরণ কর।

শ্বেতকেতু ফল আনিল।

উদ্দালক কহিলেন, "ভিন্ধি"—উহা ভাঙ্গ।

শ্বেতকেতু ভাঙ্গিলেন।

উদ্দালক কহিলেন, "কিং নিভালয়সে?" কি দেখিতে পাও?

শ্বেতকেতু বলিলেন, "ক্ষুদ্র ক্ষুদ্র বীজ।"

উদ্দালক কহিলেন,—"উহারও একটী ভাঙ্গ।"

শ্বেতকেতু ভাঙ্গিলেন।

উদ্দালক এবারও জিজ্ঞাসা করিলেন, 'কি দেখিতে পাও?" শ্বেতকেতু এবার তন্মধ্যে অন্য কিছু না দেখিয়া বলিলেন, "কিছুই না"। উদ্দালক কহিলেন, "কিছুই না নহে; কিছু আছে। সম্মুখস্থ ঐ ন্যগ্রোধবৃক্ষের সদৃশ একটী বৃক্ষ উহার মধ্যে আছে। অব্যক্ত অবস্থায় আছে, তাই তাহা দেখিতে পাইতেছ না। বৎস! তুমি যাহাকে বীজ বলিতেছ, কালে উহাই বৃহত্তম বৃক্ষের আকার ধারণ করিবে। তুমি না দেখ, অন্যে দেখিবে।"

উদ্দালক আর একদিন ভাবিলেন, দেখা যায় না বলিয়া অবিশ্বাস করা ও এক উপায়ে যাহা নির্ণীত না হয়, তাহা ভিন্ন উপায়ে নির্ণীত হইতে পারে, ইহা না জানা, এ উভয়ই অজ্ঞতা মূলক। সুতরাং অগ্রে এই বিষয়টী বুঝাইতে হইবে। এক দিন তিনি একখণ্ড সৈন্ধব লইয়া বলিলেন "বৎস! এই লবণ খণ্ড উদকপাত্রে নিক্ষিপ্ত করিয়া রাখ, কাল প্রাতে আবার আনিও।"

শ্বেতকেতু তাহাই করিল। প্রাতে উদ্দালক শ্বেতকেতুকে বলিলেন, "উদক হইতে লবণখণ্ড আহরণ কর।" শ্বেতকেতু দেখিলেন, লবণ খণ্ড নাই। সুতরাং করিলেন, "লবণ খণ্ড নাই।" উদ্দালক বলিলেন, "আছে। তুমি দেখিতে পাইতেছ না।" শ্বেতকেতু বলিলেন "থাকিলে অবশ্যই দেখা যাইত।" উদ্দালক বলিলেন, "অনেক বস্তু চক্ষুদ্বারা দেখা যায় না, অথচ সে সকল আছে। তাহার অস্তিত্ব অন্য উপায়ে জানা যায়। তুমি ঐ জলে আচমন কর, লবণ আছে কি না জিহ্বার দ্বারা জানিতে পারিবে।" শ্বেতকেতু আচমন করিলেন, তখন বুঝিতে পারিলেন লবণ আছে। আর এক আকারে আছে।

অতএব প্রকৃতির সূক্ষ্মতা, ব্যাপকতা, তাহার অস্তিত্ব ও স্থিতিপ্রকার অবগত হইবার নিমিত্ত যোগ বল ও তাহার সাধনসম্পৎ আসাদন করা চাই। নচেৎ ইচ্ছা করিলেই যে প্রকৃতি দেখিতে পাইবে তাহা পাইবে না। সহজজ্ঞানেও তাহা আয়ত্ব হইবে না। যোগবল ও সাধনসম্পন্ন না হইয়া যিনি প্রকৃতি দেখিতে চাহেন, কি আত্মা দেখিতে চাহেন, তিনি মূঢ়। চক্ষে দেখা গেল না ও তর্কে পাওয়া গেল না, তাই বলিয়া যিনি ভাবেন 'নাই', তিনি তদপেক্ষা অধিক মূঢ়।

এ পর্য্যন্ত শাস্ত্র ও যুক্তি যাহা প্রদর্শিত হইল তদ্দ্বারা এইটুকু রহস্য পাওয়া যাইতেছে যে, আত্মা ভিন্ন আব্রহ্ম-স্তম্ব-পর্য্যন্ত সমস্ত জগৎ প্রকৃতি। মূল প্রকৃতি যার পর নাই সূক্ষ্ম ও আদিম, সেই আদিম প্রকৃতি ক্রমে বিকৃত হইয়া এই অসীম ব্রহ্মাণ্ড সৃজন করিয়াছে ও এখনও তিনি ব্রহ্মাণ্ডাকারে অবস্থান করিতেছেন। প্রকৃতি বুঝিতে হইলে এইরূপ বুঝিতে হইবে যে, যাহা এই জগতের সূক্ষ্ম বীজ, তাহাই প্রকৃতি। যাহা তাহার বিকার তাহা জগৎ। জগতের মূল অবস্থার বা অব্যক্ত অবস্থার নাম প্রকৃতি, আর ব্যক্তাবস্থার বা সবিকার অবস্থার নাম জগৎ। প্রকৃতির অর্থ ইহা ভিন্ন অন্য কিছু নহে। প্রকৃতির অবস্থাগত ভেদ অনুসারে

প্রকৃতির ধর্ম্ম বা স্বভাব অত্যন্ত পৃথক্। তাহার অব্যক্তাবস্থা নির্ধর্ম্মক। অব্যক্তাবস্থায় কোন বিশেষ ধর্ম্মের প্রকাশ থাকে না। যতপরিণাম হইতে থাকে, ততই ভিন্ন ভিন্ন ধর্ম্ম প্রকট হইতে থাকে। প্রকৃতি বুঝিবার আরও একটি সংকীর্ণ পথ আছে তাহা এই—

কৃত্রিম ও অকৃত্রিম যে কিছু দৃশ্য—সমুদায়ের মূল স্থূলভূত। স্থূলভূতের মূল সূক্ষ্মভূত। সূক্ষ্মভূতের মূল অহংতত্ত্ব। অহংতত্ত্বের মূল মহত্তত্ত্ব। যাহা মহত্তত্ত্বের মূল, তাহাই প্রকৃতি।

প্রকৃতির সাধর্ম্ম্য ও বৈধর্ম্ম্য

পূর্ব্বে বলা হইয়াছে, জগতের অব্যক্তাবস্থা প্রকৃতি, আর তাহারই ব্যক্তাবস্থা জগৎ। অব্যক্তাবস্থার ধর্ম্ম ব্যক্তাবস্থায় ধর্ম্ম হইতে পৃথক্। সেই ত্রিগুণা প্রকৃতি তখন ও এখন সকল সময়েই ত্রিগুণা। গুণ সকল সত্ত্ব, রজঃ, তমঃ, এই তিন নামে খ্যাত। ত্রিগুণাত্মিকা প্রকৃতির অবস্থা-দ্বয়ের সমস্ত ধর্ম্ম দুই শ্রেণী করিয়া বুঝিতে হয়। এক শ্রেণীতে সাধারণ ধর্ম্ম, আর এক শ্রেণীতে অসাধারণ ধর্ম্ম। সাঙ্খ্যশাস্ত্রের স্থূল সিদ্ধান্ত এই যে, কতকগুলি ধর্ম্ম ব্যক্তাবস্থায় থাকে, অব্যক্তাবস্থায় থাকে না। কতকগুলি ধর্ম্ম অবক্তাবস্থায় থাকে, ব্যক্তাবস্থায় থাকে না। আবার কতকগুলি ধর্ম্ম উভয় অবস্থাতেই থাকে। এইরূপ থাকা না থাকা অনুসারে প্রকৃতির বিশেষ বিশেষ অবস্থা বা সাধর্ম্ম্য নির্ণীত হইয়া থাকে। যাহা কেবল অব্যক্তাবস্থাতেই থাকে, ব্যক্তাবস্থায় থাকে না, তাহা অব্যক্তাবস্থার অসাধারণ ধর্ম্ম। সুতরাং তাহাই অব্যক্তাবস্থার সাধর্ম্ম্য। যাহা কেবল ব্যক্তাবস্থায় থাকে, অব্যক্তাবস্থায় থাকে না, তাহা ব্যক্তা-বস্থায় অসাধারণ ধর্ম্ম। সুতরাং সেই অসাধারণ ধর্ম্ম ব্যক্তাবস্থার সাধর্ম্ম্য।

আর যাহা সকল অবস্থাতেই থাকে, তাহা প্রকৃতি বিকৃতি উভয় অবস্থার সাধারণ ধর্ম্ম। ইহাও স্মরণ রাখিতে হইবে যে, যাহা অব্যক্তাবস্থার সাধর্ম্ম্য তাহা ব্যক্তাবস্থার বৈধর্ম্ম্য এবং যাহা ব্যক্তাবস্থার সাধর্ম্ম্য তাহা অব্যক্তাবস্থার বৈধর্ম্ম্য। অপিচ যাহা প্রকৃতির সাধর্ম্ম্য তাহা আত্মার বৈধর্ম্ম্য। এইরূপ সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্য-নির্ণয়ের প্রয়োজন আত্মোদ্ধার বা মুক্তি। প্রকৃতির আবেশে আত্মার স্বরূপ প্রচ্ছন্ন আছে, আমি কিংস্বরূপ তাহা আমি বুঝিতেছি না, না বুঝিয়া বৃথা দুঃখী হইতেছি। আত্মাকে মিথ্যা দুঃখ হইতে মুক্ত করাই আত্মোদ্ধার ও মুক্তি।

ব্যক্তাবস্থার সাধর্ম্ম্য।

প্রত্যেক ব্যক্ত সহেতুক (সকারণ), অনিত্য (নশ্বর), অব্যাপী (পরিমাণ আছে), সক্রিয় (চলন আছে), অনেক (বহুসংখ্যক) আশ্রিত (কারণদ্রব্য আশ্রয় করিয়া উৎপন্ন ও স্থিত হয়), লিঙ্গ (কারণ থাকার অনুমাপক), সাবয়ব (অংশ করা যায় বা অংশ আছে) এবং পরতন্ত্র অর্থাৎ কারণের অধীন। এই গুলি ব্যক্তাবস্থার সাধর্ম্ম্য এবং অব্যক্তাবস্থার বৈধর্ম্ম্য।

অব্যক্তাবস্থার সাধর্ম্ম্য।

অহেতুক, নিত্য, ব্যাপক, নিষ্ক্রিয়, গতি, চলন বা (কম্পন নাই) অনাশ্রিত, অলিঙ্গ, নিরবয়ব অপরতন্ত্র অর্থাৎ কারণের অধীন নহে। এই গুলি অব্যক্তাবস্থার সাধর্ম্ম্য ও ব্যক্তাবস্থার বৈধর্ম্ম।*

উভয় অবস্থার সাধর্ম্ম্য।

ত্রৈগুণ্য (গুণত্রয়ের অবস্থিতি) অবিবেকিত্ব (কারণভাব পরিত্যাগ না করা), বিষয় (জ্ঞানগম্য হওয়া) সামান্য (প্রতিবন্ধক অভাবে ব্যক্তিমাত্রের

---

* ব্যক্ত শব্দে বুদ্ধিতত্ত্ব হইতে সমুদায় ভৌতিক কাণ্ড অর্থাৎ জড় বস্তু বুঝিতে হইবে।

গম্য), প্রসবধর্ম্মী (কার্য্যশক্তি বিশিষ্ট)। এইগুলি ব্যক্ত রাশিতেও আছে, অব্যক্ত অবস্থাতেও আছে। এই সকল ধর্ম্ম প্রকৃতির স্বরূপ শক্তিতে আরূঢ় থাকায় ইহাদের দ্বারা মাত্র প্রকৃতির অবস্থাভেদ ও আত্মার স্বতন্ত্রতা নির্ণীত হয়; কিন্তু যদ্দ্বারা আত্মার ভোগসিদ্ধি হইতেছে, জগতের কার্য্য নিয়মিত রূপে চলিতেছে, সে সকল ধর্ম্ম তাঁহার অবয়ব শক্তিতে অবস্থিত। কি কি ধর্ম্ম অবয়ব শক্তিতে বিরাজিত তাহা বলিতেছি।

প্রকৃতির একটী অবয়বের নাম সত্ত্ব। এই সত্ত্ব লঘু; প্রকাশ ও সুখ-শক্তিবিশিষ্ট। [প্রসন্নতা, স্বচ্ছতা, প্রীতি, তিতিক্ষা ও সন্তোষাদি বহু ভেদ থাকিলেও সামান্যতঃ সুখাত্মক বলা হইল] আর একটী অবয়ব রজঃ। এই রজঃ গুরুলঘুর সমাবেশ সাধক, উপষ্টম্ভক, বাধা ও বলের সমাবেশ কারক, চলনশীল ও দুঃখাত্মক। [ইহারও শোকাদি নানা প্রভেদ আছে)। আর একটী অবয়ব তমঃ। এই তমঃ গুরু, আবরক অর্থাৎ প্রকাশের প্রতিবন্ধক ও মোহরূপী। [এই তমোগুণের নিদ্রা, তন্দ্রা, আলস্য, বুদ্ধিমান্দ্য প্রভৃতি বহু ভেদ থাকিলেও সংক্ষেপের নিমিত্ত মোহাত্মক বলা হইল)। প্রোক্ত গুণান্বিত তিন দ্রব্য যখন সমভাবে থাকে, তখন প্রকৃতিপদাভিধেয় ও বর্ণনার অযোগ্য হইয়া থাকে। বৈষম্য বা বিকৃত হইতে আরম্ভ হইলে প্রকৃতিতে সেই সেই ধর্ম্ম উদ্ভূত বা প্রব্যক্ত হয় এবং বর্ণনীয়ও হয়। সেই কারণে সত্ত্বাদি দ্রব্যের ক্রমানুযায়ী অন্য নাম শুক্ল, রক্ত ও কৃষ্ণ।*

---

* এই স্থলে কোন কোন পণ্ডিত বলেন, সত্ত্বাদি দ্রব্য যখন সমভাবে থাকে, তখন তাহাদের কোন প্রকার বর্ণ, রূপ বা রঙ্ থাকে না। তখন তাহা "অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্" অবস্থায় থাকে। পরে যখন তাহারা বিসমতা প্রাপ্ত হয়, তখন তাহাদের রূপমাত্রা প্রব্যক্ত হয়। সেই প্রব্যক্ত রূপ বা রঙ্ যথাক্রমে শুক্ল, রক্ত ও কৃষ্ণ। এতদনুসারে বলা যাইতে পারে, মূল রঙ্ বা মূল বর্ণ তিনটি। ঐ তিনের মিশ্রণে অন্যান্য রূপের, বর্ণের বা রঙের উৎপত্তি হইয়াছে। এ বিষয় পরমাণুবর্ণনকালে বিশদীকৃত হইবে।

লঘু। যে ধর্ম্মের দ্বারা উদ্গমন বা উর্দ্ধগতি হয় সেই ধর্ম্ম লঘু নামে পরিভাষিত। অগ্নির উর্দ্ধজ্বলন, বাষ্পের উদ্গতি, বায়ুর তীর্য্যক্‌গতি, ইন্দ্রিয়ের প্রকাশ, সমস্তই সত্ত্বের কার্য্য সুতরাং সত্ত্বদ্রব্য লঘু।

প্রকাশ। যাহার দ্বারা জ্ঞানের আবরণ (অজ্ঞান, ঢাকা) নষ্ট হয়, ইন্দ্রিয়ে ও চিত্তে বস্তুপ্রতিবিম্ব গৃহীত হয়, তাহা প্রকাশ নামের নামী। তেজের প্রকাশ (আলোক) সত্ত্ব, বুদ্ধির প্রকাশ সত্ত্ব, স্ফটিকের ও কাচের প্রতিবিম্বগ্রাহিত্ব ও বস্তুপ্রকাশকত্ব, জ্ঞানের অজ্ঞান নাশকত্ব, সমস্তই সত্ত্বের মহিমা, ইহা অবধারণ করিবে।

সুখ। এটী স্পষ্ট কথা, কাজেই ব্যাখ্যা করিবার প্রয়োজন নাই।

উপষ্টম্ভক। যে শক্তিতে উত্তেজনা, প্রেরণা বা কার্য্যোন্মুখতা জন্মে সেই শক্তি উপষ্টম্ভক। চলনশীল বস্তুই উপষ্টম্ভক হয়। অগ্নি যে প্রসর্পিত হয়, বায়ু যে প্রবাহিত হয়, মন যে চঞ্চল থাকে, কার্য্য করিবার জন্য ব্যস্ত হয়, ইন্দ্রিয়গণ যে স্বীয় স্বীয় বিষয়ে ধাবিত হয়, রজের উপষ্টম্ভকতা তাহার কারণ।

গুরু। যাহা চলনের বা গতির বাধা দায়ক, নিরন্তর চলনের নিয়ামক তাহা গুরু। প্রকাশ হওয়া যাহার স্বভাব বা ধর্ম্ম, তাহাকে যে প্রকাশ হইতে দেয় না, অভিভূত রাখে তাহাও গুরু। আবরণ, অন্ধকার, অজ্ঞান, এ সকল তমোগুণের গুরুধর্ম্মের মহিমা। সত্ত্ব ও তমঃ নিশ্চল, রজঃ তাহাদিগকে পরিচালিত করে। অতএব, চলনস্বভাব রজঃ যাহাতে সর্ব্বথা বা অনিয়মে পরিচালিত না হয়, তমঃ তাহার উপায় বিধান করে। রজঃ পরিচালক সত্য ; পরন্তু তাহার তমঃ সত্ত্বকে যথেচ্ছ পরিচালন করিবার সামর্থ্য নাই। প্রত্যুত তমঃ স্বীয় গুরুতার দ্বারা রজের পরিচালনা শক্তি পরিমিত করিয়া রাখে, অপরিমিত হইতে দেয় না।*

* বস্তুর তমঃ-অংশই গুরু। তমঃ স্বীয় গুরুধর্ম্মের দ্বারা পরিচালক রজঃকে নিয়মযুক্ত করিয়া রাখে, এল-থেল হইতে দেয় না। রজঃ দ্রব্য তমঃ কর্ত্তৃক

মোহ। বুঝিতে না পারা ও বুদ্ধিভ্রংশ হওয়া মোহধর্ম্ম।

সুখ, দুঃখ, মোহ—প্রকাশ, প্রবৃত্তি, নিয়ম,—লঘু, মধ্য, গুরু,—এই সকল ধর্ম্ম ব্যক্ত প্রকৃতিতে ব্যক্ত ভাবে আছে এবং পূর্ব্বেও অব্যক্ত প্রকৃতিতে অব্যক্তভাবে ছিল। ইহাই সাংখ্য শাস্ত্রের অভিমত সিদ্ধান্ত।

সাঙ্খ্যাচার্য্যদিগের অন্য সিদ্ধান্ত এই যে, প্রকৃতির ত্রিগুণতানিবন্ধন জগতের প্রত্যক্ষ বস্তুই ত্রিগুণ। পূর্ব্বোক্ত ধর্ম্মরাশি অর্থাৎ সুখ, দুঃখ, মোহ,—প্রকাশ, প্রবৃত্তি নিয়ম,—লঘু, মধ্য গুরু,—ইত্যাদি ইত্যাদি ধর্ম্ম সকল জগতের প্রত্যেক বস্তুতেই আছে। এমন কি একটা সামান্য তৃণ-শরীরেও ঐ সমস্ত গুণ অল্পাধিক পরিমাণে আছে। সে তারতম্যের কারণ গুণসংযোগের তারতম্য। জগতে যে ত্রৈগুণ্য দৃষ্ট হয়, প্রকৃতির ত্রৈগুণ্যই তাহার কারণ। প্রকৃতিই সকল জগতের কারণ—জগৎ তাঁহার কার্য্য। কারণে যাহা না থাকে, পূর্ব্বপ্রদর্শিত নিয়মানুসারে তাহা কার্য্যেও থাকিতে পারে না। গুণত্রয়ের কথিতপ্রকার ধর্ম্ম ব্যতীত আরও কয়েকটী বিশেষ ধর্ম্ম আছে—যাহা থাকাতে জগতের এত বিচিত্রতা। সে ধর্ম্ম অভিভাব্য-

নিয়মিত হইয়া, সত্ত্বকে এবং তমকে পরিচালন করে। উদ্গমন-স্বভাবহেতু সত্ত্বের পরিচালনা ঊর্দ্ধে ও তির্য্যক্ দিকেই হয় সত্য; কিন্তু তমোদ্রব্যের শক্তিতে ঊর্দ্ধের বিপরীত দিকেও চালিত হয়। অপিচ, স্বজাতীয় স্বজাতীয়ে মিলিতে চায়—স্বজাতীয় স্বজাতীয়ের পোষণ করিতে চায়—ইহাও নিয়ম শব্দের অর্থ। প্রোক্ত নিয়মের প্রভাবে পতন, উদ্গমন, তির্য্যক্‌গমন, ভ্রমণ, রেচন ও স্পন্দন প্রভৃতি ক্রিয়াভেদ ও তাহার তারতম্য ঘটিয়া থাকে। পৃথিবী ভূত তমঃপ্রধান; সেই কারণে পার্থিব-বস্তু পৃথিবীর সহিত মিলিতে চায় বা পৃথিবী পার্থিব বস্তুকে ক্রোড়ীকৃত করিতে চায়। প্রোক্ত কারণে নৈয়ায়িকগণ বলেন, পতনের কারণ গুরুত্ব। "পতনের কারণ গুরুত্ব, আর পতনের কারণ পৃথিবীর আকর্ষণ" দু-ই সমান কথা।

অভি-ভাবক-ভাব। গুণ সকল পরস্পর পরস্পরকে অভিভূত করে, করে, নিয়মযুক্ত করে, এবং সকলেই সকলকে বাধা দিবার চেষ্টা করে, এই ভাব। সত্ত্ব প্রবল হইলে যথাসম্ভব রজঃ ও তমঃ অভিভূত হয়। তমঃ প্রবল হইলে তাহা রজঃ ও সত্ত্বকে অভিভূত বা বাধ্য করে। এইরূপে পরস্পর পরস্পরকে অভিভব করার নাম অভিভাব্য-অভিভাবক-ভাব। সত্ত্বাদি তিন গুণ সকলেই সকলের অভিভাব্য ও অভিভাবক অথচ পরস্পর পরস্পরের সহচর। কেহ কাহাকে ছাড়িয়া থাকে না। তমঃ আছে সত্ত্ব নাই, সত্ত্ব আছে রজঃ নাই, এরূপ হয় না। তিনই তিনের সহচর। সমস্ত বস্তু ত্রিগুণ সত্য, পরন্তু সমত্রিগুণ নহে। সমান তিন গুণ জগৎ-অবস্থায় থাকে না। ন্যূনাধিক ভাবে থাকে বলিয়াই জগৎ এত বিচিত্র। এক্ষণে সংশয় হইতে পারে যে, যদি প্রত্যেক বস্তুতে সুখ দুঃখ ও মোহ সংলগ্ন থাকে তাহা হইলে তাহার বিপরীত অনুভব হয় কেন? সকলেই অনুভব করেন, সুখ দুঃখ আত্মার হয়, মনে নহে। সুতরাং সংশয়—তাহা কি বাহ্যবস্তুতে? না মনে? না আত্মার?

নৈয়ায়িক বলেন, আত্মায়। সুখ দুঃখ আত্মায় সদা কাল থাকে না, বিষয়সংযোগাধীন উৎপন্ন হয়।

মীমাংসক ও বৈদান্তিক বলেন, সুখ দুঃখ মনে। সুখ দুঃখ কেন, ইচ্ছাদি গুণও মনোধর্ম্ম। বিষয়সংযোগের অনন্তর ঐ সকল মনোধর্ম্ম বিকাশিত হয় মাত্র।

কপিল বলেন, আত্মা ভিন্ন সমুদয় পদার্থে সুখদুঃখাদি বিদ্যমান আছে। বহিস্থ দ্রব্যের সুখাদি ও আন্তঃকরণিক সুখাদি প্রক্রিয়া বিশেষে স্থূল বা পরিপুষ্ট হইয়া প্রকাশ পায়। তাহা বৈষয়িক বা বৈকারিক সুখ। তদ্ভিন্ন বিষয় নিরপেক্ষ সত্ত্বপরিণামজনিত আর এক প্রকার সুখ আছে তাহা কখনও কখনও সমাধি অবস্থায় হইয়া থাকে। এ সুখে দুঃখের মিশ্রণ নাই।

আপত্তিকারীরা হয় ত বলিবেন, যদি বাহ্য বস্তুতেও সুখ দুঃখ থাকে তাহা হইলে বাহ্য বস্তু সদাকাল আছে ও তাহার সহিত সম্বন্ধও অনবরত হইতেছে, তবে কেন সর্ব্বদা সকলের সমানরূপে যুগপৎ সুখ দুঃখ না হয়? হওয়াই ত উচিত? তাহা যখন হয় না, তখন স্পষ্ট বুঝা যাইতেছে যে, বহির্বস্তুতে বস্তুতঃ সুখ দুঃখ নাই। সুখ দুঃখ যদি বহির্বস্তুতে থাকিত তাহা হইলে অবশ্যই 'অহং সুখী' এই অনুভবের ন্যায় 'স্বর্গ সুখী' 'চন্দন সুখী' বিষাদি দুঃখী' এইরূপ অনুভব হইত। তাহা যখন হয় না, তখন বহির্বস্তুতে সুখ দুঃখ এ কথা অগ্রাহ্য। এই বিষয়ে কপিল বলেন, দিবান্ধ উলুক ও বসুমিত্র (প্যাঁচা ও ছুঁচা) প্রভৃতি অনেক প্রাণী সূর্য্যমণ্ডলে ঘোর অন্ধকার দেখে। তাই বলিয়া যেমন সূর্য্যমণ্ডলে আলোকের অভাব কল্পনা কর না, সেইরূপ, অমুক্ত পুরুষের 'আমি সুখী' 'আমি দুঃখী' এই আকারের অনুভব দেখিয়া সে গুলিকে কেবলমাত্র আত্ম-নিষ্ঠ বলিতে পার না। অসংস্কৃত বা অপক্কজ্ঞান জীবের অনুভব যদি তাত্ত্বিক পথ প্রদর্শন করিত তাহা হইলে 'আমি গৃহী' 'আমি ধনী' এই অনুভব-দ্বারাও ধনের ও গৃহের আত্ম-লগ্নতা সিদ্ধ হইত। আরও দেখ, সকলের সকল বস্তুতে ও একই বস্তু অথচ তাহাতে সকলের সকল সময়ে সমান সুখ দুঃখ হয় না। ভিন্ন ভিন্ন বস্তুতে ভিন্ন ভিন্ন রুচি দৃষ্ট হয়। সেই সেই দর্শনে স্থির হয় যে, দুঃখাদি চিত্তেও আছে, বাহ্যবস্তুতেও আছে। বহিঃস্থ সুখাদি ইন্দ্রিয়াদির দ্বারা অন্তঃস্থ সুখাদি গুণের উদ্রেক করে, করিলে তাহা ভোগ আখ্যা প্রাপ্ত হয়।

প্রক্রিয়া—স্বজাতীয় বস্তু স্বজাতীয়ের উত্তেজক, উদ্দীপক ও পরিপূরক। শরীরের জলাংশ ক্ষীণ হইলে বাহিরের জলাংশ তাহার পূরণ করে। জলময় চন্দ্রের সন্নিকর্ষে পৃথিবীর জল উচ্ছ্বলিত হয়, পৃথিবীর জল উচ্ছ্বলিত হইলে শরীরের জলও উদ্বেলিত হয়। এই পদ্ধতির প্রতি দৃষ্টি করিলে বুঝিতে পারিবে, বাহ্যবস্তুনিষ্ঠ সুখধর্ম্মক সত্ত্ব আর অন্তঃকরণ-

নিষ্ঠ সুখধর্ম্মক সত্ত্ব, ইন্দ্রিয় দ্বারা উদ্বুদ্ধ হয়। অনন্তর অন্তঃকরণনিষ্ঠ সত্ত্বাংশ সুখাকারা বৃত্তি (মনের এক প্রকার বিকার) প্রসব করে। তমোগুণের উদ্রেকে দুঃখাকারা বৃত্তি হইয়া থাকে। অনুকূল বৃত্তি সকল সুখ, প্রতিকূল বৃত্তি সকল দুঃখ ও অজ্ঞানবৃত্তিসমূহ মোহ নামে পরিভাষিত হয়। সকলের সকল বস্তু দর্শনে ও সকলের সকল সময়ে সমান সুখ দুঃখ না হইবার কারণ এই যে, বিশেষ বিশেষ প্রতিবন্ধক (সংযোগ বিশেষ) মনের সমপরিণাম অবরুদ্ধ রাখে। কাষ্ঠ সংযোগে অগ্নি উদ্দীপ্ত হয় কিন্তু আর্দ্রকাষ্ঠ সংযোগে নহে। আর্দ্রকাষ্ঠ অগ্নির অভিভবই করে, উদ্দীপন করে না। এই যেমন দৃষ্টান্ত, তেমনি বিষয়সংযোগও অবস্থা অনুসারে অন্তঃকরণকে ভিন্ন ভিন্ন প্রকারে পরিণামিত করে। যদিও বস্তু এক; কিন্তু তাহার গ্রহীতা অন্তঃকরণ নানা। নানা অন্তঃকরণের নানা অবস্থা, নানা ভাব, পরিণামপ্রণালীও নানাবিধ। সেই কারণে এক দ্রব্যের দ্বারা মনুষ্যের সকল সময়ে সমান সুখ দুঃখ ভোগ ঘটে না। এই স্থলে মহামহোপাধ্যায় বাচস্পতি মিশ্র বলিয়াছেন, রূপযৌবনসম্পন্না একই স্ত্রী, স্বামীকে সুখী করে এবং সেই সময়েই সপত্নীকে দুঃখিনী করে, এবং অন্যকে (যে তাহাকে পাইতেছে না তাহাকে) মুগ্ধ করে। তৎপ্রতি হেতু এই যে তাহাদের মন ও মানসিক অবস্থা ভিন্ন। মন ও মানস অবস্থা (অভিসন্ধি) ভিন্ন বলিয়াই স্বনিষ্ঠ সত্ত্বাদি গুণের উদ্রেক অনুদ্রেক ও অল্পোদ্রেক ঘটনা হয়। কাহার রজঃ কাহার তম ও কাহার সত্ত্ব উত্তেজিত হয়। সুতরাং সুখ, দুঃখ ও মোহের ভিন্নতা ঘটে। ফল কথা এই যে, সুখদুঃখাদি যাহাতেই থাকুক, তাহা যে আত্মায় নহে, তাহা অভিজ্ঞ মাত্রেই স্বীকার করিয়া থাকেন। সুখ দুঃখ কোথায়? কাহার ধর্ম্ম? এই প্রশ্নের প্রত্যুত্তর মার্কণ্ডেয় মুনি বলিয়াছিলেন, "তৎ সন্তু চেতস্যথবাপি দেহে সুখানি দুঃখানি চ কিং মমাঽত্র।" মর্ম্মার্থ এই যে সুখদুঃখাদি দেহে থাকুক আর চিত্তে থাকুক

তাহাতে আমার কি? আমি নির্গুণ। মার্কণ্ডেয় মুনি যে জ্ঞানে জ্ঞানী ছিলেন সেই জ্ঞান যদি আমাদের হয় তাহা হইলে আমরা অনায়াসে মুক্ত হইতে পারি। মোক্ষসুখ সর্ব্বাপেক্ষা উচ্চ, অভূতপূর্ব্ব ও অনির্ব্বচনীয়।

প্রকৃতির পরিণাম।

বলা হইয়াছে যে, প্রকৃতি পরিণামশীলা। এমন কি 'নাঽপরিণম্য ক্ষণমপ্যবতিষ্ঠতে।' প্রকৃতি ক্ষণমাত্রও পরিণতা না হইয়া থাকিতে পারেন না। এখনও পরিণামিনী, পূর্ব্বেও পরিণামিনী, পরেও পরিণামিনী। যখন জগৎ ছিল না, প্রকৃতির যে অবস্থা মহাপ্রলয়, ও অব্যক্ত ও প্রধান-সংজ্ঞায় সংজ্ঞিত সে অবস্থাতে ও প্রকৃতির পরিণামের বিরাম ছিল না। পরিণামবাদী কপিল বলেন, পরিণাম দ্বিবিধ। সদৃশ পরিণাম ও বিসদৃশ পরিণাম। পরিণাম পরিবর্ত্তন অবস্থান্তর, স্বরূপ প্রচ্যুতি, এ সকল কথা একই অর্থে প্রয়োজিত হয়। আরও পরিষ্কার কথা—এক ভাবে না থাকাই পরিণাম। মহাপ্রলয় কালে যে পরিণাম হয় সে পরিণাম সদৃশ পরিণাম। সত্ত্ব সত্ত্বরূপে রজঃ রজোরূপে, তমঃ তমোরূপে পরিণত হইলে, তাহাকেই সদৃশ পরিণাম বলা যায়। যখন বিসদৃশ পরিণাম আরব্ধ হয় তখনই জগৎ রচনার আরম্ভ। জগৎ অবস্থা আসিলে প্রকৃতি নূতন নূতন বিসদৃশ পরিণাম প্রসব করিতে থাকেন। বিসদৃশ পরিণামের বিবরণ এই যে, রূপ রস গন্ধ স্পর্শ প্রভৃতি গুণের উৎপত্তি ও তাহারই বিনিময়ে বা পরস্পরানুপ্রবেশে বিভিন্ন বস্তুর জন্ম।

উক্ত দ্বিবিধ পরিণাম সর্ব্বকালের নিমিত্ত নিয়মিত। অতি দূর

অতীতকাল হইতে—অনন্ত ভবিষ্যৎকালের নিমিত্ত নিয়মিত। স্বাভাবিক বা সহজ জ্ঞানে * যাহাকে অপরিণামী ভাবিতেছি তাহাও প্রকৃত অপরিণামী নহে। চন্দ্র সূর্য্য জল বায়ু প্রভৃতির কেহই অপরিণামী নহে। তবে কিনা, ঐ সকল প্রাকৃতিক জড়পদার্থের পরিণাম অত্যন্ত মৃদু ও সূক্ষ্ম। বস্তুর তীব্র পরিণাম অতি শীঘ্র অনুভূত হয়। চন্দ্র, সূর্য্য, পৃথিবী, মহাজল ও মহাবায়ু প্রভৃতি মৃদু পরিণামে আবদ্ধ থাকায় তাহাদের জীর্ণতা অনুভবগোচরে না আসিলেও যুক্তিগোচরে আইসে। মৃদুপরিণামের চরমসীমাই সদৃশ পরিণাম বুঝিবার দৃষ্টান্ত। তীব্রপরিণামের এত তীব্রতা আছে যে, পূর্ব্বক্ষণে সমুৎপন্ন বস্তুর পরিণাম পরক্ষণেই অনুভূত হয়। আবার মৃদুপরিণামের এত মৃদুতা আছে যে, তাহা বহু সহস্র বৎসরেও অনুভূত হয় না। সেই জন্য বলিলাম, মৃদু পরিণামের চরম সীমাই সদৃশ পরিণাম। সদৃশ ও বিসদৃশ এই দ্বিবিধ পরিণাম থাকাতেই প্রকৃতিতে কখন প্রলয় ও কখন জগৎ জন্মিতেছে। গুণপরিণামের তারতম্য অনুসারে অচিরাৎ কোন কোন বিকার বা পরিণাম দেখিতে পাওয়া যায়; আবার কোন কোন বস্তুর পরিণাম হয় ত আমাদের জীবনে অনুভূত না হইয়া আমাদের অধস্তন সন্তানদিগের অনুভূতিগোচরে উপস্থিত হইবে। প্রকৃতিরই বিশেষ বিশেষ পরিণামের নাম জন্ম,

---

* যাহা স্বাভাবিক জ্ঞান, তাহা আপাত জ্ঞান নামে প্রসিদ্ধ। পুরাতন ঋষিরা এই অবিচারিত অসংস্কৃত স্বাভাবিক জ্ঞানকে প্রমা বলিতে অনিচ্ছুক। তাঁহারা দিব্য চক্ষে দেখিয়াছিলেন, মনুষ্যের স্বাভাবিক ইন্দ্রিয় বৃত্তিতে অনেক ভুল বা মিথ্যা প্রবিষ্ট থাকে। সে দোষ যোগ ও অধ্যয়নাদির দ্বারা বিদূরিত করিতে হয়। ব্রহ্মচর্য্যাদি ব্রতবিশেষ ও সমাধি নামক যোগবিশেষ অবলম্বন করিয়া ইন্দ্রিয়গণকে তীক্ষ্ণ ও নির্ম্মল করিতে পারিলে তখন যে তত্ত্বানুসন্ধান প্রবৃত্তি জন্মিবে সেই প্রবৃত্তিই সত্যের দিকে নত হইবে। ইন্দ্রিয়গণ তখন

মৃত্যু, জরা, উৎপত্তি, স্থিতি, লয়, বাল্য, যৌবন, বার্দ্ধক্য, জীর্ণতা, নবতা, মধ্যতা ও দৃঢ়তা ইত্যাদি। কাল সূর্য্যকে আমরা যে অবস্থায় প্রত্যক্ষ করিয়াছি, বুঝিতে হইবে, আজ তাহার সে অবস্থা নাই। পরিণাম হইয়াছে। কাল যে জগৎপ্রাণ বায়ু সেবন করিয়াছি, আজ তাহারও পরিণাম হইয়াছে। আদিসর্গ কালে পৃথিবীর বা পৃথিবীস্থ প্রাণীর যেরূপ স্বভাবাদি ছিল, কপিলের সময়ে যেরূপ ছিল, আজ আমাদের সময়ে তাহা নাই—পরিবর্ত্তিত হইয়াছে। আমাদের সময়ে যাহা চলিতেছে—আমাদের সন্তানবর্গের সময়ে হয় ত তাহাও থাকিবে না, পরিবর্ত্তিত হইবে। বহু সহস্র বর্ষ পূর্ব্বে ঋষিরা যে কলিধর্ম্মের কথা বা ভবিষ্য কথা বলিতে সক্ষম হইয়াছিলেন, তাহা অবিশ্বাস্য বা অসম্ভাব্য মনে করা উচিত নহে। কলিকালের মানুষ দুর্ব্বল দুর্ব্বলেন্দ্রিয় অল্পায়ু হ্রস্বকায় চতুর ধূর্ত্ত শঠ মিথ্যাপরায়ণ স্ত্রৈণ প্রতারক ও প্রত্যক্ষবাদী হইবে, পৃথিবী অল্পফলা হইবেন, এ সব কথা বলা প্রাকৃতিক পরিণামজ্ঞানে সুবিশারদ সত্যকালের ঋষিদিগের পক্ষে কদাচ অসম্ভাব্য নহে। অধিক কি বলিব, পরিণামস্বভাবা প্রকৃতির, তদুৎপন্ন পৃথিবীর ও তদাশ্রিত স্থাবর জঙ্গমাত্মক বস্তুর অনির্বাচ্য পরিণামের কথা মনে মনে ভাবনা করাও কঠিন ব্যাপার। এই বিষয়টী ভাবিতে বা ধ্যান করিতে গেলে বিস্ময় সাগরে ডুবিতে হয়, কিছুতেই আশ্বাস থাকে না। আবার অনাশ্বাসও হয় না। যাহাই হউক, অব্যক্তশব্দিত মূল প্রকৃতির ধর্ম্ম ও তাহার নিগূঢ় ভাব, যাহা সাঙ্খ্যশাস্ত্র অধ্যয়ন কালে বুঝিয়াছিলাম তাহা

সত্যকেই গ্রহণ করিবে; ভুল বা মিথ্যা গ্রহণ করিবে না। অধিক কি বলিব, ঋষিরা এবংবিধ বিশ্বাসের উচ্চ শিখরে আরোহণ পূর্ব্বক স্বাভাবিক ইন্দ্রিয় বৃত্তিকে অসুর, আর ধ্যানাধ্যয়নভাবনাদির দ্বারা সুসংস্কৃত ইন্দ্রিয় বৃত্তিকে দেবতা বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন।

সর্ব্বসমক্ষে বলিলাম। ইহার অধিক থাকিতেও পারে, পরন্তু তাহা আমার অবিদিত।

তিষ্ঠতু। কপিল সিদ্ধান্ত করিয়াছেন "প্রকৃতি জড়া, অস্বাধীনা অথচ জগতের নির্ম্মাণকর্ত্রী"। এ সিদ্ধান্ত কেমন হইল? দেখা যায় —জড়বস্তু আপনা আপনি প্রবৃত্ত হয় না। যদি কদাচিৎ কখন কোন জড় স্বয়ংপ্রবৃত্ত হয়, হইলে তাহার সে প্রবৃত্তি সর্ব্বথা অনিয়মিত অর্থাৎ শৃঙ্খলা বিহীন। জ্ঞান-শক্তি না থাকিলে কেহ কখন নিয়মিত কার্য্য করিতে পারে না। এমন নিয়মযুক্ত ও এমন কৌশলযুক্ত জগতের নির্ম্মাণ কি ইচ্ছাদিগুণ শূন্য জড়স্বভাবা প্রকৃতির দ্বারা সম্ভবে? জ্ঞানশূন্যা প্রকৃতি ইহার কর্ত্রী হইলে এত দিন ইহা উৎসন্ন অথবা বিশৃঙ্খল হইয়া যাইত। হয় ত নিয়মিতরূপে চন্দ্রসূর্য্যাদি পরিভ্রমণ করিত না। মানুষের পুত্র মানুষ ও বৃক্ষের অঙ্কুর বৃক্ষ না হইয়া হয় ত একটা কিম্ভূত কিমাকার ঘটনা হইত। অতএব নিয়ম পরিপাটি দেখিয়া অবশ্য অনুমান করিতে হইবে এবং মানিতেও হইবে যে অব্যাহতেচ্ছ জ্ঞানসম্পন্ন সর্ব্বশক্তিমান্ কোন এক কর্ত্তৃপুরুষ ইহার অধিষ্ঠাতা বা নিয়ামক আছেন। তিনিই প্রকৃতির দ্বারা সুনিয়মে জগৎ সৃষ্টি করিয়াছেন, এবং স্থিতি বিধানও করিতেছেন।

কপিল বলেন না। রথ একটি অচেতন বস্তু চেতনাবান্ পুরুষ তাহাতে অধিষ্ঠিত থাকিয়া তাহাকে যেমন স্বেচ্ছানুসারে নিয়মিতরূপে গতিমান্ করে, অথবা সুবর্ণ খণ্ড এক জড় দ্রব্য, কোন কুশলী স্বর্ণকার অধিষ্ঠাতা বা কর্ত্তা হইয়া তাহাকে যেমন কুণ্ডলাদি আকারে পরিণামিত করে, প্রকৃতির সম্বন্ধে সেরূপ প্রেরণকর্ত্তা কেহ নাই। সেরূপ অধিষ্ঠাতার অনুমান নিষ্প্রয়োজন। প্রকৃতি জড় তাই বলিয়া রথনিয়ন্তা সারথির ন্যায় তাঁহার কোন স্বতন্ত্র নিয়ন্তা থাকার কল্পনা প্রয়োজনীয় বলিয়া বোধ হয় না। প্রকৃতি অস্বাধীনা বলিয়া তাঁহাকে পরিণামিত করিবার জন্য

স্বর্ণকারের ন্যায় পৃথক্ ব্যক্তি থাকার প্রয়োজন হয় না। অনাদি অনন্ত পুরুষগণই তাঁহার অধিষ্ঠাতা ও নিজ শক্তিই তাঁহার পরিণামের প্রযোজক। “তৎসন্নিধানাদধিষ্ঠাতৃত্বং মণিবৎ।” যেমন সন্নিধান বশতঃ ইচ্ছাদিগুণশূন্য জড়স্বভাব অয়স্কান্তমণি লৌহের সম্বন্ধে সচেতন অধিষ্ঠাতার ন্যায় কার্য্যকারী হয় সেইরূপ, সান্নিধ্যবিশেষ বশে নির্গুণ নিষ্ক্রিয় আত্মাই তাদৃশী প্রকৃতির অধিষ্ঠাতার বা প্রেরকের কার্য্য সম্পন্ন করিতে সক্ষম।*

যেমন লৌহ ও চুম্বক উভয়েই জড়স্বভাব, ইচ্ছাদি গুণশূন্য ও স্বয়ং প্রবৃত্তিরহিত অথচ পরস্পর সন্নিহিত হইবামাত্র পরস্পর পরস্পরের শরীরে বিক্রিয়া (লৌহশরীরে চলন, আর চুম্বকশরীরে আকর্ষভাব) উপস্থিত করে, সেইরূপ আত্মা নিষ্ক্রিয় নিরিচ্ছ হইলেও এবং প্রকৃতি জড়া ও স্বতঃপ্রবৃত্তিরহিতা হইলেও সন্নিধান বিশেষের বলে প্রকৃতি শরীরে পরিণাম শক্তির উদয় হইয়া থাকে। জড়স্বভাব বলিয়া অনিয়মিত পরিণামের আশঙ্কা অলীক আশঙ্কা। কেন না, নিয়মিতরূপে পরিণত হওয়াই প্রকৃতির স্বভাব। তদনুসারে প্রত্যেক বস্তুই নিয়মিত পরিণামের অধীন। দুগ্ধের দধিভিন্ন কর্দ্দম পরিণাম হয় না। চূণযুক্ত হরিদ্রা রক্তবর্ণই হয়, কৃষ্ণবর্ণ হয় না। প্রকৃতির ও প্রাকৃতিক পদার্থের নিয়মিত পরিণামের বিষয়ে বিজ্ঞান জ্যোতিষ ও বৈদ্যক প্রভৃতি সমুদায় শাস্ত্র সাক্ষ্য দিতে সমর্থ। সাংখ্যাচার্য্য ঈশ্বরকৃষ্ণ বলিয়াছেন “সলিলবৎ প্রতি প্রতি গুণাশ্রয়বিশেষাৎ” মেঘ নির্ম্মুক্ত সলিল এক, একরূপ ও এক রস; কিন্তু সেই এক ও একরসাত্মক জল পৃথিবীতে আসিয়া নানাবিধ পার্থিব

---

*'নিরিচ্ছে সংস্থিতে রত্নে যথা লোহঃ প্রবর্ত্ততে।
সত্তামাত্রেণ দেবেন তথা বাহয়ং জগজ্জনঃ।

অর্থাৎ গুণত্রয়ের সাম্য নষ্ট হইয়া একবার পরিণাম আরব্ধ হইলে তাহা হইতে ক্রমশঃ সম বিষয় প্রভৃতি নানা প্রকার কার্য্য চলিতে থাকে, বিশৃঙ্খল হয় না।

বিকারের সংযোগে (তাল ও তালী প্রভৃতি ভিন্ন ভিন্ন বীজভাবাপন্ন বিকারের সহিত সংযুক্ত হইয়া) ভিন্ন ভিন্নরূপে ও ভিন্ন ভিন্ন রসে পরিণত হইয়া থাকে তালবীজ বা তালবৃক্ষ যাহাকে আকর্ষণ করল তাহা এক রস হইল; নারিকেল যাহা আকর্ষণ করিল তাহা অন্যরস হইল। অতএব একই জল যেমন কারণবিশেষের সংসর্গে ভিন্ন ভিন্ন ফলে ও ভিন্ন ভিন্ন বস্তুতে কটু, তিক্ত, কষায়, মধুর ও অম্ল প্রভৃতি ভিন্ন ভিন্ন রসের উৎপত্তি করে, সেইরূপ প্রকৃতিনিষ্ঠ গুণত্রয়ের এক এক গুণের অভিভব ও এক এক গুণের সমুদ্ভব (বৃদ্ধি বা প্রাবল্য) হওয়াতে প্রবলের সহযোগে দুর্ব্বল গুণগুলি বিকৃত হইয়া যায়। অতএব প্রকৃতির নিয়মিত পরিণামের জন্য প্রকৃতির স্বীয় শক্তি বা স্বতঃসিদ্ধ স্বভাব ব্যতীত স্বতন্ত্র প্রেরক থাকা অকল্পনীয়।

প্রকৃতির প্রথম পরিণাম—মহত্তত্ত্ব।

প্রকৃতির প্রথম বিকাশ মহত্তত্ত্ব। ইহা সৃষ্টিপ্রারম্ভে অসংসারী ও অশরীরী আত্মার সন্নিধি বশতঃ প্রকৃতি মধ্যে প্রথম প্রস্ফুরিত হয়। কথিত আছে, রজোগুণে সৃষ্টি, সত্ত্বগুণে পালন ও তমোগুণে সংহার। এ কথা ইহাই বুঝাইয়া দেয় যে, পূর্ব্বে গুণ সমুদায়ের সাম্য-ভঙ্গে সর্ব্বপ্রথমে রজোগুণ সত্ত্বগুণকে উদ্রিক্ত করিয়াছিল। তাই সত্ত্বগুণ সর্ব্ব প্রথমে মহত্তত্ত্ব আকারে (মহত্তত্ত্ব যার পর নাই নির্ম্মল বিকাশ) প্রাদুর্ভূত হইয়াছিল। মহত্তত্ত্ব হৃদয়ঙ্গম কারবার নিমিত্ত বর্ত্তমান প্রাণিনিচয়ের বুদ্ধির বীজস্থান চিন্তা করিতে হইবে। তাহাতে দৃষ্ট হইবে, সমস্ত বিশেষ বিশেষ বুদ্ধির বিকাশস্থান অন্তঃকরণ। আরও দৃষ্ট হইবে যে, প্রত্যেক অন্তঃকরণ হরি-হর মূর্ত্তির ন্যায় দ্বিমূর্ত্তিতে অবস্থান করিতেছে। তাহার এক মূর্ত্তি বা এক পরিণাম 'মনন' ও 'অধ্যবসায়' নামে ও দ্বিতীয়

মূর্ত্তি বা পরিণাম 'অভিমান' ও 'অহং' নামে পরিচিত হইয়াছে। "আমি" "আমি আছি" "বস্তু" "বস্তু আছে" "আমার" "আমার কৃতিসাধ্য" ইত্যাদি প্রকার নিশ্চয়াত্মক বিকাশের নাম অধ্যবসায় ও জ্ঞানশক্তি। এই জ্ঞানশক্তি সহজাতত্বরূপে জীবের অন্তরাত্মায় নিরন্তর সংলগ্ন আছে। জ্ঞানশক্তির সমষ্টিই মহান্। মহান্ ও পূর্ণজ্ঞান সমান কথা। পূর্ণ জ্ঞান-শক্তি সাংখ্যোক্ত মহত্তত্ত্ব ও বুদ্ধিতত্ত্ব শব্দের অভিধেয়। যে মহান্ পুরুষ এই মহান্ বুদ্ধিতত্ত্বে পূর্ণরূপে প্রতিবিম্বিত হন সেই মহাপুরুষই সাংখ্য-শাস্ত্রের ঈশ্বর অর্থাৎ সৃষ্টিকর্ত্তা এবং পুরাণাদি শাস্ত্রের হিরণ্যগর্ভ, ব্রহ্মা, কার্য্যব্রহ্ম ও ঈশ্বর। ভূলোক, দ্যুলোক, অন্তরীক্ষলোক, চন্দ্র-লোক, সূর্য্য-লোক, গ্রহ-লোক, নক্ষত্র-লোক, ব্রহ্মলোক প্রভৃতি সমস্ত লোকের সমস্ত পদার্থই এই মহান্ পুরুষের অধীন। এই মহত্তত্ত্ব নামক ব্যাপক বুদ্ধি আমার জ্ঞান, তোমার জ্ঞান, তাহার জ্ঞান, চন্দ্রলোকস্থ মনুষ্যের জ্ঞান, সূর্য্যলোকস্থ মনুষ্যের জ্ঞান, পশুর জ্ঞান, পক্ষীর জ্ঞান, ইত্যাদি ক্রমে সেই সেই দেহে পরিচ্ছিন্ন হইয়া বিরাজ করিতেছে। আমরা যেমন এই হস্তপদাদিবিশিষ্ট দেহের উপর "আমি" ও "আমার" এই অভিমান নিক্ষেপ করিয়া আছি, এইরূপ, হিরণ্যগর্ভ বা ঈশ্বর সম্পূর্ণ বুদ্ধিতত্ত্বের বা অন্তঃকরণ সমষ্টির উপর "আমি" ও "আমার" ইত্যাকার অভিমান নিক্ষেপ করিয়া আছেন। আমাদের দেহের উপর যেমন আমাদেরই কর্ত্তৃত্ব, এইরূপ, সমষ্টি অন্তঃকরণের উপর হিরণ্যগর্ভের কর্ত্তৃত্ব আছে। আমরা যেমন আমাদের হস্ত পদাদি যথেচ্ছ প্রেরণ করি, এইরূপ, হিরণ্য-গর্ভও সমস্ত অন্তঃকরণকে যথেচ্ছ প্রেরণ করেন। সেই জন্য তাঁহাকে আমরা অন্তর্য্যামী বলি। এ সকল কথা কপিল মহর্ষির গ্রন্থে বিস্তারিত রূপে না থাকিলেও অন্য আর্য্য গ্রন্থে বিস্তৃতরূপে অভিহিত আছে। কপিল কেবল "মহদাখ্যমাদ্যং কার্য্যং তন্মনঃ।" এই বলিয়া মহত্তত্ত্ব জিনিস বুঝাইয়া দিয়াছেন। কিন্তু আমাদিগকে বুঝিতে হইলে, সর্ব্বদা

সমুৎপন্না বিষয়োপরক্তা বুদ্ধির অবগাহ্য খণ্ড খণ্ড বিষয় রাশি পরিত্যাগ করিয়া, ছাড়িয়া দিয়া, নিরবচ্ছিন্ন, কেবল অথবা বিশুদ্ধ বুদ্ধিই মহত্তত্ত্ব এইরূপ বুঝিতে হইবে। প্রথমে কেবল চিদাত্মা পুরুষ ছিলেন, এ সকল ছিল না, সুতরাং প্রকৃতির প্রথম বিকাশে অর্থাৎ মহত্তত্ত্ব নামক বুদ্ধিতে চিদাত্মার অনুরঞ্জনা ব্যতীত অন্য পদার্থের অনুরঞ্জনা ছিল না, তাহার পরিচ্ছেদকও ছিল না, না থাকায় তাহা অপরিচ্ছিন্না ছিল। পরে প্রকৃতি হইতে যতই স্থূল সূক্ষ্ম বিকার প্রাদুর্ভূত হইয়াছে ততই তাহা বিষয়-পরিচ্ছিন্না ও মলিনা হইয়াছে। প্রকৃতির প্রথম বিকার বা প্রথম স্ফূর্ত্তি, যাহার সাঙ্কেতিক নাম মহত্তত্ত্ব, তাহাই জগদ্-বীজ ও মহান্। সৃষ্টির আরম্ভ ও মহত্তত্ত্বের উৎপত্তি সমান কথা। রাম না হইতে রামায়ণের ন্যায় জ্ঞেয় না হইতে জ্ঞানের আবির্ভাব হওয়াই মহত্তত্ত্বের অপর লক্ষণ। জ্ঞেয় না থাকা অবস্থায় জ্ঞানের বিকাশ, এই বিষয়টী যেরূপে অনুভব করিতে হইবে তাহা মহর্ষি মনু উত্তমরূপে বুঝাইয়া দিয়াছেন। যথা—

"আসীদিদং তমোভূতমপ্রজ্ঞাতমলক্ষণম্।
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং প্রসুপ্তমিব সর্ব্বতঃ॥
ততঃ স্বয়ম্ভূর্ভগবানব্যক্তো ব্যঞ্জয়ন্নিদম্।
মহাভূতাদিবৃত্তৌজাঃ প্রাদুরাসীত্তমোনুদঃ॥"

এ জগৎ আগে প্রকৃতিলীন ছিল। প্রকৃতিলীন থাকাই লয় ও প্রলয়। সে অবস্থা তখন লোকের অজ্ঞাত, অলক্ষ্য ও অপ্রতর্ক্য। অর্থাৎ তখন প্রত্যক্ষ, অনুমান, শাব্দ এ সকল প্রমাণ ছিল না এবং প্রমাণের বিষয় প্রমেয় পদার্থ তাহাও ছিল না সে অবস্থা প্রায় মহাসুষুপ্তির সদৃশ।

যেমন আমাদের প্রগাঢ় সুষুপ্তি ভাঙ্গিবা মাত্র নেত্র উন্মীলিত হইতে না হইতে সহসা অজ্ঞান তমঃ বিদূরিত ও জ্ঞানবিকাশ উপস্থিত হয়, তেমনি, নিতান্ত দুর্লক্ষ্য প্রলয়রূপ জগৎসুষুপ্তি ভাঙ্গিবা মাত্র প্রকৃতিগর্ভে সূক্ষ্ম জগতের অভিব্যঞ্জক (অঙ্কুর স্বরূপ), তমোভঞ্জ কারক, সৃষ্টিসামর্থ্য-

যুগে ভগবান্ স্বয়ম্প্রভ হিরণ্যগর্ভের বা মহত্তত্ত্বের আবির্ভাব হইয়াছিল। যেমন জগৎসুষুপ্তি ভাঙ্গিল, অমনি মহান্ বিকার আসিল, সূক্ষ্ম জগৎ অলক্ষ্যে তদ্গাত্রে অঙ্কিত হইল। মনুর এই উক্তিতে মহত্তত্ত্বের অল্প কিছু ভাব অনুভবারূঢ় করা যাইতে পারে। মহত্তত্ত্ব, হিরণ্যগর্ভ, ব্রহ্মা, এ সকল সমান কথা।* এই স্থানে বলিয়া রাখা উচিত যে, জ্ঞানশক্তির অনুগামী ইচ্ছাশক্তি, ইচ্ছাশক্তির অনুগামী ক্রিয়াশক্তি এবং ক্রিয়াশক্তির অনুগামী সৃজনশক্তি।

দ্বিতীয় পরিণাম—অহংতত্ত্ব

পূর্ব্বোক্ত প্রথম পরিণামের অর্থাৎ "আমি আছি" ইত্যাদি সহজাত নিশ্চয়াত্মিকা বৃত্তির একদেশে যে "অহংবৃত্তি" সংলগ্ন আছে তাহাই সাংখ্যের অহংতত্ত্ব। এই অহংবৃত্তি যাহাতে বা যাহার পরিণামে উদয় হয় তাহাই সাঙ্খ্যের অহংতত্ত্ব। এই অহংতত্ত্ব প্রত্যেক আত্মার আশ্রিত। এই অহং এক একটি গণনায় ব্যষ্টি ও সমস্ত গণনায় সমষ্টি। অহং অভিমান ও অহংতত্ত্ব নামভেদমাত্র। মহত্তত্ত্বের সহিত অহংতত্ত্বের প্রভেদ এই যে, মহত্তত্ত্বের অন্তর্গত "আমি" অলক্ষ্যোৎপন্ন, আর অহংতত্ত্বের "আমি" লক্ষ্যপূর্ব্বক উৎপন্ন। অহংএর প্রধান লক্ষ্য জীবাত্মা বা আত্মার জীবভাব।

তৃতীয় পরিণাম—ইন্দ্রিয় ও তন্মাত্রা

বলা হইয়াছে যে, প্রকৃতির প্রথম পরিণাম মহত্তত্ত্ব ও মহত্তত্ত্বের পরিণাম অহংতত্ত্ব। এই অহংতত্ত্ব হইতে যে বিচিত্র পরিণাম ঘটিয়াছে তাহা সাঙ্খ্যশাস্ত্রে এইরূপে নির্দ্দিষ্ট আছে।

---

* "মনোমহান্ মতির্ব্রহ্মা পূর্ব্বদ্ধিঃ খ্যাতিরিশ্বরঃ" ইত্যাদি

অহঙ্কার তত্ত্বের দুই পরিণাম। ইন্দ্রিয় ও তন্মাত্রা। যেমন এক দুগ্ধ হইতে দ্বিবিধ পরিণাম বা বিকার অর্থাৎ আমিক্ষা (ছানা) ও বাজিন (ছানার জল) উৎপন্ন হয়, সেইরূপ, এক অহংতত্ত্বের পরিণামে দ্বিবিধ বিকার উৎপন্ন হইয়াছে। ইন্দ্রিয় ও তন্মাত্রা। ইন্দ্রিয়গণ স্বচ্ছ ও প্রকাশ-স্বভাব; তন্মাত্রাপ্রবাহ * অস্বচ্ছ ও অপ্রকাশস্বভাব; উভয়ের আকারও ভিন্ন। ইন্দ্রিয় ও তন্মাত্রা তুল্যাকার ও তুল্যস্বভাব না হইবার কারণ এই যে, অহংতত্ত্বস্থিত রজোগুণ অহংতত্ত্বকে ঐরূপ বিভিন্ন আকারে ও স্বভাবে বিকৃত করিয়াছিল। এস্থলে প্রশ্নকর্ত্তার বুঝা উচিত যে, প্রাকৃতিক পরিণাম অত্যন্ত বিচিত্র ও বোধাতীত।

কপিল ঋষি ঐ পর্য্যন্ত বলিয়া বলিয়াছেন, "ইত্যেষ প্রাকৃতঃ সর্গঃ" "অবুদ্ধিপূর্ব্বকস্ত্বেষঃ। এই পর্য্যন্তই অবুদ্ধি পূর্ব্বক সৃষ্টি অর্থাৎ প্রাকৃতিক সৃষ্টি। অতঃপর ব্রাহ্মী সৃষ্টি। আমরা যেমন সলিল, সূত্র ও মৃত্তিকাদি লইয়া বুদ্ধিপূর্ব্বক ঘটপটাদি নির্ম্মাণ করি, সেইরূপ, ব্রহ্মা বা ঈশ্বর প্রকৃতি-সৃষ্ট প্রোক্ত উপাদান লইয়া নিয়মিতরূপে বিবিধ সৃষ্টি করিয়াছেন। স্বয়ং-জাত প্রাকৃতিক উপাদান লইয়া সে সকলকে বুদ্ধিপূর্ব্বক নিয়মিত করা এবং সুকৌশলে সুশৃঙ্খলে জগৎ রচনা করা ব্রহ্মার ব্রহ্মত্ব, ঈশ্বরের ঈশ্বরত্ব। ব্রাহ্মী সৃষ্টির অনেক কাল পরে জৈবিক সৃষ্টি প্রারব্ধ হইয়াছিল। জৈবিক সৃষ্টি কি? জৈবিক সৃষ্টি গৃহাদিনির্ম্মাণ।

অহংতত্ত্বজাত একাদশ ইন্দ্রিয় এবং পঞ্চ তন্মাত্রার পরিচয় এক প্রকার প্রদত্ত হইল। সম্প্রতি প্রতিজ্ঞা অনুসারে মনের সম্বন্ধে আরও কিছু বলা যাউক।

---

* এই তন্মাত্রা বেদান্তাদি শাস্ত্রে ভূতসূক্ষ্ম ও ন্যায়াদি শাস্ত্রে পরমাণু, এই দুই বিভিন্ন আখ্যায় খ্যাত হইতে দেখা যায়। অনুমান হয়, সাংখ্যের তন্মাত্রা-প্রবাহই ইংরাজদিগের 'ইথার্‌।'

মনের সাবয়বত্ব ও সূক্ষ্মত্ব

"জায়তে, অস্তি, বর্দ্ধতে, অপক্ষীয়তে, বিপরিণমতে,
"নশ্যতি, ইতিষড়্ভাববিকারাঃ" [যাস্ক।

'ভাব' শব্দে জায়মান বস্তু। যে যে বস্তু জন্মে, তাহার তাহারই বৃদ্ধি হ্রাস, পরিবর্ত্তন ও বিনাশ আছে। বস্তুর এবংবিধ অবশ্যম্ভাবী পরিণামকে দার্শনিক পণ্ডিতেরা ভাব-বিকার শব্দে উল্লেখ করেন। ভাব-বিকার-গ্রস্ত নহে, এমন জন্যবস্তু অপ্রসিদ্ধ অর্থাৎ নাই। সাংখ্যমতে আত্মা ব্যতীত নির্ব্বিকার পদার্থ নাই। দৃশ্যবস্তুতে যে বিকার ধর্ম্ম আছে তাহা সর্ব্ব-প্রত্যক্ষ। সাংখ্য বলেন মনও জন্মবান্, সে জন্য মনও ভাববিকারগ্রস্ত।

প্রাকৃতিক-কাণ্ড নিতান্ত দুর্ব্বোধ্য। দুর্ব্বোধ্যতার বিষয় বর্ণন করি, প্রণিধান কর। সামান্য তৃণগুচ্ছ হইতে ব্রহ্মা পর্য্যন্ত যে কিছু পদার্থ, একমাত্র মনই সমুদায়ের পরীক্ষক। কিন্তু মনের পরীক্ষক কে? চিন্তা করিতে গেলে মোহ উপস্থিত হয়। যদি বল, মন আপনিই আপনার পরীক্ষক, আমরা বলি, তাহা সঙ্গত নহে। আপনি আপনার প্রমাণ, আপনি আপনার পরীক্ষক, এ কথা বলা আর আপনি আপনার স্কন্ধে আরোহণ করিতেছে, বলা তুল্য কথা। মন কি? তাহার স্বরূপ কি? শক্তি কি? এবং সংস্থানই বা কিরূপ? মনের উপর এ সকল নির্ণয়ের ভারার্পণ করিতে গেলে আপনি আপনার স্কন্ধারোহণ করার তুল্য দোষ স্বতঃসিদ্ধ ভাবে আসিয়া পড়িবে। পূর্ব্বে বলা হইয়াছে যে, চক্ষুরাদি ইন্দ্রিয় বিশিষ্ট-বুদ্ধি (যাহার যেরূপ আকার, যাহার যেরূপ গুণ, তত্তাবতের সুস্পষ্ট জ্ঞান) জন্মায় না। একমাত্র মনই বিশিষ্ট বুদ্ধির জনক। এই কথা স্থির থাকিলে মনের পরীক্ষক অলভ্য হইয়া পড়ে।

কপিল বলেন, না—অলভ্য হইবে না। প্রণিধানপর হইলে দেখিতে পাইবে! যখন আত্মার ও মনের বিষয় চিন্তা করা যায়, তখনই দেখা যায়,

মন ও আত্মার স্পষ্ট ভিন্নভাব দাঁড়াইয়াছে। যাঁহারা বলেন, মন ও আত্মা একই বস্তু, তাঁহারাও আত্মার ও মনের বিচারকালে আত্মাকে ভিন্ন না রাখিয়া বিচার নিষ্পত্তি করিতে পারেন না। তাঁহারা যখন যখনই মনের অনুসন্ধান করেন, তখন তখনই তাঁহাদের মন আত্মা হইতে পৃথক্ হয়, পৃথক্ হইয়া আত্মার স্বরূপ পরীক্ষা করে। কিন্তু বিচারশক্তির অভাব বা ভ্রমবশতঃ তাহা তাঁহারা লক্ষ্য করিতে পারেন না। সেই জন্যই তাঁহারা মুখে বলেন "মনের নামান্তর আত্মা, আর আত্মার নামান্তর মন"।

কেহ কেহ বলেন, "দীপের ন্যায় মনের স্ব-পর-প্রকাশকত্ব শক্তি আছে। দীপ যেমন আপনাকে ও অপরাপর প্রকাশ্য বস্তুকে প্রকাশ করে, সেইরূপ, মনও আপনার ও আপনার স্বরূপসত্ত্বার অবধারণ করে। যাঁহারা কখন কিছু ভাবেন না, কেবল কিসে বাদী জয় করিব, তাহারই উপায় চিন্তা করেন, তাঁহাদিগের কথা স্বতন্ত্র। তাঁহাদিগকে পারা ভার। বিচারমল্লদিগের বাক্‌বৈদগ্ধ্য নিতান্ত অসার। তাঁহাদিগের তাদৃশ মুগ্ধতার কারণ আর কিছুই নাই, কেবল মন ও আত্মার ঘনিষ্ঠতা অথবা নৈকট্য। মনের সহিত আত্মার এতদূর নৈকট্য আছে যে, স্বতন্ত্র-আত্মাস্তিত্ব-বাদীরাও কখন কখন মনকে আত্মা বলিয়া ফেলেন। এই বিষয়ে অনেক বক্তব্য থাকিলেও সে সকল আত্মার স্বরূপ বর্ণন কালে বলা হইবে। এ সন্দর্ভে কেবল মনের স্বরূপাবধারণ কথাই বলিব, অন্য কিছু বলিব না।

"মন কি? কিংবিধ পদার্থের নাম মন?"

এই জিজ্ঞাসার প্রত্যুত্তরে কপিল বলেন, মন একটি দেহস্থ বস্তু। মন দেহাশ্রিত পদার্থ বটে, কিন্তু তাহা অস্থিমাংসাদির ন্যায় নহে। মন অহংদ্রব্যের পরিণামবিশেষে উৎপন্ন হইলেও তাহা ক্ষণধ্বংসী নহে। তত্ত্বজ্ঞান না হওয়া পর্য্যন্ত উহার স্থায়িত্ব থাকে। প্রাণসংযোগ বিনষ্ট হইলে যখন এ শরীর নিপতিত থাকে, তখন মন তাহাতে থাকে না।

অস্থিমাংসাদির ন্যায় তন্মধ্যে অবস্থিত থাকে না। শরীর 'বিনাশ' নামক বিকার প্রাপ্ত হয়, কিন্তু মন শীঘ্র সেরূপ বিকার প্রাপ্ত হয় না। মরণের পর মন কি হয় তাহা জন্মান্তর নামক প্রস্তাবে বলিব।

নৈয়ায়িকদিগের সিদ্ধান্তে মন নিত্য ও নিরবয়ব। মনের অবয়ব নাই সুতরাং উৎপত্তিও নাই। অবয়ব না থাকায় মনের উপচয় অপচয়ও নাই। তবে যে আহারাদিজনিত মনের হ্রাসবৃদ্ধি দেখিতে পাওয়া যায়, বুঝিতে হইবে, তাহা মনের নহে, মনের গোলকের অর্থাৎ অবস্থিতি স্থানের। গোলকের উপচয় মনের উপর নিক্ষিপ্ত হইয়া থাকে। বাল্যে ইন্দ্রিয়স্থানের অপুষ্টতা বশতঃ ইন্দ্রিয়শক্তির অল্পতা থাকে, যৌবনে সেই সেই স্থান পুষ্ট হইলে ইন্দ্রিয়শক্তিও পূর্ণ হয়, আবার বার্দ্ধক্যে হ্রাসপ্রাপ্ত হয়। ইহাই পূর্ব্বোক্ত নির্ণয়ের নিদর্শন। নিরবয়ব পদার্থের আবার বিনাশ কি? অবয়বের বিভাগ হওয়াই ধ্বংস, সেই জন্য নিরবয়ব মনের ধ্বংস নাই।

মন এক প্রকার নিরবয়ব দ্রব্য। দ্রব্য বলিলে আমাদের সহজ জ্ঞানে যে ইন্দ্রিয়গ্রাহ্য স্থূলভাবের উদয় হয়, দ্রব্যের স্বরূপ বস্তুতঃ তাহা নহে। যাহাতে বা যাহার গুণ বা ধর্ম্ম থাকে তাহা দ্রব্য। এ লক্ষণ সাবয়ব ও নিরবয়ব উভয়েই বিদ্যমান থাকে।

মন সূক্ষ্ম। এমন কি, মন বায়বীর পরমাণুতুল্য। তাদৃশ সূক্ষ্মতা নিবন্ধন মন যুগপৎ অর্থাৎ এককালে দুই বা ততোধিক বস্তু গ্রহণ করিতে পারে না। সেই কারণে এক সময় দুই বস্তুর জ্ঞান হয় না। "অন্যত্র-মনা অভূবং নাশ্রৌষম্"—আমি অন্যমনস্ক ছিলাম তজ্জন্য শুনিতে পাই নাই। এক দিকে মন থাকিলে যে অন্য দিকে তাহার ঔদাস্য থাকে, তৎপ্রতি কারণ, মনের পরমাণুতুল্যতা। মন যখন এক ইন্দ্রিয়ে যুক্ত হইয়া তদিন্দ্রিয়ের গ্রাহ্যবিষয়ে নিমগ্ন থাকে, তখন আর তাহার এমন কোন প্রদেশ (অংশ) থাকে না যে, সে অন্য প্রদেশে বা বস্তুতে সংযুক্ত

হইয়া তদ্-বস্তু ভালমন্দ বিবেচনা করিবে। স্থূল বা সাবয়ব-বস্তুই দুই বা ততোধিক বস্তুতে সংযুক্ত হইতে পারে। কারণ, তাহার অনেক প্রদেশ (স্থান) আছে। কিন্তু মন এত সূক্ষ্ম যে একের সহিত সংযুক্ত হইবার কালেও সে তন্মধ্যে নিমগ্ন হইয়া যায়। সেই কারণেই মনুষ্যের এক-কালে দুই বা ততোধিক জ্ঞান জন্মে না। তবে যে ভোজনাদি কালে আমরা যুগপৎ স্পর্শন ও রাসন (আস্বাদ) জ্ঞান জন্মে বলিয়া বিবেচনা কার, তাহা আমাদের ভ্রম। বস্তুতঃ তাহা ক্রমশঃ হয়, যুগপৎ হয় না। যেমন এক শত পদ্মপত্র একটা সূচীর দ্বারা বেগে বিদ্ধ করিলে তাহা যুগপৎ বিদ্ধ হইয়াছে বলিয়া ভ্রম হয়, সেইরূপ ভ্রম।

এ-ত গেল নৈয়ায়িকদিগের মত। কিন্তু সাংখ্যের মত অন্যবিধ। সাংখ্য বলেন, মন অনিত্য। মন উৎপন্ন বস্তু; সেই কারণে তাহা অনিত্য। তাই বলিয়া মন ঘটপটাদির ন্যায় ক্ষণবিনাশী নহে। মন জীবের জীবত্ব লোপ অর্থাৎ মুক্তি না হওয়া পর্য্যন্ত জীবিত থাকে।

মন সাবয়ব। মন যদি নিরবয়ব হইত তাহা হইলে সে কাহারও সহিত সংযুক্ত হইতে পারিত না। মনের হ্রাস বৃদ্ধি হয় না, তদীয় আধার স্থানেরই হ্রাস বৃদ্ধি হয়, সেই হ্রাস বৃদ্ধি মনে আরোপিত হইয়া থাকে, এ বিষয়ে প্রমাণ ও অনুকূল যুক্তি নাই। মন সূক্ষ্ম বটে, তাই বলিয়া পরমাণুতুল্য নহে। ইন্দ্রিয়ের অগোচর হইলেই যে পরমাণুর ন্যায় পরিমাণে সূক্ষ্ম ও নিরবয়ব হইবে, তাহার কোন কারণ নাই। বায়ু যে ইন্দ্রিয়ের অগোচর বস্তু, তাই বলিয়া কি বায়ুর অবয়ব নাই? বায়ুও সাবয়ব, তাহাও পুঞ্জীভূত পরমাণু প্রবাহ *।

* অনেকে মনে করেন, ত্বক্ দ্বারা বায়ুর প্রত্যক্ষ হয়। বস্তুতঃ তাহা হয় না। স্পর্শের দ্বারা অনুমিত হয় মাত্র। ত্বগিন্দ্রিয় যদি সাক্ষাৎ সম্বন্ধে বায়ুকে গ্রহণ করিত, তাহা হইলে সর্ব্বদাই অন্য দ্রব্যের ন্যায় শরীরে বায়ুস্পর্শ অনুভূত হইত। জগৎ বায়ুসমুদ্রে অবস্থিত। স্পর্শগুণ বায়ুতে সর্ব্বদা অভিব্যক্তি থাকে না

এককালে দুই বা ততোধিক জ্ঞান হইবে না, এমন কোন নিয়ম নাই। "ক্রমশোঽক্রমশশ্চেন্দ্রিয়বৃত্তি।" ইন্দ্রিয়বৃত্তি অর্থাৎ ঐন্দ্রিয়ক জ্ঞান স্থলবিশেষে ক্রমে হয়, স্থল বিশেষে অক্রমে অর্থাৎ এক কালে হয়। মন সাবয়ব কি নিরবয়ব? নশ্বর কি অনশ্বর? এক কালে বহু জ্ঞান হয় কি না? ইত্যাদি কথা লইয়া শাস্ত্রের স্থানে স্থানে তর্ক বিতর্ক আছে, সে সকলের সিদ্ধান্ত মাত্র অনুভাষিত করিলাম। আরও কথা এই যে, যুক্তির উপরেই নৈয়ায়িকদিগের নির্ভর; কিন্তু সাঙ্খ্যাচার্য্যদিগের নির্ভর আপ্তবাক্য। যুক্তি তাহার সাহায্যকারী মাত্র। অতএব প্রধান আপ্ত-বাক্য বেদ যখন বলিয়াছেন মন সাবয়ব, তখন বুঝা উচিত যে, সাঙ্খ্য-মতে মন সাবয়ব। ছান্দোগ্য ষষ্ঠাধ্যায়ে এ সম্বন্ধে একটি আখ্যায়িকা আছে, এস্থলে তাহার কিয়দংশ অনুবাদ করিলাম।

উদ্দালক শ্বেতকেতুকে ব্রহ্মবিৎ করিবার মানসে প্রতিদিন বিবিধ সোদাহরণ প্রশ্নের অবতারণা করিতেন। এক দিন বলিলেন "ন নাঽস্য কশ্চনাঽমতমবিজ্ঞাতমুদাহরিষ্যতি।" বৎস! আমাদের বংশের কোন ব্যক্তি অশ্রুত ও অবিজ্ঞাত পদার্থের উদ্‌ঘোষণ করেন নাই। অর্থাৎ সকলেই সর্ব্বজ্ঞ ছিলেন। শ্বেতকেতু বলিলেন, তাহা কি প্রকারে সম্ভব হয়? শ্বেতকেতুর এই প্রশ্নের প্রত্যুত্তরে উদ্দালক বাহ্যভূতের রহস্য উপদেশ করিয়া পশ্চাৎ অধ্যাত্ম ভূতের তত্ত্ব কথন কালে বলিলেন,

---

এবং ত্বগিন্দ্রিয়ও সর্ব্বদা স্পর্শ গ্রহণ করে না। বেগই বায়ুতে স্পর্শ গুণের উদ্রেক করে, এবং তাহার আঘাতই ত্বকে স্পর্শগ্রাহিক শক্তি উদ্ভাবিত করে। বায়ুতে বেগ উপস্থিত হইলে সেই বেগযুক্ত বায়ু ত্বক্‌কে চাপিয়া ধরে, ত্বক্ তখন বায়ুর স্পর্শ গ্রহণ করিয়া চরিতার্থ হয়। বায়ুতে যদি স্পর্শগুণ সর্ব্বদা অভিব্যক্ত থাকিত, ত্বকের যদি চাপ ব্যতিরেকে স্পর্শগ্রহণের সামর্থ্য থাকিত, তাহা হইলে তালবৃন্তের প্রয়োজন হইত না।

"অন্নময়ং হি সৌম্য! মনঃ, আপোময়ঃ প্রাণঃ তেজোময়ী বাক্।" হে প্রিয়দর্শন শ্বেতকেতু! মন অন্নময় অর্থাৎ খাদ্যদ্রব্যের পরিণাম বিশেষ। প্রাণ জলময় অর্থাৎ পেয় পরিণামোৎপন্ন। বাক্ তেজোময়ী অর্থাৎ স্নেহদ্রব্যের পরিণামে উৎপন্না। শ্বেতকেতু এই সকল কথার মর্ম্ম বুঝিতে না পারিয়া বলিলেন, "ভূয় এব মা ভগবান্, বিজ্ঞাপয়তু।" আবার বলুন, আমি ভাল বুঝিতে পারিলাম না।

অনন্তর শ্বেতকেতুর বোধের নিমিত্ত উদ্দালক ঋষি ঐ সকল কথা বিস্তার করিয়া বলিতে লাগিলেন। "পৃথিবীধাতু, অপ্‌ধাতু ও তেজো-ধাতু। ধাতুর নামান্তর ভূত এবং পৃথিবী ধাতুর নামান্তর অন্ন। আকাশ, বায়ু ও ঐ ত্রিবিধ ভূত পরস্পর অনুবিদ্ধ হইয়া সর্ব্বত্র বিরাজ করিতেছে। প্রোক্ত ত্রিধাতু বা পঞ্চধাতু আত্মাভিন্ন সমস্ত পদার্থের উপাদান ও পোষক। বহিঃস্থ অন্নাদি ধাতু আধ্যাত্মিক ধাতুতে সংযুক্ত বা অনুপ্রবিষ্ট হইয়া সে সকলের স্থিতি ও পুষ্টি করিতেছে। তাহার প্রণালী এই—

ভুক্তান্ন জঠরাগ্নির দ্বারা পচ্যমান হইয়া প্রথমতঃ তিন ভাগে বিভক্ত হয়। যাহা স্থূলতম ভাগ (অন্নমল), তাহা পুরীষ। যাহা মধ্যম তাহা মাংস। যাহা সূক্ষ্ম তাহা ইন্দ্রিয় ও মন। এইরূপ পীয়মান অপ্‌ ধাতুও ত্রিধা বিভক্ত হয়। তাহার স্থূল ভাগ মূত্র, মধ্যম ভাগ রক্ত ও সূক্ষ্ম ভাগ প্রাণ। ভক্ষিত তেজোধাতু ও ত্রিধা বিভক্ত ছিল। তাহার স্থূল ভাগ অস্থি, মধ্যম ভাগ মজ্জা ও সূক্ষ্ম ভাগ বাগিন্দ্রিয়। যেমন মথ্যমান দধি হইতে তদন্তর্গত সূক্ষ্ম ধাতু বা সার (নবনীত) সম্ভূয়ভাবে উদ্গত হয়, সেইরূপ, তেজ, অপ্‌ ও অন্ন,—এই ত্রিবিধ দ্রব্য ঔদর্য্যাগ্নি (অন্তরাগ্নি) ও বায়ুর দ্বারা মথিত হইলে তাহাদের সারাংশ উর্দ্ধে উদ্গত হয়। অনন্তর তাহা নাড়ীপথে সেই সেই স্থানে শিরা প্রশিরার দ্বারা নীত হইয়া সেই সেই পদার্থের উৎপত্তি স্থিতি ও পুষ্টি করিতে থাকে। উদান নামক বায়ু সার উদ্গত করায়, অপান নামক বায়ু অসার নিঃসারিত

করে, এবং ব্যান নামক বায়ু সমুত্থিত সার সমুদায়কে রস রক্তাদি আকারে পরিণামিত করিয়া শরীরের সর্ব্বদিকে লইয়া যায়। হে প্রিয়দর্শন শ্বেতকেতু! তাই বলিতেছিলাম, মন অন্নময়, প্রাণ জলময় ও বাক্য তেজোময়। যদি ইহা প্রত্যক্ষ দেখিতে চাও, তবে পঞ্চদশ দিন কি অন্ন, কি জল, কি তেজ, কিছুই উপযোগ করিও না। ষোড়শ দিনে আমার নিকট আসিও।

শ্বেতকেতু পঞ্চদশ দিন অনাহারের পর পিতার নিকট উপস্থিত হইলেন। অনন্তর পিতা কহিলেন "ঋচঃ সৌম্য! যজূংষি সামানি চাধ্যেষি?" শ্বেতকেতু! তোমার ঋক্, যজুঃ, সাম অধ্যয়ন করা হইয়াছে? শ্বেতকেতু বলিলেন "ন চেমাঃ প্রতিভান্তি ভোঃ"—হে পিতঃ! আজ আমার কিছুই স্মরণ হইতেছে না।"—ঋষি কহিলেন, "যেমন কাষ্ঠাভাবে মহৎ পরিমাণ অগ্নিও নির্ব্বাণ প্রাপ্ত হয়, আবার খদ্যোৎপরিমিত জ্বলদঙ্গারে কাষ্ঠযোগ করিলে তাহা হইতে সুমহৎ প্রজ্বলন উপস্থিত হয়, সেইরূপ আহারাভাবে তোমার ইন্দ্রিয় ও মন ক্ষীণ হইয়াছে, নির্ব্বাণপ্রায় হইয়াছে, কিছু উপযোগ কর, করিলে পুনঃ প্রজ্বলিত হইবে। তখন সমুদয় আবার তোমার স্মরণ পথে আসিবে।" ঋষি উদ্দালক এইরূপে আহারের হ্রাস বৃদ্ধিতে মনের হ্রাসবৃদ্ধি হওয়া দেখাইয়া মনের সাবয়বত্ব ও সাবয়বত্ব নিবন্ধন জন্যত্ব অবধারণ করাইয়াছিলেন। সাংখ্য এই মতের অনুগামী, সুতরাং সাংখ্য মতে মন সাবয়ব ও নশ্বর। নশ্বর হইলেও তাহা নিতান্ত ক্ষণভঙ্গুর নহে। সাংখ্য বলেন, মন সাক্ষাৎ মূল প্রকৃতি হইতে উৎপন্ন হইয়া দেহে দেহে বিরাজ করিতেছে। আমার আত্মায়, তোমার আত্মায় ও অন্যের আত্মায় অবস্থান করিতেছে। মোক্ষ অথবা মহাপ্রলয় ব্যতীত তাহার 'বিনাশ' নামক বিকারের কাল আসিবে না।

মনের স্থান কোথায়? মন কোথায় থাকিয়া স্বীয় কার্য্য করে? শাস্ত্রকারেরা তাহাও চিন্তা করিয়াছিলেন। পূর্ব্বে কতক বলা হইয়াছে,

অবশিষ্ট এখন বলি। তান্ত্রিক ও পৌরাণিক গ্রন্থে দেখা যায়, মনের স্থান ভ্রূযুগলের অভ্যন্তর। দেহব্যাপিনী অনন্ত নাড়ীর মধ্যে তিনটি প্রধানা নাড়ী। তাহাদের নাম ইড়া, পিঙ্গলা ও সুষুম্না। এই নাড়ীত্রিতয় নাভি, মতান্তরে হৃৎপিণ্ড হইতে উৎপন্ন হইয়া মূলাধারে গিয়াছে। তথা হইতে ত্রিধারা ক্রমে তিন দিকে অর্থাৎ উভয় পার্শ্ব ও মধ্যাস্থি বা মেরু-দণ্ড আশ্রয় করিয়া মস্তক পর্য্যন্ত আবর্ত্তিত হইয়াছে। ঐ তিন প্রধান নাড়ীর অনেক শত শাখানাড়ী আছে। তাহাদিগের আবার অনেক প্রশাখা আছে। ফল, সমস্ত শরীরটা প্রায় শিরাব্যাপ্ত। অশ্বত্থপত্র জীর্ণ হইলে তাহা যেমন তন্তুময় দৃষ্ট হয়, সেইরূপ শরীরও তন্তুময় অর্থাৎ শিরাময়। উক্ত ত্রিনাড়িকার মধ্যে মৃণালতন্তুর অপেক্ষাও সূক্ষ্ম স্নেহময় তন্তু গুচ্ছাকারে আছে। আশ্রয়ীভূত শিরার সহিত সেই সকল স্নেহতন্তু ব্রহ্মরন্ধ্রের নিম্নে গিয়া স্থগিত হইয়াছে। যে স্থানটীতে স্নেহময় তন্তুগুচ্ছ স্থগিত হইয়াছে, সেই স্থানটী গ্রন্থিল অর্থাৎ গাঁইটযুক্ত। তাহা মস্তিষ্কে বা মস্তক ঘৃতে ডুবান আছে। এই তন্তুগ্রন্থির বৃন্তভাগ আজ্ঞাচক্র ও ঊর্দ্ধভাগ সহস্রার চক্র। মন এই আজ্ঞাচক্রে বাস করতঃ আপন কার্য্য করে। মন যখন চিন্তাকার্য্যে প্রবৃত্ত থাকে, তখন মস্তকস্থ সমুদয় স্নায়ু-মণ্ডল স্পন্দিত হইতে থাকে এবং চোখ মুখ ভ্রূ প্রভৃতি বিশেষ বিশেষ স্থান বিকৃত ও কুঞ্চিত হইতে থাকে।

বৈদিক উপাসকদিগের মধ্যে কাহার কাহার এ বিষয়ে মত ভেদ দেখা যায়। কেহ বলেন, মনের স্থান মস্তক নহে, মনের স্থান হৃদয়। হৃদয়াভ্যন্তরে যে অপূপাকার মাংসখণ্ড আছে, যাহাকে হৃৎপদ্ম বলে, সেই মাংসখণ্ডের উদরাকাশই মনের বাসভূমি। তাঁহাদের অনুভব এই যে, মনুষ্য যে কিছু ধ্যান বা চিন্তা করে, তাহা হৃদয়ে রাখিয়াই করে এবং তাহাদের ধ্যেয় বস্তু সকল হৃদয়াকাশেই প্রতিবিম্বিত ও বিবৃত হয়। সেই সেই কারণে মন স্থান মস্তকে নহে; পরন্তু হৃদয়ে।

পরমাণু

বৈশেষিক দর্শনে যাহা পরমাণু নামে ব্যবহৃত হয়, অনুমান হয় তাহাই সাংখ্যদর্শনের তন্মাত্রা। এই তন্মাত্রা বা পরমাণু স্থূল ভূতপঞ্চকের ও ভৌতিক জগতের উপাদান কারণ। বহু ক্ষুদ্র ক্ষুদ্র অংশ পুঞ্জীভূত হইলে তাহা স্থূলতার উৎপত্তি করে, আবার সেই সেই অংশ প্রক্রিয়া বিশেষে বিশ্লিষ্ট হইলে সে স্থৌল্যের বিনাশ হয়, ইহা প্রত্যক্ষসিদ্ধ। এই পরিদৃষ্ট মূল হইতে পরমাণুর অস্তিত্ব ও ভূত ভৌতিকের উৎপত্তি অবধারিত হইতে পারে।

সাঙ্খ্যের 'তন্মাত্রা' শব্দ যৌগিক। তৎ+মাত্র অর্থাৎ কেবল তাহাই বা কেবল সেইটুক। এতদনুসারে ইন্দ্রিয়গ্রাহ্য রূপাদি লক্ষ্য করিয়া 'তৎ' শব্দের ও অন্য কিছু নহে, কেবল তাহাই, এই অভিপ্রায় ব্যক্ত করিবার অভিপ্রায়ে মাত্রা শব্দের প্রয়োগ করা হয়। নৈয়ায়িক যেমন পার্থিব-পরমাণু, আপ্য-পরমাণু ও তৈজস-পরমাণু প্রভৃতি বিশেষ নাম ব্যবহার করেন, সেইরূপ সাঙ্খ্যাচার্য্যেরাও গন্ধ-তন্মাত্রা, রস-তন্মাত্রা ও রূপ-তন্মাত্রা প্রভৃতি বিশেষ বিশেষ নাম ব্যবহার করিয়া থাকেন। কখন বা সূক্ষ্ম-তম গন্ধরসাদির আধারীভূত সেই সেই দ্রব্যকে * স্পষ্টতঃ লক্ষ্য করিয়া পৃথিবী তন্মাত্রা, জল তন্মাত্রা ও তেজস্তন্মাত্রা ইত্যাদিক্রমে উল্লেখ করিয়া থাকেন।

সাঙ্খ্যোক্ত তন্মাত্রা শব্দের ন্যায় বৈশেষিকাদির কথিত পরমাণুশব্দও যৌগিক। পরম+অণু অর্থাৎ অতি সূক্ষ্ম। পরিমাণ তিন প্রকার

---

* বৌদ্ধদর্শন বলেন, জ্ঞানেন্দ্রিয় পঞ্চক দ্বারা রূপাদি পঞ্চক গৃহীত হয়, সুতরাং রূপাদি পঞ্চকই আছে। তাহাদের আধার দ্রব্যনামক কোন বস্তু নাই। দ্রব্য কি? দ্রব্য কিছুই নহে। তাহা খপুষ্প তুল্য মিথ্যা। যাহা দেখি তাহা রূপ ব্যতীত অন্য কিছু নহে। যাহা শুনি তাহা শব্দ ব্যতীত অন্য কিছু নহে। ইত্যাদি।

অণু, মধ্যম ও মহৎ। তাহার প্রথমটি ক্ষুদ্রতাবোধক; আর তৃতীয়টি বৃহৎবোধক। প্রথম পরিমাণ ও তৃতীয় পরিমাণ যদি যৎপরোনাস্তি হইয়া উঠে, তাহা হইলে তদ্বোধের নিমিত্ত ঐ অণু ও মহৎ শব্দের পূর্ব্বে একটি পরম শব্দের প্রয়োগ হইয়া থাকে। অতএব যৎপরনাস্তি সূক্ষ্ম বস্তুর নাম 'পরমাণু' এবং যৎপরোনাস্তি বৃহৎ পরিমাণের নাম 'পরম-মহৎ' ব্রহ্ম, ঈশ্বর, এবং আকাশাদির পরিমাণ এই শ্রেণীভুক্ত। অর্থাৎ ইহাঁদের যদি পরিমাণ থাকে তবে তাহা পরম মহৎ। পরমাণুর অন্য নাম পরিমণ্ডল ও মূলধাতু। শাস্ত্রান্তরে ইহা সূক্ষ্মভূত নামে পরিভাষিত হইয়াছে।

পরমাণু অনুমেয়

তন্মাত্রা ও পরমাণু দু-ই অনুমেয় পদার্থ। পরমাণুর অনুমান এইরূপ —স্থূল বস্তু মাত্রেই বিভাজ্য। যাহা বিভাজ্য তাহার অংশ আছে। বস্তু বিভক্ত হইলে তাহাকে পৃথক্ পৃথক্ অংশে ব্যবস্থিত হইতে দেখা যায়। আরও দেখা যায়। প্রত্যেক বিভক্ত অংশ প্রত্যেক বিভাজ্য অপেক্ষা সূক্ষ্মাকার ধারণ করে। ক্রমে যখন সূক্ষ্মতা ইন্দ্রিয় শক্তি অতিক্রম করে তখনও বিভাগ হয়; কিন্তু সে বিভাগ মাত্র বুদ্ধির বা যুক্তির দ্বারা। তাই বলিয়া চিরকাল বসিয়া ভাগ কল্পনা করিতে পারিবে না, কোন এক উপযুক্ত স্থানে বিরত হইতে হইবে। যেখানে ক্ষুদ্রতা কল্পনার বিশ্রাম বা শেষ হইবে সেই *স্থানটি অবিভাজ্য ও অবয়বশূন্য* এবং তাহাই পরমাণু। ইহাকে তন্মাত্রা বলিতেও পারি। নৈয়ায়িক বলেন,—এতাদৃশ পরমাণুর বা পরিমণ্ডল পদার্থের দ্বারা এই বিশ্ব রচিত হইয়াছে।*

---

* স্থূলাৎ পঞ্চতন্মাত্রস্য" "অত্রেদমনুমানং—অপকর্ষকাষ্ঠাপন্নানি স্থূলভূতানি স্ববিশেষগুণবদ্দ্রব্যোপাদানানি স্থূলত্বাৎ ঘটপটাদিবৎ"—ইত্যাদি।

বলা হইল যে, যৎপরোনাস্তি সূক্ষ্ম পদার্থের নাম তন্মাত্রা ও পরমাণু। কিন্তু সে সূক্ষ্মতা ইন্দ্রিয়াধিকারের কত দূর নিম্নে তাহা বলা হয় নাই। প্রস্তাবের অপূর্ণতা দোষ পরিহারের নিমিত্ত তাহারও কিঞ্চিৎ বলা আবশ্যক। এ বিষয়ে অনেক মত আছে। তন্মধ্যে কোন এক মতে ইন্দ্রিয়বৃত্তির অধিকার হইতে অষ্টাদশ ভূমি (ডিগ্রী) নিম্নে ক্ষুদ্রতা কল্পনার সমাধি। কোন মতে ত্রিংশৎ। এই মত সাংখ্য ও বৈদিক সম্মত।* কথা গুলির মর্ম্ম এই যে, যখন ত্রিশটী পরমাণু সংহত হয়, তখন তাহা ইন্দ্রিয়ের অধিকারে আইসে। অর্থাৎ তখন তাহা দেখিবার যোগ্য হয়। যোগ্য হয় বটে; কিন্তু স্বচ্ছ কাচ অথবা সুস্নিগ্ধ সূর্য্যকিরণ সহযোগে। তদ্দ্বয়ের অনুগ্রহ ব্যতীত সংহতত্রিংশৎ পরমাণুও দেখা যায় না। প্রাতঃ-সূর্য্যালোক যখন গবাক্ষ-রন্ধ্র দিয়া ধারাকারে নিস্রুত হইতে থাকে, তখন সেই চাক্ষুষ-তেজের অপীড়ক সুস্নিগ্ধ কিরণস্রোতে শত শত ত্রসরেণু নামক সংহত ত্রিংশৎ পরমাণু ভাসিতে দেখা যায়। পরমাণুতত্ত্বজ্ঞগণ বলেন, সংহত ত্রিংশৎ পরমাণুই ত্রসরেণু। আর এক মত আছে। তন্মধ্যে ৬০ পরমাণু সংহত হইলে তবে তাহা দেখা যায়। পরমাণুর সূক্ষ্মতা সম্বন্ধে ইহার অধিক দূর উক্তি আর নাই। এ সম্বন্ধে সাংখ্যের মত এই যে, তন্মাত্রা আমাদের অপ্রত্যক্ষ ঘটে; কিন্তু তাহা যোগীদিগের ও দেবতা-দিগের প্রত্যক্ষ। দেবতারা ও যোগীরা তাহা দেখিতে পান ও তাহার ব্যবহার করিতেও পারেন।

পরমাণুর জাতি বা শ্রেণী

নৈয়ায়িক বলেন,—আকাশ যেমন অসীম, অনন্ত, পরমাণুও তেমনি অগণনীয়, অসীম ও অনন্ত। মহাপ্রলয়ে গ্রহ নক্ষত্র তারকা ও সাগর

* "জালান্তরগতে সূর্য্য-করে ধ্বংসী বিলোক্যতে। ত্রসরেণুস্তু বিজ্ঞেয়-স্ত্রিংশতা পরমাণুভিঃ।" [বৈদ্যক।

শৈল প্রভৃতি সমস্ত বিশ্ব বিধ্বস্ত হইলে সে সকলের পরমাণু আকাশ গর্ভে নিহিত বা লুক্কায়িত থাকে। পরমাণুর দ্বারা জগতের রচনা হইয়াছে সত্য ; পরন্তু এখনও আকাশের উদরে এত পরমাণু অদৃশ্য ভাবে রহিয়াছে যে সে সকলের দ্বারা এখনও এতদপেক্ষা অনেক বড় আর একটা ব্রহ্মাণ্ড সৃষ্ট হইতে পারে।* পরমাণুর উল্লেখ করিয়া পণ্ডিতগণ বলেন, পরমাণুর ইয়ত্তা নাই। অপিচ সংখ্যাগত ইয়ত্তা না থাকিলেও তাহাদের জাতিগত বা শ্রেণীগত ইয়ত্তা আছে। যথা—পার্থিব (১), আপ্য (২), তৈজস (৩) ও বায়বীয় (৪)।

এই স্থানে অপর এক ভাবিবার বিষয় আছে। যথা—ইহ জগতে যে কিছু আছে সমস্তই মানবেন্দ্রিয়ের ভোগ্য। কারণ, যাহা থাকে তাহা কোন না কোন সংস্রবে মানবীয় জ্ঞানের বিষয় হয়। সে বিধায় সে সকল ভোগ্য। যাহা মানবেন্দ্রিয়ের অতীত, তাহা অভোগ্য অর্থাৎ তাহা না থাকাই অবধারিত। এই যুক্তি লভ্য মতে বিশ্বাস করিয়া চিন্তা কর, মনুষ্যজীবের কয়টি ইন্দ্রিয় ও তাহার অধিকারে কি কি জ্ঞেয় বা ভোগ্য আছে। প্রণিধান পূর্ব্বক অনুসন্ধান করিলে পাইবে, মনুষ্যের পাঁচের অধিক ইন্দ্রিয় নাই। শ্রোত্র (১) ত্বক্ (২) চক্ষু (৩) রসনা (৪) ও ঘ্রাণ (৫)। অন্য ইন্দ্রিয় থাকিলেও তাহারা জ্ঞানসাধন বা ভোগসাধন নহে। সে সকল কেবল কার্য্য-সাধক ইন্দ্রিয়। এগুলি কর্ম্মেন্দ্রিয় নামে খ্যাত। ভাবিয়া দেখ, শ্রোত্রাদি পাঁচ ইন্দ্রিয়ের দ্বারা কয় শ্রেণীর ভোগ

* অনেক ইউরোপীয় পণ্ডিতের মতে—এখনও নাকি 'ইথার' দ্বারা কএকটী গ্রহ নির্ম্মিত হইতেছে।

† ইহা বহুবাদিসম্মত। অপিচ, বৌদ্ধমতে আকাশ পদার্থ নহে। আবরণাভাবই আকাশ অর্থাৎ কিছু না থাকাই আকাশ। যে মতে আকাশ পদার্থ সে মতে তাহা প্রথম ভূত। ভূত বলিয়া তাহার মাত্রাভাব আছে ; অর্থাৎ তাহা শব্দতন্মাত্রা নামে খ্যাত।

ও জ্ঞান সম্পন্ন হয়। ধীরতা সহকারে অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায়, শব্দ (১), স্পর্শ (২), রূপ (৩), রস (৪), গন্ধ (৫) এই পাঁচ শ্রেণীর জ্ঞান বা ভোগ ব্যতীত, ছয় শ্রেণীর জ্ঞান ও ভোগ নাই। পাঁচের অধিক জ্ঞেয় বা ভোগ্য নাই বলিয়াই মানুষের পাঁচ ইন্দ্রিয়, অতিরিক্ত ইন্দ্রিয় নাই। পাঁচের অধিক জ্ঞেয় ও ভোগ্য থাকিলে অবশ্যই পাঁচের অধিক ইন্দ্রিয় থাকিত।* যে হেতু পাঁচের অধিক জ্ঞানেন্দ্রিয় নাই; সেই হেতু মন, বিশ্বাস করে, যে পাঁচের অধিক জ্ঞেয় বা ভোগ্য নাই। ইহাই এতদ্দেশীয় ঋষিদিগের পঞ্চভূত বাদের মূল।

ভূতনির্ব্বাচন

দেখা যায়, কোথাও রূপ আছে, রস নাই। কোথাও রস আছে গন্ধ নাই। কোথাও স্পর্শ আছে, গন্ধাদি নাই। সেই সেই দর্শনে স্থির হয়, শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এই পাঁচটি পরস্পর নিতান্ত ভিন্ন ও সকলগুলিই স্বপ্রধান। যে হেতু সকলগুলি স্বপ্রধান, সেই হেতু উহাদের প্রত্যেকের নামও পৃথক্। গুণ বলিয়া উহাদের আধার বা আশ্রয় আছে এবং সেগুলিও অত্যন্ত পৃথক্। ঐ সকল বিশেষ বিশেষ গুণ যে যে দ্রব্যের আশ্রিত, সেই সেই দ্রব্য এতদ্দেশীয় শাস্ত্রে ভূত সংজ্ঞায় সন্নিবিষ্ট। গতিকে অগ্নি, বায়ু, জল, আকাশ ও মৃত্তিকা, এই পাঁচটি মাত্র ভূত, অধিক ভূত নাই। বিশেষ গুণ দৃষ্টে বস্তুর পার্থক্য ও তাহার লক্ষণ নির্দ্ধারিত হইয়া থাকে। অপিচ, অন্বয় ও ব্যতিরেক, এই দ্বিবিধ পরীক্ষা প্রয়োগে দেখা যায় বা পাওয়া যায়, আকাশের বিশেষ, গুণ শব্দ, বায়ুর

---

* জনৈক থিওসপীস্ট ইংরাজ ব্যক্ত করেন যে, মহাত্মাদিগের অলৌকিক কার্যশক্তি দেখিয়া ভূত ভৌতিকের অতিরিক্ত ধর্ম্ম ও মানবাত্মায় ষষ্ঠ ইন্দ্রিয় বা ততোধিক ইন্দ্রিয় থাকার আশা করা যাইতে পারে। আরও বলেন যে, শিশুরা প্রথম বয়সে দুই প্রকারে নিজের বিদ্যমানতা অনুভব করে। সর্ব্বদা হস্তপদাদি

বিশেষ গুণ স্পর্শ, তেজের বিশেষ গুণ রূপ, জলের বিশেষ গুণ রস, এবং পৃথিবীর বিশেষ, গন্ধ।*

সঞ্চালন দ্বারা এক প্রকার এবং সেই সঞ্চালন ক্রিয়ায় হস্তপদাদির অপরিবর্ত্তন বা বৈলক্ষণ্য ঘটনা না হওয়ায় অন্য এক প্রকার। হস্তপদাদির আকৃতির বৈলক্ষণ্য হয় না অথচ দূর নিকটাদি সম্বন্ধে হস্তাদির পরিবর্ত্তন হয়। ভাবিয়া দেখ, পরিবর্ত্তন অপরিবর্ত্তন এই দুই ক্রিয়া ও ক্রিয়াপ্রবর্ত্তক, তদ্দ্বয়ের জ্ঞান অন্ধকার আলোকের ন্যায় বিরুদ্ধ হইলেও উক্ত স্থলে কেমন সমাবেশ প্রাপ্ত হইয়া থাকে। ঐ সমাবেশ সূত্র অবলম্বন করিয়া অভ্যন্তরে ষষ্ঠ ইন্দ্রিয় ও বাহিরে অতিরিক্ত ভূতধর্ম্ম থাকা ও অধিকন্তু আকাশের চতুর্থ গুণ (fourth dimension of space) থাকা অনুমিতি হয়। সেই অতিরিক্ত গুণ জানা না থাকাতেই আমরা বস্তুর আকৃতি বজায় রাখিয়া পরিবর্ত্তন ক্রিয়ায় যোজিত করিতে পারি না। যাহারা ঐ রহস্য বিদিত আছে, তাহারা সেই সেই কার্য্যকে অলৌকিক বলিয়া মনে করে না। ইউরোপবাসী জনৈক প্রসিদ্ধ প্রেতসিদ্ধ ব্যক্তি এক গাছী রজ্জুর উভয় প্রান্ত বদ্ধ করিয়া (গেরো দিয়া) কেবল মাত্র স্পর্শ দ্বারা ঐ রজ্জুর মধ্যভাগে অন্য এক গেরো দিয়া দর্শকদিগকে চমৎকৃত করিয়াছিলেন। অপিচ, এক অঙ্গুলি পরিমিত ব্যাস এরূপ একটি রিং (কড়া) প্রকাণ্ড একটী টেবিলের আকৃতি বজায় রাখিয়া তাহার মধ্যদেশে প্রবেশ করাইয়াছিলেন। ইহা দেখিয়া জনৈক ডাক্তার অনুমান করিয়াছিলেন যে, ঐ অদ্ভূত ব্যাপার আকাশীয় চতুর্থ শক্তি জানা থাকিলে সম্পন্ন করা যায়। সেই শক্তি বা গুণ আমরা জ্ঞাত নহি, তাই আমরা আশ্চর্য্য হই, অলৌকিক ও অদ্ভূত মনে করি। বস্তুতঃ উহা অলৌকিক নহে। যাঁহারা আকাশীয় চতুর্থ গুণ জ্ঞাত আছেন ঐ কার্য্য তাঁহারা সহজে সম্পন্ন করিতে পারেন। এই স্থলে থিওসফিস্‌ট্‌ পণ্ডিতকে ও ডাক্তার মহাশয়কে আমরা বলি, ভূতনিরহের সে সকল গুণ ভূতবশী যোগীদিগের প্রত্যক্ষে ভাসমান থাকে, অস্মদাদির নহে।

*বৌদ্ধ মতে শব্দ গুণ বায়ুর। তন্মতে আকাশ অপদার্থ।

সাধারণ ভৌতিক গুণ

বস্তু ব্যবহারের কতকগুলি কাল্পনিক ভাব আছে, তাহাও 'গুণ' নামে অভিহিত হয়। যথা—'সংখ্যা' 'পরত্ব' ও অপরত্ব' প্রভৃতি। এতজ্জাতীয় গুণ ব্যবহারমূলক ও উপাধিপক্ষপাতী। যাহা পারিণামিক গুণ তাহা দ্বিবিধ। সাংসিদ্ধিক ও নৈমিত্তিক। যাহা স্বতঃসিদ্ধ, আশ্রয় বস্তু থাকিলে থাকে, না থাকিলে থাকে না, যাহা অযুতসিদ্ধ অর্থাৎ সর্ব্বদাই যুক্তভাবে থাকে, যাহা আশ্রয়ের সহিত একত্র উৎপন্ন একত্র অবস্থিত ও একত্র বিধ্বস্ত হয়, তাহা সাংসিদ্ধিক নামে খ্যাত। যেমন অগ্নির উষ্ণতা ও জলের দ্রবত্ব।

যাহা আগমাপায়ী অর্থাৎ নিমিত্ত বশতঃ উৎপন্ন হয়, ধ্বস্ত হয়, তাহা নৈমিত্তিক। যেমন জলের কাঠিন্য (করকা) ও বায়ুর শৈত্য। অসাধারণ ও সাধারণ গুণের তালিকা এইরূপে চিত্রিত হইতে পারে।

পৃথিবীভূতে	রূপ,	রস,	গন্ধ,	স্পর্শ	শব্দ।
জলভূতে	ঐ	ঐ	•	ঐ	ঐ
তেজোভূতে	ঐ	•	•	ঐ	ঐ
বায়ুভূতে	•	•	•	ঐ	ঐ
আকাশভূতে	•	•	•	•	ঐ

পৃথিবীতে	সংযোগ,	বিভাগ,	গুরুত্ব।
জলে	ঐ	ঐ	ঐ
তেজে	ঐ	ঐ	•
বায়ুতে	ঐ	ঐ	•
আকাশে	ঐ	•	•

পৃথিবীতে		স্নেহ,	সংস্কার।
জলে	ঐ	ঐ	ঐ
তেজে	ঐ	•	ঐ
বায়ুতে	•	•	ঐ
আকাশে	•	•	•

রূপ।—দর্শনশাস্ত্রে রূপবিষয়ে এইরূপ বিচার আছে। চক্ষু যাহা গ্রহণ করে এবং যাহা শ্বেত পীত লোহিত ইত্যাদি শব্দে উল্লিখিত হয়, তাহা রূপশব্দের অভিধেয়। এই রূপ আবার কোথাও বর্ণ ও চলিত ভাষায় রঙ্ নামে কথিত হয়। শ্বেতবর্ণ রক্তবর্ণ শাদা রঙ্ কাল রঙ্ ইত্যাদি। বর্ণ অনেকবিধ হইলেও মূল বর্ণ তিনটির অতিরিক্ত নহে। শ্বেত * (১) লোহিত (২) ও কৃষ্ণ (৩)। এই তিন মূল বর্ণের নামান্তর অমিশ্র বর্ণ। এতদ্ভিন্ন যাহা মিশ্রণে জন্মে তাহা মিশ্র বর্ণ বলিয়া বিখ্যাত আছে। মিশ্রবর্ণই অনেক।

মূল বর্ণ যে তিনটীর ন্যূন নহে, অতিরিক্তও নহে, তাহার কারণ এই যে, বর্ণ-গুণটি ভৌতিক। আকাশ-ভূতের ও বায়ুভূতের বর্ণ (রঙ্) নাই, কেবল পৃথিব্যাদি তিন ভূতেরই আছে, সেই কারণে মূল বর্ণ তিন।

কোন্ ভূত হইতে কোন্ রঙ্ জন্মে, তাহার সিদ্ধান্ত—পৃথিবী হইতে কৃষ্ণ, জল হইতে শ্বেত ও অগ্নি হইতে লোহিত। যথা—"যদগ্নেরোহিতংরূপং তত্তেজসঃ, যচ্ছুক্লং তদপাং, যৎ কৃষ্ণং তদন্নস্য—"

[ছান্দোগ্য।

ঐ তিন বর্ণের বিশেষ বিশেষ যোগে, বিশেষ বিশেষ বর্ণের উৎপত্তি হইয়া থাকে। *

* কোন রং না থাকাই শ্বেত বা শাদা, আধুনিকদিগের এ নির্ণয় অভ্রান্ত নহে। প্রতিপক্ষে অনেক যুক্তি ও তর্ক আছে।

* নেপথ্যবিদ্যা ও চিত্রবিদ্যা বলেন, মূলবর্ণ ৪। তৎপরে মিশ্রবর্ণ। মিশ্র-বর্ণ দুই বিভাগে বিভক্ত। সংযোগজ এবং উপবর্ণ। দুয়ের সংযোগে সংযোগজ ও বহুর সংযোগে উপবর্ণ। এই সকল বর্ণের ভাগ ও সংযোগ পরিণাম এইরূপ অভিহিত আছে: "রক্তঃ পীতঃ সিতো নীলো বর্ণাশ্চৈতে স্বভাবতঃ। সংযোগজা-স্তথা চান্যে উপবর্ণাস্তথাঽপরে। সিত-নীল-সমাযোগাৎ পাণ্ডুবর্ণঃ প্রকীর্ত্তিতঃ। সিত-রক্ত-সমাযোগাৎ পদ্মবর্ণ ইতি স্মৃতঃ। পীত-নীল-সমাযোগাৎ কাপিশো

(২) গুরুত্ব।—গুরুত্ব গুণটি ক্ষিতি ও জল উভয়বর্ত্তী। অন্য কোন ভূতে ইহার সত্তা নাই। সেই জন্যই পৃথিবীর অভিমুখে পার্থিব এবং জলময় বস্তুর গতি হইয়া থাকে। সে গতির নাম পতন ও স্যন্দন। তেজে ও বায়ুভূতে আদৌ গুরুত্ব নাই। অধিকন্তু তদ্দ্বয়ে গুরুত্বের বিপরীত লঘুত্বই আছে। সেই জন্যই তাহাদের ও তজ্জাত পদার্থের পৃথিবীর বিপরীত দিকে (ঊর্দ্ধ) গতি হইয়া থাকে। এ গতির নাম উৎপতন। কখন কখন উল্কা, বজ্র এবং অন্যান্য তেজোময় বস্তুকে যে পৃথিবীর অভিমুখে আসিতে দেখি, তাহা গুরুত্ব প্রেরিত নহে। তাহা বেগ প্রেরিত। অধঃসংযোগ অর্থাৎ পৃথিবীতে সংলগ্ন হইবার জন্য উপরিস্থ বস্তুর যে গতি হয় তাহা 'পতন' নামে প্রসিদ্ধ। পতনের প্রতি দ্বিবিধ কারণ আছে। গুরুত্ব ও বেগ। উল্কা ও বজ্রাগ্নি প্রভৃতি যে পৃথিবীতে

নাম জায়তে। রক্ত-পীত-সমাযোগাৎ গৌর ইত্যভিধীয়তে॥ এতে সংযোগজা বর্ণা উপবর্ণাস্তথাপরে। ত্রিচতুর্ব্বর্ণসংযুক্তা বহবঃ পরিকীর্ত্তিতাঃ॥ বলাবলান্ত-বেদ্বর্ণস্তস্য ভাগোভবেত্তথা। দুর্ব্বলস্য চ ভাগৌ দ্বৌ নীলং মুক্ত্বা প্রদাপয়েৎ॥ নীলস্যৈকোভবেদ্ভাগঃ———————। বলবান্ সর্ব্ববর্ণানাং নীল এব প্রকীর্ত্তিতঃ।" ইত্যাদি।

এ স্থলে বলা বাহুল্য যে, ইয়ুরোপীয় পণ্ডিতেরা বলেন, জগতে বস্তু নিচয় সূর্য্যের নিকট হইতে আপন আপন বর্ণ পায়। সূর্য্য কিরণে সকল রঙই আছে, তাহাই উদ্ভিজ্জাদিতে সংক্রান্ত হইয়া তাহাদিগকে বর্ণবান্ করে। তাঁহাদের অন্য এক সম্প্রদায় বলেন যে, 'ইথার' নামক পদার্থই রঙের কারণ। যিনি যাহাই বলুন, আমাদের তেজোভূতরূপ-তন্মাত্রা অতিক্রম করিতে কেহই সমর্থ নহেন। সূর্য্যও আমাদের মতে তেজোভূত অথবা মণ্ডল। ছান্দোগ্য উপনিষদে ও মহাভারতীয় সূর্য্যস্তোত্রে সূর্য্যে সর্ব্বপ্রকার রঙ্ থাকা ও সূর্য্যরশ্মির অনুরঞ্জনায় উদ্ভিজ্জাদির বর্ণ প্রাপ্তি হওয়া বর্ণিত হইয়াছে। বিস্তৃতি ভয়ে সে সকল উদ্ধৃত করিলাম না।

আইসে, তাহার কারণ বেগ; গুরুত্ব নহে। গুরুত্ব গুণটি অতীন্দ্রিয়; কিন্তু বল্লভাচার্য্য বলেন, স্পর্শের অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের দ্বারাও গুরুত্বানুভব হইতে পারে।*

দ্রবত্ব।—দ্রবত্ব ভূতত্রয়ে অবস্থিত। ভূতত্রয়,—ক্ষিতি, জল ও তেজঃ। দ্রবত্ব দ্বিবিধ। সাংসিদ্ধিক ও নৈমিত্তিক। জলে সাংসিদ্ধিক দ্রবত্ব। অন্য দুইটিতে নৈমিত্তিক দ্রব্যত্ব। নৈমিত্তিক অর্থাৎ নিমিত্ত বশতঃ উৎপন্ন। 'স্যন্দন' অর্থাৎ চুঁইয়ে পড়া দ্রবত্ব গুণেরই কার্য্যান্তর। সক্তু (ছাতু) প্রভৃতি দ্রব্য যে জলসংযোগে পিণ্ডাকৃতি হয় তাহা স্নেহসংযুক্ত দ্রবত্বের প্রভাব।

প্রাচীন পণ্ডিতেরা সুবর্ণকে অগ্নিমূলক জানিয়া সুবর্ণের নাম "অগ্নিভূ" ও অগ্নির অন্য নাম "হিরণ্যরেতা" রাখিয়াছিলেন। সুবর্ণের আর একটী নাম "অষ্টাপদ"। সুবর্ণ আট স্থানে থাকে বলিয়া অষ্টাপদ। কালায়স অর্থাৎ বিশুদ্ধ লৌহ যদি কোন সুযোগ্য রসায়নজ্ঞ পণ্ডিতের হস্তে নিপতিত হয়, তাহা হইলে নিশ্চিত তিনি তাহা হইতে সুবর্ণ বাহির করিতে পারিবেন। তাঁহারা মৃত্তিকা-বিশেষ লইয়া সুবর্ণের ও বায়ু-বিশেষ লইয়া বহ্নির উৎপাদন করিতে সক্ষম। তাঁহারা জানেন যে, তৈজস-পরমাণুর সাঙ্কর্য্যদশা প্রাপ্ত হইয়া মৃত্তিকানিহিত আছে; বায়ু-মিশ্রিত হইয়াও আছে। বায়ুতে যাহা আছে, সাঙ্কর্য্য ভঙ্গ করিতে পারিলে তাহা বহ্নিরূপে পরিণত হইবে। যাহা মৃত্তিকায় আছে,

---

* পৃথিবী আপনার তুল্যগুণাক্রান্ত বস্তুর সহিত মিলিতে চায় ও বিজাতীয় গুণাক্রান্ত বস্তুকে বিপরীত দিকে প্রেরণ করিতে চায়। এই জন্য যাহা কেবল তেজ, কি কেবল বাষ্প, তাহার গতি ঊর্দ্ধদিকে। যাহাতে পৃথিবীর কি জলের সম্পর্ক আছে তাহা পৃথিবীর দিকেই আইসে এবং কখন কখন তাহাদের তির্য্যক্ গতিও হয়।

প্রক্রিয়াবিশেষ প্রয়োগ করিতে পারিলে তাহা ধাতুরূপে পরিণত হইবে।* অতএব, আর্য্যজাতির সিদ্ধান্তে জলাদি পদার্থ মিশ্র হইলেও তাহা "ভূত"।

মিশ্রণের পরিণাম

যে মতে সকল বস্তুই পঞ্চাত্মক সে মতে সৃষ্টিকালে যে ভূতে, যে যে ভূত যে যে ভাগে অনুপ্রবিষ্ট হইয়াছিল বেদান্ত শাস্ত্রে তাহা লিখিত আছে। যথা—

আকাশে বায়ুর ১=৮; অগ্নির ১=৮; জলের ১=৮ ও পৃথিবীর ১=৮। বায়ুতে আকাশের ১=৮; তেজের ১=৮; জলের ১=৮ ও পৃথিবীর ১=৮। অগ্নিতে আকাশের ১=৮; বায়ুর ১=৮ ও জলের ১=৮ ও পৃথিবীর ১=৮। জলে—আকাশের ১=৮; বায়ুর ১=৮; তেজের ও পৃথিবীর ১=৮। পৃথিবীতে আকাশের ১=৮; বায়ুর ১=৮; তেজের ১=৮; জলের ১=৮। এক মতে অগ্নি জল ও পৃথিবী এবং অন্য এক মতে জল, বায়ু ও পৃথিবী; এই তিন ভূতই সাঙ্কর্য্যবিশিষ্ট। এতন্মতে ভাগেরও তারতম্য আছে।

যথা—জলে বায়ুর এক-চতুর্থাংশ ও পৃথিবীর এক-চতুর্থাংশ। বায়ুতে জলের এক চতুর্থাংশ ও পৃথিবীর এক-চতুর্থাংশ। পৃথিবীতেও জলের এক-চতুর্থাংশ প্রবিষ্ট হইয়াছিল। কোন কোন শাস্ত্রে আকাশ ব্যতীত অন্য

* অনুমান হয়, বিবরিত তথ্যই পূর্ব্বকালের "কিমিয়া" বিদ্যার বীজ। কিমিয়া শব্দ ও সংস্কৃত ভাষার "আর কলা" শব্দ একমূলে উৎপন্ন। আর শব্দ এখন পিত্তল অর্থে রূঢ়; পরন্তু পূর্ব্বে ধাতু অর্থে পরিচিত ছিল। চতুঃষষ্টি কলা বিদ্যার মধ্যে যে ধাতুবাদ নামক কলা আছে তাহাই "আর কলা" নামে ব্যবহৃত হইত। অগ্রে আর কলা, 'আল-কেমি' বা 'আল্-চেমি' তৎপরে তাহার কিমিয়া নাম হইয়াছিল। সমুদায় শব্দের প্রথম অর্থ ধাতুকরণ।

চারি ভূতের সম্মিশ্রণ পক্ষে প্রত্যেক ভূতের এক এক ষষ্ঠাংশ এক এক ভূতে প্রবিষ্ট থাকার কথা লিখিত আছে।*

এক্ষণে জিজ্ঞাসা হইতে পারে যে, প্রথমোৎপন্ন অমিশ্র ভূত কীদৃশ? ইহার প্রত্যুত্তর—যখন কোনও ভূত অমিশ্র নাই, তখন অবশ্যই অমিশ্র ভূতের স্বরূপ এক্ষণে অজিজ্ঞাস্য। বলিলেও তাহা অনুভবগম্য হইবে না। যদি প্রত্যেক ভূতের সাঙ্কর্য্যভঙ্গ অর্থাৎ মিশ্রাংশ দূর করিয়া দিতে পারিতাম, তাহা হইলে কিয়ৎ পরিমাণে বুঝিতে ও বুঝাইতে পারিতাম। অতএব প্রথমোৎপন্ন অসংহতাবস্থ ভূতের স্বরূপ বিষয়ক প্রশ্ন এখন বৃথা। সাংখ্যকার এই অসংহতাবস্থ সূক্ষ্মভূতের বিষয়ে এইরূপ উক্তি করিয়াছেন। "শব্দস্পর্শবিহীনং তৎ রূপাদিভিরসংযুতম্।" তন্মাত্রাবস্থায় রূপ, রস, গন্ধ, শব্দ স্পর্শ কিছুই থাকে না। পরে তাহা আবির্ভূত হয়। যেমন হরিদ্রা ও চূর্ণ এই দুয়ের মধ্যে কাহার রক্তভাব না থাকিলেও সংযোগবলে রক্তগুণ আবির্ভূত হয়, সেইরূপ, তন্মাত্রাবস্থায় রূপ-রসাদি অব্যক্ত থাকিলেও সে সকল ব্যক্ত অবস্থায় আবির্ভূত হয়। ন্যায় মতও প্রায় ঐরূপ। কোন কোন মতের আচার্য্যেরা বলেন শব্দ স্পর্শাদি গুণ পরমাণুতে থাকে বটে, কিন্তু অমুদ্ভূত ভাবে থাকে। পরমাণু যেমন ইন্দ্রিয়ের অতীত তেমনি তদাশ্রিত গুণও ইন্দ্রিয়ের অগোচর।

পরমাণুর স্বভাব

"চতুষ্টয়ে চ পরমাণবঃ পৃথিব্যাদয়ঃ খরস্নেহোষ্ণেরণস্বভাবাঃ।"

বস্তুর অনাগমাপায়ী ধর্ম্ম 'স্বভাব' নামে উক্ত হয়। অনাগমাপায়ী ধর্ম্ম কি তাহা বলি। যাহা আইসে না, যায়ও না, যাহা চিরকালই থাকে

---

* "দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে।" ইত্যাদি।

তাহাই "অনাগমাপায়ী"। ইহারই অন্য নাম স্বভাব, অযুতসিদ্ধ ও সাংসিদ্ধিক। পৃথিবী, জল, তেজঃ ও বায়ু এই চারি ভূত যথাক্রমে খর, স্নেহ, উষ্ণ ও ঈরণস্বভাবান্বিত। পৃথিবী খরস্বভাব অর্থাৎ কঠিন। জল স্নিগ্ধ-স্বভাব। তেজ উষ্ণ-স্বভাব। বায়ু ঈরণ-স্বভাব অর্থাৎ চলৎশক্তি বিশিষ্ট। যাবৎ কাঠিন্যের প্রতি পৃথিবী, যাবৎ আর্দ্রীভাবের বা স্নিগ্ধ ভাবের প্রতি জল, যাবৎ শুষ্কভাবের ও পাক-ভাবের প্রতি তেজঃ এবং যাবৎ ক্রিয়া-ভাবের প্রতি বায়ুই প্রধান কারণ। এতদ্ভিন্ন, বিকরণ-যোগ্যতা' নামক আর একটি ধর্ম্ম আছে। যদ্দ্বারা সমুদায় বস্তু বিকৃত হয়, সে ধর্ম্মটি ভূত-চতুষ্টয়ের সাধারণ ধর্ম্ম। এই ধর্ম্ম থাকাতেই ভূত সকল নিজে নিজে বিকৃত ও পরিণত হয়, অন্যকেও বিকৃত ও পরিণামিত করে। এই ধর্ম্মের প্রভাবেই পৃথিবী নিজের কাঠিন্য তেজে সংক্রামিত করিতে পারে। কাষ্ঠাদি পদার্থে বিজাতীয় তেজ অর্থাৎ অগ্নি-সংযোগ করিলে তন্নিষ্ঠ সমুদায় পরমাণু যে বিশ্লিষ্ট হইয়া যায়, তাহা উক্ত ধর্ম্মের মহিমা ব্যতীত অন্য কিছুই নহে। প্রকৃতি অবধি পরমাণু পর্য্যন্ত পদার্থ বিচারিত হইল; এক্ষণে আত্মবিচারের কাল উপস্থিত। সুতরাং এক্ষণে তাহাই করা যাউক।

আত্মা

কপিল পদার্থনির্ণয়ের মূলপত্তনকালে "কোন পদার্থ প্রকৃতি (কারণ); কোন পদার্থ বিকৃতি (কার্য্য); কোন পদার্থ অনুভয়রূপ (প্রকৃতিও নহে বিকৃতিও নহে); এইরূপ শ্রেণী বিভাগ করতঃ কিয়দ্দূরে গিয়া প্রকৃতিকে অব্যক্ত, বিকৃতিকে ব্যক্ত, উভয়াত্মক পদার্থকে ব্যক্তাব্যক্ত এবং অনুভয়-রূপ পদার্থকে 'জ্ঞ' সংজ্ঞা প্রদান করিয়া, পশ্চাৎ তাহাদের সংখ্যা, লক্ষণ ও পরীক্ষা উপদেশ করিয়াছেন। প্রকৃতি বিকৃতি ও উভয়াত্মক পদার্থ বলা হইয়াছে, কেবল অনুভয়রূপ জ্ঞ-পদার্থ বলিতে অবশিষ্ট আছে। এই অনু-

তদ্রূপ জ্ঞ-পদার্থ, পুরুষ ও আত্মা প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে বিখ্যাত। এই আত্মা চর্ম্ম-চক্ষুর গোচর হস্ত পদের অগ্রাহ্য ও মনের অগম্য বলিয়া প্রবাদ আছে। এই 'জ্ঞ' পদার্থ চক্ষে ধূলি নিক্ষেপ পূর্ব্বক বিবিধ সম্প্রদায়ের নিকট বিবিধরূপে প্রকাশ পাইতেছে। তন্মধ্যে সাংখ্যসম্প্রদায়ের সম্মত 'জ্ঞ' (আত্মা) যে ভাবে ও যেরূপে প্রকাশ পায় তাহাই এক্ষণে প্রথম বক্তব্য।

কপিল বলেন 'অস্তি হ্যাত্মা নাস্তিত্বসাধনাভাবাৎ''—নাস্তিত্বসাধক প্রমাণ না থাকায় মনুষ্য আত্মনাস্তিক হইতে পারে না। 'আমি' "আমি আছি" "আমার", এই আত্মানুভাবক প্রত্যয় (জ্ঞান) প্রাণীমাত্রেরই আছে। যাহার আত্মা আছে, তাহারই ঐ জ্ঞান আছে। যাহার ঐ জ্ঞান আছে তাহারই আত্মা আছে। কোন জীবন্ত বা আত্মশালী "আত্মা নাই' বলিয়া মস্তকোত্তোলন করিতে পারেন না। সে জন্য "আত্মা যে আছে" এ কথা বলা বাহুল্য।

"বিশেষানবধারণাত্তদ্বিশেষাববোধনমেব শাস্ত্রকৃত্যম্।" আত্মা আছে; তদ্বিষয়ক সামান্য জ্ঞানও আছে। পরন্তু তাহার বিশেষ জ্ঞান নাই। "আমি আছি" এইমাত্র জ্ঞান আছে কিন্তু "আমি কি? কিংস্বরূপ?" তাহা কাহারও বিদিত নাই। ইন্দ্রিয়গণ বাহ্যাসক্তস্বভাব হওয়াতেই অযোগী ব্যক্তি আত্মযাথার্থ্যজ্ঞানে বঞ্চিত আছে। অত্যন্ত সংযোগ বলে লৌহ ও অগ্নি যেমন একীভূত হইয়া যায়, মনুষ্যও সেইরূপ ভ্রমবশতঃ ও অতিসান্নিধ্য প্রযুক্ত অনাত্ম পদার্থে একীভূত হইয়া আমি আমি করিতেছে। কখন বহিঃস্থ মাংসপিণ্ডে আত্মসম্বন্ধ স্থাপন করিয়া আমার পুত্র, আমার কলত্র' বলিয়া ব্যাকুল হইতেছে, কখন বা ইন্দ্রিয়ে প্রলিপ্ত হইয়া 'আমি অন্ধ' 'আমি বধির' ভাবিয়া দুঃখী হইতেছে; কখন এই স্থূল দেহে আত্মভাব স্থাপন করিয়া 'আমি কৃশ, আমি স্থূল' 'আমি গেলাম' 'আমি মরিলাম' বলিয়া চীৎকার করিতেছে। কখন বা নিঃসম্পর্ক ধনরত্নাদির উপর আত্মসম্বন্ধ স্থাপন করিয়া সে সকলের জন্য কাতর হইতেছে। বলিতে

কি, যখন উল্লিখিত প্রকারে 'আমি' ব্যবহারের আদৌ স্থিরতা নাই, তখন স্পষ্টই বুঝা যাইতেছে যে, মানুষ আপনাকে চিনে না। চিনিলে ঐরূপ হইত না। বিবেচনা কর ইন্দ্রিয়ই যদি আমি হই, তাহা হইলে শরীরচ্ছেদে কাতর হই কেন? অধিক কি বলিব, আমরা এই দণ্ডে যাহাকে আমি বলিতেছি, হয় ত তিলার্দ্ধ পরে আবার তাহাকেই 'আমার' বলিব। অতএব, মনুষ্যের আমি জ্ঞান থাকিলেও তাহা প্রমাণ নহে। সেই কারণে করুণাধার আত্মজ্ঞ মহর্ষিরা লোকহিতার্থ বিবিধ অধ্যাত্মশাস্ত্র প্রণয়ন করতঃ তদ্দ্বারা প্রকৃত আত্মতত্ত্ব উপদেশ (বিতরণ) করিয়া গিয়াছেন।

আত্ম-জিজ্ঞাসা উপস্থিত হইলে পূর্ব্বকালের লোকেরা আপনা আপনি সিদ্ধান্ত করিতেন না। যাঁহারা আত্মবিৎ বলিয়া খ্যাত ছিলেন ধ্যান-নিমীলিতনেত্রে দীর্ঘকাল আত্মধ্যান করিয়া কৃতার্থ হইয়াছিলেন, সেই সমস্ত যোগী ঋষি অন্বেষণ করিয়া, তাঁহাদের নিকট উপনীত হইতেন। পরে ব্রহ্মচর্য্যের ও প্রবল আত্মবিবিদিষার বলে গুরুর উপদেশ-কৌশলে তাঁহারা আপনার অনারোপিত জ্ঞান লাভ করিয়া কৃতার্থ হইতেন। এক সময়ে এক আত্মজিজ্ঞাসু রাজা এক ঋষির নিকট উপস্থিত হইয়াছিলেন। ঋষি তাঁহাকে নানা কৌশলে নানাপ্রকার উপদেশ দিয়া পরিশেষে এই কথা বলিয়াছিলেন।

"ত্বং কিমেতচ্ছিরঃ কিন্তু শিরস্তব তথোদরম্।
কিমু পাদাদিকং ত্বং বৈ তবৈতদ্ধি মহীপতে!॥"

এই মস্তক কি তুমি? না তোমার মস্তক? এই উদর কি তুমি? না তোমার উদর? এই হস্ত ও পদ প্রভৃতি প্রত্যেক অবয়ব কি তুমি? না এ সকল তোমার?

ঋষি এইরূপ প্রশ্ন উত্থাপন করিয়া পরে বলিলেন—

"সমস্তাবয়বেভ্যস্ত্বং পৃথগ্ ভূয় ব্যবস্থিতঃ।
কোঽহমিত্যত্র নিপুণো ভূত্বা চিন্তয় পার্থিব॥"

মহারাজ! এই দৃশ্য অবয়বের কোনটীই তুমি নহ। তুমি ঐ সমুদায়ে

আত্ম-সম্বন্ধ আরোপ করিয়া বৃথা ক্লেশ পাইতেছ। উহার কিছুই তুমি নহ, তুমি ঐ সকল হইতে ভিন্ন। কে তুমি তাহা নিপুণ হইয়া চিন্তা কর, যোগ আশ্রয় কর, ইন্দ্রিয়ের বহির্গমন রুদ্ধ কর, বুদ্ধিকে অভ্যন্তরে নিবিষ্ট কর, দেখিতে পাইবে 'তুমি কে'। "গূঢ়োত্মা ন প্রকাশতে।" আত্মা * স্বীয় পার্শ্বচর অজ্ঞানে সর্ব্বদাই আবৃত আছেন। সেই কারণে অযোগী, অব্রহ্মচারী ও অবিবেকী পুরুষের নিকট তিনি প্রকাশ পান না। "নায়মাত্মা প্রবচনেন লভ্যঃ" তাঁহাকে বাক্‌পাণ্ডিত্যে পাওয়া যায় না। 'শরীরপরিকর্ত্তনৈঃ" শরীর খণ্ড খণ্ড করিয়া তন্মধ্যে অন্বেষণ করিলেও দেখিতে পাইবে না। আত্মা হস্তপদাদি অবয়ব, তদ্‌ঘটিত দেহ, তত্রস্থ পঞ্চধা প্রাণ, একাদশ ইন্দ্রিয়, মন বুদ্ধি অহঙ্কার এ সকলের অতিরিক্ত। এই অতিরিক্ত পদার্থের স্ফূর্ত্তি, ভান বা সাক্ষাৎকার লাভের একমাত্র উপায় ধ্যান। ধ্যানের আলম্বন আপ্তবাক্য। অনুকূল-তর্ক বা বিচার তাহার বিঘ্ননিবারক। "ইদং তদিতি নির্দ্দেষ্টুং গুরুণাপি ন শক্যতে।" মনে করিও না যে গুরু কাষ্ঠ লোষ্ট্রাদির ন্যায় 'এই আত্মা দেখ' বলিয়া অঙ্গুলি দিয়া আত্মা দেখান। শিষ্য আত্মবিৎ গুরুর উপদেশ অবলম্বন করিয়া অনুকূল তর্কে বিঘ্ন দূর করিয়া অসম্ভাবনা ও বিপরীত ভাবনাদি বিচ্যুত করিয়া ইন্দ্রিয়দিগকে বিষয়ান্তর হইতে প্রত্যাহৃত করিয়া ধ্যাননিষ্ঠ হওয়ার পরে পূর্ব্বোক্ত প্রাতিভ জ্ঞান প্রাপ্তে তদ্দ্বারা আপনার স্বরূপ অবলোকন করিতে সমর্থ হন। কপিল এ কথার কিয়দংশ "দেহাদি-ব্যতিরিক্তোঽসৌ" এই সূত্রে উপদেশ করিয়াছেন। সূত্রটীর অক্ষরার্থ এই যে, এই স্থূল দেহ, পঞ্চ প্রাণ, এতন্নিষ্ঠ ইন্দ্রিয়, মন, বুদ্ধি, অহং

---

* "অন্যোঽন্তরাত্মা মনোময়ঃ" "মনসি সুপ্তে প্রাণাদেরভাবাৎ" "অহং সঙ্কল্পবানিত্যাত্মনুভবাত্মন এবাত্মা" "ইন্দ্রিয়াভাবেঽপি স্বপ্নস্মৃত্যোর্দর্শনাৎ" ইত্যাদি।

এ সকলের কিছুই আত্মা নহে। আত্মা এ সকল হইতে অত্যন্ত পৃথক।

স্থূল শরীর, প্রাণবায়ু, চক্ষুরাদি ইন্দ্রিয়, এ সকল আত্মা নহে সত্য; কিন্তু মন যে আত্মা নহে তাহার প্রমাণ কি? জ্ঞান ও ইচ্ছা প্রভৃতি যে কিছু চেতন গুণ, সঙ্কল্প, বিকল্প, অবধারণ প্রভৃতি যে কিছু চেতন-কার্য্য, সমস্তই সমনস্ক পদার্থে দৃষ্ট হয়, অন্যত্র নহে। ইন্দ্রিয় নির্ব্যাপার হইলেও, প্রাণ তুষ্ণীম্ভাব অবলম্বন করিলেও, মন নিবৃত্ত থাকে না। স্বপ্ন, স্মৃতি ও অনুধ্যানাদি কার্য্যে ব্যাপৃত থাকে। মন যদি প্রসুপ্ত হয়, বিলীন হয়, বা ধ্বস্ত হয়, তাহা হইলে সমুদায় ব্যবহার লুপ্ত হইয়া যায়। এই অন্বয় ব্যতিরেক প্রমাণে স্পষ্ট প্রতীত হইবে, মনই আত্মা। আত্মা তদতিরিক্ত নহে। মন বস্তুতঃ মস্তিষ্কের বা মস্তক-ঘৃতের গুণ অর্থাৎ শক্তি-বিশেষ। আলোক যেমন আপনার সত্তাস্ফূর্ত্তি বজায় রাখিয়া অন্যের সত্তাস্ফূর্ত্তি উপলব্ধি করায়, তেমনি, মনও আপনার সত্তাস্ফূর্ত্তি স্থির রাখিয়া ইন্দ্রিয়দৃষ্ট বাহ্য পদার্থের সত্তাস্ফূর্ত্তি অবধারণ করে। অসংখ্যশক্তিসম্পন্ন মন বিশেষ বিশেষ শক্তি বা গুণ অনুসারে বিশেষ বিশেষ আখ্যা প্রাপ্ত হন। মন, বুদ্ধি, চিত্ত, অহঙ্কার, আত্মা ও অন্তঃকরণ। সঙ্কল্পবিকল্প শক্তি লইয়া মন, কর্ত্তৃ ভোক্তৃ শক্তি লইয়া বুদ্ধি, স্বীয় সত্তাস্ফূর্ত্তি শক্তি লইয়া আত্মা। দেখা যায়, যাহারই মস্তক আছে, মস্তিষ্ক আছে, তাহারই মন বা আত্মা আছে। যাহার মস্তক নাই, মস্তিষ্ক নাই, তাহার মন ও আত্মা নাই। বৃক্ষাদির মস্তক নাই সে জন্য তাহাদের মন বা আত্মা নাই। মনো-গোলকের তারতম্য থাকাতে সকলের মন বা আত্মা সমান ক্ষমতাধারী নহে। পশুপক্ষ্যাদির মানস-গোলক অপূর্ণ, সে জন্য তাহাদের মন বা আত্মা অপূর্ণ অর্থাৎ নিকৃষ্ট। কীটপতঙ্গাদির তদপেক্ষা অপূর্ণ। সেজন্য তাহাদের মন বা আত্মা তাহাদেরই অনুরূপ। এমন সকল প্রাণী আছে যে যাহাদের জীবনীশক্তি মাত্র আছে অন্য কিছুই নাই। সেরূপ প্রাণীর

মন বা আত্মা নাই বলিলেও বলা যায়। অতএব, আত্মা ও মন, ন্যামে ভিন্ন পরন্তু বস্তুতে এক।* এই স্থলে কেবল ঋষিরা নহে, বৌদ্ধেরাও বলেন মন আত্মা নহে। মন জড়বস্তু। জড় স্বয়ং প্রেরিত হইতে পারে না। এই বিষয়ে বৌদ্ধগণ বলেন, বিজ্ঞান নামে এক জগদ্ব্যাপী পদার্থ আছে তাহাই আত্মা। সেই পদার্থই মন প্রভৃতি ইন্দ্রিয়ের পরিচালক। তাহারই দ্বারা সমস্ত চেতন-কার্য্য চলিতেছে। সে পদার্থ ভৌতিক অর্থাৎ সংহত ভূতের শক্তিবিশেষ।

পুরাতন পণ্ডিতেরা আত্মাসম্বন্ধে ঐরূপ বিবিধ মত উত্থাপন করতঃ তাহা অবৈদিক বলিয়া পরিত্যাগ ও খণ্ডন করিয়া গিয়াছেন। পরমতের

* এই সম্প্রদায়ের অভিপ্রায়—সমুদায় বিশ্বের মূলতত্ত্ব চার শ্রেণীর পরমাণু ও তদুত্থ বা তজ্জনিত শক্তি। শক্তি পদার্থই পরিচালক, উৎপাদক ও পরিবর্ত্তক। উক্ত চারি শ্রেণীর পরমাণু ও তদাশ্রিত শক্তি এই পাঁচ পদার্থে জগৎ চলিতেছে। সেই শক্তি, ভূত সকলের সংযোগবিশেষে ও বিকারবিশেষে, বিশেষ বিশেষ আকারে প্রকাশ পাইয়া থাকে। সে পদার্থ কখন মেঘের জ্যোতিঃ অর্থাৎ বিদ্যুৎ, কখন বজ্র, কখন তাপ, কখন উষ্মা, কখন বেগ ও কখন বলরূপে প্রকাশ পাইতেছে। সেই পদার্থের বলেই বৃক্ষ, লতা, পর্ব্বতাদি স্থাবর জীবের স্থিতি ও সেই পদার্থই জঙ্গম জীবের জীবন। সেই পদার্থ এই শরীরে চৈতন্য নামে বিকশিত হয়। জঙ্গম শরীরস্থ চিৎশক্তি যখন লুপ্ত হয় তখন আর জঙ্গমের জঙ্গমত্ব থাকে না। জ্ঞান থাকে না, বুদ্ধি থাকে না, ইন্দ্রিয় থাকে না, উষ্মা থাকে না, তাপ থাকে না, বল থাকে না, বীর্য্য থাকে না, কিছুই থাকে না। দেহ পচিতে আরম্ভ হয়। মরণকালে জীবৃন্ত শরীরের তাপ, উষ্মা, বল, কার্য্যশক্তি, সমস্ত একত্রিত হইয়া একটি অপূর্ব্ব আকার ধারণ করে ও ইরম্মদের ন্যায় ঝটিতে নিষ্ক্রান্ত হইয়া নিবিয়া যায়। তাহারই নাম মরণ। এক সম্প্রদায় বলেন, নিবিয়া যায় না, তাহার ঊর্দ্ধগতি হয়। পূর্ব্বোক্ত মত সংসারমোচকদিগের এবং পরোক্ত মত মাধ্যমিক বৌদ্ধদিগের। মাধ্যমিক বৌদ্ধেরা বলেন, আমি-আমি-আমি ইত্যাকার ধারাবাহী আলয় বিজ্ঞানের

ভ্রমত্ব প্রদর্শন ব্যতীত স্বমত সুদৃঢ় হয় না। কপিল মহর্ষিও চিদাত্মবাদ রক্ষার নিমিত্ত উল্লিখিত মত সমূহের প্রতি দোষারোপ করিতে ত্রুটি করেন নাই। এক্ষণে কপিলসম্মত আত্মা যৎ স্বরূপ তাহা বলিতেছি।

কপিল বলেন, মনকে আত্মা ভাবিয়া নিশ্চিন্ত থাকা মুমুক্ষু জীবের উচিত নহে। ঋষিরা ধারণা, ধ্যান, সমাধি ও প্রজ্ঞা উৎপাদন দ্বারা জানিয়াছিলেন,—আত্মা নিত্য, শুদ্ধস্বভাব ও চিৎস্বরূপ। আত্মা যে, মন ও বুদ্ধি হইতে স্বতন্ত্র তাহা মননশীল জ্ঞানী মনুষ্যের অনুভবসিদ্ধ। সে অনুভবের পদবী এই—

মন যখন স্থিরভাবে আপনাকে দর্শন করে, তখন সে উপলব্ধি করে, "আমি আত্মা নহি, আমি আত্মার অধীন। আমি আত্মার ভোগোপকরণ

অর্থাৎ মূল চেতনের বিনাশ নাই। জলপ্রবাহস্থ জল-লহরীর প্রত্যেক লহরীর বিনাশ বা পরিণাম থাকিলেও, যেমন একটির পর একটি তৎপরে আর, একটি পর পর অনুস্যূত বা সংলগ্ন হইয়া থাকে, বিজ্ঞানাত্মা ঠিক্ সেইরূপ। সংসার-মোচকেরা বলেন, সে সংযোগে চেতনাগ্নি জ্বলিয়াছিল, সে সংযোগ নষ্ট হইলে চেতনাও নিবিয়া যায়। যে সময়ে এই সম্প্রদায় বিদ্যমান ছিল, সে সময়ে তাহাদের মধ্যে এক কঠোর ব্যবহার প্রচলিত ছিল। কোন ব্যক্তি দুশ্চিকিৎস্য রোগে কষ্ট পাইতেছে বা কাহারও পিতা মাতা অনিবার্য্য জরায় আক্রান্ত হইয়াছে, কোন উপায়ে তাহাদের ক্লেশ দূর হইবার নহে, এমত দেখিলে, তাহাদিগকে বলপূর্ব্বক মারিয়া ফেলা হইত। তাহাদের মনোভাব এই যে, সেই কার্য্যে তাহাদিগকে দুঃখ হইতে মুক্ত করা হইল। এই সংবাদটী বাচস্পতি মিশ্র—'যথা ঘটে ভগ্নে জলস্য মোক্ষস্তথা দেহে ভগ্নে আত্মনঃ সংসারনাশঃ" এইরূপ কথায় প্রচারিত করিয়া গিয়াছেন। শ্রুতিও ক্ষণিকাত্মবাদীদিগের মত "বিজ্ঞানঘন এবাত্মা স এতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায়" এইরূপে ব্যক্ত করিয়াছেন এবং প্রাচীন আচার্য্যেরাও এ সম্বন্ধে "যথা মদ্যবীজানাং প্রত্যেকম-বর্ত্তমানাপি সমুদায়শক্ত্যা মদশক্তিরুদ্দৃশ্যতে" "তচ্চ সংহতভূতধর্ম্ম" ইত্যাদি প্রকার কথা বলিয়াছেন।

মাত্র। আমি সক্রিয় ও সবিকার, কিন্তু আত্মা নিষ্ক্রিয় ও নির্ব্বিকার। কোনও কালে বা কোনও অবস্থায় আত্মার বিকার দেখিলাম না। সংশয়, নিশ্চয়, বিপর্য্যয়, সন্ধান, নির্ব্বাচন, এ সমস্ত আমাতেই হইতেছে ও যাই-তেছে। আত্মা ঐ সকলের দর্শক বা সাক্ষী মাত্র।"

মন যখন আপনার নির্ণয়ে বা নির্ব্বাচনে প্রবৃত্ত হয় তখন সে উক্ত প্রকারে আত্মা হইতে পৃথক্ হইয়া দাঁড়ায়। আত্মা হইতে পৃথক্ না হইয়া আপনাকে নির্ব্বাচন করিতে পারে না। উপর উপর ভাসা ভাসা না দেখিয়া একটু সূক্ষ্ম দৃষ্টি অবলম্বন কর, দেখিতে পাইবে, জ্ঞান ব্যবহার কিরূপে চলিতেছে। 'আমার মন' ব্যতীত 'আমি মন' এ কথা কেহ কখন বলেন নাই। তদাকার জ্ঞানও হয় না। 'আমার মন' এই স্বতঃ উৎপন্ন জ্ঞানের ব্যবহারপরম্পরা লক্ষ্য করিলে আত্মার সহিত মনের দ্রষ্টৃদৃশ্যভাব ব্যতীত ঐক্য সম্বন্ধ প্রকাশ পাইবে না। আত্মা দ্রষ্টা, মন দৃশ্য। আত্মার সহিত যদি মনের ঐরূপ স্থিরতর সম্বন্ধ না থাকিত তাহা হইলে মানুষ অবশ্য কখন না কখন 'আমার মন' ইহার পরিবর্ত্তে "আমি মন' এইরূপ বলিয়া ফেলিত। কিন্তু মানুষ তাহা ভ্রমেও বলে না। সেরূপ নহে বলিয়াই সেরূপ জানে না এবং জানে না বলিয়াই বলে না। এ জন্যও বিশ্বাস করা উচিত যে, মন আত্মা নহে। আরও এক বিবেচনা আছে। আরও এক অনুসন্ধান আছে—"আমার" ইত্যাকার সাকাঙ্ক্ষ প্রত্যয় মানব মনে চিরনিরূঢ় আছে এবং তাহার সম্পূরণ নিমিত্ত অনেক গুলি বিশেষণ বা সম্বন্ধ-পূরক বস্তু তন্নিকটে থাকিতে দেখা যায়। সেই কারণে সেই সাকাঙ্ক্ষ বিজ্ঞান এক সময়ে একরূপ থাকে না। ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন আকার ধারণ করে। কখন আমার মন, কখন আমার জ্ঞান, আমার বুদ্ধি, আমার হস্ত, আমার পদ, ইত্যাকার একটী সমন্বিত-জ্ঞান বা বিশিষ্ট জ্ঞান প্রসব করে। পরন্তু যখন 'আমি জ্ঞান' উত্থিত হয় তখন তাহাতে কোন প্রকার আকাঙ্ক্ষা থাকে না। সেই জন্য 'আমি

এই আত্মসত্তা-বোধক জ্ঞান নিরাকাঙ্ক্ষ এবং তাহাতে কোন বিশেষণ বা সম্বন্ধ-পূরক বস্তুর অন্বয় থাকে না। এ অনুসারে 'আমি স্বয়ং, স্বতন্ত্রও স্বতঃসিদ্ধ। অপিচ "আমি" এই বোধটী মনের চিরনিরূঢ় ও স্বতঃসিদ্ধ ভাব বিশেষ। সেজন্য তাহা বৃত্তি। যেহেতু মনোবৃত্তি, সেই হেতু সে আমি প্রকৃত আমি হইতে ভিন্ন। যাহা প্রকৃত আমি, তাহা আমি-ইত্যাকার মনোবৃত্তিসমারূঢ় কেবল চৈতন্য। বৃত্তিরূপ আমিত্বের প্রকাশক কেবল চৈতন্যই প্রকৃত আমি এবং তদনুসারে আমার নাম আত্মা। আত্মা চেতন ও অসঙ্গ।

আত্মা চৈতন্যরূপী, মন জড়রূপী। চৈতন্যের স্বভাব প্রকাশ, জড়ের স্বভাব অপ্রকাশ। মন যে জড় বা অপ্রকাশ-স্বভাব, তাহা অনুভব ও যুক্তি উভয়সিদ্ধ। মন যদি আত্মার ন্যায় প্রকাশ-স্বভাব হইত, তাহা হইলে মনুষ্য সুপ্তি, মূর্চ্ছা ও মুগ্ধাদি অবস্থা প্রাপ্ত হইত না। কেন না, যাহা যাহার স্বভাব, কদাচ তাহার তাহা উচ্ছেদ প্রাপ্ত হয় না। ঔষ্ণ্য নাই অথচ অগ্নি আছে, এরূপ হয় না। অতএব সুপ্তি মূর্চ্ছাদি মানস অপ্রকাশ অবস্থা দেখিয়া মনের জড়ত্ব অবাধে নির্ণীত হইতে পারে।

আপত্তি করিতে পার যে, আত্মাকে প্রকাশরূপী বলিলে যে ফল, মনকে প্রকাশরূপী বলিলেও সেই ফল। সুপ্তি মূর্চ্ছা প্রভৃতি অপ্রকাশ অবস্থা দেখিয়া যেমন মনের অপ্রকাশত্ব অবধারণ কর, তেমনি আত্মারও জড়ত্ব অবধারণ করিতে পার।

কপিল বলেন, না। আত্মার প্রকাশ স্বভাব কোনও সময়ে তিরোহিত হয় না। একটু অধিক ঘটনা এই যে, মনঃসংযুক্ত আত্মার প্রকাশ দ্বিগুণিত। দিবসে গৃহভিত্তিতে যে আলোক থাকে, স্বচ্ছ-কাচ দ্বারা যখন বাহিরের আলোক তাহাতে প্রতিক্ষেপ করা যায়, তখন সেই ভিত্তিস্থ সাধারণ আলোক দ্বিগুণিত হইয়া উঠে। এই দ্বিগুণিত আলোক অতি তীব্র ও অত্যধিক উজ্জ্বল। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, মনঃসংযোগকালের

প্রকাশ দ্বিগুণিত। দ্বিগুণিত বলিয়া জাগ্রৎকালের চৈতন্ত অধিক বিস্পষ্ট অর্থাৎ জাজ্জ্বল্যমান। কাচস্থানীয় মন যখন তমোগুণোদ্রেক বশতঃ মলিন থাকে, আত্ম-প্রকাশের প্রতিবিম্ব গ্রহণে অক্ষম থাকে, তখন আত্মার প্রকাশ বিলুপ্তপ্রায় বা অল্পতা ঘটনা হয়। তাই সুষুপ্তি মূর্চ্ছাদি কালের একগুণ প্রকাশ। জাগ্রৎকালের দ্বিগুণিত প্রকাশ তখন কমিয়া গিয়া একগুণিত হয়, কাযেই আমরা বলি মূর্চ্ছায় জ্ঞান থাকে না। কিন্তু তখনও আত্মা স্বীয় একগুণিত প্রকাশে বিরাজিত থাকেন। যদি বল সে অবস্থাতেও আত্মার প্রকাশ সত্তাস্ফূর্ত্তি থাকে এ সিদ্ধান্তে প্রমাণ কি? প্রমাণ—সুপ্তোত্থিত ব্যক্তির ও মূর্চ্ছিত ব্যক্তির সুপ্তিভঙ্গের ও মূর্চ্ছাভঙ্গের অব্যবহিত পরবর্ত্তী অনুভব। "আমি অজ্ঞান ছিলাম—কিছুই জানিতে পারি নাই।" এই অনুভবের একদেশে যে "আমি" ও "ছিলাম" অংশ আছে, তাহাই তাৎকালিক আত্ম-সত্তার বা আত্মপ্রকাশ থাকার অনুমাপক। তৎকালে যদি কোন প্রকার সত্তাস্ফূর্ত্তি না থাকিত, তাহা হইলে কদাচ জীবের ঐরূপ স্মরণাত্মক জ্ঞান উপস্থিত হইত না। পূর্ব্বানুভবজন্ত সংস্কারের বলেই স্মরণাত্মক জ্ঞান উদিত হয়, এ নিয়ম স্বীকার করিলে ইহাও স্বীকার করিতে হইবে যে, তখন আমি নিজ স্বাভাবিক প্রকাশে অবস্থিত ছিলাম। বিষয়ের অস্ফুরণ, মনের অপ্রকাশ, অজ্ঞান, এ সকল তুল্য কথা। মন যে তৎকালে আত্মপ্রতিবিম্ব গ্রহণে অক্ষম ছিল, বিষয় গ্রহণে বিরত ছিল, তাহা আর কেহ দেখে নাই, কেবল আত্মা তাহা দেখিয়াছিলেন। আত্মা তখন দেখিতেছিলেন—মন এখন তমসাচ্ছন্ন। আত্মা তমসাচ্ছন্ন মনকে দেখিয়াছিলেন বলিয়াই সুপ্তিভঙ্গের পর তাহা স্মরণ বা অনুমান করিতে পারক হন। এ নিদর্শনেও আত্মার পার্থক্য বুদ্ধ্যারোহ হইতে পারে। অতএব নাস্তিক তার্কিকগণের মন আপনার সত্তাস্ফূর্ত্তি বজায় রাখিয়া অন্তকেও প্রকাশ করে, একমাত্র মনের বলেই জীব সব্যাপার, মনের অভাবে নির্ব্যাপার, সুতরাং "মন আত্মা"

এ সকল কথা নিতান্ত হেয়। নাস্তিকগণ মনে করেন, "চৈতন্যং সংহতভূত-ধর্ম্মঃ" আত্মা দেহাকারে পরিণত ভূতরাশির সংযোগোৎপন্ন চৈতন্য নামক গুণ বা শক্তি। কিন্তু কপিল বলেন, "ন সাংসিদ্ধিকং চৈতন্যং প্রত্যেকা-দৃষ্টেঃ"। দেহ ভৌতিক হইলেও আত্মা নামের নামী চৈতন্য তাহার ধর্ম্ম বা গুণ নহে। চৈতন্য অপরিণামী অতিরিক্ত ও নিত্য বস্তু। যেহেতু প্রত্যেক ভূতই অচেতন ; পরীক্ষা করিলে যথন কোনও ভূতে চৈতন্যের অবস্থান দৃষ্ট হয় না, সেই হেতু চৈতন্যপদার্থ ভূতের অথবা ভৌতিকের সাংযোগিক অথবা নৈমিত্তিক গুণ নহে। চৈতন্য এক প্রকার স্বতঃসিদ্ধ নিত্য পদার্থ।

চৈতন্য স্বাভাবিক বা সাংসিদ্ধিক ধর্ম্ম না হয় না হউক, নৈমিত্তিক বা আগন্তুক ধর্ম্ম হইবার বাধা কি ? গুড়, তণ্ডুল, মধু প্রভৃতি মদ্যোপকরণ সমূহের প্রত্যেক-উপকরণে মাদকতা না থাকিলেও প্রক্রিয়া বিশেষে সংহত হইলে তাহা হইতে যেমন এক অপূর্ব্ব শক্তি উৎপন্ন হয়, সেইরূপ, ভূতনিচয়ের প্রত্যেকে চৈতন্যাবস্থান না থাকিলেও সংযোগ বিশেষের বলে তাহা হইতে অপূর্ব্ব চিচ্ছক্তি জন্মিবার বিলক্ষণ সম্ভাবনা আছে। সাংখ্যাদি শাস্ত্র বলেন, যাহা প্রত্যেকে না থাকে, তাহা সমুদায়েও থাকে না। সুতরাং উক্ত দৃষ্টান্ত তোমার পক্ষ সমর্থক নহে। মদ্যবীজের প্রত্যেক দ্রব্য পরীক্ষা করিলে জানা যায়, সেই সকল দ্রব্যের প্রত্যেক দ্রব্যে সূক্ষ্ম মাদকতা শক্তি আছে। প্রয়োগবিশেষে তাহা সংহত হইয়া পরিপুষ্ট হয় মাত্র। মাদক গুণ প্রত্যেক দ্রব্যে সূক্ষ্মাদপি সূক্ষ্ম ভাগে ছিল, তাই বোধগম্য হইত না। এখন তাহা সংহত ও স্থূল হইয়াছে, কাজেই তাহা উপলব্ধিপথে আসিয়াছে। যাহা ভূতের ও ভৌতিকের উপলব্ধ, তাহা ভূতাতিরিক্ত। ভূতাতিরিক্তের ভূতধর্ম্ম হওয়ার সম্ভাবনা কি ? অপিচ, সহস্র প্রকার পরীক্ষা প্রয়োগ করিলেও কোনও ভূতে চৈতন্য লুক্কায়িত থাকা নিশ্চিত হইবে না। তাহাতেও চৈতন্য পদার্থের

ভূত ভৌতিক ধর্ম্মতা নিবারিত ও তদমুগুণে মনোধর্ম্মতা স্থিরীকৃত হয়। চেতনা এক জড় বিপরীত; জড়ের প্রকাশক, স্বতন্ত্র, অবিনাশী, অনুৎপন্ন সুতরাং নির্ব্বিকার পদার্থ। এই জড়বিপরীত ও জড়ের সত্তাস্ফূর্ত্তিদায়ক স্বতঃসিদ্ধ চৈতন্য আত্মা নামে প্রসিদ্ধ এবং মন প্রভৃতি তাহারই অনুবল প্রাপ্ত হইয়া চেতনাবৎ কার্য্যকরী হয়।

আত্মা বহু

সাংখ্যমতে পূর্ব্বোক্তবিধ চিদাত্মা অসংখ্য। অপিচ, প্রত্যেক চিদাত্মা বিভু অর্থাৎ পরিপূর্ণ বা মহান্ ব্যাপী। অথচ পরস্পর পরস্পরের অবিরোধী। যেমন গৃহে অনেক শত দীপ জ্বলিলে তাহারা পরস্পর পরস্পরের অবিরোধে অবস্থান করে, কেহ কাহাকে বাধা দেয় না, সকলেরই সর্ব্বত্রই ব্যাপ্তি থাকে, তেমনি, জীবভাবাপন্ন অসংখ্য আত্মাও পরস্পর পরস্পরে অবিরোধে অবস্থিত আছে; অথচ কাহার ব্যাপ্তির ব্যাঘাত নাই। একটি দীপ জ্বালিত কি নির্ব্বাপিত করিলে যেমন অন্য দীপ জ্বালিত কি নির্ব্বাপিত হয় না, সেইরূপ এক আত্মার বন্ধনে ও মোক্ষে আত্মান্তরের বন্ধ বা মোক্ষ হয় না। আত্মা প্রতি শরীরে বিভিন্ন, সুতরাং সুখ, দুঃখ, শোক, সন্তাপ, জন্ম, মরণ, সমুদায় ব্যবহার সুব্যবস্থায় চলে এবং কোন প্রকার আপত্তি স্থান পায় না। এ বিষয়ে ন্যায়, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল, পূর্ব্ব মীমাংসা, সকলেই একমত; কেবল বৈদান্তিক প্রতিকূল। বৈদান্তিক বলেন—আত্মা এক, বহু নহে। একই আত্মা মনের নানাত্বে নানারূপে প্রকাশিত। সুতরাং জীব অসংখ্য; আত্মা অসংখ্য নহে। একই আত্মা দেহপরিচ্ছেদে নানা দেহে ভেদ প্রাপ্তের ন্যায় বিরাজ করিতেছেন। এ সম্বন্ধের যুক্তি ও তর্কবেদান্ত-দর্শনে দ্রষ্টব্য। বেদান্তের অভিপ্রায় এই যে, আকাশের ন্যায় ব্যাপক এক আত্মা অসংখ্য অন্তঃকরণে অসংখ্য প্রতিবিম্ব অর্পণ করিয়াছেন, সেই অসংখ্য প্রতিবিম্বযুক্ত অন্তঃকরণ-গুলিই জীব নামে পরিচিত।

ঈশ্বরের সহিত জীবের সম্বন্ধ

কেহ কেহ মনে করেন (রামানুজ প্রভৃতি) "তদংশা জীবসংজ্ঞকাঃ।" জীব সকল ঈশ্বরাংশ। অন্যে বলেন, জীব ঈশ্বরোৎপন্ন অথচ ঈশ্বরের অংশ। প্রথমোক্ত মতে সূর্য্যকিরণের সহিত সূর্য্যের যেরূপ অংশাংশি-ভাব জীবের সহিত ঈশ্বরের সেইরূপ অংশাংশিভাব। সুতরাং জীবও ঈশ্বরের ন্যায় নিত্য। ঈশ্বর সূর্য্যস্থানীয়; জীব তন্নিঃসৃত অংশুস্থানীয়। দ্বিতীয় মতে জীব অগ্নি হইতে স্ফুলিঙ্গের ন্যায় ঈশ্বর হইতে উৎপন্ন হয়। অন্যে বলেন, জীব মহাপ্রলয়ে ও মোক্ষে ঈশ্বরে বিলীন হয়। এই মতে নির্ব্বাণ মুক্তির বিরোধ নাই। প্রথমোক্ত মতে জীবের সহিত ঈশ্বরের সেব্যসেবক, প্রভুভৃত্য, অথবা পতিপত্নীর ন্যায় ভোক্তৃভোগ্য-ভাব ব্যবস্থাপিত আছে। এই মতে ঈশ্বরে জীবের লয় হয় না। কিরণ যেমন সূর্য্যে পুনর্গমন করে না, সেইরূপ, জীবও ঈশ্বরে প্রলীন হয় না। সুতরাং এতন্মতে জীব মোক্ষদশায় ঈশ্বরপার্ষদ ব্যতীত অন্য কিছু হয় না। নির্ব্বাণ এতন্মতের বিরোধী। এই মতদ্বয় সাংখ্যসম্মত নহে। সাংখ্যে যখন ঈশ্বরের উল্লেখ নাই, তখন স্পষ্টই বুঝা যায়, সাংখ্য মতে জীব ঈশ্বরের অংশও নহে, ঈশ্বর হইতে উৎপন্নও নহে। সাংখ্যাধ্যায়ীরা বলেন, আত্মা যদি ঈশ্বরাংশ হয়, তবে, তৎসদৃশ শক্তি জীবের নাই কেন? অগ্নির অংশে স্ফুলিঙ্গ; ঐ স্ফুলিঙ্গে যেমন কিছু না কিছু অগ্নি-শক্তি আছে, আত্মা ঈশ্বরাংশ হইলে অবশ্যই আত্মায় অল্প কিছু ঐশীশক্তি থাকিত। যখন তাহা নাই, ঈশ্বরশক্তি ও জীবশক্তি যখন সুমেরুসর্ষপের ন্যায় প্রভেদযুক্ত, তখন আর আত্মাকে ঈশ্বরাংশ বলিয়া মত রক্ষা করিতে পার না। "আত্মা ঈশ্বর হইতে উৎপন্ন" এ মতেও অনেক বাধা আছে। উৎপন্ন বস্তু মাত্রই ধ্বস্ত হইয়া যায়, ইহা যুক্তিদৃঢ় সিদ্ধান্ত। আত্মা ঈশ্বরজাত ইহা সত্য হইলে, আত্মা ধ্বস্ত হয়, ইহাও সত্য হইবে। ধ্বস্ত

হয় একথা নাস্তিক ভিন্ন অন্য কেহ বলেন না। আস্তিকগণ কৃতনাশ ও অকৃতাভ্যাগম প্রভৃতি দোষ দেখাইয়া আত্মার উৎপত্তি বিনাশ মতের মূল শিথিল করিয়া দেন।

পরকাল ও আত্মার অমরত্ব

যাহা দেখা যায় না, তাহাতেই লোকের সংশয়, মতভেদ ও বিবাদ। পরকাল দেখা যায় না; তাই তাহাতে সংশয় ও মতবিবাদ। পরকাল-ঘটিত প্রশ্ন আদিম জীবের হৃদয়েও উদিত হইত, ভবিষ্যৎ জীবেরও হইবে। ঐ প্রশ্ন চিরকালই থাকিবে, কস্মিন্ কালেও পৃথিবী হইতে অন্তর্হিত হইবে না। কিন্তু সরল বিশ্বাসীর নিকট চিরকালই ঐ প্রশ্ন বিদূরিত থাকিবে।

বাজশ্রবা নামক জনৈক ঋষি সর্ব্বস্বদক্ষিণ বিশ্বজিৎ যজ্ঞ সমাপন করিয়া দক্ষিণা দান আরম্ভ করিলে "অমুককে অমুক দাও—অমুককে অমুক দাও" এইরূপ একটা কোলাহল উত্থিত হইল। তদবসরে তদীয় শিশুসন্তান নচিকেতা পিতৃসন্নিধানে গমন করিয়া বলিল, "আমায় কাহাকে দিবেন।" নচিকেতা একবার, দুইবার ও ততোধিক বার ঐরূপ কহিলে বাজশ্রবা বিরক্ত হইয়া বলিলেন, "তোমায় যমকে দিব।" যম সেই যজ্ঞে উপস্থিত ছিলেন। নচিকেতা পিতৃবাক্য সত্য বিবেচনায় পশ্চাৎ অনুসরণ করত যমের নিকট উপস্থিত হইলে যম নচিকেতাকে বিবিধ প্রলোভন বাক্যে প্রবোধিত করতঃ কহিলেন, "নচিকেতঃ! আমি তুষ্ট হইয়াছি, তুমি অভিলষিত বর গ্রহণ করিয়া বিদায় হও।"

নচিকেতা গো হিরণ্যাদি পার্থিব বস্তু পরিত্যাগ করিয়া গুরুতম-অতীন্দ্রিয়-বিজ্ঞান ঘটিত পাঁচটী বর প্রার্থনা করিলেন। তন্মধ্যে পরলোক-বিজ্ঞান তাঁহার তৃতীয় বর।

"যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে অস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে।
এতদ্বিদ্যামনুশিষ্টস্ত্বয়াহং বরণামেষ বরাস্তৃতীয়ঃ।"

হে যম! মৃত মনুষ্যের সম্বন্ধে অনেকেই অনেক প্রকার সংশয় করিয়া থাকেন। কেহ বলেন, মরণের পর আত্মা থাকে; কেহ বলেন, না—কিছুই থাকে না। মরণই শেষ। অতএব আমায় তাহাই বিজ্ঞাপিত করুন—যাহাতে আমি আপনার প্রসাদে উহার যথার্থ মর্ম্ম অবগত হইতে পারি।

যম কহিলেন,—

"দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা ন হি স বিজ্ঞেয়োঽণুরেষ ধর্ম্মঃ।
অন্যং বরং নচিকেতোবৃণীষ মা মোপরোৎসীরতি মা সৃজৈনম্।"

নচিকেতঃ! তুমি এই বর পরিত্যাগ কর। এবং এক্ষণে ঐ বিষয়ের নিমিত্ত অনুরোধ করিও না। ইহা সহজ-বোধ্য নহে; দেবতারাও এই বিষয়ে সন্দেহ করিয়া থাকেন। এ হেতু অন্য বর প্রার্থনা কর।

যম নচিকেতাকে প্রলোভিত করত তাঁহার চিত্ত পরীক্ষার্থ হস্তী, অশ্ব, বৃষ, স্ত্রী, পুত্র, পশু ও হিরণ্যাদি প্রদান করিতে সম্মত হইলেন। কিন্তু নচিকেতা তাহাতে বিমোহিত বা লুব্ধ না হইয়া, পুনঃ পুনঃ পরলোকবিষয়ক রহস্য জানিতে ইচ্ছা করিতে লাগিলেন। অবশেষে যম তাঁহাকে এই বলিয়া বুঝাইতে লাগিলেন।

"ন সাম্পরায়ঃ প্রতিভাতি বালং প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্।
অয়ং লোকো নাস্তি পর ইতিমানী পুনঃ পুনর্বশমাপদ্যতে মে।"

অর্থাৎ পরলোকসত্তা, সাংসারিক সুখে নিমগ্ন মূঢ় জীবের নিকট স্ফূর্ত্তি পায় না। তাদৃশ ব্যক্তিরা পুনঃ পুনঃ আমার বশতাপন্ন হয়।

যম এইরূপে কথাবতরণ করিয়া নচিকেতাকে যে সকল কথায় পরলোক-সত্তা বুঝাইয়া দিয়াছিলেন, সে সকল কথা প্রায়ই আত্মা নামক প্রস্তাবে

বলা হইয়াছে। অবশিষ্ট প্রেত্যভাব প্রস্তাবে অভিহিত হইবে। ভাবিয়া দেখুন, এখানেও পরলোকের কথা অল্প কিছু বলা হইয়াছে। যম বলিলেন, লোক অজ্ঞানবিমূঢ় থাকায় পরলোকতত্ত্ব বুঝিতে পারে না এবং সেই কারণে সে পুনঃ পুনঃ আমার বশতাপন্ন হয়। ঐ কথায় আত্মার মরণাভাব অর্থাৎ জন্ম ও মরণ দেহাশ্রিত, এই রহস্যই উপদিষ্ট হইয়াছে। আত্মার অমরত্ব, দেহব্যতিরিক্তত্ব ও স্বতন্ত্রত্ব ঐ সকল কথায় কথিত হইয়াছে। ঐ কথাই পরলোকের অস্তিত্ব-নির্ণায়ক। আত্মা জীর্ণ হন না, মরেন না, দেহে অধিষ্ঠিত থাকেন, দেহেরই পরিবর্ত্তন হয়, পরন্তু তিনি অপরিবর্ত্তনস্বভাব, ইহা যুক্তিতে স্থির হইলে অবশ্যই তৎসঙ্গে পরলোক-সত্তা স্থিরীকৃত হইবে। পরলোক কি ? পরলোক দেহান্তরপ্রাপ্তি। এ দেহ পরিত্যাগ বা বিনাশের পর, অন্য প্রকার দেহ হওয়াই পরলোক। লোক শব্দে ভোগায়তন অর্থাৎ দেহ। লোক শব্দের স্থানবিশেষ অর্থও আছে সত্য ; পরন্তু তাহা গৌণ, মুখ্য নহে।

যুক্তি—জরা ও মরণ দেহের আশ্রিত। দেহই জীর্ণ হয়, দেহই ধ্বংসপ্রাপ্ত হয়। আমি কৃশ, আমি সুন্দর, আমি স্থূল, আমি বৃদ্ধ, আমি জীর্ণ, ইত্যাদিবিধ অনুভব অধ্যাসমূলক। আত্মা শরীরের ও ইন্দ্রিয়ের সহিত একীভূত হইয়াই ঐ ঐরূপ অনুভব করেন। তাদৃশ অনুভব চিরাভ্যস্ত হওয়ায় স্বভাবস্থ হইয়া যায়। সেই চিরাভ্যস্ত বা স্বভাববদ্ধ অভ্যাস সাধনার দ্বারা বিনষ্ট করিতে পারিলে, তখন 'আমি কৃশ' 'আমি বৃদ্ধ' 'আমি জীর্ণ' ভাবিয়া হৃষ্ট বা বিষণ্ণ হইতে হয় না। মনুষ্য যখন 'আমি বৃদ্ধ' ভাবিয়া বিষণ্ণ হয়, তখন তাহার শরীরের সহিত অধ্যাস থাকে। থাকিলেও তদভ্যন্তরে একটু একটু আত্মার স্বাতন্ত্র্য প্রকাশ পায়। যে বৃদ্ধ হইয়াছে, সে কখনই সহজ জ্ঞানে মনে করে না যে, 'আমি বৃদ্ধ হইয়াছি'। যখন শরীরের প্রতি লক্ষ্য করে, ইন্দ্রিয়ের অক্ষমতা ও বলহীনতা অনুভব করে, তখনই সে 'আমি বৃদ্ধ' হইয়াছি ভাবিয়া

বিষণ্ণ হয়। যখন দৈহিক বিকৃতির প্রতি লক্ষ্য থাকে না, তখন সে ভাবে না যে 'আমি বৃদ্ধ'। ইহাই অজর অমর আত্মার দেহাতিরিক্ততার ও স্বতন্ত্রতার চিহ্ন। সেই জন্যই বৃদ্ধকালে মনুষের মন বালকোচিত ভাবপ্রাপ্ত হয়। বৃদ্ধদিগের এই অবৃদ্ধভাবই আত্মার অমরত্বের এবং পরলোকাস্তিত্বের অন্যতম সাক্ষী। যদিও অপ্রত্যক্ষ রহস্য প্রত্যক্ষের ন্যায় তৃপ্তিকর ও বিশ্বাসজনক নহে, তথাপি তাহা মন হইতে এককালে যাইবার নহে। সেই জন্যই মহামহোপাধ্যায় উদয়নাচার্য্য নাস্তিকদিগকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন,—

"পরলোকেঽপি সন্দেহে কুর্য্যঃ কর্ম্মাদি মানবাঃ।
নাস্তি চেৎ ন হি নো হানিরস্তি চেন্নাস্তিকোহতঃ॥"

পরলোক আছে কি নাই? এরূপ সন্দেহ হইলে 'আছে' এই বিশ্বাসে পারলৌকিক কর্ম্ম সম্পাদন করা কর্ত্তব্য। যদি 'না থাকিল' আস্তিকের ক্ষতি কি? কিন্তু যাহারা 'পরলোক নাই' ভাবিয়া যথেচ্ছাচরণে রত হন, পরলোক থাকিলে তাঁহাদের যথেষ্ট ক্ষতির ও কষ্টের সম্ভাবনা আছে।

প্রেত্যভাব বা জন্মান্তর

মরণের পর জন্ম, জন্মের পর মরণ, এতদ্রূপ জন্মমরণ প্রবাহের নাম প্রেত্যভাব *। প্রেত্যভাব ও জন্মান্তর তুল্য কথা। পূর্ব্ব প্রস্তাবে আত্মাকে অজর অমর বলা হইয়াছে, পরলোক আছে বলাও হইয়াছে।

* অদূরদর্শী লোক মনে করে, আদিকালে মনুষ্যসংখ্যা খুব কম ছিল, পরে দিন দিন বৃদ্ধি পাইয়া প্রচুর হইয়াছে, ক্রমে আরও বৃদ্ধি পাইবে। নূতন নূতন আত্মা না জন্মিলে এরূপ মনুষ্যবৃদ্ধি কিরূপে হইতে পারে? পরন্তু তাহা-দিগের ইহাও বুঝা উচিত যে, আদিম কালে যেমন মনুষ্যজীব অল্প ছিল, তেমনি পশ্বাদি বন্য জীব ও কীটপতঙ্গাদি ক্ষুদ্র জীব অধিক ছিল। জীব নরক ভোগ

কিন্তু পরলোক কি তাহা বিশেষ করিয়া বলা হয় নাই। ইহলোকচ্যুত অজর অমর আত্মা সুখদুঃখবর্জ্জিত থাকেন না, অবশ্যই কোন না কোনরূপ ভোগ অনুভব করেন, ইহা মানিতে হইবে। না মানিলে ইহলোকে বসতি কালে নানাপ্রকার অনাশ্বাস ও অত্যাচার ঘটিবে, কেহই নিবারণ করিতে পারিবেন না। অপিচ 'আত্মা অজর অমর' এ সিদ্ধান্ত যদি সত্য হয়, তবে জন্মান্তর বা পুনর্দেহ প্রাপ্তি, এ সিদ্ধান্তও সত্য হইবে। কেন, তাহা বিবেচনা করুন।

মনুষ্য মরিল; শরীর পড়িয়া রহিল। অশরীর আত্মা থাকিল বা চলিয়া গেল। কোথায় গেল? কোথায় থাকিল? তাহা লইয়া বিবাদ করিবার আবশ্যক নাই। এই মাত্র অন্বেষণ করিতে হইবে যে, শরীর পরিচ্যুত আত্মা আকাশের ন্যায় সুখদুঃখবর্জ্জিত হইলেন? কি ইহ-লোকের ন্যায় অথবা ইহলোক অপেক্ষা অধিকতর ভোগভাগী হইলেন? ভোগভাগী হইলেন এ কথা বলিতে পারিবে না। মত রক্ষার নিমিত্ত

অন্তে তির্য্যক্ শরীর পায়, পরে আবার মনুষ্য জীব হয়। এই নিয়মের অনুবর্ত্তানই মনুষ্য জীব বাড়িয়াছে এবং পশ্বাদি ও কীট পতঙ্গাদির জীব কমিয়াছে। এরূপ বা একরূপ ঘটনা হওয়ার বাধা কি? পৃথিবীতে সময়ে সময়ে এতদধিক মনুষ্যসংখ্যা বৃদ্ধি হইয়া থাকে, আবার সময়ে সময়ে কমিয়া গিয়াও থাকে। মধ্যে মধ্যে মনুষ্য জীবের বাহুল্যে ও তাহাদের দৌরাত্ম্যে পৃথিবী ভারাক্রান্ত হন, তাই ভগবানও মধ্যে মধ্যে ভূভার হরণ জন্য এক এক বার অবতীর্ণ হন। যাঁহারা ভাবেন, আত্মা অমর, মরণের পরেও থাকে, কিন্তু পুনর্জ্জন্ম হয় না, শ্রুতি যুক্তি উভয় প্রমাণ তাঁহাদের প্রতিপক্ষ। জন্মে, অথচ অমর এরূপ উদাহরণ নাই। অনুরূপ দৃষ্টান্ত দেখাইয়া তাঁহারা যুক্তি উদ্ভাবনপূর্ব্বক পুনর্জন্ম নিষেধ করিতে অসমর্থ। সুতরাং তাঁহাদের প্রোক্ত অভিপ্রায় মোহমূলক ব্যতীত অন্য কিছু নহে।

অথবা অন্ধ বিশ্বাসের দাস হইয়া বলিলেও তাহা সত্য হইবে না। কারণ, শরীর ব্যতীত যে সুখদুঃখ ভোগ হইতে পারে, কস্মিন কালেও তাহার উদাহরণ দেখাইতে পারিবে না। শরীরোৎপত্তি হয় না অথচ আত্মার অনন্ত সুখ ও অনন্ত উন্নতি হয়, এ কথা নিষ্প্রমাণ। আত্মা অজর অমর ইহা বিশ্বাস করিলে অমরতার অনুরূপ সুখদুঃখ ভোগভাগিতাও বিশ্বাস করিতে হইবে। রূপ দেখিতে চাহি চক্ষু চাহি না, এ প্রার্থনা সিদ্ধ হইবার নহে। এমন কি, "সংসরতি নিরুপভোগং ভাবৈরধিবাসিতং লিঙ্গম্।" ভোগস্থান স্থূল শরীর না থাকিলে সূক্ষ্মশরীরে পরিস্ফুট ভোগসম্ভবে না; অতএব, আত্মা লিঙ্গশরীরবিশিষ্ট থাকিয়া পুনঃ পুনঃ স্থূল শরীর পরিগ্রহ করে ও পুনঃ পুনঃ তাহা পরিত্যাগ করে। অমুক্ত আত্মায় সুখদুঃখবিহীন হইবার সম্ভাবনা নাই। সেই কারণে অবশ্য স্বীকার্য্য হইবে যে, আত্মার কখন তির্য্যক্‌শরীর, কখন মনুষ্যশরীর, কখন দেবশরীর, কখন বা পশু-শরীর হয়।

"যোনিমধ্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
স্থাণুমন্যেঽনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্।"

মনুষ্য ইহশরীরে যেরূপ কর্ম্মে ও জ্ঞানে নিমগ্ন থাকে, দেহান্ত হইলে পুনর্ব্বার সেই সকলের অনুরূপ দেহ ধারণ ঘটান হয়। কর্ম্মবিশেষে স্থাবরশরীর, কর্ম্মবিশেষে পশ্বাদিশরীর এবং কর্ম্মবিশেষে দেবশরীর হইয়া থাকে। এ বিষয়ে জন্মান্তর অস্বীকারকারী নাস্তিক ও জন্মান্তরবাদী আস্তিক, দুই সম্প্রদায়ের মধ্যে যে সকল আপত্তি ও প্রত্যাপত্তি আছে—তাহার কিয়দংশ সন্নিবিষ্ট করা গেল।

আপত্তি। আত্মা অজর, অমর। সুতরাং এই আত্মা পূর্ব্বে এইরূপ একটা দেহ পাইয়াছিল। ইহা যদি সত্য হয় তবে সে কথা স্মরণ হয় না কেন? যখন জন্মান্তরীয় কোন বিষয়ই স্মরণ হয় না, তখন কিসে বিশ্বাস হইবে যে আমি ছিলাম ও আমার পূর্ব্বজন্ম ছিল?

প্রত্যাপত্তি। তোমার বয়স যখন এক বৎসর তখন তুমি কিরূপ ছিলে বলিতে পার? শৈশব কালের কথা দূরে থাক্—কালকার সমগ্র কথা স্মরণ করিয়া বলিতে পার? যখন তাহা পার না তখন জন্মান্তরের কথা মনে পড়ে না কেন? এ আপত্তি করিতে পার না।*

আপত্তি। জন্মন্তরবাদীরা বলেন, মানুষ মরিয়া অশ্ব হইতে পারে। সে কথা কিরূপে বিশ্বাস করিতে পারি? অশ্ব হইতে অশ্বই হয়, মানুষ হয় না। মানব হইতেও অশ্ব হয় না। এ সকল দেখিয়া স্পষ্টই বুঝা যায়, মানবাত্মা অশ্ব হয় না।

প্রত্যাপত্তি। শরীরোৎপত্তির বীজ আত্মা নহে, দেহও নহে। শরীরোৎপত্তির বীজ কর্ম্মাশয় অর্থাৎ অনুষ্ঠিত জ্ঞানের ও কর্ম্মের পুঞ্জীভূত সংস্কার। সেই কারণে, মানবদেহ পাইয়া জীব যদি নিরন্তর অশ্ব ধ্যান করে, কি অশ্বশরীর জন্মিবার অন্যবিধ কারণ কূট সংগ্রহ করে, তাহা হইলে ভাবী জন্মে তাহার অশ্বশরীর না হইবে কেন?

---

* জীব ইহ দেহে যদি মরণকাল পর্য্যন্ত কর্ম্মজ্ঞানাদি সমানরূপে অটল ও অব্যাহত রাখিতে পারে তাহা হইলে তৎসমুদায় কর্ম্ম ও জ্ঞান জন্মান্তরেও অনুবৃত্ত হয়, লোপ হয় না। তাদৃশ জীব জাতিস্মর নামে প্রসিদ্ধ।

অনেক দিন অমনোযোগী থাকিলে ভুলিতে হয়। ভয়, ত্রাস ও যন্ত্রণাদির দ্বারা অভিভূত হইলেও পূর্ব্বানুভূত বিষয় ভুলিতে হয়। রোগ বিশেষের আক্রমে মনুষ্যের পূর্ব্বাভ্যস্ত জ্ঞানের বিলোপ হইতে দেখা যায়। মনুষ্য যখন ইহ শরীরেই সামান্য সামান্য কারণে পূর্ব্বানুভূত বিস্মৃত হয়, অত্যল্প যাতনায় অভিভূত হইয়া উপার্জ্জিত জ্ঞান রাশি বিস্মৃতি সাগরে বিসর্জ্জন দেয়, তখন যে, সে জন্মান্তরানুভূত বিষয় জন্মান্তরে ভুলিবে তাহা বলাই বাহুল্য। প্রথমে উৎকটতর মরণযন্ত্রণা, তৎপরে সে দেহের পরিত্যাগ, তৎপরে অন্য এক নূতন শরীর গ্রহণ, ইত্যাদি ইত্যাদি গুরুতর কারণ পূর্ব্বজন্ম ভুলাইবার জন্য বিদ্যমান আছে।

আপত্তি। মানিলাম, পূর্ব্বজন্মে মানুষ ছিল, কর্ম্মবলে ইহজন্মে সে অশ্ব হইয়াছে। কিন্তু তাহার পূর্ব্বাভ্যস্ত মনুষ্যোচিত জ্ঞান কোথায় গেল? অশ্বশরীরোচিত জ্ঞানই বা তাহার কোথা হইতে আসিল?

প্রত্যাপত্তি। "কারণানুবিধায়িত্বাৎ কার্য্যাণাং তৎস্বভাবতা। নানা-যোন্যাকৃতীঃ সত্ত্বো ধত্তেঽতোদ্রুতলোহবৎ।" যাহা যাহা হইতে জন্মে, তাহা তাহার স্বভাব হয়। এই নিয়মের অনুগুণে নানা যোনি হইতে নানা আকারের জীব জন্মিতেছে। দ্রবীকৃত লৌহ ছাঁচের আকার প্রাপ্ত হইয়া থাকে, অন্যাকার হয় না। জীব যখন যে যোনিতে উৎপন্ন হয়, তখন সেই যোনির অনুরূপ আকার ও স্বভাব প্রাপ্ত হয়। প্রাক্তন সংস্কার অধিক পরিমাণে অভিভূত হইয়া থাকে, সেই কারণে অশ্বের মানবীয় জ্ঞান লুপ্ত থাকে ও অশ্বের আকার ও স্বভাব ব্যতীত মানবের আকার ও স্বভাব হয় না।

আপত্তি। অনুমান হয়, মানব আত্মা ক্রমোন্নতিস্বভাবাপন্ন। ক্রমে উন্নত ভিন্ন অবনত হয় না। ইহার প্রত্যক্ষ প্রমাণ আছে। তাহা শৈশব কৌমার, পৌগণ্ড, যৌবন এই সকল অবস্থা। এই সকল অবস্থা ক্রমো-ন্নতির অবস্থা যখন দেখা যাইতেছে আত্মা এরূপে ক্রমেই উন্নত হয়, অবনত হয় না, তখন যে মরিয়া আবার জন্মিবে, আবার শিশু হইবে,—আবার অজ্ঞানের দশায় ও অনুন্নতির দশায় পড়িবে, ইহা নিতান্ত অবিশ্বাস্য।

প্রত্যাপত্তি। তোমাদের বিশ্বাসকে ধন্য! যুক্তিকেও ধন্য! বালক হইতে যুবা পর্য্যন্ত দেখাইয়া বলিলে, আত্মা ক্রমোন্নতিস্বভাব। কিন্তু বৃদ্ধের উল্লেখ ত করিলে না। বৃদ্ধ হইলে, অতি বৃদ্ধ হইলে, মনুষ্য যে ভীমরথী হয়, তাহা কি দেখ নাই? সে অবস্থা বাল্য অপেক্ষাও নিকৃষ্ট ও অবনতির অবস্থা। তদ্দৃষ্টান্তে বুঝা উচিত যে, সংসারী আত্মা ক্রমো-ন্নতিস্বভাব নহে, কিন্তু উন্নত্যবনতি উভয়বিধস্বভাবাপন্ন। সেই জন্যই সংসারী আত্মা (জীব) স্বোপার্জ্জিত জ্ঞান কর্ম্ম অনুসারে কখন উন্নত

হয়, কখন বা অবনত হয়, কখন উৎকৃষ্ট দেহ পায়, কখন বা নিকৃষ্ট দেহ পায়। অতএব, 'জন্মান্তর নাই' এ পক্ষে কোন সত্যপূর্ণ সদ্‌যুক্তি নাই। বরং জন্মান্তরের অস্তিত্বপক্ষে অনেক সদ্‌যুক্তি আছে। যথা—

"সর্ব্বস্য প্রাণিনামিয়মাত্মাশীর্নিত্যা ভবতি মা ন ভূবম্ ভূয়াসমেবেতি। ন চাঽননুভূতমরণধর্ম্মকস্যৈষা ভবত্যাশীঃ। এতয়া চ পূর্ব্বজন্মানুভবঃ প্রতীয়তে।"

—ব্যাস।

১। প্রাণি-মাত্রেরই একটি নিত্য ও নিয়মিত অভিনিবেশ অর্থাৎ স্বাভাবিক প্রার্থনা আছে। তাহার আকার—আমি যেন মরি না ও থাকি জীবমাত্রেই মরিতে চায় না। মরণের প্রতি তাহাদের বিশেষ বিদ্বেষ দেখা যায়। যত প্রকার ভয় বা ত্রাস আছে, সর্ব্বাপেক্ষা মরণ-ত্রাস অধিক বলবান ও অনিবার্য্য। মরণ-ত্রাস সদ্যোজাত শিশুতেও দৃষ্ট হয়। যে কখন মরণযাতনা অনুভব করে নাই, অন্যের মরণ দেখে নাই, শুনেও নাই, কোনও প্রকারে মরণ ত্রাস অনুভব করে নাই, তাদৃশ ব্যক্তির অন্তরেও মারক বস্তু দর্শনে ত্রাস জন্মে। কেন, তাহা বলিতেছি। মরণে যদি ক্লেশ থাকে, এবং যদি তাহা আর কখন অনুভূত হইয়া থাকে, তবেই মারক বস্তু দর্শনে ত্রাস কম্পাদি উপস্থিত হইতে পারে; নচেৎ পারে না। সুতরাং বিশ্বাস করা উচিত যে, জন্মান্তরীয় মরণদুঃখ ভোগের বা অনুভবের সংস্কার তাহার অন্তরিন্দ্রিয়ে লুক্কায়িত ছিল, অদ্য তাহা অজ্ঞাতসারে উদ্বুদ্ধ হইয়া তাহাকে ভীত ও কম্পিত করিয়া তুলিয়াছে। বিশেষতঃ সদ্যোজাত বালকের মরণত্রাসের সঙ্গে ইহজন্মের সম্বন্ধ দেখা যায় না। তাহাতেও জন্মান্তর অনুমিত হইতে পারে। এ সম্বন্ধে ত্রিকাল-দর্শী ঋষিমাত্রেই অনুভব করেন ও বলেন, জীবের জীবস্বভাবের অন্তর্গত মরণ-ত্রাসই পূর্ব্বজন্ম থাকার চিহ্ন।*

* সদ্যোজাত শিশু পূর্ব্বদেহে মরণ ক্লেশ অনুভব করিয়াছিল, এ হেতু তজ্জনিত

২। ইচ্ছা। ইচ্ছা একটি আত্মগুণ বা আত্মলগ্ন শক্তিবিশেষ। ভাবিয়া দেখ, কিরূপ কারণে তাহা উদিত হইয়া থাকে। ইচ্ছার জনক সৌন্দর্য্য জ্ঞান। ভাল বলিয়া অনুভব না হইলে এবং ইহা আমার অনুকূল বা উপকারক, এ বোধ না হইলে, কোন ক্রমে তদ্বিষয়ে ইচ্ছোদ্রেক হইবে না। ইচ্ছার ন্যায় ভয়, ত্রাস, প্রবৃত্তি, প্রভৃতি সমুদায় অন্তর্বৃত্তির প্রতি ঐ নিয়ম চিরপ্রতিষ্ঠিত। অতএব, সদ্যঃপ্রসূত শিশুর ইচ্ছা, প্রবৃত্তি ও ত্রাস প্রভৃতির সহিত যখন ইহজন্মের সেরূপ কোন সম্বন্ধ দেখা যায় না, তখন অবাধে বলিতে ও মানিতে পারা যায়, সে সকলের সহিত পূর্ব্বজন্মের সম্বন্ধ আছে। পূর্ব্বজন্মার্জ্জিত সেই সেই সংস্কার তাহাকে সেই সেই বিষয়ে রুচি, ইচ্ছা ও প্রবৃত্তি প্রভৃতি জন্মাইয়া চরিতার্থ হয়। অতএব, সদ্যোজাত শিশুর প্রথম স্তন্যপানপ্রবৃত্তিও জন্মান্তর থাকার দ্বিতীয় চিহ্ন।

৩। শতবর্ষ বয়সের বৃদ্ধও শরীরনিরপেক্ষ জ্ঞানে আপনার বৃদ্ধত্ব অনুভব করে না। সে যখন নিজ শরীরের ও ইন্দ্রিয়ের প্রতি লক্ষ্য করে, তখনই সে বুঝে, আমি বৃদ্ধ হইয়াছি। এ নিয়ম বালকেও

সংস্কার তাহার চিত্তে আহিত ছিল, এক্ষণে মারক পদার্থ দর্শনে তাহার সেই সংস্কার অলক্ষ্যে, অজ্ঞাতসারে ও অপরিস্ফুটরূপে উদ্বুদ্ধ হইল, অমনি ত্রাস জন্মিল, চিত্ত কাঁপিয়া উঠিল। সে ত্রাস কোন সাক্ষাৎ কারণে উপস্থিত হয় নাই, মাত্র সংস্কার প্রভাবে উদিত হইয়াছে। সেই কারণে তাহা পূর্ব্ব মরণ-ক্লেশের প্রতিছায়াস্বরূপ। সেই জন্যই "আমি আর একবার মরিয়াছিলাম, মরণের বড় ক্লেশ।" ইত্যাদি প্রকার বৃত্তান্ত বা ক্লেশের সমুদয় আকার স্মরণ হয় না। তাহা না হইবার হেতু এই যে, সে উদ্বোধ কোন সাক্ষাৎকারণে উপস্থিত হয় নাই। যে সকল অভ্যস্ত বিষয় ইন্দ্রিয়ের সাহায্য ব্যতীত কেবল মাত্র অন্তর্নিহিত সংস্কারের স্বতঃ উদ্বোধ প্রভাবে উদিত হয়, সে সকল যার পর নাই অস্পষ্ট। তাহা প্রতিচ্ছায়া বা আভাসমাত্র। অত্যন্ত বিস্মৃত বিষয়ের ঐরূপ উদ্বোধই হইয়া থাকে, পরিপুষ্ট উদ্বোধ হয় না।

বিদ্যমান আছে। আত্মা অজর অমর বলিয়াই ঐরূপ ঘটনা হইয়া থাকে। আত্মা বৃদ্ধ হয় না, মরেও না, তদাশ্রিত দেহই বৃদ্ধ হয় ও মরে। সুতরাং আত্মার অমরত্ব ও দেহের পরিবর্ত্তন, এই দুয়ের দ্বারাও জন্মান্তর থাকা অনুমিত হয়।

৪। বিদ্যা বুদ্ধি সকলের সমান না হওয়াও জন্মান্তর থাকার অন্যতম চিহ্ন। এমন অনেক লোক আছেন, যাঁহারা দশবৎসরেও সামান্য রঘুবংশ কাব্য বুঝিতে অক্ষম; কিন্তু তাঁহারা যার পর নাই কঠিন ভাগবত শাস্ত্র সহজে বুঝিতে পারেন।

৫। আগ্রহ অর্থাৎ ঝোঁক। ইহার অন্য এক নাম প্রবৃত্তিনির্ব্বন্ধ। এই আগ্রহও জন্মান্তর থাকার অনুমাপক। এক এক বিষয়ে এক এক জনের এমন এক এক অনিবার্য্য ঝোঁক থাকে যে, যষ্টির আঘাত করিলেও সে তাহা হইতে নিবৃত্ত হয় না। তাদৃশ আগ্রহ বা ঝোঁক পূর্ব্বজন্মের সংস্কার বা অভ্যাস ব্যতীত অন্য কিছু নহে।

৬। জীববিশেষের স্বভাব ও কর্ম্মবিশেষ পূর্ব্বজন্ম থাকা সপ্রমাণ করিতে সমর্থ। সদ্যঃপ্রসূত শাখামৃগের শাখা আক্রমণ ও সদ্যঃপ্রসূত গণ্ডারশিশুর পলায়নবৃত্তান্ত ভাবিয়া দেখিলে অবশ্যই পূর্ব্বজন্মের প্রতি অবিশ্বাস দূরে পলায়ন করিবে। বিশেষতঃ খড়্গী পশুর স্বভাব পর্য্যালোচনা করিলে স্পষ্টই প্রতীত হইবে, জন্মান্তর আছে।

কেবল আমরা বলি না, অনেক পশুতত্ত্ববিৎ ইংরাজপণ্ডিত বলিয়াছেন যে, গণ্ডারী শাবক প্রসব করিয়া কিছুক্ষণের জন্য অভিভূত হইয়া থাকে। যখন সে সন্তানের গাত্র লেহন করিতে যায়, তখন আর তাহাকে দেখিতে পায় না। কারণ এই যে, গণ্ডারশিশু ভূমিষ্ঠ হইবামাত্র পলায়ন করে। ৫।৭ দিন পরে আবার উভয়ে উভয়ের অন্বেষণ করিয়া একত্রিত হয়। এই বৃত্তান্ত দেখিয়া পণ্ডিতগণ অনুমান করেন যে, স্বভাবের সামর্থ্যেই হউক, আর ঈশ্বরের সৃষ্টিকৌশলেই হউক, আর জন্মান্তরীয়

সংস্কারের বলেই হউক, গণ্ডারশিশু বুঝিতে পারে, আমার মা আমাকে লেহন করিবে, করিলে আমার দেহ ক্ষত বিক্ষত হইবে। পাছে মা গা চাটে, সেই ভয়ে গণ্ডারশাবক ভূমিষ্ঠ হইবামাত্র পলায়ন করে; পরে গাত্রচর্ম্ম ৫।৭ দিনে কাঠিন্য প্রাপ্ত হইলে তখন তাহারা পরস্পর পরস্পরকে খুঁজিয়া লয়। বস্তুতঃই গণ্ডারীর জিহ্বায় এত ধার যে, বৃক্ষ লেহন করিলে বৃক্ষের ত্বক্ উঠিয়া যায়। গণ্ডার পশুর এই অদ্ভুত স্বভাব পূর্ব্বজন্ম থাকার অনুমাপক। পূর্ব্বজন্ম না থাকিলে গণ্ডার পশু কদাচ ঐ স্বভাব পাইত না। এইরূপ এইরূপ এত উদাহরণ বিদ্যমান আছে যে, সে সকলের রহস্য চিন্তা করিলে স্থিরবুদ্ধি মনুষ্যমাত্রেই জন্মান্তর বিশ্বাস না করিয়া থাকিতে পারেন না।

জন্ম, মরণ, জীবন

আত্মা যদি অজর অমর হইল, তবে মরে কে? এই প্রশ্নের মীমাংসা করিতে পারিলে এক সঙ্গে জন্ম মরণ ও জীবন তিনেরই বর্ণন বা মীমাংসা হইয়া আইসে। ঋষি মাত্রেই বলেন, "নাহয়ং হন্তি ন হন্যতে।" আত্মা কাহাকেও মারেন না, নিজেও মরেন না; কারণ, 'মরণ' নামক কোন স্বতন্ত্র পদার্থ নাই। যে ঘটনাকে মরণ বলিয়া জান তৎপ্রতি লক্ষ্য কর, সূক্ষ্মানুসূক্ষ্মরূপে বিবেক বুদ্ধি পরিচালন কর, বুঝিতে পারিবে মরে কে। মরণ কি তাহা বিবেচনা কর। কতকগুলি তৃণ, কাষ্ঠ ও রজ্জু প্রভৃতি অবয়ব একত্রিত করিয়া একটি অবয়বী (গৃহাদি) নির্ম্মাণ করিলে। জল, বায়ু ও মৃত্তিকা আহরণ করিয়া অন্য একটী অবয়বী (ঘটাদি) প্রস্তুত করিলে। ক্ষিতি, জল ও বীজ একত্রিত হইল, তাহাতে অঙ্কুর জন্মিল, তাহা হইতে শাখা পল্লবাদি উৎপন্ন হইল। বলিবে, বৃক্ষ জন্মিয়াছে। কিছুদিন পরে সে সকলের সে সকল অবয়ব বিশ্লিষ্ট হইল অথবা সে সকল অবয়বের সংযোগ বিধ্বস্ত হইল। বলিলে কি-না, গৃহ ভগ্ন হইয়াছে, ঘট

ধ্বস্ত হইয়াছে, এবং বৃক্ষ মরিয়া গিয়াছে। ভাবিয়া দেখ কিরূপ ঘটনার উপর তোমরা ভঙ্গ, ধ্বংস ও মরণ শব্দ ব্যবহার করিয়াছ। বলিতে কি, অবয়বের শৈথিল্য, বিকার, অথবা সংযোগধ্বংস, এই অন্যতমের উপরেই তোমরা মরণাদি শব্দের প্রয়োগ করিয়াছিলে। যদি তাহাই করিয়া থাক, তবে তাহা নির্জীব পদার্থ হইতে উঠাইয়া সজীব পদার্থে আনয়ন কর। তাহা হইলে বুঝিতে পারিবে, জীবন্ত পদার্থের মরণ কি? জন্ম মরণ আর কিছু নহে, অবয়বের অপূর্ব্বসংযোগভাব জন্ম এবং তাহার বিয়োগ ভাব মরণ। "মৃত্যুরত্যন্তবিস্মৃতিঃ।" মরণ ও আত্যন্তিক বিস্মরণ সমান কথা। যে কারণকূট জীবকে দেহপিঞ্জরে আবদ্ধ রাখিয়া ছিল, সেই কারণকূট বা সংযোগবিশেষ বিনষ্ট হইলে অত্যন্ত বিস্মরণ বা মহাবিস্মরণ নামক মরণ হয়। মরণ হইলে দেহাদির অন্য প্রকার বিকার উপস্থিত হয়। অতএব, অবয়ব সকলের অপূর্ব্বসংযোগের নাম জন্ম এবং বিয়োগবিশেষের নাম মরণ। এই তথ্য সাংখ্যাচার্য্যেরা "অপূর্ব্ব-দেহেন্দ্রিয়াদিসংঘাতবিশেষেণ সংযোগশ্চ বিয়োগশ্চ" এইরূপ এইরূপ কথায় বুঝাইয়া দিয়াছেন। তাহাতে অবধারণ হইতেছে যে, মরণ সাবয়ব বস্তুরই হয়, নিরবয়ব বস্তুর নহে। নিরবয়বের অবয়ব নাই, সুতরাং মরণও নাই। আত্মা নিরবয়ব, সে জন্য আত্মার মরণ নাই। নিতান্ত সূক্ষ্ম ও নিরবয়ব ইন্দ্রিয়গণেরও মরণ নাই।

আত্মা মরে না, ইন্দ্রিয় মরে না, এই সিদ্ধান্তই যদি সত্য হয়; তাহা হইলে অমুক মরিয়াছে, আমি মরিব, আমি মরিলাম, এরূপ না বলিয়া "দেহ মরিয়াছে", "দেহ মরিবে", এইরূপ বলাই ত উচিত? কিন্তু কৈ? কেহই ত সেরূপ বলে না। না বলিবার কারণ কি? কারণ আছে। লোকে এই দৃশ্যমান সংঘাতের অর্থাৎ দেহ, ইন্দ্রিয় প্রাণ, মন, এই সকলের সম্মিলন ভাবের বিনাশ লক্ষ্য করিয়াই 'মরণ' শব্দ প্রয়োগ করিয়া থাকে। পরন্তু প্রাণসংযোগের ধ্বংসই উক্ত শব্দের প্রধান লক্ষ্য।

প্রাণব্যাপার নিবৃত্ত না হইলে অন্য গুলির সম্বন্ধ নিবৃত্ত হয় না। 'জীবন' 'মরণ' এই শব্দদ্বয়ের ধাতব অর্থ অন্বেষণ করিলেও কথিত অর্থ প্রতীত হয়। 'জীব' ধাতুর অর্থ প্রাণ-ধারণ ও 'মৃ' ধাতুর অর্থ প্রাণ পরিত্যাগ। সুতরাং বুঝা যাইতেছে যে, প্রাণ যতক্ষণ দেহেন্দ্রিয়াদিসংঘাতে মিলিত থাকে, ততক্ষণই তাহার জীবন এবং তাহার বিচ্ছেদ হইলেই মরণ। কাজেই বলিবে ও বলিব ; মরণে আত্মার বিনাশ হয় না—দেহের সহিত তাঁহার বিচ্ছেদ হয় মাত্র। নূতন আত্মা হয় না, নূতন শরীর উৎপন্ন হয় মাত্র। আমি মরিলাম ও অমুক মরিল, এ সকল শব্দের অর্থ ঔপচারিক। আত্মার অধ্যাস থাকাতেই দেহাদিসংঘাত অহংপ্রত্যয়গম্য হয় এবং সেই কারণে সেই সেই প্রকারের ঔপচারিক প্রয়োগ হইয়া থাকে ; কিন্তু প্রাণসংযোগের ধ্বংসই যথার্থ মরণ।*

---

* তৃণকাষ্ঠাদি সংহত করিয়া তাহার যে দৃঢ়তা ও ব্যবহারোপ-যোগিতা সম্পাদন করা যায় তাহার নাম গৃহীর জীবন। সেই দৃঢ়তার এবং সেই ব্যবহারোপযোগিতার যে অবস্থানকাল তাহা তাহার আয়ু। জীবদেহের জীবন বা আয়ু তাহারই অনুরূপ।

শ্বাস প্রশ্বাস যাহার কার্য্য তাহা 'প্রাণ' শব্দের বাচ্য। পরন্তু প্রাণ যে কি পদার্থ তাহা নির্ণয় করিতে গিয়া দার্শনিকদিগের মধ্যে মতভেদ জন্মিয়াছে। কেহ বলেন, উহা বাহ্য বায়ু। কেহ বলেন, উহা ইন্দ্রিয় সমষ্টির ব্যাপার বিশেষ। কেহ বলেন, উহা এক প্রকার স্বতন্ত্র পদার্থ। প্রথম মতের সিদ্ধান্ত এইরূপ—"শরীরে যে তেজ বা উষ্মা জল ও আকাশ বা অবকাশ আছে, নিশ্বাস প্রশ্বাস তৎ-ত্রিতয়ের সাংযোগিক কার্য্য। দৈহিক উষ্মা বা তাপ রসরক্তাদিরূপ জলকে উত্তেজিত করে। তদুভয়ের সংঘর্ষজনিত ক্রিয়াবিশেষ (বেগ) উদরকন্দরস্থ আকাশে গিয়া পরিপুষ্ট হয়। ঐ পরিপুষ্ট সাংযোগিক ক্রিয়া ফুস্‌ফুস্‌ নামক সঙ্কোচ-বিকাশশীল যন্ত্রকে সঙ্কুচিত ও বিকসিত করে। বিকাশ ক্রিয়ায় বাহ্য বায়ুর পরিগ্রহ বা পুরণ হয়, পরে সঙ্কোচক্রিয়ায় তাহার ত্যাগ বা বহির্গতি জন্মে। প্রাণযন্ত্রের ঐরূপ ক্রিয়ায় ভক্ষ্য দ্রব্য সকল পরিপাক প্রাপ্ত ও তৎপ্রভব রসরক্তাদি দেহের সর্ব্বত্র প্রেরিত হয়। দেহের হ্রাস, বৃদ্ধি, জন্ম ও

সূক্ষ্মশরীর ও পরলোকগতি

যাহা সর্ব্বব্যাপী বা পূর্ণ তাহার আবার গতি কি? পূর্ণের গতি অর্থাৎ যাতায়াত করিবার স্থান কৈ? যাহার যাতায়াত করিবার স্থান থাকে তাহা পূর্ণ নহে। যে বস্তু পূর্ণস্বভাব তাহার গমনাগমন অসম্ভব। পরিচ্ছিন্ন বা খণ্ড পদার্থেরই যাতায়াত, পরিপূর্ণ পদার্থের নহে। আত্মা পূর্ণস্বভাব; সেজন্য তাঁহার গত্যাগতি নাই।

তবে যাতায়াত করে কে? কে-ই বা জন্ম মরণ-প্রবাহ ভোগ করে? স্থূল শরীর পড়িয়া থাকে, আত্মারও যাওয়া আসা নাই; তবে যায় কে? আসেই বা কে? এই প্রশ্নের উত্তর দানার্থ সাংখ্য বলেন, (কেবল সাংখ্য নহে, সকল শাস্ত্রই বলেন) দৃশ্যমান স্থূল দেহের অভ্যন্তরে সূক্ষ্ম শরীর আছে, সেই সূক্ষ্ম শরীর বার বার যাতায়াত করে। যাবৎ না মুক্তি হয়, যাবৎ না প্রাকৃতিক প্রলয় উপস্থিত হয়, তাবৎ তাহা থাকে ও ইহলোক পরলোক গমনাগমন করে। "উপাত্তমুপাত্তং ষাট্কৌষিকং শরীরং গৃহ্লাতি, হায়ং হায়ঞ্চোপাদত্তে।"

মরণাদি যে কিছু ঘটনা সমস্তই ঐ প্রাণযন্ত্রের অধীন। প্রাণোৎপত্তির মূল কারণ জল ও তেজ। তদ্দ্বয়ের অন্যথা হইলে প্রাণকার্য্য রুদ্ধ হয়। তৎসঙ্গে অন্যান্য সংযোগও বিধ্বস্ত হয় সুতরাং প্রাণীর প্রাণধ্বংসরূপ মরণ জন্মে। প্রাণ নাভিকন্দর হইতে সমুৎপন্ন হইয়া ফুসফুস প্রভৃতি ভিন্ন ভিন্ন স্থানে গিয়া ভিন্ন ভিন্ন কার্য্য করে, সেজন্য তাহার ভিন্ন ভিন্ন নাম আছে। যথা—হৃদয়ে প্রাণ, গুহ্যে অপান, ইত্যাদি।

যাঁহারা বলেন, প্রাণ ইন্দ্রিয় সমষ্টির অনুব্যাপার, তাঁহাদের মতের মর্ম্মকথা এই।—যেমন পিঞ্জরস্থ অনেকগুলি পক্ষীর প্রাতিস্বিক ব্যাপার পুঞ্জীভূত হইয়া একটি অনুব্যাপার বা বেগরূপ ব্যাপার উপস্থিত করে ও তদ্বলে পিঞ্জর পরিচালিত হয়, সেইরূপ, প্রত্যেক ইন্দ্রিয়ের দর্শন, শ্রবণ ও মননাদির প্রত্যেক প্রত্যেক ব্যাপারের অনুব্যাপাররূপ স্বতন্ত্র স্বতন্ত্র এক একটী ব্যাপার উপস্থিত হইয়া প্রাণযন্ত্র উত্তেজিত বা পরিচালিত করিয়া

জীব যে বার বার যাট্‌কৌষিক শরীর গ্রহণ করে, বার বার তাহা পরিত্যাগ করে, তাহাই জীবের যাতায়াত ও ইহ-পর-লোক-সঞ্চরণ। দৃশ্যমান স্থূল শরীর শাস্ত্রীয় ভাষায় যাট্‌কৌষিক শরীর নামে বিখ্যাত। * যাট্‌কৌষিক শরীর শুক্র-শোণিতের পরিণামে উৎপন্ন। সূক্ষ্ম শরীর সেরূপ নহে। সূক্ষ্ম শরীর অন্তঃকরণের অর্থাৎ বুদ্ধীন্দ্রিয় নিচয়ের সমষ্টি বা তদ্দ্বারা রচিত। সুতরাং তাহা অত্যন্ত সূক্ষ্ম। যেহেতু যৎপরোনাস্তি সূক্ষ্ম সেই হেতু তাহা অচ্ছেদ্য, অভেদ্য, অদাহ্য অক্লেদ্য ও অদৃশ্য। যাহার মূর্ত্তি নাই, অবয়ব নাই, কেবল জ্ঞানময় পদার্থ কে কাহাকে দেখিতে পায়? কে-ই বা তাহাকে ছেদ ভেদ দাহ করিতে পারে? বায়ু যেমন অচ্ছেদ্য, অভেদ্য, অদাহ্য, অক্লেদ্য ও অদৃশ্য; সূক্ষ্ম শরীরও তদ্রূপ। আদি সৃষ্টিকালে প্রকৃতি হইতে প্রত্যেক আত্মার নিমিত্ত এক একটী সূক্ষ্ম শরীর উৎপন্ন হইয়াছিল। প্রকৃতির পুনঃসাম্যাবস্থা বা জীবের মুক্তি না

থাকে। এই মতের ফলব্যাখ্যা এই যে, ইন্দ্রিয়বৃত্তি সতেজ থাকিতে প্রাণব্যাপার বন্ধ হয় না। মরণকালে অগ্রে ইন্দ্রিয়বৃত্তির নিরোধ, পরে প্রাণত্যাগ হইয়া থাকে।

তৃতীয় পক্ষ বলেন, প্রাণ বাহ্যবায়ু নহে, ইন্দ্রিয় ব্যাপারও নহে। ইন্দ্রিয়গণের ন্যায় ইহাও একটি স্বতন্ত্র পদার্থ, জীবের সহিত একযোগে বাস করে। ইন্দ্রিয়ের কার্য্য-শক্তি প্রাণের দ্বারা উৎপন্ন ও সংরক্ষিত হয়। প্রাণ যতক্ষণ সতেজ থাকিবে ততক্ষণ ইন্দ্রিয়গণ কার্য্য করিতে পারিবে। প্রাণ যতক্ষণ থাকিবে ততক্ষণ রসরক্তাদি সমুৎপন্ন ও সঞ্চালিত হইয়া দেহ রক্ষা করিবে। প্রাণ যে অঙ্গ পরিত্যাগ করিবে সে অঙ্গ তৎক্ষণাৎ শুষ্ক (পক্ষাঘাতাদি প্রাপ্ত) হইবে। প্রাণই উৎক্রান্তির কারণ। অর্থাৎ মনুষ্য যখন মরে, তখন প্রাণ ইন্দ্রিয়গণকে লইয়া উৎক্রান্ত অর্থাৎ নিষ্ক্রান্ত হয়।

* ত্বক্‌, রক্ত, মাংস, স্নায়ু, অস্থি ও মজ্জা, এই ছয়টী কোষ অর্থাৎ আত্মার আবরণ। সেইজন্য ষট্‌কোষাত্মক স্থূল দেহ ষাট্‌কৌষিক নামে খ্যাত।

হওয়া পর্য্যন্ত সে সকল সূক্ষ্ম শরীর থাকিবে ও পুনঃ পুনঃ তদ্‌গাত্রে যাট্‌কৌষিক শরীর জন্মিবে। †

দৃশ্যমান দেহের অভ্যন্তরে যে একটি সূক্ষ্ম দেহ আছে তাহার প্রমাণ কি? সাংখ্য বলেন, যোগীদিগের অনুভব ও তাঁহাদের অদ্ভুত কার্য্যকলাপ তাহার প্রমাণ। কিরূপ কার্য্যকলাপ সূক্ষ্ম শরীরের অস্তিত্বসাধক তাহা যোগী না হইলে বুঝিতে পারা যায় না। যোগীরা যোগ-সাধন করিয়া সূক্ষ্ম শরীরটীকে এত আয়ত্ত করিয়া থাকেন যে, তাঁহারা মাংসলিপ্ত অস্থিপঞ্জরের দৃশ্যশরীর হইতে বহির্গত হইয়া স্বেচ্ছামত বিচরণ ও পরশরীরে প্রবেশ করিতে পারেন। "পরকায়প্রবেশন" নামক সে যোগ এক্ষণে লুপ্ত। এক্ষণে কেবল যুক্তির দ্বারা সূক্ষ্মশরীরসদ্ভাব বোধগম্য করিতে হয়। কিরূপ যুক্তিতে সূক্ষ্ম শরীরের অস্তিত্ব অনুভূত হইতে পারে তাহা বলিতেছি, প্রণিহিত হও। ধর্ম্মাধর্ম্ম, জ্ঞানাজ্ঞান, বৈরাগ্যা-বৈরাগ্য, ঐশ্বর্য্যানৈশ্বর্য্য (ধন রত্ন নহে, ক্ষমতারূপ ঐশ্বর্য্য ও অক্ষমতারূপ অনৈশ্বর্য্য) ও লজ্জা ভয় প্রভৃতি যে সকল গুণ মানবীয় আত্মাকে বস্ত্রকুসুমন্যায়ে * নিরন্তর অধিবাসিত করিতেছে, সে সমস্তই বুদ্ধিপদার্থ মধ্যে গণনীয়। কারণ এই যে, বুদ্ধিরই বিশেষ বিশেষ অবস্থা ধর্ম্মাধর্ম্মাদি বিবিধ নামের নামী। বুদ্ধি নিরাশ্রয়ে থাকিবার নহে; অবশ্য তাহার আশ্রয় আছে। অভিনিবেশ পূর্ব্বক চিন্তা করিলে প্রতীত হইবে, বুদ্ধি মাংসলিপ্ত অস্থিপঞ্জরে অবস্থিত নহে। নিরুপাধিক আত্মাতেও

---

† সূক্ষ্ম শরীরের নামান্তর লিঙ্গ শরীর। কোন মতে ইহার অবয়ব সপ্তদশ, মত বিশেষে ইহা ষোড়শাবয়ব, মতান্তরে পঞ্চদশাবয়ব। সকল মতেই ইহা প্রাণ, মন বুদ্ধি ও ইন্দ্রিয়ের দ্বারা রচিত। বেদান্ত চৈতন্যাধিষ্ঠিত সূক্ষ্ম শরীরকেই জীব বলেন।

* বস্ত্রে পুষ্প স্পর্শ হইতে থাকিলে যেমন বস্ত্রখানি পুষ্পসৌরভে সুবাসিত হয়, তাহার ন্যায়।

অবস্থিত নহে। নিরুপাধিক আত্মা নির্গুণ নিষ্ক্রিয় ও নির্ধর্ম্মক; সুতরাং বুদ্ধির পৃথক্ আশ্রয় কল্পনীয় না অনুমেয়। যাহা বুদ্ধির আশ্রয় তাহাই সূক্ষ্ম শরীর। সূক্ষ্ম শরীরেই বুদ্ধির স্থিতি ও উৎপত্তি।

সাংখ্যকার বলেন, চিত্র যেমন আশ্রয় ব্যতীত স্থিতি লাভ করে না, ছায়া যেমন মূর্ত্ত পদার্থ ব্যতীত থাকিতে পারে না, সেইরূপ লিঙ্গ অর্থাৎ নানাপ্রভেদবতী বুদ্ধিও কোন এক উপযুক্ত আশ্রয় বা আধার ব্যতীত থাকিতে পারে না। সেই হেতু এই মাংসলিপ্ত অস্থিরচিত দৃশ্য দেহের অন্তরালে সূক্ষ্ম ইন্দ্রিয়াতীত শরীর থাকা অনুমিত হয়। স্থূলশরীর দশায় কর্ম্ম জ্ঞান সমস্তই সেই শরীর সহায়ে উৎপন্ন হয় এবং তদুভয়ের সংস্কার (ছাপ বা দাগ) তাহাতেই স্থিতি লাভ করে। জন্ম মরণের অন্তরাল অবস্থায় অর্থাৎ স্থূল শরীর বিযুক্ত হইয়াছে অথচ অভিনব অপর স্থূল শরীর উৎপন্ন হয় নাই, সে অবস্থাতেও ধর্ম্মাধর্ম্মাদির সংস্কার তাহাতে আবদ্ধ থাকে। ইহ-জন্মে যে সকল বুদ্ধিবৃত্তির প্রাদুর্ভাব হইতেছে, তত্তাবতের

ধর্ম্মাধর্ম্ম প্রভৃতি জ্ঞান পদার্থের উৎপত্তি ও স্থিতি সম্বন্ধে ন্যায়শাস্ত্রের মত অন্যবিধ। আত্মা এক প্রকার দ্রব্য, পরন্তু তাহা জড় ও নিষ্ক্রিয়। মনও এক প্রকার দ্রব্য, অধিকন্তু তাহা জড় ও সক্রিয়। ঐ দুই পদার্থ যখন সংযুক্ত হয় তখনই আত্মাতে জ্ঞান ও গুণ উৎপন্ন হয়। ধর্ম্মাধর্ম্মাদিরও ঐ নিয়মে উৎপত্তি ও স্থিতি হইয়া থাকে এবং তাহা আকাশের ন্যায় জড় আত্মায় উৎপন্ন হইয়া থাকে।

নাস্তিক চূড়ামণি চার্ব্বাকের মত এই যে, জ্ঞান, বুদ্ধি, চৈতন্য, এ সকল একই বস্তু, উহা মস্তিষ্ক বা মস্তকঘৃতের গুণ। মস্তিষ্কই জ্ঞানের উৎপত্তির ও স্থিতির স্থান। এ বিষয়ে সাংখ্যাধ্যায়ীদিগের অভিপ্রায় এই যে, চৈতন্য নামক জ্ঞান যদি দেহের অবয়ব বিশেষের গুণ হইত, তাহা হইলে অবয়ব সত্ত্বে চৈতন্যের বিলোপ হইত না। বস্তু থাকিতে গুণের অত্যন্ত অভাব হওয়া অসম্ভব। মৃতমস্তকে মস্তিষ্ক থাকিতেও যখন জ্ঞানের অভাব হয়, তখন তাহা মস্তিষ্কগুণ নহে। "ন হি স্বভাবোভাবানাং ব্যাবর্ত্তেতৌষ্ণবদ্রবেঃ"।

সংস্কার লিঙ্গ শরীরে আবদ্ধ হইতেছে ও থাকিয়া যাইতেছে। বুদ্ধির আবির্ভাবপ্রভাবে দৃশ্য দেহটী স্পন্দিত হয় মাত্র। এবং তাহার সংস্কার ব্যতীত অন্য সংস্কার (ধর্ম্মাধর্ম্ম) ইহাতে আবদ্ধ হয় না। সেই কারণে স্থূলদেহের ধ্বংসে ধর্ম্মাধর্ম্মাদির সংস্কার বিলুপ্ত হয় না এবং ইহজন্মের কার্য্যরুচি পূর্ব্বজন্মের সংস্কারানুরূপই হইয়া থাকে। "মাতাপিতৃজা নিবর্ত্তন্তে" মাতৃ পিতৃজাত অর্থাৎ শুক্রশোণিতের দ্বারা উৎপন্ন এই যাট্‌কৌষিক স্থূল দেহ "বিড়ন্তা ভস্মান্তা রসান্তা বা" অর্থাৎ পড়িয়া থাকে। পচিয়া যায়, মৃত্তিকা হয়, ভস্ম হয়, শৃগাল কুক্কুরাদির ভক্ষ্য হয়, বিষ্ঠাও হয়। কিন্তু "সূক্ষ্মাস্তেষাং নিয়তাঃ" তন্মধ্যে সূক্ষ্ম শরীর নিয়তকালবর্ত্তী। তাহা মোক্ষ অথবা প্রলয় না হওয়া পর্য্যন্ত থাকে। "উপাত্তমুপাত্তং যাট্‌কৌষিকং শরীরং জহাতি হায়ং হায়ঞ্চোপাদত্তে।" বার বার যাট্‌কৌষিক শরীর গ্রহণ করে ও বার বার তাহা হইতে বিযুক্ত হয়। যাট্‌কৌষিক শরীর উৎপন্ন হওয়া জন্ম এবং তাহা হইতে বিযুক্ত হওয়া মরণ।

মরণ-প্রণালী

জীব জন্মগ্রহণ করিয়া নানাপ্রকার কর্ম্মে ব্যাসক্ত হইয়াছে। অসংখ্য-প্রকার জ্ঞান সঞ্চয় করিয়াছে। সে সকলের সংস্কার সূক্ষ্মশরীরে পর পর হইয়াছে। জরা উপস্থিত। জীর্ণ বস্ত্রের ন্যায়, সর্পের নির্ম্মোকত্যাগের ন্যায়, পুনরপি জরাজীর্ণ দেহের পরিবর্ত্তন আবশ্যক হইয়াছে। আর আয়ুঃ নাই, এখন মুমূর্ষু; যে বাহ্য বায়ু এত দিন শারীর বায়ুকে অনুগ্রহ করিয়া আসিয়াছে, যে বাহ্য তেজ দৈহিক তাপ সমান রাখিয়া আসিয়াছে, এখন সে বায়ু ও সে তেজ শরীর বায়ুর ও শারীর তেজের প্রতিকূল। সেই কারণে এখন ভুক্তদ্রব্যের যথাযথ পাক ও রস রক্তাদির উৎপত্তি ও সঞ্চরণ অবরুদ্ধ হইয়াছে। দেখিয়া লোক বলিতে লাগিল, অমুক মুমূর্ষু।

অবিলম্বে শারীর তেজ ও বাহ্যতেজ উভয়ের সম্পর্ক বিচ্ছিন্ন হইল। অমনি অঙ্গ প্রত্যঙ্গ সকল শীতল হইয়া পড়িল। লোকে বলিতে লাগিল—অমুক হিমাঙ্গ হইয়াছে, আর বাঁচিল না। এই সময় মুখ্য প্রাণ আপনার বৃত্তি (কার্য্য) গুটাইয়া লইলেন ও বলবৎ বেগ ধারণ করিলেন। শ্বাসোচ্ছ্বাস বৃদ্ধি পাইল, দেখিয়া লোকে বলিতে লাগিল, শ্বাস বা টান হইয়াছে। শ্বাস বা টান চক্ষু ও কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়-গুলিকে টানিতে লাগিল। তাহারাও আপন আপন স্থান ত্যাগ করিয়া প্রাণে আসিয়া মিশিল। লোকে দেখিল মুমূর্ষু'র চক্ষে জাল পড়িয়াছে, মুমূর্ষু দেখিতে পায় না। মুখ্য প্রাণ এই অবসরে ইন্দ্রিয়ময় সূক্ষ্ম শরীর সঙ্কোচ করিয়া লইয়া স্বস্থান নাভি পরিত্যাগ করিয়া কণ্ঠে আসিয়া উপস্থিত হইল। লোকে বলিতে লাগিল, কণ্ঠশ্বাস হইয়াছে—আর বিলম্ব নাই। মুখ্য প্রাণ এই স্থানে থাকিয়া চিত্তকে আকর্ষণ করিল চিত্তও স্থানচ্যুত হইল ও প্রাণে আসিয়া মিশিল। লোকে বলিল আর জ্ঞান নাই—নামাও। এই অবকাশে মুখ্য প্রাণ স্বীয় উদ্‌গমন বৃত্তি অবলম্বন করিয়া চৈতন্যাধিষ্ঠিত সূক্ষ্ম শরীর লইয়া বহির্গত হইল ও ষাট্‌কৌষিক বা স্থূল শরীর পড়িয়া রহিল।*

---

*শাস্ত্রে লিখিত আছে চক্ষু, কর্ণ, নাসিকা, মুখ, নাভি, মলদ্বার, প্রস্রাবদ্বার, পায়ের বৃদ্ধাঙ্গুলি, ব্রহ্মরন্ধ্র;—এই কয়েকটী স্থান প্রাণনির্গমনের দ্বার। যে স্থান দিয়া মনুষ্যের প্রাণ নির্গত হয়, সে স্থান কোন এক বিশেষ লক্ষণাক্রান্ত হয়। চক্ষু দিয়া নির্গত হইলে চক্ষু শিথিল হইয়া থাকে। মুখ দিয়া নির্গত হইলে মুখ ফাঁক হইয়া থাকে। লিঙ্গ দিয়া নির্গত হইলে লিঙ্গচ্ছিদ্র বিস্ফারিত হয়। উত্তম জন্ম হইবার হইলে ঊর্দ্ধ ছিদ্র এবং অধম জন্ম হইবার হইলে অধশ্ছিদ্র দিয়া প্রাণত্যাগ হয়। ঊর্দ্ধ ছিদ্রের মধ্যে, ব্রহ্মরন্ধ্রই শ্রেষ্ঠ এবং অধশ্ছিদ্রের মধ্যে পাদাঙ্গুলি সর্ব্বাপেক্ষা অধম। ব্রহ্মরন্ধ্র দিয়া প্রাণত্যাগ হওয়া ব্রহ্মলোকপ্রাপ্তির লক্ষণ এবং পদাঙ্গুলি দিয়া প্রাণ বহির্গত হওয়া নরকগমনের লক্ষণ।

জন্মমরণের অন্তরাল

অন্তরাল শব্দে মধ্যকাল। মরণ হইয়াছে অথচ শরীরোৎপত্তি হয় নাই, এই মধ্যবর্ত্তী অবস্থা বিষয়ে বেদান্তাদি শাস্ত্রে যেরূপ বর্ণনা দৃষ্ট হয় এ স্থলে তাহারও অল্প কিছু বক্তব্য, অবতারণা করিতেছি।

অভিনিবেশ, ধ্যান ও অভ্যাস, এ সকলের ফলাফল অনুসন্ধান করিলে অন্তরাল অবস্থার সুস্পষ্ট চিত্র অনুভূত হইতে পারে। ভাবিয়া দেখ, কোন এক ব্যক্তির ছয় দণ্ড বেলা হইলে নিদ্রাভঙ্গ হয়। সে সেইরূপ অভ্যাস করিয়াছে। অভ্যাসের বলে তাহার প্রতিদিনই ছয় দণ্ড বেলার সময় নিদ্রাত্যাগ হয়। অথচ সে ব্যক্তি যদি এমন মনে করে যে "আমি কল্য ছয় দণ্ড রাত্রি থাকিতে উঠিব" তাহা হইলে নিশ্চয় ঠিক ছয় দণ্ড রাত্রি থাকিতে তাহার নিদ্রা ভঙ্গ হইবে। ইহাতে বুঝিতে হইবে যে, ধ্যান বা অভিনিবেশ অভ্যাসকে অতিক্রম করিয়া প্রভুত্ব করিতে সমর্থ। আহার, বিহার, বিসর্গ (মলমূত্র ত্যাগ) ও অন্যান্য দৈহিক ক্রিয়া সমস্তই অভ্যাস, ধ্যান ও অভিনিবেশের প্রভাবে নিয়মিত-রূপে নির্ব্বাহিত হয়। শরীর-সত্ত্বে যে সকল ধ্যান, অভিনিবেশ ও অভ্যাস উপার্জ্জন করা যায়, শরীর পাত হইলে সে সকল ধ্যান অভি-নিবেশ ও অভ্যাস সংস্কারীভাব প্রাপ্ত হইয়া জীবকে অনুরূপ নিয়মের অধীনে রাখে ও পরিবর্ত্তিত করে। ইহ-শরীরে কোন এক বিষয়ের নিরন্তর ধ্যান করিয়া শরীর পরিত্যাগ করিলেও তাহা এক সময়ে না এক সময়ে

সেইজন্যই মুমূর্ষুর উত্তরাধিকারীরা মুমূর্ষুর পদাঙ্গুলি চাপিয়া রাখে। কিন্তু তাহারা জানে না যে সূক্ষ্মতম প্রাণ চাপিয়া রাখিবার বস্তু নহে। হঠাৎ মরণে ও উক্ত ব্যবস্থার অন্যথা হয় না। শিরশ্ছেদ ও বজ্রপতনাদির দ্বারা হঠাৎ মরণ হইলেও কথিত প্রকার নিয়ম প্রতিপালিত হয়, পরন্তু তাহা অতিশীঘ্র নির্ব্বাহ হইয়া যায়। এরূপ শীঘ্র যে, যেন সমস্ত ক্রিয়াগুলি একযোগেই হইয়াছে।

পুনরুদিত হয়। সে উদয়ের বীজ অনুষ্ঠিত জ্ঞান কর্ম্মের সংস্কার। সে সংস্কার সূক্ষ্ম শরীরে থাকে এবং পরে তাহারই বলে তাহা উদ্বুদ্ধ হয়। স্থিতসংস্কার উদ্বুদ্ধ হইলে স্মরণ ও প্রতিজ্ঞা নামক জ্ঞান জন্মে। তৎসঙ্গে মনোভাব ও অবস্থা ও পরিবর্ত্তিত হয়। ইহজন্মে যে জন্মান্তরীয় সংস্কার উদ্বুদ্ধ হয়, সে উদ্বোধ ইহলোকে স্বভাব ও প্রকৃতি ইত্যাদি নামে পরিচিত। মরণকালে স্থূল দেহ পতিত থাকে, কিন্তু তদ্দেহের অর্জ্জিত সংস্কার সূক্ষ্ম শরীর অবলম্বনে বিদ্যমান থাকে, বৃথা বিনষ্ট হয় না। সেইজন্যই মরণের পর তদ্দেহের অর্জ্জিত জ্ঞান কর্ম্ম অর্থাৎ ধর্ম্মাধর্ম্মাদি তাহার অভিনব অবস্থা উপস্থাপিত করিয়া থাকে। মৃত্যু যন্ত্রণা তদ্দেহের পরিচিত সমুদায় বস্তু ভুলাইয়া দেয় এবং ভবিষ্যৎ দেহ ও ভবিষ্যৎ দেহের ভোগ্য ও ভোগসম্বন্ধীয় ভাবনা বিজ্ঞানে পর্য্যবসিত করে। যত প্রকার যাতনা থাকুক, মরণ যাতনা সর্ব্বাপেক্ষা উৎকট। কোন প্রকার উৎকট রোগ হইলে, কি মূর্চ্ছাদি দুরন্ত অবস্থা ভোগ হইলে তদ্দ্বারা যেমন পূর্ব্বসঞ্চিত জ্ঞানের অন্যথা হয়, পূর্ব্বাভ্যস্ত বিষয়ও ভুলিয়া যায়, সেইরূপ মৃত্যুযন্ত্রণাও মুমূর্ষুর বিদ্যমান সমুদায় ভাব বিস্মৃতি সাগরে নিমগ্ন ও অভিনব ভাবনার উত্থাপন করিয়া থাকে। জীব সমস্ত জীবন ব্যাপিয়া যে সকল কর্ম্ম করিয়াছে, যেরূপ ধ্যান করিয়াছে, যেরূপ অভিনিবেশে নিমগ্ন থাকিয়া কালযাপন করিয়াছে, মৃত্যুকালে তাহারই অনুরূপ নূতন এক পরিবর্ত্তন—নূতন এক ভাবনা—উপস্থিত হয়। শাস্ত্রীয় ভাষায় তাহাকে ভাবনাময় শরীর বলে। মৃত্যুকালে ভাবনাময় শরীর হয় এ কথার অর্থ এই যে, ভবিষ্যতে যাহার ব্যাঘ্রদেহ উৎপন্ন হইবে, মরণ কালে তাহার ব্যাঘ্রোঽহং ভাবনা উপস্থিত হয়। উৎকট মরণযন্ত্রণা তাহার তদ্দেহের সমস্ত জ্ঞান বিলুপ্ত করিয়া ভাবনাময় বিজ্ঞান উৎপাদন করে। এই ভাবনাবিজ্ঞান বা ভাবশরীর স্বাপ্ন শরীরের অনুরূপ। আমরা যেমন স্বপ্ন দেখি, তেমনি স্থূলদেহচ্যুত ভাবদেহীরা প্রথমতঃ অস্পষ্ট পরজন্মের

স্ফুরণ সন্দর্শন করে। অনন্তর যথাকালে তাহাদের ষাট্‌কৌষিক্ শরীর উৎপন্ন হয়।*

"যোনিমন্তে প্রপদন্তে শরীরাত্বয় দেহিনঃ।
স্থাণুমন্তেঽনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্॥" [স্মৃতিঃ।

ভাবনাময় দেহের অন্য নাম আতিবাহিক দেহ। অতিবাহিক দেহ অল্পকাল থাকে। তৎপরে পূর্ব্বপ্রজ্ঞানুসারে ষাট্‌কৌষিক ভোগদেহ উৎপন্ন হইয়া থাকে।

কেহ বা মানব দেহ কেহ বা তির্য্যক্ দেহ, কেহ বা দেবদেহ পায়। পুণ্যাধিক্য থাকিলে পুণ্যশরীর অর্থাৎ দেবাদি শরীর, পাপাধিক্য থাকিলে তির্য্যক্ শরীর, পাপপুণ্যের বল সমান থাকিলে মানব শরীর উৎপন্ন হয়। যত কাল না স্থূল শরীর উৎপন্ন হইবে, ততকাল ভাবনাময় শরীরে অর্থাৎ আতিবাহিক ভাবদেহে সুখ দুঃখ ভোগ করিতে থাকিবে। সে ভোগ স্বপ্নভোগের ন্যায় অস্পষ্ট। স্বপ্নও ভাবনাময়। "প্রায়ণকালে যচ্চিত্তস্তেনৈব প্রাণ আয়াতি।" ইত্যাদি শাস্ত্রবাক্যে পাওয়া যায় যে, মৃত্যুকালে যে

---

* এরূপ দেখা গিয়াছে যে, উৎকট রোগে পড়িয়া অভ্যস্ত বিদ্যা এমন কি চিরাভ্যস্ত ভাষা পর্য্যন্ত ভুলিয়া গিয়াছে এবং যাহা কস্মিন্ কালেও শুনে নাই, তাহাও তাহারা উচ্চারণ করিয়াছে। এ ঘটনা দেখিলে কে না বলিবে যে, পূর্ব্ব জন্মের আয়ত্ত ভাষাই তাহার মুখ দিয়া নির্গত হইয়াছে? মরণ-যন্ত্রণা চির পরিচিত জগৎ ভুলাইয়া দেয়, উপরোক্ত ঘটনা সে বিষয়ের পর্য্যাপ্ত প্রমাণ। শাস্ত্রে যে জন্ম ও মরণ তৃণজলৌকার ন্যায় হয় বলিয়া কথিত হইয়াছে, তাহা ভাবনাময় শরীর বিষয়ক। অর্থাৎ জলৌকা যেমন এক তৃণ ছাড়িয়া অন্য তৃণ ধারণ করে, অথবা অন্য তৃণ না ধরিয়া গৃহীত তৃণ ত্যাগ করে না, তেমনি, জীবও অন্য শরীর গ্রহণ না করিয়া এ শরীর ত্যাগ করে না। সে অন্য শরীর ষাট্‌কৌষিক শরীর নহে, পরন্তু তাহা ভাবনাময় শরীর। ষাট্‌কৌষিক শরীর লাভ সকলের ভাগ্যে শীঘ্র ঘটে না।

ভাবের স্ফূর্ত্তি হইবে সেই ভাব প্রবল হইয়া তাহাকে তদনুরূপ গতি প্রদান করিবে। মুমূর্ষুর উত্তরাধিকারীরাও সেই অভিপ্রায়ে ঈশ্বরের নাম মুমূর্ষুর কর্ণগোচর করিতে চেষ্টা পায়। ঈশ্বরের নাম শুনাইলে যদি তৎকালে তাহার চিত্তে ঈশ্বর ভাবের উদয় হয় তাহা হইলে সে নিশ্চিত কৃতার্থ হইবে। তাহার ভাবনা শরীর হয় ত ঈশ্বরভাবে রচিত হইবে। এ দেশে যে অন্তর্জ্জলী করিবার ও নাম শুনাইবার রীতি আছে, তাহার মূল অন্য কিছু নহে। ইহাই তাহার মূল। যদিও তৎ-স্বজনগণ আশায় আশায় মুমূর্ষুকে ঈশ্বর নাম শুনায় ও অন্তর্জ্জলী করিয়া তাহার পদাঙ্গুলি চাপিয়া রাখে, কিন্তু রাখিলে কি হইবে? পূর্ব্বের ধ্যান পূর্ব্বের অভিনিবেশ পূর্ব্বের অভ্যাস না থাকিলে তৎকালে ঈশ্বরবিষয়ক ভাবশরীর ও আশানুরূপ প্রাণ বিনির্গম হওয়ার সম্ভাবনা নাই। চৈতন্যবিম্বিত সূক্ষ্ম-দেহ অর্থাৎ জীবাত্মা কথিতপ্রকারে ষাট্‌কৌষিক শরীর হইতে নিক্রান্ত হইয়া প্রথমে আতিবাহিক শরীরে "আকাশস্থো নিরালম্বো বায়ুভূতো নিরাশ্রয়ঃ" অবস্থায় থাকে, পরে তাহাকে যথাকালে পুনরায় জন্মগ্রহণ করিতে হয়। যাহারা অত্যন্ত পাপাচারী তাহারা মরণের পর এই পৃথিবীতে আতিবাহিক শরীরে কিছুদিন থাকিয়া পরে তমঃ প্রধান বৃক্ষ-লতাদি জড় শরীর গ্রহণ করে। যাঁহারা ঋষি তপস্বী জ্ঞানী—তাঁহারা দেবযান পথে ঊর্দ্ধলোকগামী হইয়া ক্রমে ব্রহ্মলোকে গিয়া উন্নীত হন। যাঁহারা সৎকর্ম্মনিষ্ঠ—তাঁহারা পিতৃযান পথে ঊর্দ্ধগামী হইয়া পিতৃলোকে গিয়া জন্মগ্রহণ করেন। অনন্তর সুখভোগাবসানে তাহারা পুনর্ব্বার পিতৃযান পথের ব্যুৎক্রমে অর্থাৎ ক্রম-বিপর্য্যয় নিয়মে ইহলোকে অবতরণ করিয়া, ক্রমানুসারে মানব শরীর প্রাপ্ত হয়। যাহারা মানব কি পশু শরীর পায়, তাহারা প্রথমে আকাশে, পৃথিবীতে, পরে পার্থিব রসের সঙ্গে শস্যাদির মধ্যে, তৎপরে খাদ্যরূপে মনুষ্যের কি অন্য কোন জীবের শরীরে পুনঃ প্রবেশ করিয়া কিছু দিন অবস্থান করে।

অতঃপর রস রক্তাদি ক্রমে শুক্র ধাতুতে এবং স্ত্রীশরীরে প্রবেশ করিয়া আর্ত্তব-রক্তে অবস্থান করে। পরে স্ত্রীপুরুষ সংযোগ উপলক্ষ্যে গর্ভযন্ত্রে প্রবিষ্ট হইয়া ষাট্‌কৌষিক দেহ প্রাপ্ত হয়।*

জন্মপ্রণালী

রেত ও রক্ত এই দুই পদার্থ স্থূল শরীরের উপাদান অথবা বীজ।*

---

* জীব, খাদ্যের সঙ্গে যে শরীরে প্রবেশ করে সেই শরীরের অনুরূপ সংস্কার তখন হইতে জন্মিতে থাকে। যে পূর্ব্বে মানব দেহে ছিল, কর্ম্মের প্রেরণায় সে যদি বানর শরীরে গিয়া নিপতিত হয়, তবে বানর-শরীর প্রবেশ মাত্রেই তাহার মানবোচিত সংস্কারের অভিভব এবং বানরোচিত সংস্কারের সঞ্চার আরব্ধ হইয়া থাকে। সেই জন্যই সদ্যপ্রঃসূত বানরশিশু অর্দ্ধ প্রসূত অবস্থায় শাখা আক্রমণে প্রবৃত্ত হয়।

* রেতঃ—শুক্রধাতু। রক্ত—স্ত্রীদিগের আর্ত্তব রক্ত। আর্ত্তব-রক্তের আর একটি নাম "জীবরক্ত"। জীব আর্ত্তব-রক্তে প্রবিষ্ট হইয়া রেতঃসংযোগের সাহায্যে শরীর ধারণ করে বলিয়াই আর্ত্তব শোণিতের নাম "জীবরক্ত"। রেতঃ ও রক্ত উভয়ই বীজ বটে; কিন্তু সকল রেতের ও সকল রক্তের বীজত্ব নাই। কুণপ, গ্রন্থিল, পূয-নিভ ও মূত্র-পুরীষসন্ধি প্রভৃতি দুষ্ট রেতে ও দুষ্ট শোণিতে সন্তান হয় না। সুতরাং তাদৃশ রেত ও রক্ত শরীরোৎপত্তির বীজ নহে।

শল্যতন্ত্রে একটা আশ্চর্য্য কথা লিখিত আছে। "দুই ঋতুমতী স্ত্রী যদি কোন কৌশল উদ্ভাবন করিয়া মিথুন-ধর্ম্মে সংযুক্ত হয়, তাহা হইলে যাহার গর্ভাশয়ে শোণিত প্রবেশ করিবে তাহার গর্ভ হইবে। এই পদ্ধতির সন্তান অনস্থি হয়।" পুরাণ-শাস্ত্র এ বিষয়ের পোষকতা করিয়া বলেন, ভগীরথের জন্ম ঐরূপে হইয়াছিল। আরও এক আশ্চর্য্য কথা লিখিত আছে। "ঋতুকালে নারীদিগের যদি স্বপ্ন-মৈথুন ঘটে তাহা হইলে গর্ভস্থ আর্ত্তব-রক্ত জমাট বাঁধিয়া গর্ভাকার ধারণ করে। এই স্বাপ্নদোষিক গর্ভ এক প্রকার রোগ বটে; পরন্তু কখন কখন তাদৃক্ গর্ভ হইতেই বিকৃতাকার জীব প্রসূত হয়।"

স্ত্রী ও পুরুষ মিথুন ধর্ম্মে প্রবৃত্ত হইলে পুরুষের রেতঃ অন্তর্ব্বায়ু কর্ত্তৃক উপস্থ পথে প্রেরিত ও গর্ভযন্ত্রে নিষিক্ত হয়। সেই বায়ুসম্মূর্চ্ছিত রেতঃ গর্ভাশয়স্থ জীবরক্তের সহিত ক্ষীরনীরবৎ মিশ্রিত হইয়া বুদ্বুদাকার ধারণ করে। এই বুদ্বুদ "গর্ভাঙ্কুর" ও "কলল" নামে প্রখ্যাত। কলল দেখিতে ক্লেদের মত ও পিচ্ছিল। ক্লেদাত্মক কলল ক্রমে ঔদর্য্য বায়ু ও জাঠরতাপ দ্বারা পরিপাক হইতে থাকে। তাহাতে তাহার ঘনতা জন্মে। ঘনতা জন্মিতে প্রায় এক মাস লাগে, সেজন্য প্রথম মাসিক গর্ভের নাম "কলল"।*

শাস্ত্রকারেরা বলেন শুক্রের ভাগ অধিক হইলে পুরুষ, শোণিতের ভাগ অধিক হইলে নারী, শুক্র শোণিতের সমানতা ঘটিলে নপুংসক দেহ উৎপন্ন হয়। গর্ভাশয়গত মিশ্রিত শুক্র ও শোণিত অন্তর্বায়ু কর্ত্তৃক দ্বি-ভাগে বিভক্ত হইলে এককালে দুই জীব অর্থাৎ যমজ সন্তান জন্মিয়া থাকে। পুংসন্তান পিতার আকৃতি ও স্ত্রী-সন্তান মাতার আকৃতি পাওয়া সুসম্ভব। অধিকন্তু তাহারা পিতা মাতার আয়ু, আহার বিহার, চেষ্টা ও মনোবৃত্তি প্রভৃতির সাদৃশ্য পাইয়া থাকে। সন্তান যে অন্ধ, পঙ্গু, বধির, বিকৃতাঙ্গ ও বিকৃতাকার হয়, তাহাতে স্ত্রীর অপরাধই অধিক। স্ত্রী-পুরুষের বিহারদোষেও সন্তানে কতকগুলি ভাব-দোষ বর্ত্তে। পুরুষ অথচ স্ত্রীর আকৃতি, ইঙ্গিতে ও চেষ্টায় স্ত্রীর মত। স্ত্রী অথচ পুরুষাকার ইঙ্গিতে ও চেষ্টায় পুরুষের মত। এ সকল বিহারদোষে ঘটিয়া থাকে। নারী হয় ত পুরুষের ন্যায় প্রবৃত্তা হইলেন, পুরুষ হয় ত নারীর ন্যায় প্রবৃত্ত হইলেন। ষণ্ডতা দোষ নিঃশুক্র অথবা শুক্রবহ শিরার দোষ ও বিহার দোষ উভয় কারণে জন্মে। এ সকল রহস্য বিশেষ করিয়া জানিতে হইলে আয়ুর্ব্বেদ দেখা আবশ্যক।

* জীবের গর্ভপ্রবেশ সম্বন্ধে দুই প্রকার মত আছে। এক মত এই যে, চৈতন্যনামক ষষ্ঠ ধাতু অর্থাৎ জীব শরীর বায়ু আশ্রয় করিয়া স্ত্রী পুরুষ সংযোগ কালে গর্ভাশয়ে প্রবিষ্ট হয়। বেদবাদীরা বলেন, স্বর্গচ্যুত জীবেরাই আকাশ, বায়ু ও মেঘ প্রভৃতি আশ্রয় অবলম্বন করিয়া অবশেষে জলের সঙ্গে শস্যাদির মধ্যে

"দ্বিতীয়ে ত্বর্ব্বুদম্।" দ্বিতীয় মাসে তাহা অর্ব্বুদাকার প্রাপ্ত হয়। "ঈষৎকঠিনমাংসপিণ্ডরূপমর্ব্বুদম্।" অর্ব্বুদ অল্প কঠিন ও পিণ্ডাকৃতি-মাংসের ন্যায়।*

প্রবেশ করে; পরে তদবলম্বনে প্রাণিদেহে প্রবিষ্ট হয়। ক্রমে রস, রক্ত, মাংসাদি ভ্রমণ করিয়া অবশেষে শুক্র ধাতুতে গিয়া (মতান্তরে স্ত্রী শোণিতে গিয়া অবস্থিতি করে। তাদৃশ চেতনাধিষ্ঠিত রেতঃ স্ত্রীশরীরে জীবরক্তের সহিত একত্র হইলে তখন তাহা হইতে তাহার শরীর রচনা আরব্ধ হয়। নাস্তিকদিগের মত এই যে, চেতনা নামক ষষ্ঠ ধাতু কি জীব, কোথা হইতে আইসে না এবং কোথাও যায়ও না। সংসৃষ্ট শুক্র-শোণিত ঔদর্য্য তাপাদির দ্বারা পাক-প্রাপ্ত হইলে তাহা হইতে দেহাঙ্কুর জন্মে। তদাধারে চৈতন্য নামক এক অভিনব পদার্থ আবির্ভূত হয়। সুতরাং সেই চৈতন্য গর্ভপক্ক শুক্র-শোণিতের গুণবিশেষ। যেমন পচ্যমান গুড় ও তণ্ডুলাদির অভিনব গুণ মদশক্তি; তেমনি পচ্যমান শুক্র-শোণিতের গুণ চিতিশক্তি। বেদবাদীরা এই মতকে অসত্য বলিয়া উপেক্ষা করেন ও বলেন, সংযুক্ত শুক্র-শোণিতে যদি তৎক্ষণে জীবসঞ্চার বা চৈতন্য ধাতুর অধিষ্ঠান না হইত, তাহা হইলে তাহা তৎক্ষণাৎ পচিয়া যাইত ও মূত্রাদির ন্যায় গর্ভচ্যুত হইয়াও যাইত। জীবসঞ্চার থাকে বলিয়াই তাহা পচিয়া যায় না ও অন্য কোন প্রকার বিকারগ্রস্তও হয় না। সকল ঋতুতে সন্তান না হওয়ার কারণ জীব সংযোগ না থাকা। যে বার পুংশুক্রে অথবা জীবরক্তে জীবের অধিষ্ঠান থাকে—সেই বার গর্ভ হয়, অন্যান্য বার বিফল হয়।

* শল্যবিৎ পণ্ডিতেরা বলেন, "যদি পিণ্ডঃ মান্, স্ত্রী চেৎ, পেশী, নপুংসকশ্চে-দর্ব্বুদম্।"—পুরুষ হইবার হইলে পিণ্ড, স্ত্রী হইবার হইলে পেশী, নপুংসক হইবার হইলে অর্ব্বুদ হয়। পিণ্ড, পেশী, অর্ব্বুদ দেখিতে কিরূপ তাহা দ্বিতীয় মাসের গর্ভ-চিত্র না দেখিলে বুঝিতে পারা যায় না। স্ত্রী, পুরুষ ও নপুংসক, সকলকারই দ্বিতীয় মাসিক অবস্থা কিছু কিছু প্রভিন্ন। শস্ত্র-বৈদ্যকে আরও লিখিত আছে যে, "তস্য খল্বেবম্প্রবৃত্তস্য শুক্রশোণিতস্যাভিপচ্যমানস্য ক্ষীরস্যেব সন্তানিকাঃ সপ্ত ত্বচো ভবন্তি।" দুগ্ধের পাক আরম্ভ হইলে তাহাতে যেমন স্তরে-স্তরে সন্তানিকা অর্থাৎ

"তৃতীয়ে ত্বঙ্কুরাঃ পঞ্চ।" তৃতীয় মাসে তাহাতে হস্ত, পদ ও মস্তকের অঙ্কুর অর্থাৎ সূক্ষ্ম প্রবিভাগ সকল নিষ্পন্ন হয়। এই তৃতীয় মাসে ইন্দ্রিয়দিগের গোলক অর্থাৎ স্থান সকল রচিত হইতে থাকে এবং সূক্ষ্মরূপে বহিরিন্দ্রিয়সংযোগও হইয়া থাকে।

"চতুর্থে ব্যক্ততা তেষাম্।" চতুর্থ মাসে সেই অঙ্কুরীভূত কর-চরণাদি অঙ্গ প্রত্যঙ্গ সকল প্রব্যক্ত হইতে থাকে। এই চতুর্থ মাসেই অভিপ্রায় জনক অন্তরিন্দ্রিয়ের আবির্ভাব হয় এবং সেই কারণেই চতুর্থ মাসের ভ্রূণে চলনক্রিয়া হইতে থাকে।

"প্রবুদ্ধং পঞ্চমে চিত্তম্।" পঞ্চম মাসে মনের অর্থাৎ বোধশক্তির উদ্রেক হয় ও জ্ঞানবহা শিরার রচনা সমাপ্ত হয়।

"ষষ্ঠেঽস্থিস্নায়ুনখরকেশরোমবিবিক্ততা। ষষ্ঠ মাসে অস্থি ও অস্থিবন্ধনের স্নায়ু উৎপন্ন হইতে থাকে। বল ও বর্ণাদির সঞ্চার হয় ও নখ রোমাদি ও বিস্পষ্ট হয়।

"সপ্তমে ত্বঙ্গপূর্ণতা।" সপ্তম মাসে মনের প্রাদুর্ভাব হয়। অর্থাৎ সঙ্কল্প শক্তি অথবা সচেতনতা জন্মে। বায়ুবাহী নাড়ী, অস্থিবন্ধনের স্নায়ু ও বাত-পিত্তশ্লেষ্ম-বাহিনী শিরার রচনাও সমাপ্ত হয়। অপিচ, সমুদয় অঙ্গ প্রত্যঙ্গ পূর্ণতা প্রাপ্ত হয়।

"অষ্টমে ত্বক্‌শ্রুতী স্যাতাম্।" অষ্টম মাসে স্পর্শ গুণের গ্রাহক ত্বক্ ও

পরলে পরলে সর পড়ে, সেইরূপ, শুক্রশোণিতের পাক আরম্ভ হইলেও তাহাতে সাতটী সন্তানিকা জন্মে। সেই সাত সন্তানিকা ভবিষ্যতে সাত কোষ অর্থাৎ রস রক্ত মাংস প্রভৃতি স্থান হইয়া দাঁড়াইবে। রসের সন্তানিকা বা ত্বক্ একটী, রক্তের সন্তানিকা একটী ও মেদ প্রভৃতির এক একটী। যোগীশ্বর বলেন, কদলী বৃক্ষ যেমন বহু ত্বক্ বিশিষ্ট, তেমনি, শরীরও সপ্তত্বক্ বিশিষ্ট। ত্বগাবৃত কদলীকাণ্ডের অভ্যন্তরে যেমন একটি মাইজ্ থাকে, সেইরূপ, সপ্তত্বগাবৃত দেহের অভ্যন্তরে জীবাত্মা থাকেন।

বশ্রবণেন্দ্রিয় উৎপন্ন হয়। প্রকৃতরূপের মাংস জন্মে। স্মরণশক্তি প্রবল হয়। জীবনী শক্তির উপাদান স্বরূপ "ওজ" ধাতুও এই অষ্টম মাসে উৎপন্ন হয়। "ওজ" ধাতু ঈষৎ পীত বর্ণ, স্বচ্ছ ও লালবৎ তরল। ইহা শিশুদিগের হৃদয়ে থাকে।

"হৃদি তিষ্ঠতি যৎ শুদ্ধমীষদুষ্ণং সুপীতকম্।
ওজঃ শরীরে সংখ্যাতং তন্নাশান্নাশমৃচ্ছতি॥"

স্বচ্ছ, তরল, অল্প উষ্ণ ও পীতবর্ণ "ওজ" হৃদয়দেশে থাকে। এই "ওজ" নষ্ট হইলেই মরণ হয়। তাদৃশ ওজ অষ্টম মাসে নিতান্ত তরল ও চঞ্চল অবস্থায় অর্থাৎ অতি টল্‌টলে অবস্থায় থাকে। সেইজন্য 'আটাশে' ছেলে প্রায় বাঁচে না। সূতি-বায়ুর প্রবল বেগে নিতান্ত তরল "ওজ" প্রায়ই অপহৃত হইয়া যায়, সেই কারণে বাঁচে না। ফল, ওজ-চ্যুত না হইয়া ভূমিষ্ঠ হইলে বাঁচে, নচেৎ মরিয়া যায়।

"নবমে দশমে মাসি প্রবলৈঃ সূতি-মারুতৈঃ।
নিঃসার্য্যতে বাণ ইব যন্ত্রচ্ছিদ্রেণ বালকঃ॥"

অনন্তর গর্ভস্থ দেহী নবম মাসে কিংবা দশম মাসে অঙ্গ প্রত্যঙ্গাদির পুষ্টিভাব লাভ করিয়া প্রবল প্রসব-বায়ুর দ্বারা ধনুর্মুক্ত বাণের ন্যায় যোনিচ্ছিদ্র দিয়া নির্গত হয়। দ্বাদশ মাস প্রসব কালের ঊর্দ্ধ সীমা।*

---

* যোগশাস্ত্রে এতৎসম্বন্ধে একটী আশ্চর্য্য কথা লিখিত আছে। কথা এই যে, অষ্টম মাসে মনঃ-প্রাদুর্ভাব হওয়ার পর অবধি যত দিন না ভূমিষ্ঠ হয় তত দিন জীব পূর্ব্বজন্মের স্মরণ ও গর্ভবাসের কঠোর যন্ত্রণা অনুভব করতঃ ক্লেশ পাইতে থাকে। কি করে, মুখ জরায়ুর দ্বারা আচ্ছন্ন, কণ্ঠ কফপূর্ণ, বায়ুর পথ নিরুদ্ধ, ইত্যাদি ইত্যাদি নানা কারণে রোদনাদি করিতে পারে না। সুতরাং পূর্ব্বানুভূত নানাজন্মের নানা প্রকার যন্ত্রণা মনে করতঃ অতি উদ্বেগের সহিত বাস করিতে থাকে। "জাতঃ স বায়ুনা স্পৃষ্টো ন স্মরতি পূর্ব্বং জন্ম মরণং কর্ম্ম চ শুভাশুভম্"। যেই মাত্র ভূমিষ্ঠ হয়, অমনি সে সমস্ত ভুলিয়া যায়। বাহ্য বায়ুই তাহার

গর্ভে দেহ-রচনা

জাঠর তাপ ও জাঠর বায়ুর প্রভাবে গর্ভাশয়গত সম্মিশ্রিত শুক্র-শোণিতের পাক আরম্ভ হয়। পাক-প্রারম্ভে প্রথমতঃ তাহাতে সাতটি সন্তানিকা জন্মে। অগ্নির উত্তাপ লাগিলে দুগ্ধে যে পরলে পরলে বা স্তরে স্তরে সর পড়ে, উল্লিখিত সন্তানিকা প্রায় তাহারই অনুরূপ।

পুরাতন স্মৃতি বিনাশ করিয়া ফেলে। বোধ হয়, বাহ্য বায়ুর এই অদ্ভুত প্রভাবকেই পৌরাণিকেরা মায়া বলিয়া বর্ণন করিয়াছেন। শুকদেব নাকি এই মায়ার ভয়ে ভূমিষ্ঠ হইতে চাহেন নাই, ষোড়শ বৎসর পর্য্যন্ত গর্ভবাস করিয়াছিলেন।

জীব গর্ভবাস কালে আহার করে না ও তাহাদের মলমূত্রাদি ত্যাগ করাও ঘটে না। বালকের নাভিনাড়ী ধাত্রীর রসবহা নাড়ীর সহিত আবদ্ধ থাকে, তদ্দ্বারা ধাত্রীর আহার-রস বালকশরীরে সঞ্চারিত হয়। তাহাতেই তাহারা জীবিত থাকে এবং দিন দিন বাড়িতে থাকে। শিশু-শরীরে প্রবিষ্ট ধাত্রীর আহার রস হইতে যে মল সঞ্চার হয়, তাহা ভূমিষ্ঠ হওয়ার পর নিঃসৃত হয়।

যোগশাস্ত্রে বর্ণিত আছে গর্ভস্থ বালক ঈষৎ ভুগ্নভাবে উপবিষ্টের ন্যায় অবস্থান করে। তাহারা হস্ত দুই খানি অনন্তরিত অর্থাৎ পরস্পর সংলগ্ন ভাবে, চক্ষু কর্ণ আবৃত করিয়া ললাটে স্থাপন পূর্ব্বক মাতার পৃষ্ঠাভিমুখে অধোবদনে উপু হইয়া উপবিষ্ট থাকে। প্রসবকাল উপস্থিত হইলে বায়ু তাহাকে প্রত্যাবৃত্ত করে ও মস্তক অধঃ ও পদ উর্দ্ধে উৎসারণ করে। ব্যতিক্রম হইলে ধাত্রী ও শিশু উভয়েই কষ্ট পায়। এ বিষয়ের প্রমাণ—

ভুগ্নোঽনন্তরিতপাণিভ্যাং শ্রোত্ররন্ধ্রে পিধায়ঃ সঃ।
উদ্বিগ্নোগর্ভসংবাসাদাস্তে গর্ভাশয়ে স্থিতঃ ॥
স্মরণ্ পূর্ব্বানুভূতাংস্তু নানাজাতীশ্চ যাতনাঃ।
মোক্ষোপায়মভিধ্যায়ন্ বর্ত্ততেঽভ্যাসতৎপরঃ ॥
মাতুরসবহা নাড়ীমনুবদ্ধাপরাভিধা।
নাভেশ্চ নাড়ী গর্ভস্থ মাত্রাহাররসাবহা ॥

সম্মিশ্রিত শুক্রশোণিতটুকু তরল ও পিচ্ছিল ছিল, এক্ষণে জঠর-বায়ু ও জঠর-তাপ উভয়সংযোগে তাহাতে স্তরীভূত দুগ্ধসন্তানিকার ন্যায় পর পর সাতটী সন্তানিকা উৎপন্ন হইল। ভবিষ্যতে এই সাত সন্তানিকা রস রক্তাদির আধার সাত কোষ হইবে। আত্মা শুক্রে অথবা শোণিতে আবিষ্ট ছিলেন, এক্ষণে গর্ভাশয়প্রবেশে শুক্রশোণিতস্থ সূক্ষ্ম ভূতসহ সম্মূর্চ্ছিত অর্থাৎ ক্ষীর-নীর-বৎ একীভূত হইয়া গেলেন। সুতরাং গর্ভপ্রবিষ্ট শুক্রশোণিতে চৈতন্য সংযোগ থাকায় তাহা পচিয়া গেল না, মলমূত্রাদির ন্যায় বহিশ্চ্যুত হইয়াও গেল না, ক্রমেই পরিবর্ত্তন বা পরিণাম হইতে চলিল। সজীব পদার্থের ন্যায় বৃদ্ধি ও রূপান্তর হইতে লাগিল। বায়ু-ধাতু তাহার শোষণক্রিয়া ও ভবিষ্যৎ অঙ্গপ্রত্যঙ্গের অনুরূপ বিভাগ সকল নিষ্পন্ন করিতে লাগিল, তাপ বা তেজোধাতু সে সকলের পরিপাক করিতে প্রবৃত্ত হইল এবং জলধাতু তাহা ক্লিন্ন রাখিতে লাগিল। পৃথিবী ধাতু কাঠিন্য উৎপাদনে প্রবৃত্ত হইল এবং আকাশ ধাতু তাহাকে বৃদ্ধির অর্থাৎ বাড়িবার স্থান দিতে লাগিল।

পূর্ব্বোক্ত সপ্ত ত্বকের বা সন্তানিকার পাক নিষ্পন্ন হইলে সপ্তপ্রকার কলা উৎপন্ন হইল। কাষ্ঠচ্ছেদ করিলে যেমন তাহার সার ও অসার দৃষ্ট হয়, সার অসারের মর্য্যাদা অর্থাৎ সীমাভাগও দৃষ্ট হয়, দেহস্থ কলা

কৃতাঞ্জলির্ললাটেঽসৌ মাতৃপৃষ্ঠমভিস্থিতঃ।
অধ্যাস্তে সঙ্কুচদ্গাত্রো গর্ভো দক্ষিণপার্শ্বগঃ॥
বামপার্শ্বে স্থিতা নারী ক্লীবং মধ্যস্থিতং মতম্।
ক্রিয়তেঽধঃ শিরঃ সূতিমারুতৈঃ প্রবলৈস্ততঃ॥
নিঃসার্য্যতে রুজদ্গাত্রোযন্ত্রচ্ছিদ্রেণ বালকঃ।
জাতমাত্রস্য তস্যাঽথ প্রবৃত্তিস্তন্যগোচরা॥
প্রাগ্‌জন্মবোধসংস্কারাদিতি জীবস্য নিত্যতা।"

ইত্যাদিবিধ অনেক প্রকার উক্তি আছে।

প্রায় তাহারই অনুরূপ। অর্থাৎ কলা সকল শরীরস্থ মাংসাদির ও আশ্রয় সকলের সীমাস্বরূপ এবং দেখিতে কাষ্ঠসারের সদৃশ। মাংসচ্ছেদ করিলেই তাহা দৃষ্ট হইয়া থাকে। সে সকল এখন স্নায়বিক পদার্থে বিজড়িত, জরায়ুব্যাপ্ত ও শ্লেষ্মায় সমাচ্ছন্ন। এই কলা সাত প্রকার। বৈদ্যকে তাহা মাংসধরা (১), রক্তধরা (২), মেদোধরা (৩), শ্লেষ্মধরা (৪), মলধরা (৫), পিত্তধরা (৬), ও শুক্রধরা (৭) এই সপ্ত নামে প্রখ্যাত।

জলক্লিন্ন কর্দ্দমে যেমন মৃণাল উৎপন্ন হয়, হইয়া কর্দ্দমের উপরে ও মধ্যে প্রতানিত (লতাইয়া যাওয়াকে প্রতানিত বলে) হইতে থাকে, সেইরূপ প্রথমোক্ত মাংসধরা কলা হইতে শিরা, স্নায়ু, ধমনী ও স্রোতোবহা নাড়ী উৎপন্ন হইয়া ইতস্ততঃ প্রতানিত হইতে থাকে। রক্তধরা কলায়, উৎপন্ন রক্ত অবস্থান-করে ও ঊর্দ্ধাধঃ প্রেরিত হয়। ক্ষীরি-বৃক্ষ ছেদন করিলে যেমন ছিন্ন স্থান দিয়া ক্ষীর নির্গত হয়, সেইরূপ, মাংসস্থ রক্তধরা কলা ছিন্ন হইলেও ক্ষত স্থান দিয়া রক্ত নিঃসৃত হইয়া থাকে। মেদোধরা কলায় মেদের উৎপত্তি ও স্থিতি, শ্লেষ্মধরা কলায় তৈলতুল্য পিচ্ছিল শ্লৈষ্মিক পদার্থ বিধৃত ও মলধরা কলায় মলবিভাগ ও মলবিধারণ হইয়া থাকে। পিত্তধরা কলা পক্বাশয়গত ভুক্তদ্রব্যের ও তৎপরিপাকপ্রভব রসের গ্রহণ ও ধারণ করে এবং শুক্রধরা কলা চরম ধাতু উৎপাদন ও বিধারণ করে। *

---

* মেদ, মজ্জা ও বসা এই তিনটীই তৈলবৎ পদার্থ। স্থূলাস্থিগত স্নেহের অর্থাৎ তৈলবৎ পদার্থের নাম মজ্জা; মাংসান্তর্গত তৈলবৎ পদার্থের নাম বসা, সূক্ষ্মাস্থিস্থিত ঈষৎ রক্তবর্ণ স্নেহ পদার্থের নাম মেদ।

দেহ বড় হইলে ভিন্ন ভিন্ন কলা ভিন্ন ভিন্ন নির্দ্দিষ্ট স্থানে গিয়া পর্য্যবসিত হয়। মাংস, রক্ত, মেদ ও শুক্র; এই চারি প্রকার কলা দেহব্যাপক বলিলেও বলা যায়, কিন্তু অপর তিনটি সেরূপ নহে। শ্লেষ্মধরা কলা

সকলেই জানেন যে, প্লীহা, যকৃৎ, ক্লোম ও ফুসফুস প্রভৃতি যন্ত্র থাকাতেই ভুক্তান্নের পরিপাক, তাহা হইতে রস রক্তাদির উৎপত্তি, এবং তাহার বিশেষ বিশেষ পরিণাম হইয়া থাকে। কিন্তু এ দেহ যখন জননী-জঠরে রচিত হইয়াছিল, তখন ইহার রস রক্ত মাংসাদি ভিন্ন প্রক্রিয়ায় উৎপন্ন হইয়াছিল। তখন উল্লিখিত যন্ত্র সকল ছিল না; সুতরাং সে সকলের সাহায্যে রসরক্তাদি জন্মিত না, অধিকন্তু তখন উল্লিখিত যন্ত্রগুলি মাতার আহারীয় রসের পরিণামজাত রসরক্তাদির দ্বারা গঠিত হইয়াছিল।

মাতার আহারীয় রসের পরিণামজাত বিশুদ্ধরক্তে পাক বিশেষের দ্বারা যকৃৎ ও প্লীহা যন্ত্র নির্ম্মিত হয় ও তাদৃশ রক্তের ফেন ভাগ ফুসফুস যন্ত্র উৎপাদন করে। রক্তের কিট্টে অর্থাৎ মলিনাংশে উণ্ডুক (মলাধার) নির্ম্মিত হয়। শোণিত ও শ্লেষ্মা এতদুভয়ের স্বচ্ছাংশ পিত্ততেজে পাকপ্রাপ্ত ও বায়ুর দ্বারা বিভক্ত হইয়া অন্ত্র, বস্তি ও গুহ্যপ্রবেশ উৎপাদন

দেহের যাবতীয় সন্ধি স্থানে, মলধরা এবং পিত্তধরা কোষ্ঠমধ্যে অবস্থিত। রথচক্রের ঘূর্ণন স্থান তৈলাক্ত থাকিলে যেমন চক্রগুলি উত্তমরূপে ঘুরে, তদ্রূপ, পিচ্ছিল শ্লেষ্মধরা কলা থাকাতেই দেহের সন্ধিস্থান গুলি সুখে পরিচালিত করা যায়। ভুক্ত দ্রব্য কোষ্ঠমধ্যে উপস্থিত হইলে তাহা পিত্তধরা কলার দ্বারা বিধৃত হয় এবং তত্রস্থ পিত্ত তেজ বা পাচক-রস তাহা (ভুক্ত দ্রব্য) জীর্ণ করে। ঘৃত যেমন সমুদায় দুগ্ধব্যাপক, ইক্ষুরস যেমন সমস্ত ইক্ষুব্যাপক, শুক্রধরা কলা তদ্রূপ সর্ব্বদেহব্যাপক। সর্ব্বদেহব্যাপক হইলেও তাহার নির্দ্দিষ্ট একটী আধার স্থান আছে। সে স্থানটী দ্ব্যঙ্গুল পরিমিত ও বস্তিকোটরের দক্ষিণে ও নিম্নে অবস্থিত। স্ত্রীসংযোগকালে প্রসন্নচিত্ত পুরুষের কৃৎস্ন-দেহ-ব্যাপক শুক্রধাতু সেই দ্ব্যঙ্গুল পরিমিত স্থানে আসিয়া সংহত হয়, হইয়া মূত্রপথ দ্বারা নির্গত হয়। পুরুষের শুক্র-স্রাবের দ্বার মূত্রপ্রণালী কিন্তু স্ত্রীদিগের রজোনির্গমনের দ্বার স্বতন্ত্র। পুরুষের দেহ নবদ্বার বিশিষ্ট, পরন্তু স্ত্রীদেহ দ্বাদশ-দ্বারবিশিষ্ট।

করে। উদর প্রদেশে যখন শ্লেষ্মার, রক্তের ও মাংসের পাক আরম্ভ হইয়াছিল, তখন তন্মিশ্রিতয় হইতে সুবর্ণসার সদৃশ তদীয় অংশ বিশেষ উত্থিত হইয়া তদ্দ্বারা জিহ্বার গঠন সমাপ্ত করিয়াছিল। তাপসংযুক্ত বায়ুর প্রচলনে স্রোতঃস্থান (মূত্রপ্রণালী প্রভৃতি) জন্মিয়াছিল এবং তাদৃশ বায়ুই মাংসমধ্যে প্রবেশ করিয়া পেশী সকল উৎপাদন করিয়াছিল। মেদের স্নেহভাগ পাকপ্রাপ্ত হইয়া তদ্দ্বারা স্নায়ুর সৃষ্টি করিয়াছিল। এক উপাদানে জন্ম হইলেও পাক ও কার্য্য অনুসারে শিরা ও স্নায়ু প্রভিন্ন। শিরার পাক মৃদু, স্নায়ুর পাক খর। রক্ত ও মেদ, এতদুভয়ের প্রসন্নাংসে বুক্ক। মাংস, কফ, রক্ত, মেদ, এই চতুষ্টয়ের প্রসন্নাংশ একত্রিত হইয়া বৃষণ। রক্ত ও কফের প্রসন্নাংশে হৃদয়, হৃদয়ের নিম্নে বামভাগে প্লীহা ও ফুসফুস, দক্ষিণভাগে যকৃৎ ও ক্লোম অবস্থিত আছে। হৃদয়ের গঠন পুণ্ডরীকতুল্য। তন্মধ্যে অঙ্গুলিপ্রমাণ ফাঁক। এই ফাঁক হৃদয়াকাশ নামে প্রখ্যাত। ইহাই ঋষিদিগের মতে চেতনাস্থান অর্থাৎ জীবের বাসস্থান। "জাগ্রতস্তদ্বিকসতি স্বপতশ্চ নিমীলতি।" হৃদয়পুণ্ডরীক যত ক্ষণ বিকসিত থাকে তত ক্ষণ জাগ্রৎ, নিমীলিত হইলে নিদ্রা।*

গর্ভাশয়প্রবিষ্ট এক বিন্দু রেতঃ এবংপ্রকারে প্রবৃদ্ধ ও হস্তাদিমান্ এক অপূর্ব্ব দেহী হইয়া পড়ে। সে ভূমিষ্ঠ হইয়া দিন দিন বাড়িতে থাকে।

---

* প্রত্যেক ইন্দ্রিয়স্থান হইতে জ্ঞানবাহিনী শিরা উৎপন্ন হইয়া মনঃস্থানে গিয়া সংযুক্ত হইয়াছে। ইন্দ্রিয়স্থানে ক্রিয়া উপস্থিত হইবামাত্র তাহা সেই সকল শিরার দ্বারা মনের নিকট অর্পিত হয়। তাহাকেই আমরা জ্ঞান হওয়া বলি। জ্ঞানবহা শিরা শ্লেষ্মার দ্বারা রুদ্ধ হইলে নিদ্রা উপস্থিত হয়। শাস্ত্রে তাদৃশী নিদ্রা শ্রান্তির ফল ও স্বাভাবিত বলিয়া অভিহিত আছে। কেহ কেহ বলেন, মন মেধ্যানাড়ীসংযুক্ত, অন্যে বলেন, পুরীতৎ নাড়ী প্রবিষ্ট হইলে ইন্দ্রিয়বিশ্রামাত্মিকা নিদ্রা আবিষ্ট হইয়া থাকে। মেধ্যা ও পুরীতৎ এই দুই নাড়ী নিস্তব্ধ।

কালে তাহা প্রকাণ্ড শূর-বীরও হয়, আবার অল্পকাল পরেই জীর্ণ শীর্ণ হইয়া বিলয় প্রাপ্ত হয়।

"এতস্মাৎ কিমিবেন্দ্রজালমপরং যদ্‌গর্ভবাসস্থিতম্,
রেতশ্চেততি হস্তমস্তকপদং প্রোদ্ভূতনানাঙ্কুরম্।
পর্য্যায়েণ শিশুত্বযৌবনজরারোগৈরনেকৈর্বৃতম,
পশ্যত্যত্তি শৃণোতি জিঘ্রতি তথা গচ্ছত্যথাগচ্ছতি।"

শারীর-সংখ্যা।

দেহের ভিন্ন ভিন্ন অংশ ভিন্ন ভিন্ন নামে পরিচিত। অঙ্গ, প্রত্যঙ্গ, ত্বক্, কলা, ধাতু, মল, দোষ, যকৃৎ, প্লীহা, ফুসফুস, উণ্ডুক, হৃদয়, আশয়, অন্ত্র, বৃক্ক, স্রোত, কণ্ডরা, জাল, কূর্চ্চ, রজ্জু, সেবনী, সংঘাত, সীমন্ত, অস্থি, সন্ধি, স্নায়ু, পেশী, মর্ম্ম, শিরা ও ধমনী প্রভৃতি।

অঙ্গ—২ হস্ত, ২ পদ, ১ মধ্য (ধড়), ১ মস্তক। এই ছয়টী অঙ্গ ও এতৎসংশ্লিষ্ট অবয়বগুলি প্রত্যঙ্গ। যথা, হস্ত-সংশ্লিষ্ট অঙ্গুলি। অঙ্গুলি-গুলি প্রত্যঙ্গ মধ্যে গণনীয়।

ধাতু—রস, রক্ত, মাংস, মেদ, মজ্জা, শুক্র। এই ছয় প্রকার আগমাপায়ী পদার্থ ধাতু সংজ্ঞায় সন্নিবিষ্ট।*

---

* লিখিত আছে, ভুক্ত দ্রব্য পাকস্থলীতে গিয়া পিত্ততেজে পরিপাক প্রাপ্ত হয়; সেই পিত্ততেজ জঠরাগ্নি ও পাচকাগ্নি নামে বিখ্যাত। ভুক্তদ্রব্য জঠ-রাগ্নি ও জাঠর বায়ু কর্ত্তৃক মথিত হইয়া যে বিকারভাব বা জীর্ণভাব ধারণ করে বৈদ্যক শাস্ত্রে তাহা পরিপাক অভিধায় বর্ণিত হইয়াছে। পরিপাক প্রভব ভুক্ত সার রস শ্বেতবর্ণ, ঈষৎ পিচ্ছিল ও তরল। এই রস যকৃৎযন্ত্রে গিয়া রঞ্জকাগ্নির দ্বারা লোহিত বর্ণ হয়। ভুক্তসার রস, রসের সার রক্ত। ঘর্ম্মাদি তাহার মল। রক্ত স্বস্থানস্থ তাপ দ্বারা পাক প্রাপ্ত হইয়া স্বীয় সারাংশে মাংস উৎপাদন করে, সে জন্য রক্তের সার মাংস। মাংসও আবার স্বকোষস্থ উষ্মায় পাক প্রাপ্ত হইয়া স্বকীয় সার দ্বারা মজ্জা উৎপাদন করে। মজ্জাও স্বকোষস্থ তাপে পাক প্রাপ্ত

মল—ভুক্ত দ্রব্যের কিট্ট অর্থাৎ অসার ভাগ। বিষ্ঠা মূত্র প্রভৃতি মল নামে বিখ্যাত। দোষ—বায়ু, পিত্ত ও শ্লেষ্মা। এই ত্রিবিধ পদার্থ দোষ নামে পরিচিত।

যকৃৎ—যকৃৎ, প্লীহা, ফুসফুস, উণ্ডুক ও হৃদয়ের বৃত্তান্ত বলা হইয়াছে।

আশয়—আশ্রয় স্থান আশয় নামে খ্যাত। ইহা ৭ প্রকার। বাতাশয়, পিত্তাশয়, শ্লেষ্মাশয়, রক্তাশয়, আমাশয়, পক্কাশয়, ও মূত্রাশয়। অষ্টম—স্ত্রীলোকের গর্ভাশয়।

অন্ত্র—পুরুষের অন্ত্র (নাড়ীবিশেষ, আঁত) সার্দ্ধত্রিব্যাম এবং স্ত্রীলোকের অন্ত্র ত্রিব্যাম। প্রসারিত দুই বাহু, বক্ষ সহ মাপিলে যে পরিমাণ পাওয়া যায়, তাহা চলিত ভাষায় 'বৈঁও', সংস্কৃত ভাষায় 'ব্যাম' নামে প্রসিদ্ধ।

বুক্ক—বৃক্ক বা বুক্ক, অগ্রমাংস নামে খ্যাত।

স্রোত—নির্গম পথের নাম স্রোত; ইহা নালী ও প্রণালী উভয় নামে প্রখ্যাত। নালী ৯ প্রকার। কর্ণ ২, নেত্র ২, বদন ১, নাসা ২, মলদ্বার ১, লিঙ্গ বা মূত্রনালী ১, স্ত্রীলোকের স্তনে ২ ও অধোদেশে ১, অর্থাৎ স্তন্যবহা প্রণালী ২, রজোবহা প্রণালী ১।

কণ্ডরা—ইহা সংখ্যায় ১৬ ও হস্ত পদ গ্রীবা ও পৃষ্ঠস্থানবর্ত্তী।

জাল—মাংসজাল, শিরাজাল, স্নায়ুজাল ও অস্থিজাল। জালসকল মণিবন্ধে ও গুল্‌ফে আশ্লিষ্ট ও বাঁধাবাঁধি আছে।

কূর্চ্চ—দুই হস্তে ২, দুই পদে ২, গ্রীবায় ১, লিঙ্গপ্রদেশে অর্থাৎ মেঢ্রে ১।

হইয়া স্বকীয় সারে শুক্র জন্মায়। সেজন্য মজ্জার সারাংশ শুক্র। ইহা চরম ধাতু। এ বিষয়ে বৈদ্যক বলেন, আহার-রসের শুক্র পরিণাম হইতে অন্ততঃ দিন লাগে। বেদবাদীরা বলেন, সপ্তাহ লাগে। ১২ অঞ্জলি রক্তে অর্দ্ধাঞ্জলি মাত্র শুক্র জন্মিতে পারে।

রজ্জু—যদ্দ্বারা দেহের বৃহৎ মাংস সকল আবদ্ধ আছে তাহা রজ্জু। চারিটি রজ্জু প্রধান। তদ্ভিন্ন বাহ্যে ২৬; অভ্যন্তরে ২। অথবা যদ্দ্বারা পৃষ্ঠবংশ ও পেশী বাঁধা আছে তাহাই দেহের রজ্জু।

সেবনী—অপভাষা শেলাই। ইহা সংখ্যায় ৭। মস্তকে ৫, জিহ্বায় ১ ও শেফে ১।

সংঘাত—টিপির মত স্থান সংঘাত। যথা—অস্থিসংঘাত, তাহার সংখ্যা ১৪। সে সকল গুল্ফ জানু, বংক্ষণ, সক্থি, বাহু, শির ও ত্রিকপ্রদেশে অবস্থিত।

সীমন্ত—ইহা অস্থিসংঘাতের সহিত সমান। অস্থিসংঘাত ও সীমন্ত একত্র অবস্থিত আছে।

অস্থি—অস্থি কি তাহা সকলেই জানেন। বেদবাদীদিগের মতে অস্থির সংখ্যা ৩৬০। পরন্তু শল্যশাস্ত্রমতে ৩০০। বেদবাদীরা দন্ত ও নখকে অস্থি মধ্যে গণনা করেন। শল্যশাস্ত্র বলেন, দন্ত ও নখ অস্থি নহে। কোন কোন অস্থি প্রথমে পৃথক্ ভাবে উৎপন্ন হয়, পরন্তু দেহের বৃদ্ধি সহকারে তাহা আবার যুড়িয়া এক হয়। শল্যশাস্ত্র তাহা এক বলিয়া গণ্য করেন। সেই কারণে প্রথমোক্ত মতে অস্থি-সংখ্যা ৩৬০ ও শেষোক্ত মতে ৩০০।

স্থালাস্থি ৩২, ইহা দন্তমূলে অবস্থিত—দন্তাধার অস্থি।

দন্ত ৩২,

নখ ৩২,

শলাকাস্থি ২০, ইহা হস্ত, পদ, অঙ্গুলিমূল, এই সকল স্থানে অবস্থিত শলাকার ন্যায় লম্বা বলিয়া নাম শলাকাস্থি।

অঙ্গুল্যস্থি ৬০, প্রত্যেক অঙ্গুলিতে ৩ খানি হিসাবে ৬০ খানি।

পার্ষ্ণি ২, পায়ের পিছু দিক্ পার্ষ্ণি। দুই পায়ে ২।

গুল্ফাস্থি ৪, পায়ের গোড় গুল্ফ। দুই গুল্ফে ৪।

অরত্নিকাস্থি	৪,	হাতের কণুই থেকে কব্জী পর্য্যন্ত অরত্নি। অরত্নিকাস্থি দুই হস্তে ৪ খানি।
জঙ্ঘাস্থি	৪,	হাটু থেকে পায়ের গাইট পর্য্যন্ত জঙ্ঘা। জঙ্ঘাস্থি দুই পায়ে ৪।
জানুপ্রদেশে	২,	উরু ও জঙ্ঘার সংযোগ স্থান জানু। দুই জানুতে ২।
গল্লপ্রদেশে	২,	
উরু-ফলক	২,	ইহা উরুস্থলের ফলকাকার অস্থি। ২ উরুতে ২
অংসাস্থি	২,	বাহুমূলের উর্দ্ধভাগ (কাঁধ) অংস নামে প্রসিদ্ধ। দুই অংসে ২।
অক্ষাস্থি	২,	ইহা শঙ্খাস্থির নীচে অবস্থিত।
তালুকাস্থি	২,	
শ্রোণিফলক	২,	শ্রোণি=নিতম্ব। দুই খানি চ্যাপ্টা অস্থিতে নিতম্ব নির্ম্মিত।
ভগাস্থি	১,	ইহাকে ত্রিকাস্থিও বলে।
পৃষ্ঠবংশাস্থি	৩৫,	ধড়ের পশ্চাদ্ভাগ পৃষ্ঠ। অর্থাৎ পিঠের দাঁড়া।
গ্রীবায়	১৫,	ইহার উপরে মাথাটী বসান আছে।
জত্রুদেশে	২,	বক্ষঃ ও অংস দুএর সংযোগস্থান জত্রু।
চিবুকাস্থি	১,	ভাষা কথায় এই স্থানটীকে দাড়ি বলে।
তন্মূলে	২,	তন্মূল অর্থাৎ হনুমূল বা চিবুকমূল।
ললাটাস্থি	২,	
অক্ষিকোষ	২,	ইহাকে অক্ষিকোটরও বলে।
গণ্ডাস্থি	২,	কপোল ও চক্ষুর মধ্যভাগ গণ্ড।
ঘনাস্থি	২,	নাসিকার অস্থির নাম ঘনাস্থি।
পার্শ্বকাস্থি	২,	কক্ষের অধোভাগ পাঁজরার অস্থি।
স্থালকাস্থি	১,	পার্শ্বকাস্থির আধারাস্থি সকল স্থালকাকার বলিয়া স্থালকাস্থি।

অর্ব্বুদাস্থি ৭২, নানাস্থানীয় ও বক্রানুবক্র প্রভৃতি নানা আকারের অস্থি। এ সকল অস্থি সূক্ষ্ম উপাস্থি মধ্যে গণ্য।

শঙ্খাস্থি ২, ইহা ভ্রূ ও কর্ণের মধ্যবর্ত্তী।

কপালাস্থি ৪, ইহা মস্তকের অস্থি।

বক্ষস্থলে ১৭,

বৈদ্যক মতে অস্থি সকল পাঁচ শ্রেণীতে বিভক্ত।—কপালাস্থি (১), রূচকাস্থি (২), তরুণাস্থি (৩), বলয়াস্থি (৪) ও নলকাস্থি (৫)। জানু, নিতম্ব, আস্য, গণ্ড, তালু, শঙ্খ ও মস্তকাস্থি সকল কপালশ্রেণীর অস্থি। দন্তাধার অস্থি রূচকশ্রেণী মধ্যে গণনীয়। নাসা, কর্ণ ও অক্ষিকোষের অস্থি তরুণশ্রেণীর অস্থি। হস্ত, পদ, পার্শ্ব, পৃষ্ঠ, উদর ও বক্ষাস্থির কিয়দংশ বলয় এবং অবশিষ্ট নলক। কোন্ স্থানের অস্থি কি আকারের তাহা নাম দ্বারা অনুভূত হইতে পারে।

বৈদ্যকে উক্ত হইয়াছে, দন্তাধার অস্থির নাম রূচক; কিন্তু বৈদিক মতে তাহা স্থালক। বৈদ্যক মতে যাহা শঙ্খাস্থি, তাহার কতকগুলি ফলকাস্থি। "শলাকাস্থি" ও "অরত্নিকাস্থি" এই দুই নাম কোন কোন বৈদ্যকে একেবারেই নাই।

উল্লিখিত ৩৬০ খানি অস্থির দ্বারা মানবদেহ রচিত হইয়াছে। অস্থিপঞ্জরের চারিদিক্ মাংসলিপ্ত ও শিরাদির দ্বারা আবদ্ধ। এই দেহ মাংস-শিরাদি শূন্য হইলে কঙ্কাল ও পঞ্জর আখ্যা প্রাপ্ত হয়।

ছোট বড় নানা আকারের ৩৬০ খানি অস্থি নানা স্থানে নানাভাবে সংযুক্ত হইয়া এই সার্দ্ধত্রিহস্তপরিমিত দেহ বিরচিত হইয়াছে; পরন্তু যে যে স্থানে অস্থিতে অস্থিতে সংযোগ অর্থাৎ যোড় আছে সে সকল স্থান অস্থিসন্ধি নামের নামী। সকল স্থানের অস্থিসন্ধি সমান আকারের নহে, ভিন্ন ভিন্ন আকারের। অস্থিসন্ধি প্রথমতঃ দ্বিবিধ। সচল ও অচল। পুনশ্চ তাহা নববিধ। যথা,—কোর (১); উদূখল (২

সামুদ্গ (৩); প্রতর (৪); তুন্ন বা মুন্ন (৫); সেবনী (৬); বায়সতুণ্ড বা কাকতুণ্ড (৭); মণ্ডল (৮); এবং শঙ্খাবর্ত্ত (শঙ্খ= শাঁক) (৯)। কোন্ স্থানের অস্থিসন্ধি কিরূপ গঠনের তাহা "নামভিরেবাকৃতয়ঃ প্রায়েণ ব্যাখ্যাতাঃ" প্রদত্ত নাম দ্বারাই প্রায় বুঝা যায়। অস্থিসন্ধি ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন ভাবের হাওয়াতে মনুষ্যগণ ভিন্ন ভিন্ন দেহচেষ্টা নির্ব্বাহ করিতে পারে। পরন্তু ষষ্ট্যধিক ত্রিশত (৩৬০) অস্থিনির্ম্মিত মানবদেহে ২১০ দুই শত দশটী যোড় আছে। কোথায় কত ও কিরূপ ভাবের যোড়, তাহা বর্ণনা করা এ গ্রন্থের উদ্দেশ্য নহে। শাস্ত্রকারেরা বলিয়াছেন, অস্থিসন্ধির সংখ্যা ২১০, কিন্তু স্নায়ু ও শিরাদির সন্ধি অসংখ্য। স্নায়ুর সংখ্যা ৯০০ নয় শত; পরন্তু তাহা চারি প্রকারের। প্রতানবতী স্নায়ু (১); বৃত্তা স্নায়ু (২); পৃথুস্নায়ু (৩); সুষির স্নায়ু (৪)। শরীরের কোন্ স্থানে কিরূপ আকারের স্নায়ু আছে তাহা বলিতে গেলে পুস্তক বাড়িয়া যায়; কাযেই তাহা ত্যাগ করা গেল।

পেশীর সংখ্যা ৫০০, স্ত্রীলোকের ৫২০।

মর্ম্ম।—মর্ম্ম চারি প্রকার এবং তাহার সংখ্যা ১০৭। মাংসমর্ম্ম (১), শিরামর্ম্ম (২), স্নায়ুমর্ম্ম (৩) ও অস্থিমর্ম্ম (৪)।

শিরা।—শিরার সংখ্যা এত যে তাহা নির্ণয় হইবার নহে। "দ্রুমপত্রসেবনীনামিব।" বৃক্ষের পাতার বুনান যেরূপ, মানব দেহে শিরাজাল সেইরূপ। বৃক্ষের পাতা পচিয়া তাহার অসার ভাগ নির্গলিত হইয়া গেলে দেখিতে যেরূপ হয়, এই মানব দেহ মাংসনির্গলিত হইলেও সেইরূপ দেখাইতে পারে। অসংখ্য শিরার মধ্যে প্রধান শিরা ৭০০।

উদ্যানে যেমন জলপ্রণালী থাকে, জলসেচকেরা কোন এক মূল স্থানে জল দেয়, আর সেই জল প্রণালীর দ্বারা উদ্যানের সমস্ত ক্ষেত্রে সঞ্চারিত হয়, মানব দেহের শিরা তাহারই অনুরূপার্থ্যকারী।* শিরা সকল

---

* উদর কন্দরে যে ভুক্ত দ্রব্যের পরিপাকে রস রক্ত উৎপন্ন হয় তাহা এই

সোজা চলিয়া যায় নাই, বৃক্ষপত্রের বুনানের ন্যায় প্রতানীপূত অর্থাৎ উর্দ্ধ, অধঃ ও তির্য্যক্, সকল দিকেই চলিয়া গিয়াছে। প্রধান ৭০০ শিরা নাভিকন্দ হইতে অধঃ উর্দ্ধ ও তির্য্যক্‌ভাবে প্রতানিত হইয়া সমস্ত দেহে ব্যাপ্ত হইয়াছে। শিরার বিষয় বিস্তার করিয়া বলিতে হইলে একটী স্বতন্ত্র গ্রন্থ হইয়া উঠে, সেজন্য এই স্থানেই বিরত হওয়া গেল।

ধমনী।—ধমনী ও শিরা এই দু-য়ের যে প্রভেদ আছে, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। বেদবাদীরা বলেন, শিরা ও ধমনী একই পদার্থ, কেবল নাম মাত্রে বিভিন্ন। বৈদ্যক বলেন, ধমনী পৃথক্ পদার্থ। ধমনীর সংখ্যা চতুর্ব্বিংশতি। ধমনীও শিরার ন্যায় নাভিকন্দ হইতে উৎপন্ন হইয়াছে। এই সকল পদার্থ মৃতদেহ শোধন দ্বারা অর্থাৎ শবচ্ছেদ প্রক্রিয়ার প্রত্যক্ষগোচর হইয়া থাকে। শবচ্ছেদ প্রক্রিয়ার সংক্ষিপ্ত ও স্থূল পদ্ধতি এইরূপ—

"অঙ্গ প্রত্যঙ্গাদির ব্যতিক্রম বা হানি হয় নাই, বিষের দ্বারা মরণ হয় নাই, দীর্ঘকালব্যাপী রোগে মরে নাই, বয়ঃক্রম শতবর্ষ হয় নাই, অর্থাৎ অত্যন্ত বৃদ্ধ নহে,—এরূপ একটী মৃতদেহ আহরণ করিবে। উদর হইতে অন্ত্র ও পুরীষ বাহির করিবে। পরে সমুদায় শবশরীর "মুঞ্জ" নামক তৃণ, "কুশ" "শণ-বল্কল" দ্বারা জড়িত করিবে। স্রোত না থাকে এরূপ স্থিরজল নদীতে ফেলিয়া রাখিবে। এই কার্য্য গোপনভাবে করিতে হইবে। ৭ দিন অতীত না হয়, এরূপ সময়ের মধ্যে দেখিবে, শব সম্যক্ কুথিত হইয়াছে কি না। অর্থাৎ পচিয়াছে কি না। পচিয়াছে দেখিলে তাহা উঠাইয়া উশীর তৃণের অথবা কাঁচা বাঁশের ছালের কুচী (ব্রস)

শিরা দ্বারাই সমস্ত শরীরে পরিচালিত হইয়া শরীর রক্ষা করে। এই বৈদ্যকোক্ত বাক্যে জানা গেল যে, পূর্ব্বে এ দেশে রক্তসঞ্চালন তথ্যও (রক্তের চলাচল) পরিজ্ঞাত ছিল।

প্রস্তুত করিয়া তদ্দ্বারা অল্পে অল্পে কুথিত শবশরীর ঘর্ষণ করিবে ও গুরু-শাস্ত্রোপদিষ্ট নিয়মে অল্পে অল্পে দেখিতে থাকিবে। বৎস সুশ্রুত! এইরূপ প্রক্রিয়া অবলম্বন করিলে, যাহা কিছু বলা হইয়াছে, সমস্তই প্রত্যক্ষ গোচরে আসিবে। সমস্তই দেখিতে পাইবে, কেবল আত্মা দেখিতে পাইবে না। সূক্ষ্মতম আত্মা চক্ষুর গোচর নহেন এবং তৎকালে তিনি তদ্দেহে থাকেন না। "ন শক্যশ্চক্ষুষা দ্রষ্টুং দেহে সূক্ষ্মতমোবিভুঃ।"

শিরা, স্নায়ু, ধমনী ও পেশী প্রভৃতির সূক্ষ্ম প্রসূক্ষ্ম শাখা অসংখ্য ও সে সকল পদার্থও চর্ম্মচক্ষুর অগোচর। শারীর পদার্থের বিভাগ অসংখ্য ও নিতান্ত দুর্বিজ্ঞেয়। শাস্ত্রে অবধারিত আছে, শরীরে ঊনত্রিশ লক্ষ নব শত ষট্‌পঞ্চাশৎ শ্মশ্রু ও কেশ তিন লক্ষ বিদ্যমান আছে।

শরীরে রস রক্তাদি কি পরিমাণে থাকে তাহাও নির্ণীত আছে। ভুক্তদ্রব্যের পরিণামে সমুৎপন্ন রসের ভাগ ৯ অঞ্জলি; পার্থিব পরমাণুর সংশ্লেষ বশতঃ জলীয় ভাগ ১০ অঞ্জলি, পুরীষ ৭ অঞ্জলি, রক্ত ৮ অঞ্জলি, শ্লেষ্মা ৬ অঞ্জলি, পিত্ত ৫ অঞ্জলি, মূত্র ৪ অঞ্জলি; বসা ৩ অঞ্জলি; মেদ ২ অঞ্জলি, মজ্জা ১ অঞ্জলি, মস্তক-ঘৃত বা মস্তিষ্ক অর্দ্ধাঞ্জলি এবং রেতঃ অর্দ্ধাঞ্জলি। সমধাতু দেহীর দেহে ঐ সকল পদার্থ প্রায় উক্ত পরিমাণে

---

* শব স্পর্শ করিলে স্নান করিতে হয়, এই ব্যবস্থা দেখিয়া কেহ কেহ মনে করেন, আদিম কালে শবচ্ছেদ বিদ্যা জ্ঞাত ছিল না। যাহাদের মনে এরূপ জ্ঞান আবদ্ধ আছে তাঁহারা যৎপরোনাস্তি ভ্রান্ত। প্রদর্শিত অস্থি, তৎসংখ্যা, তত্তাবতের আকার প্রকার, শরীরস্থ শিরা, স্নায়ু ও ধমনী প্রভৃতি সূক্ষ্ম পদার্থের যেরূপ অব্যভিচারী নির্ণয় দৃষ্ট হয়, তাহাতে পূর্ব্ব কালের বৈদ্যেরা শবচ্ছেদ করিতেন না বা জানিতেন না, এইরূপ মনে করা যায় না। অন্যূন ৪০০ বৎসরের বৃদ্ধ সুশ্রুত মুনি স্পষ্টাক্ষরে বলিয়াছেন যে, বৈদ্য শবচ্ছেদ করিয়া শারীর পদার্থ প্রত্যক্ষ করিবেন, অনন্তর তাহাতে নৈপুণ্যলাভ করিয়া চিকিৎসা-প্রবৃত্ত হইবেন।

ও বিষম-ধাতু দেহীর দেহে ন্যূনাধিক পরিমাণে বিদ্যমান থাকে। অঞ্জলি শব্দের অর্থ এস্থলে অর্দ্ধ সের।

এখন জিজ্ঞাসা করিতে পার যে, সাঙ্খ্যশাস্ত্র বলিতে গিয়া শারীর শাস্ত্র বলিলে কেন? উত্তর এই যে—

"ইত্যেতদস্থিরং বর্ম্ম যস্য মোক্ষায় কৃত্যসৌ।"

এই শরীর কেবল বিষ্ঠা, মূত্র, রেতঃ, অস্থি, মাংস ও স্নায়ু প্রভৃতির দ্বারা নির্ম্মিত, নিতান্ত অশুচি, ক্ষণভঙ্গুর, এ রহস্য শুনিলে ও জ্ঞাত হইলে যদি ভাগ্যবশতঃ কাহারও বিবেক বৈরাগ্যাদি জন্মে তাহা হইলে সে কৃতার্থ হইবে।

"সর্ব্বাশুচিনিধানস্য কৃতকস্য বিনাশিনঃ।
শরীরকস্যাপি কৃতে মূঢ়াঃ পাপানি কুর্ব্বতে॥"

সর্ব্বপ্রকার অশৌচের আধার, কৃতঘ্ন, ক্ষণধ্বংসী ও কুৎসিত শরীরের উপর বৃথা আত্মাভিমান স্থাপন করিয়া মূঢ় জীব কি না পাপ করিতেছে! অতএব, 'শরীর কি' তাহা বুঝাইয়া দিলে জীব যদি ভাগ্য বশতঃ ইহার অসারতা বুঝিতে পারে তাহা হইলে সে ধন্য হইবে, দুঃখ হইতে ত্রাণ পাইবে। এই অভিপ্রায়েই যোগশাস্ত্রে শরীরতত্ত্ব উপদিষ্ট হইয়াছে। যাহা যোগশাস্ত্রে উপদিষ্ট হইয়াছে অবশ্যই তাহা সাঙ্খ্যশাস্ত্রে অনুমোদিত।

ঈশ্বর

সাঙ্খ্য দুই প্রকার। সেশ্বর ও নিরীশ্বর। এক্ষণে যাহা যোগশাস্ত্র বলিয়া প্রসিদ্ধ তাহা সেশ্বর এবং যাহা কপিলের ও কপিলের শিষ্য প্রশিষ্যের অভিহিত তাহা নিরীশ্বর। কপিল নিরীশ্বরবাদী বলিয়া বিখ্যাত সত্য; কিন্তু তিনি বাস্তবিক নিরীশ্বর ছিলেন কি না, তাহা আমরা বুঝিতে অক্ষম। মহাভারত, ভাগবত ও পুরাণ, এই সকল গ্রন্থে কপিলসম্বন্ধে যেরূপ ইতিহাস প্রকটিত আছে তাহা দেখিলে কপিল ঈশ্বরনাস্তিক

ছিলেন বলা দূরে থাকুক, তিনি সম্পূর্ণ আস্তিক, ঈশ্বরের প্রধান ভক্ত বা অবতার না বলিয়া থাকা যায় না। কিন্তু তাঁহার গ্রন্থ দেখিলে অনুভব হয়, তিনি এক জন ঈশ্বরনাস্তিকের অগ্রগণ্য। কপিলের গ্রন্থে যে যে স্থানে যে যে ভাবের ঈশ্বর-সম্বন্ধীয় কথা আছে তাহা একত্রিত করিয়া দেখাইতেছি।

প্রথমাধ্যায়ের ৯২ সূত্র "ঈশ্বরাসিদ্ধেঃ।" এই সূত্রটী প্রত্যক্ষলক্ষণের একটী আপত্তি নিরাসের জন্য উত্থাপিত। পূর্ব্ব সূত্রে প্রত্যক্ষ জ্ঞান অবধারণের নিমিত্ত "ইন্দ্রিয় ও বহির্বস্তু, দুয়ের সন্নিকর্ষজনিত জ্ঞানের নাম প্রত্যক্ষ" এইরূপ লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে। অস্মদাদির ন্যায় ঈশ্বরের ইন্দ্রিয় নাই অথচ তিনি সর্ব্বদর্শী, সমুদায় বস্তু তদীয় প্রত্যক্ষে ভাসমান, সুতরাং কথিত প্রত্যক্ষ লক্ষণ ঈশ্বরীয় জ্ঞানে অব্যাপ্ত; কপিল বাদিগণের ঐ আপত্তির প্রত্যাপত্তি করণার্থ ৯২ সূত্রটী বলিয়াছেন। অভিসন্ধি এই যে, ঈশ্বর প্রমাণগম্য নহেন, সেজন্য তাহা লক্ষ্যবহির্ভূত। ঈশ্বর যখন প্রামাণিক পদার্থ নহেন তখন তাহার আবার বিচার কি? ভাষ্যকার বিজ্ঞানভিক্ষু আভাস দিয়াছেন যে, এ স্থলে ঈশ্বরাপলাপ করা কপিলের উদ্দেশ্য নহে; বাদীর মুখস্তম্ভ করাই তাঁহার উদ্দেশ্য। ঈশ্বর নাই বলার অভিপ্রায় থাকিলে "ঈশ্বরাসিদ্ধেঃ।" এরূপ না বলিয়া "ঈশ্বরাভাবাৎ" এইরূপ বিস্পষ্ট উক্তি করিতেন। ভাষ্যকার যাহাই বলুন, আমারা বুঝি "ঈশ্বরাসিদ্ধেঃ" "ঈশ্বরাভাবাৎ" ফলকল্পে তুল্য। পরে আর তিনটী সূত্র আছে তাহা এই—

"মুক্তবদ্ধয়োরন্যতরাভাবান্নতৎসিদ্ধিঃ ॥" ৯৩ ॥

"উভয়থাপ্যসৎকরত্বম্।" ৯৪ ॥

"মুক্তাত্মনঃ প্রশংসা উপাসাসিদ্ধস্য বা ॥" ৯৫ ॥

৯৩। কপিল ঈশ্বরাস্তিককে জিজ্ঞাসা করিতেছেন, তোমার ঈশ্বর মুক্তস্বভাব? না বদ্ধস্বভাব? তিনি সংসারী না অসংসারী? মুক্ত-

স্বভাব বলিলেও অভিমতসিদ্ধি হইবে না, বদ্ধস্বভাব বলিলে ত হইবেই না।

৯৪। মুক্তস্বভাব বলিলে তাঁহাতে ইচ্ছা, যত্ন, প্রবৃত্তি ও অভিমানাদি নাই বলিতে হইবে। বলিলে তাঁহাতে কর্ত্তৃত্ব বা সৃষ্টিক্ষমতার অভাব প্রবর্ত্তিত হইবে। ঐ সকল আছে বলিলে তাঁহাকে অস্মদাদির ন্যায় বদ্ধ বলিতে হইবে এবং বদ্ধ বলিলে অস্মদাদির ন্যায় মুগ্ধতা হেতু তাঁহাকে সৃষ্টিকার্য্যে অক্ষম ও অসর্ব্বজ্ঞ বলিতেও হইবে।

৯৫। তবে যে লোক ও শাস্ত্র ঈশ্বর ঈশ্বর করে? করে সত্য, পরন্তু সে ঈশ্বর অন্য কোন ঈশ্বর নহে, সে ঈশ্বর উপাসনাসিদ্ধ মুক্ত আত্মা। মুক্ত আত্মার প্রশংসার্থ ও তদ্বিষয়ে লোকের রুচি উৎপাদনার্থ শাস্ত্রের নানা স্থানে নানা কথা লিখিত আছে। সেরূপ ঈশ্বর প্রমাণে প্রমিত। সাঙ্খ্যকার বলেন, পুরাণোক্ত হরি হর ব্রহ্মা প্রভৃতি ঐ প্রকারের ঈশ্বর। ইহাদিগকে আমরা "জন্য ঈশ্বর" বলি। তাঁহাদের ঈশ্বরত্ব জন্য অর্থাৎ উপাসনাপ্রভাবে উৎপন্ন। তদ্ভিন্ন অন্য কোন স্বতন্ত্র ঈশ্বর নাই। স্বতন্ত্র ঈশ্বর থাকা প্রমাণসিদ্ধ নহে।

নিত্য ঈশ্বর নাই কিন্তু জন্য ঈশ্বর আছেন, ইহাই যে কালের অভিমত সে বিষয়ে সংশয় নাই। তৃতীয়াধ্যায়ে একটী সূত্র আছে, তাহাতে ঠিক ঐরূপ মত প্রকাশ পাওয়া যায়। "ঈদৃশেশ্বরসিদ্ধিঃ সিদ্ধা।" (৩,৫৭) এরূপ ঈশ্বর অর্থাৎ জন্য ঈশ্বর সর্ব্ব প্রমাণসিদ্ধ।

পঞ্চমাধ্যায়ে অপর কতিপয় সূত্র আছে সে গুলিও নিত্য ঈশ্বরের নিষেধক। যথা—

"নেশ্বরাধিষ্ঠিতে ফলনিষ্পত্তিঃ কর্ম্মণা তৎসিদ্ধেঃ।" (২)

"স্বোপকারাদধিষ্ঠানং লোকবৎ।" (৩)

"লৌকিকেশ্বরবদিতরথা।" (৪)

"পারিভাষিকো বা।" (৫)

"ন রাগাদৃতে তৎসিদ্ধিঃ প্রতিনিয়তকারণত্বাৎ।" (৬)

"তদ্‌যোগেঽপি ন নিত্যমুক্তঃ।" (৭)

"প্রধানশক্তিযোগাচ্চেৎ সঙ্গাপত্তিঃ।" (৮)

"নিমিত্তমাত্রাচ্চেৎ সর্ব্বৈশ্বর্য্যম্।" (৯)

"প্রমাণাভাবান্ন তৎসিদ্ধিঃ।" (১০)

"সম্বন্ধাভাবান্নানুমানম্।" (১১)

"শ্রুতিরপি প্রধানকার্য্যত্বস্য।" (১২)

এই পুস্তকের শেষভাগে সমুদায় কপিল সূত্র অনুবাদ সহ সন্নিবেশ করা হইয়াছে। তাহাতে এই সকল সূত্রের অর্থ পাইবেন।

ঈশ্বর সম্বন্ধে কপিল ঐ পর্য্যন্তই বলিয়াছেন, অধিক বলেন নাই। ঐ সকল সূত্র দেখিয়া যিনি যেরূপ ভাবেন, ভাবুন, কিন্তু আমরা ভাবি, তিনি যখন বার বার "প্রমাণাভাবাৎ ন তৎসিদ্ধিঃ" বলিয়াছেন, তখন নিশ্চয়ই তাঁহার অন্তরে ঈশ্বরভাব ছিল না। কিন্তু সাঙ্খ্যসপ্ততির ভাষ্য-লেখক গৌড়পাদ ভাষ্যশেষে ঈশ্বরবিষয়ে অনেক কথা লিখিয়াছেন। তাহা পাঠ করিলে সাংখ্যের ঈশ্বরনাস্তিকখ্যাতি তিরোহিত হইতে পারে।

পতঞ্জলি প্রভৃতি সেশ্বর সাঙ্খ্য ঈশ্বরের সম্ভাবপক্ষে কোন প্রকার আশঙ্কা করেন নাই এবং সম্ভাবসমর্থনার্থ তর্কপ্রণালীও অবলম্বন করেন নাই। তাঁহার অস্তিত্ব যেন স্বতঃসিদ্ধ, তিনি যেন সকলপ্রকার জ্ঞানে নিশ্চিত ও বিরাজিত আছেন, পরন্তু জীবেরা যেন তাঁহার স্বরূপ জানিয়াও জানে না, অথচ তাহা তাহাদের জানা আবশ্যক। মাত্র এইটুকু বুঝাইবার নিমিত্ত পতঞ্জলি একটী সূত্রে ঈশ্বরলক্ষণ বলিয়াছেন। সূত্রটী এই—"ক্লেশকর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরঃ।" সূত্রের অর্থ এই যে, ক্লেশ, কর্ম্ম, জাতি ও আয়ুর্ভোগ প্রভৃতি জীবধর্ম্ম যাহাতে নাই, ঐ সকল যাহাকে স্পর্শ করিতেও পারে না, মানবাত্মার

নেতা সেই অমানবাত্মা অর্থাৎ পরমাত্মা নামক পুরুষ ঈশ্বরপদের অভি-ধেয়। যে সকল দোষ মানবাত্মায় আছে সে সকল যদি বর্জ্জিত হয়, তাহা হইলে সেই মানবাত্মা ঈশ্বরাত্মা বুঝিবার দৃষ্টান্ত স্থল হইতে পারে।

যুক্তি ও তর্কের দ্বারা ঈশ্বরের অস্তিত্ব প্রমাণিত করা স্বল্পায়াস সাধ্য নহে, স্বল্পকথার কার্য্যও নহে। নাস্তিক দমনের সময় কুমারিল ভট্ট, উদয়ন আচার্য্য ও শঙ্কর স্বামী যে সকল তর্ক উদ্ভাবন করিয়াছিলেন, সে সকল তর্ক এখনও অনেক নাস্তিক দমন করিতে পারে। কিন্তু এরূপ ক্ষুদ্র গ্রন্থে সে সকল সমাবিষ্ট করা অসম্ভব।

সাংখ্যের মুক্তি

মুক্তি সম্বন্ধে সাংখ্যের অভিপ্রায় এই যে, আত্মাতে যে সুখদুঃখমোহাদি প্রাকৃতিক ধর্ম্ম প্রতিবিম্বিত হইতেছে, তাহা তিরোহিত হইলেই আত্মার মুক্তি হয়। মহর্ষি কপিল গ্রন্থশেষে সেই কথাই বলিয়াছেন। যথা— "তদুচ্ছিত্তিঃ পুরুষার্থস্তদুচ্ছিত্তিঃ পুরুষার্থঃ।" যে কোন প্রকারেই হউক, প্রাকৃতিক সম্বন্ধের উচ্ছেদ হওয়াই পরম পুরুষার্থ। ফল কথা এই যে, জড় সম্বন্ধ রহিত অর্থাৎ কেবল হওয়াই সাংখ্যমতের মুক্তি।

মুক্তি হইলে আত্মা কিরূপ অবস্থায় থাকে তাহা বর্ণনাতীত। বদ্ধ অবস্থায় জীব তাহা বুঝিতে পারে না। ইহলোকে তাহার কোন সুস্পষ্ট দৃষ্টান্ত নাই। একটী দৃষ্টান্ত আছে, তদ্দ্বারা মুক্ত অবস্থাটী সামান্যাকারে অনুভবগম্য করা যাইতে পারে। দৃষ্টান্তটী সুষুপ্ত অর্থাৎ নিঃস্বপ্ন নিদ্রা। জীব যেমন সুষুপ্তিকালে প্রাকৃতিক সুখদুঃখে মুক্ত হয়, কেবলীভাব প্রাপ্ত হয়, তেমনি মুক্তিকালেও হয়। প্রভেদ এই যে, সুষুপ্তিকালে আত্মা তমসাচ্ছন্ন থাকেন, মুক্তি হইলে সে আবরণ থাকে না। সুষুপ্তির বিরাম আছে, ভঙ্গ আছে; মুক্তির বিরাম ও ভঙ্গ কিছুই নাই। সুষুপ্তির পর উত্থান হয়, উত্থান হইলে আবার সুখ দুঃখ জন্মে, পরন্তু মুক্তি হইলে

আর তাহা হয় না। অর্থাৎ সে পূর্ব্বাবস্থা আর আইসে না। মুক্তির সহিত সুষুপ্তির এই মাত্র প্রভেদ। এ প্রভেদ না থাকিলে সুষুপ্তি মুক্তির সম্যক্ দৃষ্টান্ত হইতে পারিত। কপিল স্বীয় গ্রন্থের পঞ্চমাধ্যায়ে সেই কথাই বলিয়াছেন। যথা—"সুপ্তিসমাধ্যোর্ব্রহ্মরূপতা।" অর্থ এই যে, জীব সুপ্তিকালে ও সমাধিকালে ব্রহ্মরূপে অবস্থিত থাকে। সুতরাং বুঝা গেল, সুখ দুঃখবর্জ্জিত হওয়াই সাঙ্খ্যের মুক্তি। তাহা দেহ থাকিতে হয় না, দেহপাতের পর নিষ্পন্ন হয়। দেহ থাকা অবস্থায় বন্ধনের মূলোচ্ছেদ হয় বটে ; পরন্তু তাহার আভাস বা সূক্ষ্ম সংস্কার থাকে। সে সংস্কার দেহ পাতের পর বিলুপ্ত হইয়া যায়। অসঙ্গ চিৎস্বরূপ আত্মা তখন স্বরূপপ্রতিষ্ঠ হন অর্থাৎ তখন আর তাঁহাতে কোনও প্রাকৃতিক ভাব প্রতিবিম্বিত হয় না। সেই কারণে সেই অবস্থা কেবল অর্থাৎ একরূপ। একরূপ বলিয়া গুণাতীত। সর্ব্বদুঃখবিমোচনাত্মক কৈবল্য মোক্ষের পর্য্যায়ান্তর অর্থাৎ অন্য নাম। এই কৈবল্য বেদান্তের মুক্তি ও বুদ্ধের নির্ব্বাণ। অন্যান্য মতের মুক্তিও এইরূপ ; পরন্তু বেদান্ত মতের মুক্তিতে কিছু আনন্দ সংযোগ থাকার উল্লেখ আছে। আত্মার স্বরূপ স্বভাবতঃই আনন্দঘন সুতরাং মুক্ত হইলে নির্ব্বিকার ও আনন্দঘন হন। সাঙ্খ্যাচার্য্য ঈশ্বরকৃষ্ণ মুক্তাত্মার সম্বন্ধে যাহা কহিয়াছেন, তাহার সহিত বৈদান্তিক মতের মুক্তির প্রায় মিল আছে। তিনি বলিয়াছেন "তেন নিবৃত্তপ্রসবমর্থবশাৎ সপ্তরূপবিনিবৃত্তাম্। প্রকৃতিং পশ্যতি পুরুষঃ প্রেক্ষকবদবস্থিতঃ স্বচ্ছঃ।" অর্থ এই যে, বিবেক-জ্ঞান উৎপন্ন হইলে তাহার প্রভাবে প্রকৃতির প্রসব-শক্তি নিবৃত্তা হয় অর্থাৎ যে আত্মার প্রকৃতি দর্শন হয়, প্রকৃতি আর সে আত্মার নিকট ধর্ম্মাধর্ম্ম ঐশ্বর্য্যানৈশ্বর্য জ্ঞানাজ্ঞান প্রসব করেন না। সুতরাং আত্মা তখন রজঃ কি তমঃ কি অন্য কোন গুণে কলুষিত হন না। কেবল বা একক হন। দর্শক পুরুষের ন্যায় উদাসীন থাকেন। অর্থাৎ এই মুক্ত আত্মা তখন বন্ধ্যা প্রকৃতিকে দেখিতে থাকেন, তাহাতে লিপ্ত হন না।

মানুষ ঐ ভাবের মুক্তি পাইতে পারে কি না, সে বিচার স্বতন্ত্র। ফল, সমস্ত আস্তিক ঋষি বলেন, পারে। পরন্তু তাহা সাধনসাধ্য। সমুদায় যোগী ঋষি ও দর্শনজ্ঞ পণ্ডিত বলিয়াছেন, মনুষ্য সাধনবলে আপনাকে সুখদুঃখবর্জ্জিত করিতে পারে।

পদার্থসঙ্কলন

প্রমাণকাণ্ডের প্রারম্ভাবধি এ যাবৎ সাঙ্খ্যের অনেক বিষয় বর্ণিত হইয়াছে সত্য ; কিন্তু এখনও এমন সকল বিষয় বলিতে অবশিষ্ট আছে, যে সকল বিস্তৃতরূপে বর্ণন করাও আবশ্যক। অথচ তৎসমুদায় বিষয় বিস্তৃত বর্ণন করিতে গেলে পুস্তক বাড়িয়া যায়, আবার বর্জ্জিত করিয়া গেলে পাঠকবর্গের মনঃক্ষোভ বা অতৃপ্তি থাকিয়া যায়। সেই কারণে সে গুলির একটী সংক্ষিপ্ত পরিচয় বা তালিকা মাত্র প্রদান করিয়া পুস্তক সমাপ্ত করিতে বাধ্য হইলাম। যে তালিকা প্রদত্ত হইল, ভরসা করি, পাঠকবর্গ তদ্দ্বারা সাঙ্খ্যশাস্ত্রের অবশিষ্টাংশের স্থূল স্থূল সিদ্ধান্ত হৃদগত করিতে পারিবেন।

১। ভৌতিক সৃষ্টি ও সৃষ্ট শরীর। সৃষ্টি দুই প্রকার। প্রত্যয়-সৃষ্টি ও তান্মাত্রিক সৃষ্টি। প্রকৃতি হইতে অহঙ্কার-তত্ত্বের উৎপত্তি পর্য্যন্ত প্রত্যয়সৃষ্টি। তন্মাত্রা বা পরমাণু হইতে স্থাবর জঙ্গমাত্মক দৃশ্য সৃষ্টির নাম তান্মাত্রিক সৃষ্টি। ইহাকে ভৌতিক সৃষ্টি বলে। এই ভৌতিক সৃষ্টিও অধিকাংশই শরীর অর্থাৎ আত্মার ভোগায়তন।

২। প্রধানরূপে তিন শ্রেণীর শরীর আছে। দৈব, তৈর্য্যক্ ও মানুষ। এই তিনের অবান্তর প্রভেদ অসংখ্য।

৩। দৈব শরীর অর্থাৎ দেবতা-শ্রেণীর শরীর ৮ আট প্রকার।

ব্রাহ্ম, প্রাজাপত্য, ঐন্দ্র, বারুণ, গন্ধর্ব্ব, যাক্ষ, রাক্ষস ও পৈশাচ। এই আট শ্রেণীর দেহ পরস্পর বিভিন্ন লক্ষণাক্রান্ত ও বিভিন্নশক্তিসম্পন্ন।*

৪। তৈর্য্যক্ শরীর অর্থাৎ নারকী শরীর। ইহাও প্রধানকল্পে পাঁচ প্রকার। পশু, মৃগ, পক্ষী, সরীসৃপ ও স্থাবর। চতুষ্পদ প্রাণীর মধ্যে যাহারা হিংস্র তাহারা পশু, আর যাহারা অহিংস্র তাহারা মৃগ। বৃক্ষ লতা ও পর্ব্বতাদি স্থাবর শ্রেণীর অন্তর্গত এবং প্রকার স্থাবর ভিন্ন সমস্তই জঙ্গম বলিয়া গণ্য।

৫। মানুষ দেহ একই প্রকার। বাস্তব পক্ষে ইহাদের অবান্তর জাতি বা প্রভেদ নাই।*

---

* ব্রহ্মলোকস্থ জীবের শরীর ব্রাহ্ম, ইন্দ্রলোকস্থ ঐন্দ্র, ইত্যাদি। এতন্মতে রাক্ষস নামক প্রাণী স্বতন্ত্র; মনুষ্যজাতীয় নহে। মনুষ্য জাতির এক শাখা—যাহারা অসভ্য ও আমমাংসভক্ষক—তাহারা এক প্রকার রাক্ষস বটে, কিন্তু তাহারা জাতিরাক্ষস নহে। জাতিরাক্ষস স্বতন্ত্র। ইহারা মনুষ্য অপেক্ষা সমধিকশক্তিশালী ও প্রভাব সম্পন্ন। বোধ হয় এক্ষণে তাহাদের বংশ লুপ্ত হইয়াছে। যে সকল প্রাচীন জীববংশ একেবারে লোপ প্রাপ্ত হইয়াছে, এই রাক্ষস নামক জাতি তাহার অন্যতম।

* এতদ্দ্বারা দুইটি নূতন সিদ্ধান্ত লাভ হইতেছে। তাহার একটী এই যে, ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি অবান্তর জাতি সকল প্রাকৃতিক জাতি নহে; প্রত্যুত কাল্পনিক জাতি। আদৌ এক জাতি ছিল, পশ্চাৎ কর্ম্মানুসারে সম্প্রদায়ভুক্ত অর্থাৎ ভিন্ন ভিন্ন দল হইয়াছে। প্রাকৃতিক জাতি হইলে তদ্বোধক কোন কোন প্রাকৃতিক চিহ্ন থাকিত। সাঙ্খ্যদর্শনের টীকাকার বাচস্পতিমিশ্র এইরূপ ব্যাখ্যা করিয়াছেন "ব্রাহ্মণত্বাদ্যবান্তরজাতিভেদাবিবক্ষয়া সংস্থানস্য চ চতুর্ষ্বপি জাতিষ্ববিশেষাৎ।" দ্বিতীয় সিদ্ধান্ত এই যে, রাক্ষস জাতি স্বতন্ত্র, মনুষ্যের শাখা নহে। বোধ হয়, সে জাতি লুপ্ত হইয়াছে, অথবা আমাদের অজ্ঞাত প্রদেশে আছে।

৬। শরীর অনুসারে উল্লিখিত প্রাণিবর্গের জ্ঞানের ও চৈতন্যের তারতম্য আছে। জীব সকল ইহলোকের জ্ঞান, কার্য্য ও উপাসনাদির অনুরূপ সংস্কারের বশীভূত হইয়া ভিন্ন ভিন্ন লোকে গিয়া বার বার উৎপন্ন হয়। এক লোকের জীব অন্য লোকস্থ জীব অপেক্ষা সম্পূর্ণ ভিন্ন অর্থাৎ পরস্পরের মধ্যে সমধিক উৎকর্ষাপকর্ষযুক্ত। যেমন মর্ত্ত্যলোকস্থ জীব অপেক্ষা ইন্দ্রলোকস্থ জীব অনেকাংশে উৎকৃষ্ট এবং তাঁহাদের নিকট ইহারা অত্যন্ত অপকৃষ্ট।

৭। মানব লোকের উর্দ্ধবর্ত্তী লোক সর্ব্বপ্রধান। ইন্দ্রলোকে, চন্দ্রলোকে কি ব্রহ্মলোকে যে সকল জীবের জন্ম হয়, তাঁহাদের চৈতন্য এবং তাঁহাদের প্রভাব মর্ত্ত্য জীব অপেক্ষা যথেষ্ট উৎকর্ষ সম্পন্ন। পশু, মৃগ তির্য্যক্ ও স্থাবর জীব তমঃপ্রধান অর্থাৎ জড়ভাবাপন্ন। ইহাদের চৈতন্য স্ফূর্ত্তি নিতান্ত অল্প। কোন কোন দেহে এত তমঃপ্রাবল্য আছে যে, তৎদেহে চৈতন্য আদৌ ব্যক্ত হইতে পায় না। এত অব্যক্ত যে, সে দেহে যেন চেতনা নাই বলিয়া অনুভূত হয়। বৃক্ষ ও পর্ব্বত প্রভৃতি তাহার উদাহরণ। মানবদেহে রজস্তমঃসত্ব সমবল। ধর্ম্মাধর্ম্ম, ক্ষমতা অক্ষমতা ও সুখ দুঃখ, সমস্তই আছে সত্য, পরন্তু দুঃখের ভাগ, অধর্ম্মের ভাগ ও অক্ষমতার ভাগ অধিক।

৮। মধ্যবর্ত্তী লোকে অর্থাৎ মানব লোকে জন্ম গ্রহণ করিয়া যে সকল জীব ধর্ম্মতৎপর হয়, তাহারা ক্রমে উর্দ্ধতন লোকে যাইতে পারে। যাহারা অধর্ম্মের বশ হয় তাহারা ক্রমে অধোগামী হয় অর্থাৎ তির্য্যক্ অথবা স্থাবর শ্রেণীতে গিয়া জন্ম লাভ করে। ধর্ম্মাধর্ম্ম সমান থাকিলে পুনর্ব্বার মনুষ্য যোনিতে জন্ম গ্রহণ করে। যাহাদের বিবেক জন্মে, তাহাদের লোকান্তর ভোগ করিতে হয় না। তাহাদের মোক্ষ নামক সদ্গতি হয়। আত্মতত্ত্ব যত কাল অজ্ঞাত থাকে, ততকাল চক্রবৎ পরিবর্ত্তন ও বন্ধন। স্বর্গলোকে গেলেও তাহা বন্ধন।

৯। যত দিন না বিবেক-জ্ঞান আবির্ভূত হয়, তত দিন কর্ম্ম ও উপাসনাদি করা আবশ্যক। দীর্ঘকাল ক্রিয়ানিষ্ঠ অথবা ধ্যাননিষ্ঠ হইয়া থাকিতে পারিলে এক সময়ে না এক সময়ে বিবেক জ্ঞান লাভের সম্ভাবনা আছে।

১০। এই মতের উপাসক শ্রেণী এই—অব্যক্তচিন্তক (প্রকৃতি উপাসক), মহাভূতচিন্তক বা ভূতবশী (সূক্ষ্ম ভূত বা পরমাণু বিষয়ে সিদ্ধ), ইন্দ্রিয়চিন্তক (অর্থাৎ মনঃপ্রভৃতি ইন্দ্রিয় বিষয়ে সিদ্ধ), বুদ্ধিচিন্তক (সমষ্টি বুদ্ধির বা হিরণ্যগর্ভের উপাসক *) এবং দক্ষিনক (দক্ষিণাদান সাধ্য কর্ম্ম করিয়া সিদ্ধ)। দক্ষিণক যোগীরা বলেন, বিবেক জ্ঞান উপার্জ্জনে অক্ষম হইলে উপাসনাতৎপর হইবে, তাহাতে দক্ষিণাযুক্ত যাগ, হোম, পূজা, জপ ও অন্যান্য কর্ম্মে রত থাকিবে।

